মৃক্তি এবং তাহার সাধন সম্বন্ধে

বিজ্ঞাপন।

িবর্ত্তমান সময়ে ধর্মজগতের যেরূপ হীনভাব দৃষ্ট হইয়া থাকে, তাহাতে মৃক্তি এবং তাহার সাধন বিষয়ক গ্রন্থ লেখাকে অনেকে পাগলামি বলিয়াও মনে করিতে পারেন; বিশেষতঃ বিশ্বাস এবং সভাের অমুরোধে কর্মতাাগ প্রভৃতি এরূপ কয়েকটা প্রস্তাব ইহাতে সন্ধিবেশিত করিতে বাধা হইয়াছি, যে, তন্থারা হয়ত ধর্মপরায়ণ স্থাদেশবৎসল মহায়াগণের মধ্যেও অনেকের সহাম্ভৃতি-লাভে বঞ্চিত থাকিব। তবে এইমাত্র ভরসা যে, এই গ্রন্থের মধ্যে আমার নিজের মত কোপাও প্রকাশ করা হয় নাই, মহামায়্ম আর্য্য পূর্বপ্রেষণণ অনেক চিন্তা, চর্চা, আলোচনা, উপাসনা, অমুভব ও তর্কমুদ্ধের পর ধর্মবিষয়ক যে সকল সিরাস্তে উপনীত হইয়াছিলেন সেইগুলিই কেবল ইহাতে উদ্বৃত করিয়াছি মাত্র। যাহা হউক, এই গ্রন্থ সংকলন করিতে আমি যে গুরু পরিশ্রম স্বীকার করিয়াছি তাহাতে যদি একটা আয়ারও মৃক্তির পথে ইহা বিশেষ সাহায্যকারী হয়, তাহা হইলে সেই পরিশ্রম সার্থক বেয় করিব।

শান্তকারগণ যত প্রকার উপদেশ প্রদান করিয়াছেন, মুক্তিবিধ্যক উপদেশ শই সর্বাপেক্ষা প্রধান। উহাই মন্ত্রাজীবনের একমাত্র লক্ষা। তাঁহারা প্রত্যেক ব্যক্তিকে মুক্তিলাভের জন্ম যত্র করিতে বিশেষ অন্থ্রোধ করিয়াছেন। অধিক কি, তুর্ভাগ্যবশতঃ বাঁহারা মুক্তির পথ হইতে দূরে অবস্থিতি করেন, শাস্ত্রকারগণ তাঁহাদিগকে অনেক স্থলে মন্ত্রাগর্জাত গর্দাত করেন বর্ণনা করিয়াছেন। যথা,

মহর্ষি বাল্মীকি লিখিয়াছেন—

জাতান্ত এব জগতি জন্তবঃ নাধু-জীবিতাঃ। যে পুনর্নেহ জায়ন্তে, শেষা জঠনগৰ্দভাঃ॥

रगा, ना, देन, श्रक्तवन ।

এই সংসারে যে ব্যক্তির পুনর্জন্ম না হইবে (অর্থাং যিনি মুক্তিলাভের অধিকারী হন,) সেই ব্যক্তিই সতাজাত, তাঁহারই জীবন সাধু এবং সফল; মহা সকল জাত ব্যক্তি মানবোদরজাত গর্দভ তুলা।

কলিকাতা, ১ লা আখিন, ১২৮৮ সাল।

সকলয়িতা।

দ্বিতীয় বারের বিজ্ঞাপন।

এই পুস্তকের প্রথম সংস্করণ যে এত অল্প সমর্থের মধ্যে নিঃশেষিত ইইবে পূর্বের আমার এরপ আশা ছিল না। এক্ষণে উহাকে ধর্ম পীপাস্থ ব্যক্তি মাত্রেরই আদরের বস্তু হইতে দেখিরা আমি আমার সমস্ত শ্রম সফল জ্ঞান কবিলাম। নৃতন সংস্করণে স্থান বিশেষে পরিবর্ত্তন এবং কোন কোন স্থানে ছই একটা নৃতন শোক সনিবেশিত কবায় যদিও পুস্তকের কলেবব পূর্বাবেব অপেক্ষা কৃদ্ধি উইয়াছে; তথাচ মূল্য সমভাবেই বাধা হইল।

স্থল্যিতা।

নিৰ্মণ

	বিষয়।					পূঠা
	মুক্তি কয় প্রকার ?	•••	•••	•••	***	501
	'জীবন্মক অবস্থা	•••		•••	111	b
	্ৰন্ধ		•••		•••	>:
	ু সপ্তণ অক্ষ ও নিপ্তণ অক্ষ	.,,		•••	•••	5:
200	বিকামেকল এবং ৰূগ সেব	्रल	•••		***	30
3	্ হৈতবাদ এবং অহৈতবাদ	•••	•••			22
•	্মহাবাকা …	•••	***		***	২৬
,	ক্রানই মৃক্তির সাক্ষাৎ কা	বণ	•••	•••	•••	٥٠
الم	ইন্দ্রিদমনের আবশাকত			•••	•••	೨೨
	ইন্দ্রিসংযমনের উপায়	•••	***		•••	৩৭
	শবীরের উপর মনের অধি	াক †ব	•••	•••	*	85
,	মনঃসংযমনের উপায়	•••	***	•••	•••	8 2
1	উন্ধবেব প্রাকৃত ভক্তগণ অ			•••	•••	8¢
	আপনা হইতে হৃদয়ে জ্ঞান -	নলাভ ক	র্ন ∫			
	উপাসনাব উপকারিতা	•••	•••		111	84
	∕উপাসনা	•••	***	* * *	***	c)
,	ওভ ইচ্ছা ও প্রন্ধবিচার	•••	,		•••	৫৬
	ওঃজ্ঞান লাভ হইলে আর			•••	•••	৬৪
	জনায়নেব কিছুমাত্র প্রয়ো		-			
	জোন প্রথমতঃ অজ্ঞানকে বি	বিনাশ ক	রে }	•••	***	৬৬
	শেষে আপনিও বিনষ্ট হয়	•)			
	পরমেশ্ব সাধকের পক্ষে অ	•	-	•••		৬৯
	মনের মধ্যে বিন্দুমাত্র অপর খাকিলে ত্রন্ধলাভ ঘটে না	চিন্তা (ক	ামনা) }	•••	•••	98
			j			
	অনাসক্তিও তাগেম্বীকার	•••	•••	•••	•••	99
	্যাগ ও সমাধি শালের সিদ্ধি	•••	•••	***	•••	b۰
	errord farial					

তত্ত্বজানলাভ ই		-		•••	•••	৯২
অ ভ্যাসের কে						
ক্রানীদিগের মু	क्ति निय	ত বা অনিং	াত	•••	•••	৯৭
প্ৰারন্ধ কর্ম	•••		••	•••	•••	५०२
কর্মতা গ	•••	• • •		•••	•••	209
অবিবাহিত জী	বন, বা ব	টৰ্ ধরেতা অ	া শ্ৰম	•••	•••	>> 9
म न्नाम	•••	•••	•••	•••	•••	>85
গৃহস্থাত্রম ও বি	বৈষাম ক'	ৰ্ম সাধন	•••	***	•••	১৬২
নিৰ্জনতা ও সা	धूमक	•••	•••	•••	•••	598
বাক্যসংয্মনের	আবশাব	ভা	•••	•••	•••	292
নির্ভরশীলতা	•••	•••	•••	***	•••	३ ४२
বেশ্বজৈর মহন্ত	•••	•••	•••	•••	•••	3 ৮9
বিষয়স্থ ও ত্রহ	त्रानम	•••	•••	•••	•••	186
ু <mark>প্রকৃতি বা মা</mark> য়া			•••	•••	• • •	२०१
্সাধন-চতুষ্টয়		•••	•••	•••	•••	२२ 8
′ এক্যাত্র নিরাক	াৰ পরফে	াখরের প্র	ত স্থদৃঢ় ভবি	<u>ক্</u> যোগ		
🕍 বাতিরেকে	অন্য কে	ান উপায়	দারা মুক্তিল	াভ হয় না		२२७
			•			

এই গ্রন্থে যতগুলি পুস্তক হইতে প্রমাণাদি উদ্বত করা গিয়াছে, তন্মধ্যে যে গুলির নাম সংক্ষেপে লিখিত হইয়াছে তাহাদের

সাংহতিক চিহ্ন।

_5			
অষ্টাৰক্ৰ সংহিতা		•••	অ, সং,
আগুবোধ	•••	•••	জা, বো,
উত্তর গীতা	•••	•••	উ, গী,
কঠোপনিষদ · · ·		•••	কঠ, উপ, অথবা কঠ, উ,
ক বি পুরাণ	• • •	٠.	ক, পু,
কুলাৰ্থৰ জন্ম · · ·	***		কু,'ভ,
জীবন্ম ক্রিগীতা		•••	की, भी,
জ্ঞানস্থলিনী তহ	***		জা. স. তব্ৰ.

	9	•	
দক্ষী স্বৃতি · ·	•		দ ক,
পঞ্চদশী	•••		প, দ,
পরাশর সংহিতা	•••	•••	প, সং,
প্রবোধ চন্দ্রোদয় নাটক	•••	•••	প্র, চ, নাটক,
व्यद्भापनियम् ···	•••	•••	প্রশ্ন, উপ,
প্রসাদ প্রসঙ্গ	• • •	• • •	প্র, প্র,
ব্ৰহ্ম বৈবৰ্ত্ত প্রাণ	•••	•••	ত্ৰ, বৈ, পুৰাণ।
ভক্তিরসামৃত সিক্	•••	•••	ভ, র, সি,
মণি রক্ন মালা	• • •	· · ম,	র, মা, অথবা, ম, র, মালা,
মতু সংহিতা বা মতু স্মৃতি	• • •	• • •	মহু,
মহানিৰ্কাণ ভন্ত		•••	ম, ত, অথবা, ম, নি, তন্ত্ৰ,
মহাভারত (অনুশাসন পর্ব)		ম, ভা, অনুশা,
মহাভারত (উদ্যোগ পর্ব্ব)			ম, ভা, উ, পর্ব্ব,
মহাভারত (মোক ধর্ম পর্ব	ांधाय)	1 •	ম, ভা, মো, ধ,
মহাভারত (শান্তি পর্বা)			ম, ভা, শান্তি, পর্বা,
মুগুকোপনিষদ্			মু, উপ, অথবা, মু, শ্রুতি,
যাজ্ঞবন্ধ্য সংহিতা বা বাজ্ঞব	ক্য শ্বতি		गां छवं का,
যোগবাশিষ্ঠ (উৎপত্তি প্রক	রণ)	(8	া, বা, উৎ, বা, উ, প্রকরণ,
যোগবাশিষ্ঠ (উপশম প্রকর	্ণ)		যো, বা, উপ, প্রকরণ,
যোগবাশিষ্ঠ (নিৰ্ব্বাণ প্ৰকর	ৰণ)	• • •	বো, বা, নি, প্রকরণ,
যোগবাশিষ্ঠ (মুমুকু ব্যবহার	প্রকরণ)	বো,	বা, মু, (বা, মু, ব,) প্রকরণ,
বোগবাণিষ্ঠ (বৈরাগ্য প্রক	রণ)	• • •	(का, ता, देव, ध्वक्त्रव,
বিষ্ণু পুরাণ · · ·	• • •		বি, পু,
८वमोन्ड मात्र	• • •		বে, সা,
		, অধিকর	ন, অথবা, শা, স্থ, অধিকরণ,
বেদান্ত স্ত্র · · ·	***	• •	(ব, স্থ, ১ স
বৈরাগ্য শতক ···	•••	•••	হৈব, শ,
শিব সংহিতা · · ·	••	•••	भि. मः,
ভীমন্ত গবদগীতা	•••		গীতা, অথবা, গী,
শ্ৰীমন্তাগৰত …	***	•	ভা,

এই গ্রন্থ সম্বাদে পত্র সমূহের এবং • পণ্ডিত মণ্ডলীর মত।

পুস্তক থানির জন্য আমবা গ্রন্থবারকে প্রাণের সহিত ধন্যবাদ দিতেছি। ইহাতে গ্রন্থকার অসাধারণ অনুসন্ধান, বিস্তৃত সংগ্রহ, ও সরল অন্থবাদের ভাষার আমরা নিতান্ত প্রীত হইয়াছি। বাঙ্গালায় এ শ্রেণীর পুস্তক আমরা যতগুলি দেখিয়াছি, তন্মধ্যে এ থানি সর্কোংকুষ্ট।

ভারতী। ফাল্পন ১২৮৮।

এই গ্রন্থানি পাঠ করিয়া বিশেষ প্রীত হইলাম । আর্যা ধর্ম যে কত উলত এবং উহাব যে কত গান্তীর্য্য এই গ্রন্থথানি পাঠ করিলে তাহার কিঞ্জিৎ আভাস পাওয়া যাইতে পারে। গ্রন্থকার গ্রন্থ প্রণয়নে কিরূপ পবিশ্রম এবং উহা আর্যায়মায়ুস্রিৎস্ক ব্যক্তিদিগের তদমুস্রাম কৌতৃহল গারিহৃপ্য করিবার নিমিত্ত কত্র যুক্ত করিয়াছেন তাহা সমগ্র গ্রন্থ পাঠ নাক্রিলে ব্রিতে পারা যাইবে না, এই নিমিত্ত আমরা হুল বিশেষ উদ্ধার কবিতে বিরত হইলাম। বিপিন বাবু এই গ্রন্থ থানি সঙ্কলন করিয়া হিন্দুস্মাজের বিশেষ ধস্তবাদের পাত্র হইয়াছেন সন্দেহ নাই।

নববিভাকর, ২রা কার্ত্তিক ১২৮৮।

সংগ্রহ অতি উৎকৃষ্ট এবং ইহাতে বহু পরিশ্রম স্বীকার করা হইয়াছে বিলবাব অপেক্ষা রাথে না। এই সংগ্রহ দ্বারা আমর সহল্যিতার চিত্ত অনেক পরিমাণে বৃথিতে পারি। গ্রন্থখানি জ্ঞানযোগ প্রধান। ভক্তি সে সংস্পৃষ্ট হয় নাই তাহা নহে। সর্ব্ধথা কর্মত্যাগকে গ্রন্থকার সর্ব্বোচ্চ সিংহাসন অর্পণ করিয়াছেন, ইহাতে আমাদিগের আপত্তি নাই। কিম্ব প্রের্থিতি নিবৃত্তি উভয় বিরহিত হইলে ব্রহ্মকর্তৃক পরিচালিত সাধক কর্মী যোগী ভক্ত সকলই হইতে পারেন এ কথা স্বীকার করিলেই যথেই। শাস্ত্রের উদ্দেশ্য ইহাই।

धर्षां उद्द, ১৬ই ञाचिन, ১৮००।

এই প্রকথানি পাঠ করিয়া আমরা যৎপরোনান্তি প্রীত হইয়াছি।
সঙ্কলয়িতা সংস্কৃতশান্তে বিশেষ অভিজ্ঞ। তাঁহার বাঙ্গালা প্রাঞ্জল ও স্থ্যপাঠ্য। এবং তিনি ইয়ুরোপীয় পণ্ডিতদের প্রণালীতে প্রকন্থ বিষয়গুলির
সন্ধিবেশ করিয়াছেন। বিষয় গুলি বিশদ করিবার জন্ম তিনি কথনও
ইংরাজী হইতে, কথনও পারসী হইতে, কখনও হিন্দী হইতে, কথনও বা
কোন প্রাচীন বাঙ্গালা প্রকাদি হইতে ভাবসংগ্রহ করিয়াছেন। তাঁহার
প্রকে কোথাও অপ্রত্নতা লক্ষিত হয় না। আবার বিরক্তিকর বাহুলাও
তাহার প্রক্তকে স্পর্ক করিয়া, সঙ্কলয়িতা বঙ্গভাষায় এক অভ্ত সামগ্রী
প্রস্কেতার সহিত সংযুক্ত করিয়া, সঙ্কলয়িতা বঙ্গভাষায় এক অভ্ত সামগ্রী
প্রস্কেতানি বিশেষ সমান্ত হইবে।

এই পুস্তকের সমালোচনা করিতে পারি, এরপ ক্ষমতা আমাদের নাই।

* * * প্রকৃতপক্ষে ইহা একথানি ইতিহাস; প্রাচীন আর্য্যেরা মুক্তি
কাহাকে বলিতেন, মুক্তির কি কি উপার তাঁহারা নির্দেশ করিয়াছিলেন,
মুক্তিলাভের পক্ষে কি কি প্রতিবন্ধক হইতে তাঁহারা ভীত হইতেন, ঐ ঐ
প্রতিবন্ধকের নিরাকরণার্থে তাঁহারা কি কি উপদেশ দিয়াছেন, সেই সমস্তই
এই পুস্তকে অতি সুস্পষ্টরূপে বর্ণিত হইয়াছে। * * *

वाञ्चव, काञ्चन ১२৮৮।

বোষাল মহাশয় এই পুস্তকথানিতে নিজের মত কিছুই প্রকাশ করেন নাই; আর্য্য ঋষিগণ মুক্তি সম্বন্ধে যাহা যাহা বলিয়াছেন, তিনি ইহাতে তৎসমুদায় সংকলিত করিয়াছেন। পুস্তকথানি প্রশংসার যোগ্য।

আজিকাল বঙ্গদেশে সংস্কৃত শাস্ত্রের অধ্যয়ন অধ্যাপনা একরাপ বন্ধ হইয়াছে বলিলেই হয়। এমন সময়ে বেদ বেদান্ত, স্মৃতি, পুরাণ, ও তন্ত্রাদি
.হইতে উপদেশ সংগ্রহ করা এবং পাঠকদিগের উপকারার্থ জনসমাজে অর্পন
করা অতি গৌরবের কার্য্য বিপিনবিহারি ঘোষাল তাহা করিয়া আমাদের
ধনীবোদের ভাজন হইয়াছেন।

সোম প্রকাশ, э এ কার্ছিক ১২৮৮।

* * বিপিন বাবু যে এই উৎকৃষ্ট গ্রন্থগানি সাধারণের হস্তে সমর্পণ করিয়াছেন, সে জন্ম আমরা তাঁহাকে শত শত ধন্তবাদ করি। এ গ্রন্থ থানি সম্পূর্ণরূপ নূতন রকমের। হিন্দু ধর্মের গভীর তত্ত্ব সকল একত্র করিয়া তাহা-দিগকে আধুনিক জ্ঞান সভ্যতার উপযোগী করিয়া সাধারণেব জন্য পুস্তকা-কারে প্রচার করার দৃষ্টান্ত আমরা অল্প মাত্রই দেখিয়াছি। আজ কাল বিজা-তীয় সভ্যতা এবং বিজাতীয় সংশয়বাদ ও নান্তিকতার যেরূপ প্রাত্নভাব দেখা বাইতেছে,তাহাতে এরপ পুস্তক যে নিতান্ত সময়োপযোগী হইয়াছে তাহাতে আর সন্দেহ নাই। কল্যাণমন্ত্রী ও স্লিগ্ধতা প্রদায়িনী গঙ্গা যেরূপ প্রথমে শঙ্ক-রের জটার মধ্যেই বদ্ধ ছিলেন, তিনি নিজে পতিতপাবনী হইলেও সাধারণেব তাঁহাতে কোন অধিকার ছিল না, সংস্কৃত ভাষা এবং বর্ত্তমানকালের অনুপ-যোগী ভাবের মধ্যে হিন্দু ধর্ম আবদ্ধ থাকায় ঠিক সেইরূপ ঘটিয়াছে। ইহাও সাধারণের আয়ত্তের সম্পূর্ণ অতীত হইয়া আছে। হিন্দুধর্মে কিছুই নাই, ইহা কেবল কতকগুলি কুসংস্কার ও পৌত্তলিকতার আকর ইহাই এখন অনেকের বোধ। এ অবস্থায় আমাদিগের গ্রন্থসঙ্গলনকর্তার ন্যায় যাঁহারা হিন্দু ধর্ম্মের মুক্তিপ্রাদ সত্য সকল সাধারণের আয়ত্তাধীন করিয়া দিতে চেষ্টা করিবেন, তাঁহাদিগকে আমরা শ্রীভগীরথের ন্যায় পরোপকারী জ্ঞানে শ্রদ্ধা করিব। হিন্দু ধর্ম প্রকাও সমূদ্র সদৃশ কিন্তু এখনকার লোকদিগের যেরূপ রুচি, তাহাতে তাঁহাদিগকে অধিক অধ্যরন করিতে বাধ্য করা রুগা। এই কারণে বিপিন বাবুব গ্রন্থানির কলেবর তাদৃশ বৃহৎ না হওয়া স্থাবিধা-রই বিষয় হইরাছে। অনেকানেক গ্রন্থের একত্র সারসংগ্রহ পুস্তক সকল এখন অনেক পাওয়া যায়, একথা স্বীকার করিলেও আমাদিগের গ্রন্থকাবের যে অনেক অনুসন্ধান ও পরিশ্রম করিতে হইয়াছে আমরা তাহা বিলক্ষণ বুঝিতে পারিরাছি। এ জন্ম হিন্দু সমাজের ধর্মান্ত্রাগী নেতা ভদু মহোদ্য-গণ বিপিন বাবুকে বিশেষরূপ উৎসাহ প্রদান করিতেছেন, আমবা তাহা (मिथित्न आस्नामिक इरेव।

আমরা এই গ্রন্থানির ও ইহার সঙ্কলনকর্তার বার বার প্রশংস। করিতেছি গ্রন্থানি সকল ধর্ম সম্প্রদায়স্থ লোকের পক্ষে বিশেষ উপকারী হইয়াছে। ধর্মাত্রাণী, হিন্দুমাত্রেরই ইহা পাঠ কবা কর্ত্বা।

স্থলত সমাচার, ২২ অগ্রহায়ণ, ২২৮৮ ৷

বিপিন বাবু যেরূপ পরিশ্রম করিয়াছেন, তাহা সফল হইয়াছে। পুস্তক খানি হিন্দুমাত্রেরই আদরের সামগ্রী হইয়াছে। .হিন্দুমাত্রেরই ইহার এক এক খণ্ড ক্রয় করিয়া সঙ্কলন কারের উৎসাহ বর্দ্ধন করা কর্ত্তব্য। প্রভাতী, ৬ই মাঘ, সন ১২৮৮ সাল।

ইহাতে অনেক সার কথা আছে। এই পুস্তক থানি আমরা আদ্যোপাস্ত পাঠ করিয়াছি। আমাদের মতে এদেশের যাবতীয় হিন্দু ধর্মাহুরাগীরই এরূপ গ্রন্থ প্রকাশকের উৎসাহ বর্দ্ধন করা উচিত। যাঁহারা মুক্তিলাভের বাসনা করেন, তাঁহারা এই পুস্তকথানি একবার পাঠ করিবেন। সমাচার চক্রিকা, ৪ঠা অগ্রহায়ণ, ১২৮৮।

গ্রন্থকারের বহু অধ্যয়ন, বহু দর্শন, ও বহু পরিশ্রম স্বীকারের পরিচয় পুস্তকের পত্রে পত্রে প্রকাশিত রহিরাছে। সঙ্গতিপন্ন সাধু মহাত্মারা এই পুস্তক ক্রন্ন করিয়া পাঠ করেন, ইহা আ্মাদিগের আন্তরিক কামনা। বিশ্বাসী—অগ্রহায়ণ ১৮০০ শক।

গ্রন্থানি বাস্তবিকই অত্যন্ত স্থানার ও বহু মূল্য বস্তু হইরাছে। যাঁহাদের সামতা আছে সকলেরই এই গ্রন্থের এক এক থণ্ড গ্রহণ করা উচিত। সংবাদ প্রভাকর,—আ∤নাজী ২০া২২ মাঘ।

* "ধর্ম-প্রচারকদিগের পক্ষে এই গ্রন্থ থানি অত্যন্ত উপাদেয়
 * গ্রন্থানির গুণের ভাগ এত অধিক যে আমরা কোন্ অংশ
পরিত্যাগ করিয়া পাঠকদিগকে কোন্ অংশ উদ্ধৃত করিয়া শুনাইব, তাহা
ঠিক করিয়া উঠিতে পারি না। * * গ্রন্থ থানি পাঠ করিলে অনেক উপ
দেশ প্রাপ্ত হওয়া যায়। * * * চিন্তাশীল পাঠকগণ, হিন্দুশান্তের গভীর
মন্মান্ত্সদ্ধানী সংস্কৃতানভিক্ত ব্যক্তিগণ ইহার এক এক থণ্ড ক্রন্থ করিয়া পাঠ
করিলে সহজে বহুদর্শন লাভ করিতে পারিবেন।

তত্ত্ব কৌমুদী,—>লা পৌষ ১৮০৩ শক।

শ্রীযুক্ত পণ্ডিত কালীবর বেদাস্তবাগীশ মহাশয়ের মত।

এই পুস্তক পাঠ করিয়া অতীব প্রীত হইয়াছি, ইহা জ্ঞানলিপ্**স্থাদি**গের বিশেষ অবলম্বন হইবার যোগ্য। অধিকাংশ প্রাচীন আর্যদিগের মত ইহাতে সঙ্গলিত হইয়াছে। সঙ্গলিত সংস্কৃত কবিতাসমূহের বঙ্গাস্থবাদ অধিক বিস্তৃত হয় নাই বটে, কিন্তু তদ্বারা মূল অর্থ বুঝিবার ব্যাঘাত নাই।

কলিকাতা সংস্কৃত কালেজের অধ্যাপক শ্রীযুক্ত পণ্ডিত গিরিশ্চন্দ্র বিদ্যারত্ন মহাশয়ের মত।

- * * * It is an excellent work in every way. The author has shown good taste and exercised sound judgment in everything that he has done, and his notes on difficult passages are as valuable as they are profound and interesting. We are charmed with the liberal and catholic character of his creed. * *
- * * We shall carefully keep his book with us and use it for reference whenever necessary.

 THE SUNDAY MIRROR,

 October 16, 1881.

Every honest and patriotic attempt to revive the lost treasures of ancient Arya Dharma must command our deepest sympathy. We really believe that in the unfathomable ocean of the Hindu scriptures lie buried most precious truths, which would do honor to any nation, and prove most helpful to the spiritual enlightenment and advancement of the world. Upon the surface of hinduism floats what is popular, superstitious and erroncous. Its deeper spirituality does not often come within the range of our observation. He therefore who dives below and rescues and restores the buried pearls will have done most valuable service not only to his own country but to the whole religious world. * * *

It is a laborious undertaking, but even the smallest contribution to it is so much gain and therefore is deserving of grateful encouragement. We therefore hail with delight the publication of a work in Bengali, on "The teachings of Hinduism regarding salvation and the means of attaining it." The book is a compilation, and the author contents himself with the modest title of a compiler. As such the volume may not possess the merit of originality, and may furnish little or no matter for comment or criticism. Nevertheles this unpretending work is valuable, and has its uses as a text book. When every body talks of Hindu idolatry and superstition, and sees nothing but gross error in the national scriptures it is of the highest importance to possess a handy volume in which all the deeper truths and doctrines are clearly arranged for ready reference and use. such a book is the one before us. Though we may not accept some of the doctrines set forth in the book, we bow before the central argument stated above, and trust with the help of such works our countrymen will be enabled to accept the essence and spirit of true Hinduism, throwing away idolatry and empty rites as chaff. * * THE NEW DISPENSATION, September 30, 1881.

In these days of the revival of Sanskrit learning it is gratifying to hail the appearance of such a book, which we feel sure, will meet with the support it so eminently desrves.

THE OMRITA BAZAR PATRIKA,

December 22, 1881.

The subjects treated of are interesting in more ways than one. * * * And we suppose we are not mistaken in thinking that there is every probability of the book holding a very high place in the religious literature of Bengal.

THE INDIAN CHRISTIAN HERALD,

December 23, 1881.

মুক্তি এবং তাহার সাধন সম্বন্ধে

ৃ হিন্দুশান্ত্রের উপদেশ।



মুক্তি কয় প্রকার?

জামাদিগের শাস্ত্রে নানারূপ মুক্তির কথা নিথিত আছে। তক্মধ্যে শালোক্যা, সামীপা, সাযুজ্যা, ও নির্বাণ এই চতুর্বিধ মুক্তির কথাই বিশেষ প্রচলিত।

সালোক্য অর্থে সহলোক অর্থাৎ ঈশ্বরেব সহিত এক লোকে বাস।
সামীপ্য অর্থে সমীপস্থ হওয়া অর্থাৎ ঈশ্বরের সহিত একতাবস্থানা।
সাযুদ্ধ্য অর্থে সহযোগ অর্থাৎ ঈশ্বরে যুক্ত হইয়া সংস্থিতি। নির্ব্ধাণ অর্থে
ঈশ্বরে লীন হওয়া অর্থাৎ তাঁহার মহান্ সন্তা-সমুদ্রে একেবারে ভুবিয়া যাওয়া;
ভুবিয়া আপনাকে হারাইয়া ফেলা।

"পরমেশর সমৃদয় স্থান অধিকার করত সকল লোকে পরিব্যাপ্ত হইয়া
আছেন, এবং পৃথিবী, চক্র, স্থা, প্রভৃতি ভূলোক ও ত্থালোক সমৃহ পরমেশবে প্রতিষ্ঠিত রহিয়াছে। " সাধক যথন এই মহান্ সত্যটী বিশেষরূপে
অদমঙ্গম করিতে পারেন, এবং এই ভাবটী ক্রমে যথন তাঁহার জীবনগত
হইয়া পড়ে, তখনই তিনি পরমেশরের সহিত এক লোকে বাস করেন।
এই অবস্থায় সাধক মহাসমুদ্রন্তিত ক্ষুদ্র ক্ষুদ্র দ্বীপপুঞ্জের ন্যায় অনস্ত
বন্ধসমুদ্রের গর্ভে ভূলোক ও ত্যুলোক সমূহকে ভাসমান দেখিতে পান।
যদিও বাহিরে পৃথিবীই তাঁহার বাসভ্মি থাকে, কিন্তু প্রকৃত প্রস্তাবে এ
অবস্থায় তিনি আর পৃথিবীর লোক থাকেন না। অনস্ত কালের জন্য
বন্ধে আপনার বাসস্থান নির্দেশ করত নির্ভিয়, নিশ্চিন্ত, ও পরমানক্ষ্ত্র

 [&]quot;उद्य नकन बन उक्त नगरन" भीर्यक अरोब प्रथा।

হন। অতএব দেখা যাইফেছে যে, পরমেশবের দর্শব্যাপিত ভাবটী ক্রমে যথন দাধকের দমগ্র জনয়কে অধিকাব করে, তখনই তঁংহার দালোক্য মুক্তিব। পরমেশবেদ সহিত এক লেংকে বাদ দিদ্ধ হয়।

সাধকের এইরপ সালোকা মুক্তির অবং। ক্রমে যথন অপেক্ষাকৃত গভীরতা প্রাপ্ত হয়, অর্গাৎ পূর্বে, তে প্রকারে ব্রহ্মদর্শন বা ব্রহ্মস্তা অন্তবের ভাব যথন সাধকের অক্তক্ষেক্ব নিকট উজ্জলতর নর্তি ধারণ করে; প্রেম-ময়ের প্রেমানন যথন তিনি সকল স্থানেই নিঃসংশাররপে দেখিতে পান; যে দিকে দৃষ্টিপাত কবেন সেই দিকেই যখন তাঁহার চক্ষু 'বিশ্বত শচকুর'' উজ্জ্বল চক্ষুর উপরে পতিত হইতে থাকে, সেই সময়েই সাধকের প্রভুর সহিত অক্তাবস্থান ঘটে। এবং সেই অবস্থার নামই স্মিণা মুক্তি।

যথন সাধকের এইরাপ সামীপা মুক্তির অবস্থা ক্রমে আবও গভীর ভাব ধাবণ করে; এবং যথন তাঁছার আল্লা জনক প্রমালাতে সংলগ হইরা অবস্থিতি করত স্থাপানে নিযুক্ত থাকে, তখনই তাঁহান সেই অবস্থাকে সামুজ্য মুক্তি কহে। তদনজের ক্রমে যথন সাধক রহ্মসতা-সমুদ্রে মগ্ন ইইরা আপনার নিজ সভা পর্যস্থে হার ইরা বসেন, অর্থাৎ ক্রমে যথন তাঁছার বৃদ্ধি মন বহ্মধ্যানে একবারে লয় বিলয় প্রাপ্ত হয়, তথনই তাঁহান সেই অবসাকে নির্কাণ বাচুড় স্বয়ুক্তি বলে।

ইহা ছারা স্পষ্ট জানা যাইতেছে যে, শাস্ত্রে যদিও সালোকাাদি নানা প্রকার মুক্তির প্রসঙ্গ আছে, কিন্তু বাস্থবিক মুক্তি পদার্থ একপ্রকার মাত্র, নানাপ্রকার নহে; তবে সালোক্যাদি যে চ'রিটী মুক্তির জবস্থা বলা হইল ভাষা কেবল সাধকের জন্মরাগারা উপাসনার গভীরভার ভারতমা মাত্র। অর্থাৎ সাধকের ব্রহ্মদর্শনভাব ক্রমশঃ থত উজ্জ্লভ্ব বেশ ধারণ কবে; সাধক সর্পপ্রকাব পার্থিব ভাব হইতে ক্রমশঃ হত ঐশবিক বা আধ্যান্থিক ভাবে মগ্ন হইতে থাকেন; স্বদন্ত রাজের প্রতি তাহার অন্তরাগ ও উপাসনা ক্রমে যত গভীর ভাব ধারণ করিতে থাকে; এবং ক্রমে তিনি যত আপনার স্কৃত্তি ধনকে নিক্টত্র প্রদেশে দর্শন কবিষা ভাবে মগ্ন হইতে থাকেন; তত্তই তাহার মুক্তির অবস্থা উত্বোত্রব উল্লুভ হইতে থাকে, অর্থাৎ ক্রমে সাংশাক্য হইতে সামীপ্য, সামীপ্য

ছইতে সাযুক্তা, ইত্যাদি প্রকাবে সাধক চূড়। সমুজ্ঞি লাভ করেন। অর্ডএব মুজি পদার্থ একপ্রকারই, অর্থাৎ ব্রহ্মদর্শন বা ব্রহ্মলাভই মুজি। আর ব্রহ্ম একপ্রকাব ব্যতীত নানাপ্রকার নহেন; স্মৃতরাং মুজিও সরপতঃ একপ্রকার বই নানাপ্রকাব নহে। যথা, বেদান্তসার ৩। ৪। ১৭ অধিকরণ —

ব্ৰৈমাৰ মুক্তি ৰ্ম ব্ৰহ্ম ক'চিৎ সাতিশয়ং শ্ৰুতম্। অত একবিধা মুক্তি কেঁধসো মনুজ্যা বা॥

বিশেষরহিত যে ব্রহ্মাবসা বেদে তাহাকেই মুক্তি কহেন. স্থতরাং মুক্তি পদার্থ একপ্রকার বাতীত নানাপ্রকার হইতে পারে না; তবে সংলোক্য সামীপ্যাদি-রূপ যে বিশেষ কথন আছে তাহা কেবল উপাদনা তার-ত্যা প্রযুক্ত হয়, নতুবা প্ররুত মুক্তি পদার্থ রাহাকে বলে তাহা ব্রহ্মা হইতে মহাযা পর্যান্ত সকলেবই একরপ। ●

উপবে যাহা বলা হইল উহা মৃক্তির ভাব পক্ষ। এক্ষণে মুক্তির অভাব পক্ষটী বুঝাইবার জন্ম যতদূর পারা যায় চেষ্টা করা যাইতেছে।

মুক্তিহিবান্যথারূপৎ স্বরূপেণ † ব্যবস্থিতিঃ।

*७*१. २ । ३० । ७ ।

পূর্বে সমুদেবঃ পঞ্চান স গছছিত পশ্চিমা।
 একঃ পঞ্চাহি মোক্ষস্য তল্মে বিস্তরতঃ শৃণু॥

ম, ভা, মে, ধ, ৯৯।৪।

† অর্থাদেখান্তরং চিত্তে য'তি মধ্যে তুম। হিতিও।
নিবস্তা মননাকারা স্বকপস্থিতিরংচাতে॥ ১।
সংশান্তসর্পদশ্বন বা শিলান্তরিব স্থিতিও।
জাচাবিদার্শ্বলা মা শিলান্তরিব স্থিতিও।
জাচাবিদার্শ্বলা মা স্কর্পাস্থিতিও স্মৃতা॥ ২।
অহস্তাংশে স্বতে শাস্তে ভেদনিস্পানাভিয়া।
অজড্যা প্রকটিত তৎসকপমিতি স্থিতম্॥ ২।
যৎ স্বর্গপরিজ্পাশ্বেত্তা থে নিতি মন্তনম্।
এতস্মাদিপরোমোসোন ভূতে। ন ভবিষ্তি॥ ৪। যো, বা, ইৎ, প্রকরণ।

এক বস্তু হউতে অন্য বস্তুতে গনের গন্ধকালে উভয় বস্তু এপ্রাপ্ত ১১রা মন্নভাগে মধা যে অবস্থিতি সেই স্থাপথিতি। ১। সকল সাকল ভাগি হইলে জড়ঃ এবং নিদ্ধারহিত স্বস্থায় ওস্তঃক্রণের যে শিলার নায় নিশান্দ ভিতি দেই স্কপতিতি। ২। শরীরাদিতে অহংভাব ফর হইলে পর তেন শ্স্ত গণড় নিশান্দ জ্ঞান দাব। তিত্ত-শাস্ত ইইলে জীবের স্থাপ প্রাণাশ হয় এই নিশ্চয় ভানিবে। ৩। এবং দৃশ্য ধনাদি বিষয় জ্ঞানে যে মজ্জন অধিং আসাক্তি সেই স্কাপ-ত্যাগ; ইংগি পর মোহ আর শে নাই, হইবেও না॥ ৪।

আসা অন্তথারূপ পরিভ্যাগ র'রিয়া যে আপন স্বরূপে অবস্থিতি করে ভাহারই নাম মুক্তি। ১।

স্বরূপাবস্থিতির্ম্মুক্তিন্তদ্ভংশোহহস্ত্ববদনম্ ॥
যো. বা. উৎ. প্রকরণ।

জ্ঞানভূমিতে স্বরূপাবস্থিতি মৃ্ক্তি, ও অজ্ঞানভূমিতে অহম্ববেদন অর্থাৎ অহং স্থুখী অহং ছঃখী এইরূপ যে চিন্তা ভাহাই বন্ধন। ২।

জ্ঞ প্রিহি প্রিক্তিদন্ত নিম্ক্তা।
মুগত্কা সুবুদ্যা দিশান্তিমা কাত্মকল্বনৌ ॥
বো. বা. উৎ. প্রকরণ।

ভত্বজ্ঞান দারা জড় ও চৈতত্মের বন্ধনগুরিচ্ছেদ হয়, এবং গ্রন্থিচ্ছেদ হইলেই

মুক্তি হয়। মৃগভৃষণতে জলবৃদ্ধির শান্তি মাত্র মুক্তির স্বরূপ। ৩।

যদা সর্বে প্রভিদ্যন্তে হৃদয়স্যেহ গ্রন্থয়ঃ। অথ মর্ছ্যো মৃতেগ ভবত্যেতাবদর্শাসনম্॥

🛨. উপ. ৬ বল্লী।১৫ শ্রুতি।

যখন পুরুষের এই লোকেই হাদয়ের গ্রন্থি * দকল ছিল্ল হয়, তখনই তিনি আমৃততা লাভ করিয়া কুতার্থ হন। এই উপদেশকে দম্দর বেদশাল্লের দিদ্ধান্ত বলিয়া জানিবে। ৪।

যভ চুক্তল তাহীনং তন্মনো মৃতমুচ্যতে।
তদেব চ তপঃ শাস্ত্রনিদ্ধান্তো মোক্ষ উচ্যতে।
যো, বা, উৎ, প্রকরণ।

চঞ্চলত্তীন যে মন, ভাহাকে জ্ঞানীরা মৃত কছেন, সেই মৃত মনই তপস্যার ফল মোক্ষরপ হয়। ইহাই সকল শাস্ত্রের সিদ্ধান্ত। ৫।

> তক্ষাতুলাসমাত্রন্ত মনদো বন্ধতাং গ্রুম্। মনঃপ্রশমনো রাম মোক্ষ ইত্যভিধীয়তে ॥

> > যো বা উৎ প্রকরণ।

ছে রাম! মনের যে উলাস অর্থাৎ প্রকাশ তাহাই বন্ধন। আর মনের যে শাস্তি তাহাকেই জ্ঞানীরা মোক্ষ কহেন। ৬।

^{*} আস্তি ও ক্রিনাদ।

এম এব মনোনাশস্থ্বিদ্যান। প এব চ।

যদ্ যৎ সদিদ্যতে কিঞ্চিৎ তত্ত্বাস্থাপরিবর্জনম্ ॥

অনাস্থৈব হি নির্কাণং তুঃখমাস্থাপরিগ্রহঃ।

যো. বা উৎ. প্রকরণ।

যে যে বস্তু সজ্রপে বিদ্যমান আছে ভাহাতে যে আস্থাপরিত্যাগ ভাহাই মনোনাশ এবং অবিদ্যানাশ। গ । এই অনাস্থারূপ যে মনোনাশ ভাহাই নির্কাণ, * আর আস্থা দারা দৃষ্ঠা বস্তুর যে গ্রহণ ভাহাই সমস্ত ছঃথের কারণ। ৮।

" নিত্যানিত্যবস্তুবিচারাদনিত্যসংসার সমস্ত-সঙ্কলক্ষয়ো মোকঃ।"

নিরালম উপনিষদ।

নিত্যানিত্য বস্থ বিচার দ্বারা নিত্য বস্ত নিশ্চিত হইলে অনিত্য সংসারের সমুদ্র পক্ষা যে ক্ষয় প্রাপ্ত হয়, এই সক্ষরক্ষয়েরই নাম মোক্ষ †। ৯। অধিক কি, শাল্লে অষ্টাক্ষ যোগ সাধনের সক্ষরকেও বন্ধনরূপে বর্ণনা করিয়াছেন। যথা "আদ্যষ্টাক্ষযোগাভ্যাসসক্ষরমাত্রং বন্ধঃ।"—'নিরালম্ম উপনিষদ্'।

ইচ্ছামাত্রমবিদ্যেহ তন্নাশো মোক্ষ উচ্যতে।

যো. বা. উৎ. প্রকরণ।

ইচ্ছা মাত্রই অবিদ্যাপরপ, সেই ইচ্ছানাশের নামই মোক্ষ। ১০। বন্ধোহি বাসনাবন্ধো মোক্ষঃ স্যাদাসনাক্ষয়ঃ।

যো বা উপ প্রকরণ।

वामना चाता (य वसन तमहे वसन, अवः वामनात (य क्या तमहे (भाका। ১১।

কা হার বিনাশে জীবের মুক্তি হয় ?---মনের চঞ্চলতা।

। নিঃসঙ্কলো যথা প্রাপ্ত ব্যবহার পরে। ভব।

ক্ষয়ে সকল জালস্থ জীবো ব্ৰহ্মত্ব মাপুরাৎ॥

অধ্যাম্ম রামায়ণ, উত্তরকাণ্ড, ৬ সর্গ ৫৫ শ্লোক।

সন্ধন্ন বিহীন হইরা যথা প্রাপ্ত ব্যবহার কার্য্য সকল সমাধা কর। সন্ধন্ন সকল ক্ষয় হইলেই মনুষ্য প্রমেশ্বরকে সম্পূর্ণ রূপে ন।ক্র ক্রিতে পারে।—

^{*} শ্রীমান্ শঙ্করাচার্য্য তাঁহার 'মণিরত্বমানা' নামক গ্রন্থের প্রশোত্তরচ্ছলে লিথিয়াছেন।—
"কন্তান্তি নাশে মনসো হি মোক্ষঃ ?''

ন মোক্ষো নভন্ত পৃষ্ঠে ন পাতালে ন ভূতলে।
সর্বাশাসংক্ষয়ে চেতঃক্ষয়ো মোক্ষ ইতীয়াতে ॥
যো, বা, উপ, প্রকরণ।

মোক্ষ বস্ত আকাশপৃষ্ঠে নাই পাতালে বা ভূতলেও নাই। সকল প্রকার আশাক্ষয় দারা মনের যে ক্ষয় হয় তাহাই মোক্ষ। ১২ ।

> শ্রুষ্ঠাং জ্ঞানসর্বস্থং শ্রুত্বা চৈবাবধার্য্যতাম্। ভোগেছামাত্রকো বন্ধস্তত্যাগো মোক্ষ উচ্যতে॥

> > যো. বা. উপ. প্রকরণ।

জ্ঞানসাধনের সমস্ত বিষয় শ্রবণ করিয়া অবধারণ কর—ভোগেচছা মাত্রই বন্ধন এবং ভোগেচছাভাগের নামই মোক্ষ জানিবে। ১০।

> দৃশ্যসংগলিতো বশ্বস্তম ুক্তা মুক্তিরুচ্যতে। যো, বা, উপ, প্রকরণ।

• জ্ঞান দৃশ্যযুক্ত হইলে বন্ধন হয় এবং দৃশ্যত্যাগে মুক্তিরূপ ধারণ করে। ১৪। অসংসর্গাৎ পদার্থানামন্তঃশান্তিবিমুক্ততা। গো. বা. উপ. প্রকরণ।

পদার্থ সকলের অসংসর্গ দারা অস্তরে শাস্তি হওয়াতে মুক্তি হয়। ১৫। দ্বে পদে বন্ধমোক্ষায় মমেতি নির্মমেতি চ।

মমেতি বধ্যতে জন্তর্নির্মমেতি বিমৃচ্যতে।।

কুলার্ণবভন্ত ও উত্তরগীভা।

মম অর্থাৎ 'আমি আমার' এইরূপ যে দৃঢ় জ্ঞান তাহাই জীবের বন্ধের কারণ। এবং নিশ্ম অর্থাৎ 'আমি আমার' এতজ্ঞপ জ্ঞান রহিত হইলে অর্থাৎ আমি সম্পূর্ণরূপে প্রমেশ্বরের এইরূপ জ্ঞান জ্ঞানি জীব মুক্ত হয়। ১৬।

অলমতিবিততৈর্বচঃপ্রপথিধেরিয়মুদিতোরুস্থায় দৃষ্টিরেকা।
- উপশমিতরসং সমং মনোহন্তর্যদি উদিতং তদমুত্তমা প্রতিষ্ঠা।
যো, বা, উপ, প্রকরণ।

বিস্তর বাক্যপ্রপঞ্চে কার্য্য নাই, এইপ্রকাব একুদৃটির উদয় হইলেই নিতা স্থ জন্মে। বিষয়-রুসের শাস্তি হইয়া যদি মনোমধ্যে সমতার উদয় হয়, তবে গেই উত্তম স্থিতিকেই পণ্ডিতের। মুক্তি কহেন। ১৭।

এতাবতা মুক্তি সম্বন্ধে যত কিছু বলা হইল তাহাদারা ইহা প্রকাশ হইতেছে যে, জীবাত্মার স্বরূপ-অবিভিট্ট মুক্তি এবং স্বরূপত্যাগই বন্ধন। হলয়প্রিপ্রিন্মহের অর্থাৎ জড় ও চৈতনোর বন্ধনপ্রিল্পিয়হের উচ্ছেদই মুক্তি, এবং ঐ প্রন্থির নামই বন্ধন। বন্ধর যথার্থ দর্শন বা ভ্রমবৃদ্ধির অপনয়নই মুক্তি এবং অযথার্থ দর্শনই বন্ধন। চঞ্চলতাশ্না মনের যে স্থির ভাবে অব্দিতি তাহাই মুক্তি, এবং বহু বিষয়ে মনের যে গমনাগমন তাহাই বন্ধন। মনের যে শান্তিরূপ নির্মাল আননদ তাহাই মুক্তি, এবং মনের যে উল্লাস বা প্রকাশ তাহাই বন্ধন।

পৃথিবীর কোন বস্তর প্রতি আস্থা না থাকার নামই মুক্তি, এবং ঈশর ব্যতীত অন্য পদার্থের প্রতি বিদুমাত্র আস্থা থাকাও স্থান্ট বন্ধন। অনিত্য সংসারের সমস্ত সন্ধরের ক্ষয় হওয়ার নাম মুক্তি; এবং সন্ধর মাত্রেই বন্ধন, অধিক কি, প্রাণরেধিরপ অষ্টাঙ্গ যোগ সাধনের যে সন্ধর ভাহাকেও বন্ধন বলিয়া জানিবে। আমি বা আমার জ্ঞান না থাকা অর্থাৎ আমি সম্পূর্ণরূপে ঈশ্বরের এইরূপ যে জ্ঞান তাহাই মুক্তি, এবং আমি বা আমার এতজ্ঞপ যে অজ্ঞান তাহারই নাম বন্ধন। সম্পূর্ণরূপে নিজের ইচ্ছা বা বাসনার ত্যাগই মুক্তি, এবং স্থুল বাসনা মাত্রেই আস্থার বন্ধন। সকলপ্রকার আশা ক্ষয় হইলে মনের যে ক্ষয় হয় তাহাই মুক্তি, এবং আশা মাত্রেই বন্ধন। সম্পূর্ণরূপে ভোগচিন্থার যে বিরাম তাহাই মুক্তি এবং অতিসামান্তপরিমাণ যে ভোগ-চিন্তা ভাহাও স্থান্ট বন্ধন। সকলপ্রকার আসাকিত্যাগই মুক্তি, এবং এবং বিষয়সঙ্কই বন্ধন।

দ্রষ্টার সহিত দৃশ্য বস্তুর যথন সম্বন্ধ না থাকে, অর্থাৎ দৃশ্য বস্তুর মধ্যে কেব্ল সর্ক্রিব্যাপ্ত ব্রেক্সের দর্শন হখন ঘটে, তখনই মুক্তি; এবং দ্রষ্টার সহিত দৃশ্য বস্তুর যে সম্বন্ধ, অর্থাৎ দৃশ্য বস্তুর মধ্যে ব্রহ্মদর্শন না ইইয়া কেবল মাত্র জড় বস্তুর যে দর্শন হয় তাহাই বন্ধন। থিষয়-রদের শাস্তি ইইলে মনের মধ্যে যে সমতার উদয় হয় তাহাই মুক্তি এবং আত্মপদ লক্ষ্ইলেও মনের ছারা যে বিষয়-মনন ভাষাই সর্বপ্রধান বন্ধন জানিবে।

বিশেষ বিবেচনা করিয়া দেখিলে ইহা স্পষ্টই প্রতীয়মান হয় যে, এই
সমস্ত বাক্য ছারা একই ভাব প্রকাশ পাইতেছে। অর্থাৎ জীবাত্মা যথন
জাপনার চির জাশ্রম সরূপ জনক পরমাত্মার জ্পাশ্রমে অবস্থিতি করে, নেই
সময়ই তাহার মুক্ত বা জীবস্ত অবস্থা; এবং যতক্ষণ পর্যান্ত জীব ঈশ্বর
হইতে বিযুক্ত হইয়া সভক্র অবস্থিতি করে, ততক্ষণই তাহার বন্ধন বা
বিক্রতাবস্থা। যথা, পঞ্চদশী ধানদীপ ১৩৯ শ্লোক—

নিতাং নিশু পরপন্তরামমাত্রেণ গীয়তাম্।
অর্থতো মোক্ষএবৈষ সংবাদিভ্রমবন্মতঃ॥
মুক্তি এবং গুণাতীত পরবন্ধ প্রাপ্তি এ কেবল নাম মাত্র প্রভেদ, নতুবা উভয়েরই মোক্ষমাত্র অর্থ। উভয়েই সংবাদিভ্রমের ন্যায় ফল্ছনক ইয়।

জীবনুক্ত অবস্থা।

যশংপ্রভৃতিকা যশ্মৈ হেতুনৈব বিনা পুনঃ। ভোগা ইহ ন রোচন্তে জীবমুক্তঃ ন উচ্যতে॥

যো. বা. বৈ. প্রকরণ।

রোগানি হেছু ব্যতিরেকে স্বভাবতঃ যশঃ পুণ্য ঐশ্বর্যাদি ভোগে বাঁহার ক্লচি না হয়, তিনিই জীবন্মুক্ত।

> তস্মানোদিজতে লোকো লোকারোদিজতে চয:। হর্ষামর্যভয়োমুক্তঃ স জীবমুক্ত উচাতে॥

> > যো. বা. উপ. প্রকরণ।

যে ব্যক্তি হইতে লোদকর উদ্বেগ না হয়, এবং লোক সকল হইতে ফিনি উদ্বিগ্ন না হন, সার ফিনি হর্ষ এবং ক্রোধ হইতে মুক্ত, তিনিই জীবনাকত। আপৎস্কু চ যথাকালং সুখছঃথেখনারতম্।
ন হায়তি মায়তি যঃ স মুক্ত ইতি কথাতে॥#

যো, বা উপ. প্রকরণ।

আপিৎকালে অথবা অন্তকালে সুখ ছ:খ প্রাপ্তিতে যিনি ছাই কিংবা মান না হন, তিনিই মুক্ত বলিয়া ক্থিত হন।

> একাকী রমতে নিত্যং স্বভাব্গুণবর্জ্জিতঃ। ব্রহ্মজ্ঞানরসাস্বাদে জীবমুক্তঃ স উচ্যতে ॥

> > জীবন্ম ভিগীতা।

যিনি স্বাভাবিকগুণবর্জ্জিত হইয়া ব্রহ্মজ্ঞানরূপ-রসাসাদন করিবার নিমিন্ত সর্বাদা একাকী অবস্থিতি করিতে ভাল বাসেন, তিনিই জীবমুক্ত বলিয়া কথিত হন।

বিদ্যাদৃশীং প্রৌ দিমুপাগতেন স্বয়স্কৃবিদ্যাবিষয়েণ তেন। সর্ব্ধত্র সংসক্তিবিবর্জিতেন স্বতেজসা তিষ্ঠতি যঃ সমুক্তঃ ॥ যো. বা. উপ. প্রকরণ।

বিবৃদ্ধবিদ্যাদৃষ্টিপ্রাপ্ত, বন্ধবিদ্যা হইতে উৎপন্ন, এবং দর্কতি দংদজিহীন ষে স্বকীয় তেজঃ দেই তেজঃ দারা যাঁহার স্থিতি হয়, তিনিই মুক্ত।

> কো বন্ধঃ কস্ত বা মোক্ষ একং পশ্যেৎ সদা হি সঃ। এতৎ করোতি যো নিত্যং স মুক্তো নাত্র সংশয়॥

मि. मः. **८। ১**৭७।

বন্ধই বা কি এবং মোক্ষই বা কার হয়, এ দকল কিছুমাতা বিবেচনা না করিয়া যে সাধক সর্কাদা কেবল এক পরমান্ত্রাকে সাক্ষাৎ দর্শন করেন, সেই সাধক নিশ্চয় মুক্ত।

ছঃথেম্পুরিয়মনাঃ স্থেমু বিগতস্পৃহঃ।

বীতরাগভয়কোধঃ স্থিরধীমু নিকচ্যতে॥ গী, ২ । ৫৬।

ছংখ কষ্টে মাঁহার মন বিষাদিত না হয়, আর স্থা ভোগেও শাঁহার স্পৃহা না থাকে, এনং অসুরাগ, ভয়, কোধ প্রভৃতিকে যিনি পরিতাাগ করিতে সক্ষম হন, তাঁহাকেই ষ্থার্থ স্থির-প্রজ্ঞ মুনি কহা যায়।

চিন্মরং ব্যাপিতং সর্ক্ষমাকাশং জগদীশ্বরম্। সংস্থিতং সর্ব্বভূতানাং জীবনুক্তঃ স উচ্যতে॥

1. 1.

সমস্ত আকাশে পরিব্যাপ্ত যে চৈত্তভাষরপ জগদীখন তাঁহাকে যিনি সমুদর জীবের অন্তরাস্থা বলিয়া জানিয়াছেন, তিনিই জীবকুক বলিয়া কথিত হন।

> উদ্ধং ধ্যানেন যং পশ্যেৎ বিজ্ঞানং মন উচ্যতে। শূন্যং লয়ঞ্চ বিলয়ং জীবন্মুক্তঃ স উচ্যতে॥

থিনি ধ্যান ছারা উর্দ্ধ দর্শন করেন অর্থাৎ উর্দ্ধতিত আকাশের ন্যায় পরমাত্মাকে ভাবনা করেন, তাঁহার মনকে বিজ্ঞান কহা যায়, এবং সেই মন বাঁহার শ্ন্যাপরূপ হইয়া লয় বিলয় প্রাপ্ত হয়, তিনিই জীবস্মুক্ত বলিয়া কথিত হন।

চিদাত্মন ইমা ইথং প্রক্ষুরন্তীহ শক্তম:। ইত্যন্যাশ্চর্য্যজালেযু নাভ্যুদেতি কুতূহনম্॥ যো. বা. উপ. প্রকরণ।

জগতে ষত বস্তু প্রকাশ পাইতেছে সকলই চিদান্মার শক্তি এইরূপ জ্ঞান মারা জীবন্মুক্ত ব্যক্তির কোন আশ্চর্যা বিষয়ে কৌতৃহল হয় না।

> নৃণাং জ্ঞানৈকনিষ্ঠানামাত্মজ্ঞানবিচারিণাম্। সা জীবন্মুক্তভোদেতি বিদেহান্মূক্তৈব যা॥

> > যো. বা উৎ, প্রকরণ।

ব্রহ্মকানবিচারকারী কেবল জ্ঞাননিষ্ঠ মহ্ব্যদের দেহত্যাগে যে মুক্তি হয় সেই মুক্তি জীবদ্দশাতেই হয়।

ব্ৰনা।

যতো বিশ্বং সমুভূতং যেন জাতঞ তিষ্ঠতি। যশ্মিনু সর্বানি লীয়ন্তে জ্ঞেয়ং তদ্বন্দা লক্ষণৈ:॥

ম. ড. ৩।১.

যাহা হইতে এই বিশ্ব উৎপন্ন হইরাছে, বাঁহাকে অবলম্বন করিয়া ইহা অবস্থিতি করিতেছে, এবং স্ষ্টির অব্যক্ত অবস্থায় এ সমস্তই বাঁহাতে লীন হুইয়া থাকে, তাঁহাকেই বন্ধ বলিয়া জানিও।

তদেব সর্বমেবৈতদ্যক্তাব্যক্তস্বরূপবং।
তথা পুরুষরূপেণ কালরূপেণ চ স্থিতম্।
পরস্থ ব্রহ্মণোরূপং পুরুষঃ প্রথমং দিজ।
ব্যক্তাব্যক্তে তথৈবান্যে রূপে কালস্তথা পরম্॥

বি. পু. 1

সেই বন্ধ ব্যক্ত ও অব্যক্ত ক্রকণাক্রাস্ত স্টিশক্তিস্বরূপে, পুরুষস্বরূপে, এবং কালস্বরূপে স্থিতি করেন। পুরুষ অর্থাৎ জ্ঞানভাবই তাঁহার শ্রেষ্ঠ স্বরূপ; ব্যক্ত ও অব্যক্ত লক্ষণ বিশিষ্ট স্টিশক্তি তাঁহার দিতীয় স্বরূপ *; এবং আদ্যক্ত রহিত কাল তাঁহার তৃতীয় স্বরূপ!

> পরিচ্ছেদো যতো নান্তি দেশকালস্বরূপতঃ। আতাুনঃ সর্বাথা তম্মাদাতাুা পূর্ণো ভবেৎ কিল।

नि. मः. >। ৫৪।

অপরিচ্ছিন্ন পরমাত্মার স্বরূপত: দেশকালাদিতে পরিচ্ছেদ নাই। সেই পূর্ণ পুরুষ পূর্বভাবে দর্বদা দর্বতা বিরাজিত আছেন।

^{*} শক্তি যদিও কার্য্য করে বটে, কিন্তু সে নিজে অন্ধ, একা::৭ জ্ঞানের অধীন হইরা তাহাকে কার্য্য করিতে হয়। স্থতরাং পুরুষভাবই পরমেখরের শ্রেষ্ঠ স্বরূপ।

যদি স্ষ্টিশক্তিকে পরমেখনের দ্বিতীর শ্বরূপরূপে বলা হইয়াছে বটে, বন্ধতঃ উহা ঠাহার শ্বরূপ নহে। তিনি উহার অতীত।

নৈব বাচা ন মনসা প্রাপ্ত্র শক্যো ন চকুষা। অস্তীতি ক্রবভোহন্যত্ত কথং তত্বপলভাতে॥

कर्र है. भारर अंडि।

এই পরমাত্মাকে বাকা দারা মন দারা অথবা চক্ষু: প্রভৃতি ইন্দ্রি দারা প্রাপ্ত হওরা বায় না। কেবল জগতের মূল অস্তিসরূপে তাঁহাকে জানা বায় মাত্র। অতথ্য অস্তিসরূপে তাঁহাকে যে ব্যক্তি দেখিতে না পায়, তাহার জ্ঞানাগোচর তিনি কিরুপে হইবেন ? *

অস্টীত্যেবোপলব্যস্তত্ত্বভাবেন চোভয়োঃ। অস্তীত্যেবোপলব্বস্য তত্বভাবঃ প্রসীদতি॥

कर्ठ छे. ७। १२-३७।

এই পরমান্নাকে ছই প্রকারে জানা যায়। তিনি আছেন এইরূপ করিয়াও ভাঁহাকে জানা-যায়; আর ভাঁহার তথভাবেও তাঁহাকে জানা যায়। এই উভয় প্রকারের মধ্যে অস্তি মাত্র রূপে প্রথমতঃ যাহার। তাঁহাকে দেখিতে পায়, পশ্চাৎ আপনা হইতেই তাহারা তাঁহার সেই অনির্বাচনীয় তথভাব জানিতে পারে।

* ইছদীদিগের ধর্মণান্ত পুরাতন রাইবেলে এই বিষয়ের একটি ফুলর গল আছে; যথা, (And) God said unto Moses, I AM THAT I AM: and he said. Thus shalt thou say unto the children of Israel, I AM hath sent me unto you—EXODUS 111. 14.

বাঁহাদিগের শুনিবার শক্তি আছে বান্ধবিক্ই তাঁহাদিগকে পরনেধর প্রত্যেক স্থান হাত আবিরত উটেচেংকরে বলিতেছেন "আনি আছি," "আনি আছি।" তাঁহারা আরও শুনিতেছেন, বৃক্ষ লতাগণ নিঃশদে তাঁহারই অন্তিহের কথা বলিতেছে, চক্র স্থাাদি গ্রহণণ যোর রবে সহাগগনে তাঁহারই অন্তিম্ব করিয়া বেড়াইতেছে: গর্ভস্থ শিশুও যোড়করে সমস্ত জগদাসীকে সেই পরনেধরের মহান সভাতে বিখাস করিবার জন্ম তমুরোধ করিতেছে। অন্তেম কথাতেই বা প্রয়োজন কি? প্রত্যেক মন্ত্রোর নিজ নিজ দেহ ও প্রাণ কি বলিতেছে? প্রাণ এবং দেহ ইহারা উভয়েই বীরদর্পে বলিতেছে " তিনি আছেন" "তিনি আছেন।" অতএব দেই সকল জ্ঞানাভিমানী অক্সানাক্ষ জীবগণের বিদাা, বৃদ্ধি, ও বাহা সভ্যতাতে ধিক্ থাকুক, যাহাদের অপবিত্র কর্ণ এরূপ পবিত্রতম গন্ধীর শক্ষ প্রবণে বঞ্চিত হইয়া থাকে।

রাজর্ধি জনক উপবনে অমণ করিতে করিতে গুনিয়াছিলেন—তমাল বনে অদৃশ্য সিদ্ধাণ্য এইক্লপ গাথা গান করিতেছেন—

অশিরক্ষমকারাভমশেষাকারসংস্থিতম্।

অজপ্রমুচ্চরতং বং তমাত্মানমুপান্মহে॥ বো, বা, উপ, প্রকরণ।
বিনি মৃত্তকাদি অবয়ব রহিত, থিনি প্রত্যেক বস্তুতে সমভাবে অবস্থিত, যিনি "আমি
শুহি" এই কথা অজপ্রবার উচ্চারণ করিতেছেন, আমরা সেই পরমাত্মাকে উপাসনা করি।

ক্ষতমাত্রা পরং ব্রহ্ম সত্যমিত্যাদিকা বুধৈঃ। কল্লিতা ব্যবহারার্থং সত্য সংজ্ঞা মহাত্মনঃ॥

যো. হা. উৎ. প্রকরণ।

এই অস্তি স্বরূপ পরমেশ্বরের কোন নাম নাই। জ্ঞানীরা ব্যবহারার্থে এই নাম-রহিত মহান্মার নাম ঋত, আত্মা, পরব্রহ্ম এবং সভ্য ইত্যাদি শঙ্গারূপে ক্রনা করিয়াছেন মাত্র।

আকাশং বাহ্যশূন্যভাদনাকাশঞ চিত্তঃ। অকিঞ্ছিদ্যদ্নিদেশ্যং বস্তু সদিতি কিঞ্ন। যো. বা. উক. প্রকরণ।

বাহ্যরপাদির শৃতত্ব প্রাধুক্ত এই ব্রহ্মই আকাশ, এবং চিৎসক্সপ প্রযুক্ত ইনিই অনাকাশ; অপর নির্দেশকরপাভাব জন্য এই ব্রহ্ম অকিঞ্চিৎ অর্থাৎ কিঞ্চি-শ্বস্থাভিন্ন, এবং ইনিই একমাজ সভ্য বস্তু এজন্ত কিঞ্চিৎও হন।

সপ্তণ ব্ৰহ্ম ও নিগুণ ব্ৰহ্ম।

পূর্ণাজিনম্পর পরমেশ্বরের সমুদর শক্তিই য়ে এই বিশ্বের স্কলন পাল-নাদিতে নিযুক্ত আছে তাহা নহে। তাঁহার অনস্ত শক্তির সামান্ত একাংশ মাত্র কেবল এই স্ট্যাদি কার্য্যে জ্লবন্ধিতি করিতেছে; অবশিষ্ট সমস্ত অংশই শুদ্ধ মুক্ত অনাবৃত সভাবে অবস্থিত আছে। এই জগতে স্কলন-পালনা-দিতে পরমেশ্বরের যে অংশ ব্যাপৃত আছে তাহাবই নাম সন্তণ বহল * বা কারর। এবং জগতের অতীতরূপে মুক্ত স্বভাবে তাঁহার যে অবশিষ্ট্যকাংশ অব-স্থিতি করে তাহারই নাম নিগুণি বন্ধ অথবা তুরীয় বন্ধ চৈতন্ত।

[÷] গৃহীতমায়ে∵রগুণঃ সর্গাদাবগুণঃ স্বতঃ। ভা, ২া১।৩১।

স্বরপতঃ তিনি নির্গুণ; কিন্তু স্টির সময় মায়া অর্থাৎ স্টেশক্তির সংসর্গে মহৎ মহৎ গুণ গ্রহণ করেন।

"বিকারাবর্ত্তি, চ তথাহি স্থিতিমাহ।"

বে. স্থ. ৪।৪।১৯।

ক্ষার যে কেবল সগুণরূপে স্বষ্ট্যাদি বিকারের মধ্যে অবস্থিতি করেন তাহা নছে, ভিনি নিশুণরূপে অনাত্ত স্বভাবেও অবস্থিতি করেন।

> ন রুৎস্বেক্ষর্তিঃ সা শক্তিঃ কিন্তুেকদেশভাক্। ঘটশক্তির্থণা ভূমৌ স্লিঞ্চাদ্যেব বর্ততে ॥

> > 어. 다. 2186 1

পরমেশবের স্টিশক্তি যাহার নাম মারা তাহা তাঁহার পূর্ণশক্তি নহে, কিন্তু তাঁহার পূর্ণশক্তির একদেশ মাত্র। যেমন পৃথিবীর সমস্ত শক্তি হইতেই ঘট-শরাঝাদি উৎপন্ন হয় না, কেবল মাত্র আর্জ মৃত্তিকাতেই হয়।

> পাদোহস্য বিশ্বাভূতানি ত্রিপদস্তি স্বয়ংপ্রভ:। ইত্যেকদেশব্বভিদ্ধ: মায়ায়া বদতি শ্রুতি:॥

> > প. দ. ২।৪৯ ।

পরমান্ধার এক পাদ দর্বভৃতে ব্যাপ্ত এবং তিন পাদ নিভ্য ওদ মুক্ত স্থয়স্থাকাশস্তরপ। এই প্রকারে পরবন্ধেতে মায়ার অর্থাৎ স্ষ্টিশক্তির একদেশবৃত্তিত্ব শ্রুতিতে উপদেশা করিয়াছেন, অর্থাৎ বন্ধের স্ষ্টিশক্তি ভাঁহার পূর্ণভাবের একাংশ মাত্র।

স ভূমিং সর্কতো র্ত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্।
বিকারাবর্তি চাত্রান্তি শ্রুতিসূত্রক্তোর্ব চঃ ॥
সেই পূর্ব্বোক্ত ঈশ্বরশক্তি মারা ঈশ্বরের স্ব্বাব্যবব্যাপী নহে, এত্বিবরে
শ্রুতি এবং শারীরক স্ত্র প্রমাণ দর্শাইতেছেন। যথা, পরমেশ্বরের সীর
শারীরের কিরদংশ এই সমুদর জগৎকে ব্যাপিয়া, ও জ্ঞাতিরিক্ত কিঞ্দংশ নিভঃ
ভদ্ধ মুক্ত রূপে অবস্থিতি করিয়া, আছে।

নিরংশেংপ্যংশমারোপ্য ক্লংস্লেংশে কেতি পুচ্ছত:। তন্তাষয়োত্তরং ক্রতে শ্রুতি: শ্রোতুর্হি তৈষিণী॥

थ. प. सब्द I

পরমেশ্বর নিরবয়ব, স্থতরাং তাঁহার অরপের- জংশ সম্ভব হয় না, জডএব তাঁহার অরপের কোন জংশ বিকারব্যাপী কোন জংশ জনাবৃত ইহা বলা কি প্রকারে যুক্তিনিদ্ধ হয়? তাহাতে সিদ্ধান্ত করিতেছেন। নিরংশ নির্কিকার পরমেশ্বরে জংশ জারোপ করিয়া পরমহিতৈবিণী শ্রুতি প্রশ্নকারী শিব্য- দিগের প্রতি উক্তপ্রকার-জংশচ্ছলে উপদেশ করিয়াছিলেন মাতা। নতুবা বস্ততঃ নিরংশ পর্মেশ্বরের জংশ সম্ভবে না।

জীক্ষ অৰ্জ্নকে এইরূপ বলিয়াছিলেন,——

অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন ধনঞ্জয়।

বিষ্টভ্যাহমিদং কুৎস্মমেকাংশেন স্থিতো জ্বগং ॥

गी. ১० । १२ ।

হে ধনঞ্জয়! পৃথক পৃথক বিবিধ বিভৃতি চিস্তায় তোমার কোন প্রয়োজন নাই। এইমাত্র জানিও যে, আনি একাংশে সমস্ত জগৎকে বাাপ্ত করিয়া আছি, এবং আমার অতিরিক্ত অংশ ওদ্ধ মুক্ত নিতা রূপে অবস্থিত আছে।

অভএব কেবল মাত বুঝিবার স্থবিধার জস্তুই প্রথমোক্ত ভিন পাদ অনাবৃত ব্রহ্ম অদক ব্রহ্ম চৈত্ত, তুরীয় ব্রহ্ম চৈত্ত, আধার চৈত্ত, নিরুপাধি, নিজিয়, নিও নিউনাদি এবং শেষোক্ত এক পাদ ঈশ্বর, সর্বেশ্বর সভণ, বিরাট্, হিরণাগর্ড, বৈশানর ইত্যাদি এবং সমুদয় চারি পাদ পূর্ণব্রহ্ম, পরব্রহ্ম, পরমেশ্বর ইত্যাদি নাম ও বিশেষণ বারা কথিত হইয়া থাকে। নত্বা উপরি উক্ত তিন পাদ এক সভ্য ব্রহ্ম এবং এক পাদ আর এক ব্রহ্ম এমত নহে।

ব্ৰহ্মে সকল এবং ব্ৰহ্ম সকলে ।

দর্বত্যাপী তৈওক্সম্বরূপ পরমেশ্বর প্রত্যেক ভূতে বর্ত্তমান রহিয়াছেন; এবং তাঁহারই প্রকাণ্ড উদরে অর্থাৎ এই মহাচিৎগণনে অসংখ্য বন্ধাণ্ড অবস্থিতি করিতেছে।

অসংখোয়জগদ ভূতহংপদ্যজমরাত্মনে। জগত্রহৈকনলিনীসরসে বিষ্ণবে নমঃ॥

যোঁ বা উপ প্রকরণ।

গাধি কহিলেন, অসংখ্যের প্রাণীর অ্লয়পশ্যের অমরহক্সপ এবং জগলয়-ক্সপ পশ্যের স্বোবরস্ক্রপ বিষ্ণুকে নমস্কার করি।

> তত্ত্রক্ষাণ্ডলক্ষাণি সন্তাসংখ্যানি ভুরিশ:। ভান্যন্যোন্যমৃদ্পীনি ফলানীৰ মহাবনে॥*

> > যো. বা. উৎ. প্রকরণ।

শ আমাদিগের পূর্বপৃক্ষেরা সেই প্রাচীন কালেও জানিয়ছিলেন যে, ত্রদ্ধাপ্ত ছুটা একটি নহে। শত শত সহস্র সহস্র ত্রদ্ধাপ্ত এই অসীম ত্রদ্ধসমূদ্রের গর্ভে অব-ছিতি করিতেছে। কেবলই বে ভগবান্ বশিষ্ঠের উক্তিতে এ বিষয় জানিতে পারা ষায় তাহা নহে, বিয়্পুরাণ ও ভাগবত প্রভৃতিতেও এইপ্রকার উক্তি অনেক আছে, যথা-

> হেতৃত্তমশেষস্ত প্রকৃতিঃ পরমা মূনে। অঞ্জানাং তু সহস্রাণাং সহস্রাণাষ্তানি চ॥ ঈদুশানাং তথা তত্ত্র কোটি কোটি শতানি চ॥

> > বি, পু, ২ স, ৭ অ, 1

হে মুনে ! প্রকৃতি অর্থাৎ ব্রহ্মের স্ষ্টেশজিই সকলের হেতৃভূত। তাহা সহস্র সহস্র হণ্ডের কারণ। ঈদৃশ অও অর্থাৎ ব্রহ্মাও প্রকৃতি বা মায়া শীর্ষক প্রস্তাব দেখ] শত শত সহস্র সহস্র অর্ত অর্ত এবং কোটি কোটি আছে।

ভাগবতে ভূতীয় ক্ষম্বে একাদশ তথারে চ্ছারিংশ এবং একচছারিংশ লোকে দশোন্তরাধিকৈর্য প্রবিষ্ট পরমাণুবং ।
লক্ষ্যন্তেংস্তর্গতা শ্চান্যে কোটিশোহান্তরাশয়ং ।
তদাহরক্ষরং ব্রহ্ম সর্কারণকারণম্।
বিষ্ণোধাম পরং সাক্ষাৎ পুরুষস্ত মহাস্থানঃ ॥

এইরূপ কোটি কোটি অর্থাৎ রাশি রাশি ব্রহ্মাও ওস্তর্নিবিষ্ট প্রমাণুর ভায় ধাছাতে লক্ষ্য হইয়া থাকে, পণ্ডিতেরা তাঁহাকেই অক্ষর এবং নিখিল কারণের কারণ শুরুপ প্রব্রহ্ম বলিয়া থাকেন।

তথা ব্ৰহ্মসংহিতায় ৫ম অধ্যাবে ৪৬ লোকে
যদ্য প্ৰভা প্ৰভবতো জগদপ্তকোটকোটিৰশেষবস্থৱাদিবিভূতিভিন্নমৃ।
তদ্ধ দ্ধ নিধ্নমনস্তমশেৰভূতং,
গোবিন্দমাদিপুক্ষং তমহং ভজামি ॥

বশিষ্ঠ কহিলেন, মহাবনে যেমন অনংখ্য ফল থাকে, ভাহার স্থার এই মহাচিৎ-গগনে অসংগ্য বন্ধাও আছে, কিন্তু সেই সকল বন্ধাও পরস্পর দৃষ্ট হয় না।

> বহিরম্ভর্যথাকাশং সর্কেষামেব বস্তুতঃ তথৈব ভাতি সদ্রুপো হ্যাতা সাক্ষী স্বরূপতঃ॥

> > আলুজ্ঞাননির্ণয়।

যে প্রকার আকাশ এই চরাচর বস্তু সমূহের বাহ্য ও জভ্যস্তরে অবস্থিতি করিয়া সমূদয় পদার্থের আধাররূপে প্রকাশিত হইতেছে, তদ্ধপ স্বরূপতঃ এই ব্রহ্মাণ্ডের সাক্ষিম্বরূপ যে প্রমাত্মা তিনি সন্তারূপে ইহার অন্ত-কাহ্যে অবস্থিতি করিয়া আকাশাদি সমূদয় ব্রহ্মাণ্ডের আধাররূপে প্রকাশ পাইতেছেন।

স্বনন্তর্কহিব্যাপ্য ভাস্বালিখিলং জগৎ। ব্রহ্ম প্রকাশতে বহ্নিপ্রতপ্তার্যপিগুবৎ॥

আত্মবোধ।

যে প্রকার অগ্নি প্রভপ্ত লৌহপিণ্ডের অস্তরে ও বাহ্যে ব্যাপ্ত থাকিয়া ভাহাকে প্রকাশ করত আপনিও প্রকাশিত হয়, সেই প্রকার বন্ধবস্ত সমস্ত পদার্থের অস্তর্বাহ্যে ব্যাপ্ত থাকিয়া অথিল সংসারকে একাসন করত স্বয়ং প্রকাশিত রহিয়াছেন।

> যস্ত সর্কানি ভূতানি আত্মন্যেবানুপশ্যতি। সর্বভূতেরু চাত্মানং ততো ন বিজ্গুপতে॥

> > केलाशितयम ७ अंखि।

যিনি দকল বস্তুকে প্রমান্মার মধ্যে অবস্থিত দেখেন এবং এই প্রমান্মাকে দকল বস্তুতে বর্ত্তমান দেখেন, তিনি আর কোন বস্তুতে স্থাণ করেন না।

> সর্বভূতেরু চাত্মানং সর্বভূতানি চাত্মনি। সমং পশ্যমাত্মযাজী স্বারাজ্যমধিগছতি॥

> > मस् २२ । ७३ ।

পরমায়া স্থাবর জন্ধন দকল ভূতেতে আছেন এবং পরমায়াতে দকল ভূতের অবস্থিতি, এইরূপ দমদৃষ্টি ধারা আত্মযাজী ব্যক্তি স্থারাজ্য অর্থাৎ মোক্ষ লাভ করেন।

> দৰ্বভূতস্থমাত্মানং দৰ্বভূতানি চাজনি। দক্ষতে যোগযুক্তাত্মা দৰ্বত দমদর্শনঃ॥

> > शी. ७।२৯।

শ্রীকৃষ্ণ কহিলেন, যোগাভ্যাসাধীন বাঁহার চিত্ত বশীভূত হইয়াছে, এবং বিনি দর্কত বন্ধদর্শনরূপ সমদৃষ্টি লাভ করিয়াছেন, তিনি পরমাত্মাকে বন্ধা হইতে স্থাবর পর্যান্ত সকল প্রাণীতে বিরাজিত এবং পরমাত্মাতেও সেইরূপ সমস্ত বন্ধাণ্ডকে অবস্থিত দেখেন।

যো মাং পশ্যতি সর্ব্বত্ত সর্ব্বঞ্চ ময়ি পশ্যতি। তৃস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি॥

গী. ৬। ৩०।

বে ব্যক্তি দকল প্রাণীতে পরমেশ্বরম্বরূপ আমাকে এবং দকল প্রাণীকে আমাতে দৃষ্টি করেন, তিনি আমার অপ্রভাক্ষ নহেন এবং আমিও তাঁহার অপ্রভাক্ষ নহি।

দৰ্শ্বভূতস্থিতং বো মাং ভঞ্চত্যেকত্বমাস্থিতঃ। দৰ্শবা বৰ্ত্তমানোহপি দ বোগী ময়ি বৰ্ততে ॥∗

शी. ७। ७১।

যিনি সকল ভ্তেতে অবস্থিত আমাকে সর্বাদা একরূপ দৃষ্টি করেন, সেই জ্ঞানী ব্যক্তি যে কোন রূপে অবস্থিত হউন না কেন, তিনি সর্বাদা আমাতেই অবস্থিত থাকেন।

वि, भू, भश्भ ।

পরমেশ্বর এই জগতের সকল স্থানে ব্যাপ্ত হইয়া আছেন, এবং সম্পন্ন বিশ্ব সংসার তাঁহাতে ঋবস্থিতি করিতেছে, এই কারণে জ্ঞানীরা তাঁহাকে বাস্থদেব নামে অভিহিত করিয়া থাকেন । সর্ব্বং ব্রহ্মণি সর্ব্বত্র ব্রহ্মব পরিপশ্যতি ।

एकप्र: म এব সংকোলো জীবন্মকো न **मः** नप्र: ।

म, नि, जन्न, २०।२/२।

সর্ব্বত্রাসৌ সমস্তঞ্চ বসত্যক্রেতি বৈ যতঃ।
 ততঃ স বাস্থদেবেতি বিদ্বন্তিঃপরিপঠ্যতে॥

দৈতবাদ এবং অদৈতবাদ।

এই দৈও জগৎ যাহা সমুথে দেখিতেছি, ইহা এক ভাবে সং এবং আর এক ভাবে অসং, ইহা সভ্যাসভ্য উভয়ই। এক পক্ষে জগৎ নিভঃও লং; অর্থাং চিরদিনই ইগার কার্য্যপ্রণালী যথানিয়মে চলিয়া আসিতেছে,ও চলিতে থাকিবে। জগতে কেবল রূপান্তর, স্থানান্তর,ও অবস্থান্তর হই-তেছে মাত্র; কিন্ত কোন বিষয়েরই সম্যক্ বিলোপ বা সম্যক্ প্রাগভাব নাই।

যদিও জগৎ উক্ত ভাবে নিতা, তথাপি প্রকৃত পক্ষে ইহা নিতান্তই অবস্তু, ইহার নিজ সন্তাশক্তি মাত্র নাই, ঈশ্বরের জ্ঞান শক্তি ও ইচ্ছাই ইহার সর্বায়। ইহা চিরকালই বস্তুরূপে প্রকাশিত বটে, কিন্তু চিরকালই যথা-র্থতঃ অবস্তু!

সতি দীপ ইবালোকঃ সত্যর্কইব বাসর:।
সতি পুষ্পইবামোদশ্চিতি সত্যং জগন্তথা॥
প্রতিভাসত এবেদং জগন্ন প্রমার্থতঃ॥

যো. বা. স্থিতি প্রকরণ।

যেমন, যাবৎ দীপ থাকে ভাবৎ আলোক থাকে, এবং যাবৎ স্থ্য প্রকাশ থাকে ভাবৎ দিন থাকে, আর যাবৎ পূল্প থাকে ভাবৎ গন্ধ থাকে, সেই রূপ সভাসরূপ ও চিৎস্বরূপ ব্রন্ধের সন্তাভেই এই জগৎ সভারূপে প্রকাশ হয়। এই জগৎ কেবল প্রভিবিশ্বমাত্ররূপেই প্রভিভাসমান হয়, পরমার্থভঃ জগৎ বস্তু নহে।

এক ভাবে এক অবস্থাতেই যে চিরকাল বিদ্যমান থাকে, দেই প্রকৃত্ত পক্ষে নিত্য; জগৎ সেপ্রকার নহে, ইহার অন্তর্গত প্রভ্যেক পদার্থেরই প্রতিনিমেষে অবস্থা-প্রবির্ত্তন হইতেছে। স্মৃতরাং ইহা এ ভাবেও নিত্য

হে পার্কাতি। যিনি ব্রহ্মতে সকল বস্তুর অবস্থিতি, এবং সমস্ত জগতে ব্রহ্মের অবস্থিতি দুর্পন করেন; ওঁংংকেই উৎকৃষ্ট কুলাচারী; এবং জীবস্মুক্ত বলিয়া জানিও।—

নছে। যাহা বাস্তবিক নিত্য, ভাহার কোনরূপই ভাবাস্তর ও পরিবর্ত্তন নাই। আর জগভের উপাদানস্বরূপ পরমাণুগণ যদি নিত্য ও সভন্ত হইত, ভাহা হইলে কেনই বা উহারা স্ব স্ব ধর্ম কথঞিং বা সম্পূর্ণরূপে পরিত্যাগ পূর্বক কিয়ৎপরিমাণে বা সম্পূর্ণরূপে পরকীয় ধর্ম গ্রহণ করিতে যাইবে। স্ব্বভোভাবে নিত্য ও স্বভন্ত পরমাণুগণ ভাহা হইলে কখনই ঈশ্বরের ইচ্ছা ও কর্তৃত্বাধীন হইত না। ঈশ্বর যতই ভাহাদিগকে খীয় নিয়মশৃঙ্খলে বন্ধ করিতে যাইত্তন, ভাহারা কোন মতেই ভাহাতে সন্মত হইত না, প্রাভূতে সম্পূর্ণরূপে ভাহার সমকক্ষভাচরণই করিত।*

* ভাষ ও বৈশেষিক দর্শন প্রমাণু ও জীবান্ধা এতত্ত্যকেই নিতা বলিয়াহেন। উক্ত দর্শন্দ্র যে প্রলয়াবহাতেও প্রমাণু ও জীবান্ধার সভা স্বীকার
করেন তাহার কারণ এই যে, মহর্দি গোত্ম ও কণাদ "মহৎ" "অহকার" ও
"ক্ষেত্ত" স্ঠি অর্থাৎ প্রকৃতির অবান্তব স্পাসকল প্রিতাগি করত স্ঠি আরম্ভ কিন্ধাছেন (প্রবৃতি বা মায়া নামক প্রভাব দেখ)। তাঁহাবা প্রাকৃতিক প্রলয় সম্বন্ধে কোন কথাই
কহেন নাই। স্তরংং নৈমিত্তিক প্রলয়ে যে প্রমাণু ও জীবান্ধার স্বতন্ত্র সভা থাকে ইহা
সক্তন শান্ধেরই সিদ্ধান্ত।

কেবন গোতম ও কণাদই যে অবাস্তর সর্গ সকল পরিতাাগ করত শৃষ্টি জারম্ভ করিয়াছেন তাহা নহে। শাস্ত্রকাবদিগের মধ্যে মনু প্রভৃতি অনেকেই ঐ সকল পরিত্যাগ করত জল হইতে শৃষ্টি আরম্ভ করিয়াছেন (মনু ১ । ৮)। কিন্তু প্রসক্তমে মহৎ ও অহঙ্কার প্রভৃতির কথাও স্থানে স্থানে উল্লেখ করিয়াছেন (মনু ১ । ১৪—১৫)।

প্রতি কল্লান্তে পৃথিনী জল ছারা প্লাবিত হইলে পুনর্কার পরমেশর থিন পৃথিনীকে জল হইতে উদ্ধার করত তৎপৃঠে স্পষ্ট রচনা করেন তথন তাঁছাকে নূতন করিয়া আর 'ভনাত্র' বা' আক্সমাত্র' সকল স্কলন করিতে হয় না। কারণ নৈমিত্তিক প্রলয়ে প্রাকৃত অর্থাৎ স্ক্ষাস্ট সকল নত্ত হয় না। তাহারা স্থল অন্ত স্বরূপ পৃথিবীতে অতিস্ক্ষাভাবে অবস্থিত থাকে। স্বতরাং এই প্রকার নৈমিত্তিক জগৎ রচনার উপলক্ষে উহারা পূর্কা হইতেই থাকে, এবং ঈশরও পূর্কা হইতেই থাকেন। স্বতরাং এতাদৃশ অবস্থায় উহাদিগকে নিতা বলিলে আপাততঃ কার্য্য উদ্ধার হইতে পারে, এই অভিপ্রায়েই ন্যায় ও বৈশেষিক শাস্ত্র পরমাণু, জীব, ও ঈশর এই তিনকেই স্বতম্থ স্বতন্ত্র নিত্য বলিয়াছেন।

স্থায় ও বৈশেষিক দর্শনের সহিত অস্থাস্থ শাস্ত্র সমূহের প্রলয় ও স্টে সম্বন্ধে এইপ্রকার আনৈকা দেখিয়া অনেকেই ইহাদিগকে পরস্পর বিপরীতমতপ্রকাশক বলিয়া বিবেচনা করিয়া থাকেন। কিন্তু প্রকৃত পক্ষে উহাদিগের মধ্যে কোন বিরোধ নাই। স্থায়, বৈশেষিক, সাম্থা ও বেদাস্ত প্রভৃতি শাস্ত্র সমূহের মধ্যে যিনি যেটা অস্বীকার করিয়াছেন, অথবা যিনি যেটার উল্লেখ না করিয়া উহা রাথিয়াছেন, তিনি সেইটার গুণ, ধর্ম্ম ও শক্তি তক্রপ অন্য এক বস্তুতে আরোপ করিয়া আপনার কার্য্য উদ্ধার করিয়া গিয়াছেন

যদিও জগতের নিজের কোন সভন্ত সভা নাই, তথাচ ইহা ভেক্টী বা মায়া নহে; জগতের নিয়মশৃত্থলার বিষয় সম্যক্ আলোচনা করিলে ইহাকে ভেল্কী বলিয়া কথনই বোধ হইতে পারে না।

ফল কথা এই যে, এই জগৎ সৎ ইহাও সত্য, এবং বাস্তবিক অসৎ ইহাও সত্য। ইহার সত্তা আছে বটে, কিন্তু সে সাপেক্ষ সতা, নিরপেক্ষ সতা নহে। ঈশবের জ্ঞান, শক্তি ও ইচ্ছাই ইহার পত্তনভূমি।

জগৎ যেরূপ বৃদ্ধানহে, আমাদের জীবাত্মাও সেইরূপ অবিদ্যাবচ্ছির বৃদ্ধাত্মা নহে। উহা জড়োৎপন্নও নহে; কিন্তু বৃদ্ধান্ত্মপুর হইতে উৎপন্ন এবং বৃদ্ধাই তাহার সমুদ্য শক্তি ও জ্ঞানের অবলম্বন। বৃদ্ধাই তাহার প্রাণ। যথা—

ঋতং পিবন্তে সুক্তস্য লোকে গুহাং প্রবিষ্ঠো পরমে পরার্দ্ধ। ছায়াতপৌ বন্ধবিদো বদন্তি পঞ্চায়য়ে যে চ ত্রিণাচিকেতা: ॥

কঠ. উপ. ৩।১ শ্রুতি।

শরীরের পরম উৎকৃষ্ট স্থানে গুহা মধ্যে স্ইজন প্রবিষ্ট হইয়া আছেন; ছমধ্যে একজন অবশ্যস্তাবী কর্মফল ভোগ করেন, অপর একজন ভাহা প্রদান করেন। বন্ধবিৎ ব্যক্তিরা তাঁহাদিগকে ছায়া আর আতপের ন্যায় বলেন; এবং পঞ্চায়ি ও ত্রিণাচিকেত কর্মীরাও এইপ্রকার কহিয়া থাকেন।

মাত্র। (যথা, ভা, ১১!২০।২৩) নতুবা স্থূল বিষয়ে প্রায়ই ঐক্য আছে। এ বিষয়ে ভগবান্ পার্কাতীপতি এই কথা বলিয়াছেন। যথা,

ষড্ দর্শনানি স্বাঙ্গানি পাদৌ কুক্ষিকরৌ শিরঃ। তেষু ভেদং হি যঃ কুর্যান্মমাঙ্গচ্ছেদ এব হি॥

কুলাৰ্ব তন্ত্ৰম্।

বেদাস্তাদি ছয় দর্শন আমার শরীরের ছয় অঙ্গ স্বরূপ হয়। তাহাদিগকে যাহারা ভিন্ন-ভাবে দর্শন করে, তাহারা আমার অঙ্গচ্ছেদ করে।

হিন্দু শাস্ত্রকারগণের ন্যায় ইউরোপীয় বিজ্ঞানবিৎ পণ্ডিতগণের মধ্যেও অনেকেই জগতের ভাবি প্রলয়ের সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। ইংলণ্ডের Proctor, অন্ট্রিয়ার Lohschmidt, এবং তথ্যতীত Professor Tay, Thompson এবং Klansius ইহারা প্রত্যেকেই জগতের ভাবি প্রলয়ের সিদ্ধান্ত করিয়াছেন।

মন্থ লিখিয়াছেন।

জীবদংজোহন্তরাত্মান্যঃ দহজঃ সর্বদেহিনাম্। যেন বেদয়তে সর্বং স্থুখং জুলুমু ॥

ष. ১२।১७ ।

অস্তরাকা অর্থাৎ পরমান্নার অভিরিক্ত জীবাকা নামে একটি স্বতম্ত আক্রা প্রভাকে ব্যক্তির দেহের সঙ্গে জন্মে, তাহাই স্থুণ ছঃথ অনুভব করিয়া থাকে।

> এষ হি দ্রষ্টা, স্পুষ্টা, শ্রোতা, দ্রাতা, রসয়িতা, মন্তা, বোদ্ধা কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষঃ। স পরে অক্ষরে আত্মনি সংপ্রতিষ্ঠতে॥

> > প্রশ্ন, উপ. ৪। ১।

মহর্ষি পিপ্শলাদ কহিলেন, হে গার্গ! ইনি দ্রন্থী, স্প্রাষ্টা, শ্রোতা, দ্রাতা, ব্রাষ্টা, মস্তা, বোদ্ধা, কর্ত্তা ও বিজ্ঞানাত্বা পুরুষ। ইনি অক্ষর পরমাত্বাতে প্রতিষ্ঠিত আছেন।

বর্ত্তমান সময়ের অবৈতবাদী পণ্ডিতগণের মত এই যে, সুক্ষ লতা, জীব জন্ত, গ্রহ নক্ষত্রাদি যে কিছু বস্তু আমরা পৃথিবীতে দেখিতেছি, এ সমস্তই অবিদ্যাবচ্ছিল্ল বন্ধবন্ত । কারণ এক বন্ধবন্ত তিল দিতীয় বস্তু কোথা হইতে আসিবে? স্ষ্টির পূর্বে যথন কিছুই ছিল না, তখন কেবল একমাত্র পরমেশ্বরই পূর্বভাবে সর্বত্ত বর্ত্তমান ছিলেন। তিনি ইচ্ছা করিলেন—আমি বহু হইব, এবং এই বহু হইরাছেন। স্থতরাং তাহাদের মতে এই জগওও বন্ধবন্ত এবং আমাদের আত্মাও অবিদ্যাবচ্ছিল্ল বন্ধারা। যথন মন্থ্যারশী অবিদ্যাবচ্ছিল্ল বন্ধা ত্তাভ্তান প্রাপ্ত হন, তখনই তিনি আপনাকে সচিদানক্ষরত্বপ বন্ধা ব্রিতে পারেন। তাঁহাদিগের মতে আপনাকে এইরূপে বন্ধা বলিয়া নিশ্চয় করিতে সক্ষম হওয়ার নামই মুক্তি বা মোক্ষ।

যদিও সৃষ্টির পূর্বে পরমেশ্বর ব্যতীত দিতীয় বস্থ কিছুই ছিল না;

এবে মাত্র তিনিই পূর্বভাবে অনস্তদেশ অধিকার করত বর্ত্তমান ছিলেন;

যদিও এই জগতের উপাদান সকলকে তিনি বাহির হইতে আহরণ করেন

নাই, ভাঁহার ইচ্ছার তদীর শক্তি হইতেই এ সমস্ত উৎপন্ন হইয়াছিল;

যদিও তিনিই ইহার সর্কায়; তথাচ পশু, শক্ষী, বুক্ষ, লতা, চন্দ্র, হার্য্য, প্রতৃতি যাহা কিছু দেখিতেছি এ সমস্তই যে ক্ষড় ও জীব ভাবাপন্ন ব্রহ্ম, এ কথা কথনই বলিতে পারিব না। কারণ, জ্ঞানমন্ন ব্রহ্ম ইচ্ছা করিয়া অজ্ঞানাচ্ছন্ন জীব ও জড় জগৎরূপে স্বন্ধং পরিণত হইলেন, এ কথা আদৌ গ্রাহ্ম নহে। যদিও পরমেশ্বরের অধিষ্ঠান বিরহে আমাদের আন্মা কড় মাত্র এবং তিনিই আমাদের আন্মার আন্মা বা মুখ্য আন্মন্বরূপ হন, তথাচ আমরা যে সেই সচিচাননন্দসরূপ ব্রহ্ম, ইচ্ছা করিয়া অবিদ্যাবচ্ছিন্ন হইন্না সংসার-ভাপে ভাপিত হইতেছি এবং আমার সম্মুখস্থ ঐ দম্মাগণ এবং ঐ শিবিকাবাহকগণ ও নেই ব্রহ্ম স্ব-ইচ্ছার অবিদ্যাবচ্ছিন্ন হইন্না একণে এই মর্ত্তালোকে জীবিকার জন্য সদস্থকার্য্য সকল সম্পাদন করিতেছে, এ কথা উন্মাদ না হইলে গ্রাহ্ম করা যায় না। স্মৃত্রাং আমি বা আমার সম্মুখস্থ ঐ দম্মাগণ কেহই অবিদ্যাব্যিন্দ ব্রহ্ম বন্ধ নহি।

কিন্তু যে চৈত্তখন্ত্রপ দেবতা আমাদের অন্তঃকরণে দাক্ষিস্বরূপে বর্ত্তমান আছেন, যাঁহার সন্তাকে আশ্রম করিয়া আমরা জীবিত আছি, তিনি ব্রহ্ম। "দেই ব্রহ্মই আমাদের প্রত্যেকের প্রাণের প্রাণ এবং <u>সেই ব্রহ্মই আমাদের প্রত্যেকের প্রাণের প্রাণ এবং সেই ব্রহ্মই আমাদের সকলের প্রক্রম আমিছ"। এই ভাবের অবৈত্তবাদই যথার্থ প্রেম-পূর্ণ অবৈত্তবাদ। এই অবৈত্তবাদের মধ্যে বৈত্তবাদও প্রচ্ছেলভাবে অবৃত্তিত আছে। বস্ততঃ এই বৈতাবৈত মিশ্রিত ভাবটী যে পর্যান্ত সাধক উত্তমরূপে অদরঙ্গম করিতে না পারেন, তত দিন তিনি প্রক্রত বৃদ্ধ জ্ঞান হইতে অনেক দ্রে অবস্থিতি করেন। যথা,—ভগবান শিব বলিয়াছেন—</u>

অবৈতং কেচিদিচ্ছস্তি দৈতমিচ্ছস্তি চাপরে। মম তত্ত্বং ন জানস্তি দৈতাদৈতবিবর্জ্জিতম্॥

कु. ७. ७।३।३५०।

কেহ কেহ ছবৈত পক্ষ প্রতিপন্ন করেন এবং কেহ কেই দৈতপক্ষ প্রতিপন্ন করেন; কিন্ত তাঁহার। উভয়েই আমার প্রকৃত তত্ব জ্ঞাত নহেন, কারণ যাহা প্রকৃত তত্ব, তাহা সম্পূর্ণ হৈত অথবা সম্পূর্ণ অবৈত এই উভয় বিবর্জিত। অর্থাৎ হৈত এবং অবৈত এই উভয়ের মিশ্রিত ভাবটীকেই যথার্থ তত্ব বলিয়া জানিবে।

প্রজাপতি দক্ষও অবিকল এইরূপ বলিয়াছেন; ষ্থা,—

দৈতক্ষৈব তথাদৈতং দৈতাদৈতং তবৈধব চ। ন দৈতং নাপি চাদৈতমিত্যেতং পারমার্থিকম্॥

দক্ষতি, ৭ম অধ্যায় ৪৯ শোক।

বৈভ, অবৈভ, বৈভাবৈত অর্থাৎ অনির্বাচনীয়, ইহার মধ্যে শুদ্ধ বৈত কি শুদ্ধ অবৈভ এরূপ নহে, বৈভাবৈত্ই পার্মার্থিক।*

নবীন তাৰৈতবাদী পণ্ডিতগণকে রামান্তজ বলিয়াছিলেন-

নিরস্তাথিলছু:খোহহমনন্তানন্দভাক্ স্বরাট্। ভবেয়মিতি মোক্ষার্থী প্রবণাদৌ প্রবর্ততে ॥

* নাহং নৈব চ সংবদ্ধো ব্ৰহ্মভাবেন ভাবিতঃ।
ঈদৃশায়াং ছবস্থায়ামবাপ্তং প্রমং পদম্॥
दৈষতপক্ষঃ সমাধ্যাতো যে হৈতে তু ব্যবস্থিতাঃ।
অকৈতানাং প্রবক্ষ্যামি যথা ধর্ম্মঃ স্থানিন্দতঃ॥
বোধস্বরূপমাত্রম্ভ জানালোকং নিরাময়ম্।
আনন্দকরসং নিত্যং ব্রহ্ম ধ্যায়েং সনাতনম্॥
অ্রাক্সব্যতিরেকেণ হিতীয়ং যো বিপশ্যতি।
অতঃ শাত্রান্থপীয়ন্তে শ্রমন্তে গ্রন্থবিস্তরাঃ॥

সাধক অহং ও অহংসম্বন্ধ শূন্য ব্রহ্মভাবে পূর্ণ ও স্থসংষ্কৃত অবস্থা প্রাপ্ত হইলেই পরম পদ প্রাপ্ত হন। বাঁহারা দৈত পক্ষে অবস্থান করেন, তাঁহাদের জন্য দৈত পক্ষের ধর্ম এই উক্ত হইল। এক্ষণে অবৈত পক্ষের স্থানিন্চিত ধর্ম বলিতেছি।

বোধবরূপ, অথকাশ, নিরঞ্জন, আনন্দময়, নিত্য ও সনাতন ব্রহ্মের ধ্যান করিবে। অর্থাৎ আমিই পরব্রহ্ম এরপ চিস্তার বশীভূত হইয়া পরম দেবের উপাসনা ত্যাগ করিবে না। সকল সময়েই তাঁহাকে আপনার আশ্রয় জানিয়া গভীর ভাবে তাঁহার উপাসনা করিবে।

এই অবস্থাতে সাধক প্রমাদ্ধা ভিন্ন অন্য কোন বস্তুকে দেখেন না। এই অবস্থা প্রাপ্তির জন্মই অধ্যয়ন ও বেদার্থ বিচার করিতে হয়। দক্ষণ। ৫০—৫০।

এই অবহার সাধক সর্কাত্র ব্রহ্মদর্শন করিয়া থাকেন, এবং ম্পষ্ট দেখিতে পান যে বৈত বস্তু বাহা কিছু সে সমন্তই এক ব্রহ্ম শক্তির প্রতিবিদ্ধ মাত্র। বস্তুতঃ সাধকের সে অবহা বর্ণনা করা অতীব স্থক্টিন। বৈত বা অবৈত এই উভর ভাবই সে সমন্ন থাকেনা। পরস্তু ইহাদের মিশ্রিত ভাবটি থাকে। আমি অথিল ছঃখ হইতে নিরস্ত হইব এবং অনস্ত আনন্দের ভাগী হইব এই আশা করিয়া ঈশারবিষয়ক শ্রবণ মননে প্রবৃত হই।

> অহমর্থবিনাশে চেৎ মোক্ষ ইত্যধ্যবস্যতি। অপনর্পেদনৌ মোক্ষকথাপ্রস্তোবগন্ধতঃ॥

কিন্ত " অহং " এই অর্থের বিনাশে যদি মোক্ষ স্থাপন হয়, তবে তাদৃশ মোক্ষ কথার প্রস্তাবেব গন্ধমাতে আমি পশ্চাৎ প্রস্থান করি।

দক্ষ এবং অন্যান্থ বন্ধবাদিগণ বলিয়াছেন "আমি" "আমার" ইত্যাদি ভাব মন হইতে বিদ্রিত না হইলে মোক্ষ হয় না। কিন্তু রামান্তজ্ব বলিতে-ছেন "আমি" এই অর্থ বিনাশে যদি মোক্ষ হয়, তবে সেরূপ মোক্ষ প্রয়োজন নাই। হঠাৎ দেখিলে এই ছুইটীকে সম্পূর্ণবিপরীতভাবপ্রকাশক বলিয়া বোধ হয়; কিন্তু বাস্তবিক এ ছুইটীর মধ্যে কোনরূপ বিবোধ বর্ত্তমান নাই।

প্রজাপতি দক্ষ যে বলিয়াছেন " আমি এবং আমার সমন্ধ থাকিতে জীব মুক্তি প্রাপ্ত হর না " ভাহার স্পষ্ট অভিপ্রায় এই যে, মুক্তি ইচ্ছা করিলে সম্পূর্ণরূপে আপনাকে ঈশ্বরের অধীন করিয়া ভাবিতে হইবে, আপনাকে ঈশবের চরণে একেবারে সমর্পণ করিতে হইবে, অনম্ভ কালের মত তাঁহার অভয় পদে আপনাকে বিক্রয় করিতে হইবে, এবং ঈশ্বরই যে আমার আমিছ ভাহা স্থন্দররূপে অবদয়ঙ্গম করিতে হইবে। বস্ততঃ ভুলোকে বা ছ্যালোকে ঈশ্বর ব্যতীত সাধকের যথন আপনার বলিতে আর কিছুই থাকে না, যখন তিনি জগতে বন্ধবস্ত ব্যতীত জার কিছুই দেখিতে পান না, তখনই তিনি মুক্তির অধিকারী হইয়া থাকেন। নতুবা মুক্তিকালে জীবের আত্মা অত্মীকার করা বা জীবাত্মার বিনাশ স্বীকার করা তাঁহার অভিপ্রেড নছে। কারণ, जिन म्लिटेंहे विनियाद्या त्य जिनि करिएजापी नरहन। त्य कारन देवज এবং অধৈত উভয় ভাবই বিরাজিত, তাঁহার মতে তাহাই যথার্থ তত্বজ্ঞান। রামাত্রজ যে " অহং " অর্থ বিনাশে মোক্ষ চাহেন না, তাহার অর্থ ম্বভন্ত। উপরে যে ভাব বলা ইইল সে ভাবের সহিত বিরোধ করা ভাঁহার অভিপ্রায় নহে। অবৈছবাদী পণ্ডিতগণের সহিত বিলোধ করাই তাঁহার উদ্দেশ্য। অবৈতবাদী পণ্ডিতেরা বতম জীবাবার সীকার কবেন না। তাঁহাদিগের মতে জীবাত্মা অবিদ্যাবচ্ছিন্ন পরমাত্মা ভিন্ন আর কিছুই নহে।

খতরাং তাঁহাদিগের মতে বাঁহারা মুক্তি প্রাপ্ত হইতে ইচ্ছা করেন, তাঁহাদিগকে "আমি ব্রহ্ম" এবং "অস্তান্ত সকলেই ব্রহ্ম" এইরূপ, সাধন করিতে হয়। শ্বতরাং রামান্ত্রজ্ঞ যে অহং অর্থ বিনাশ করিতে চাহেন নাই, ইহা দ্বারা তিনি এই ভাব প্রকাশ করিয়াছেন যে, তিনি জীবান্মার অস্তিত্ব বিলোপ করিতে চাহেন না এবং জীবান্মাকে অর্থাৎ আপনাকে অবিদ্যাবচ্ছিল্ল ব্রহ্মান্মা বলিয়া বিশাস করিতেও প্রস্তুত্ত নহেন।

মহাবাক্য।

উপনিষদের মধ্যে অবৈতবাদপ্রতিপাদক করেকটী সংক্ষেপ উক্তি আছে। ঐ সমুদারগুলি একণে সামান্ততঃ মহাবাক্য নামে উক্ত হইরা থাকে। সেঞ্লি এই, যথা, "প্রজ্ঞানং ব্রহ্ম," "অহং ব্রহ্মান্মি," "তত্ত্বম্দি" " অয়মান্মা ব্রহ্ম," " একমেবাদ্বিতীয়ম্," " সর্বাং খলিদং ব্রহ্ম " ইত্যাদি।

মহাবাক্য নামে যে কয়েকটীপদ প্রচলিত আছে তল্লধ্যে 'তল্বমৃদি ' নামক পদটীই সর্কাপেক্ষা বিখ্যাত। এই মহাবাক্যটা সামবেদীয় ছান্দোগ্য উপনিষদে আছে। উদালক ঋষি তৎপুত্র খেতকেতৃকে উপদেশপ্রদানছলে কহিয়াছিলেন, হে খেতকেতো, ব্রক্ষই বিখের প্রাণ, এবং সকলের আলা। হে খেতকেতো তুমি তিনিই (তিনিই তোমার আলা)। পঞ্চদশীতে ইহার এইরপ অর্থ আছে—

একমেবাদিতীয়ং সং নামরূপবিবর্জিতম্। স্ঞান্থের পুরাধুনাপ্যস্য তাদৃক্তং তদিতীর্যতে॥ শ্রোতুর্দেহেন্দ্রিয়াতীতং বস্তুত্র ত্বংপদেরিতং। একতা গৃহ্যতেহসীতি তদৈক্যমনুভূয়তাম্॥

নামরূপাদিবিহীন একমাত্র অদিতীয় ব্রহ্মতিতস্তই 'তৎ' শব্দের বাচ্য। এবং জীনগণের অন্তঃকরণস্থিত যে ইন্দ্রিয়াতীত তৈত্ত তিনিই "ছং" পদের বাচ্য। ঐ উভয় চৈতন্ত একই ইহা 'জিসি পদের অর্থ। রামচক্র লক্ষণকে বলিয়াছিলেন।—
তত্ত্বংপদাথোঁ পরমাত্মজীবকা–
বসীতি চৈকাত্ম্যমথানয়োর্ভবেং।
প্রত্যক্পরোক্ষাদিবিরোধমাত্মনো–
র্কিহায় সংগৃহ্য তয়োশ্চিদাত্মতাম্।
সংশোধিতাং লক্ষণয়া চ লক্ষিতাং
ভ্রোতস্বমাত্মানমথাদ্যো ভবেং।

রামগীতা।

ভৎপদের অর্থ পরমান্ত্রা ও দংপদের অর্থ জীবাত্মা। এবং এই ভৎ ও দ্বং পদা-র্থের যে ঐক্য অর্থাৎ পরমাত্মার সহিত জীবাত্মার যে ঐক্য ভাহাই অসি পদের দারা সাহিত হয়।

যদি বল, সর্বজ্ঞ পরমায়ার সহিত অল্পক্ষ জীবাত্রার ঐক্য কি প্রকাবে সজব হয়, তজ্জন্ম বলিতেছেন 'তৎ'ও 'ছং' পদার্থ ফ্রেন্স দিশর ও জীবের পরোক্ষত্ব সর্বজ্ঞরাদি ও অপরোক্ষত্ব অল্পজ্ঞরাদি রূপ পরস্পারবিকীর অংশ সকল পরিত্যাগপূর্বকি ছংপদটী শোধন করিয়া লক্ষণা ছারা লক্ষিত স্থার ও জীবের অবিক্রনাংশস্করপ চিত্রপকে (চৈতন্ত মাত্রকে) গ্রহণ করিলে ব্রহ্মচৈতন্ত এবং জীবচৈতন্ত ঐ উভয় চৈতন্ত এক চৈতন্ত মাত্রক্রপে অবশিষ্ট থাকেন।

ইহা দারা স্পষ্ট দেখা যাইতেছে যে, জীবাতা ও পরমাতার সকল বিষয়ে ঐক্য নাই, কেবল চৈতন্তমাত্ররপে ঐক্য হয়; অর্থাৎ ব্রহ্ম স্বয়ং জীব নহেন, কিন্তু তিনি জীবের প্রাণস্বরূপ হন; তাঁহার অধিষ্ঠানের বিরহে জীবের চৈতন্ত থাকে না; তাঁহার অভাবে জীবাতা জড়মাত্র; স্বতরাং ব্রহ্মই আমাদের আতার আতা বা মুখ্য আতা। তিনিই একমাত্র চেতন পদার্থ। সেই চৈতন্ত-স্বরূপের অধিষ্ঠানেই আমাদের আতা চৈতন্যলাভ করিয়া থাকেন। অভ্নেব উদ্দালক শ্বেতকেত্কে ইহাই কহিয়াছিলেন, যে, হে শ্বেতকেতো, সেই ব্রহ্মই তোমার আতা, সেই ব্রহ্মই তোমার তুমিত্ব।

> চিতি তন্মাত্রেণ তদাতাক্বাদিত্যৌজুলোমিঃ। বেদান্ত ৪।৪।৬ স্তুম্।

জীব অক্সজাতা, ব্রহ্ম সর্ববিজ্ঞাতা; ইহার অক্স ও সর্বব এই ছুই শব্দকে ড্যাগ করিলে জ্ঞাতা মাত্র থাকে। অতএব কেবল জ্ঞান (চৈত্রস্থ) মাত্রের দ্বারা জীব ও ব্রহ্মের ঐক্য হয়; ইহা ঔড়ুলোমির মত।

এবমপ্রপন্যাগাৎ পুর্বভাবাদবিরোধং বাদরায়ণঃ।

বেদান্ত ৪।৪।৭ স্ত্রম।

এই ঔড়ুলোমির মত পূর্ব্বোক্ত জৈমিনির মতের দহিত বিরোধ নাই, ইহা বা'দ কহিতেছেন।

শীক্ষণ উদ্ধাৰক জীবাতা। ও প্রমাতা। দম্বন্ধে এইরূপ উপদেশ দিয়াছিলেন।
* ইহানা উভয়ে স্থান্দরপক্ষবিশিষ্ট, উভয়েই জ্ঞানস্বরূপ, স্থারাং সদৃশ; উভরের পরস্পার বিয়োগ নাই, ঐকমতা আছে, স্থাতরাং দখা; যদুচ্ছাক্রমে দেহরক্ষে নীড় নির্মাণ করিয়াছেন। ইহারা বৃক্ষজাত পিপ্পলার অর্থাৎ দেহজাত
কর্মকল ভক্ষণ করেন। বিনি পিপ্পল ভক্ষণ করেন না, সেই বিদ্বান্ আত্মাকে
ও ভত্তিরকে জ্ঞাত আছেন; যিনি পিপ্পল আহার করেন, তিনি সেরূপ
নক্ষেন।"—ভাগবত।

"অয়য়য়তা ব্রহ্ম" এই মহাবাকাটী অথকাবেদে উক্ত হইয়াছে। ইহার অর্থও প্রেলিক মহাবাকাটীর স্থায় হৈভাইছভমিশ্রিত। যিনি আমাদের আতার মধ্যে বর্ত্তমান থাকিয়া আতার চৈত্তস সম্পাদন করেন, ভিনিই যথার্থ জীবচৈত্তস। সেই জীবচৈত্তের অধিষ্ঠানবিরহিত হইলে আমাদের ভূআতা আর আতাপদবাচ্য থাকে না। আতা তথন জড়মাত্র। স্থতরাং যে চৈত্তস্বরূপের অভাবে আত্রা অনাত্রা এবং বাঁহার অধিষ্ঠানে আত্রা আত্রপদবাচ্য হয়, সেই চৈত্তস্বরূপই আমাদের আত্রার আত্রা অর্থাৎ আমাদের মুখ্য আত্রা। এবং ব্রহ্মই সেই চৈত্তন্যস্বরূপ দেবতা; তিনিই একমাত্র এই বিশ্বের জীবন; তিনিই একমাত্র চৈত্তপদবাচ্য। অন্ত যাহা কিছু চৈত্তবিশিষ্ট বা প্রাণ্ডক দেখিতে পাওয়া যায়, সে সমস্তই তাঁহার চৈত্তের প্রতিবিম্ব মাত্র বা তাঁহাকর্ত্তক অন্ত্রাণিত মাত্র। স্মৃতরাং ইহা দিদ্ধ হইল যে, ব্রহ্মই প্রকৃত আত্রা।

' ফলতঃ জীবাত্মা ও পরমাত্মার পরস্পার সম্বন্ধ এত নিকট যে, উভয়ের মধ্যে কি শিশ্বাত্তও ব্যবধান নাই। পরমাত্মাই জীবাত্মার আশ্রয় ও প্রকাশক।

জীবাঁঝা সরং তিটিতে পারেন না, তিনি পরমাঝাতেই প্রতিটিত জাছেন। জথচ এই জীবাঝার স্থাধীন কর্তৃত্বও আছে; যথা—"এব হি দ্রুষ্টা, ল্প্রেটা, ল্প্রাডা, ঘাডা, রদয়িতা, মস্তা, বোদ্ধা, কর্ত্তা, বিজ্ঞানাঝা পুরুবঃ। স পরে অক্ষরে আঝুনি সংপ্রতিষ্ঠতে।" প্রশ্বা, উপ. ৪।৯।

পূর্ব্বে বলা হইরাছে জীবাঝা ও প্রমাঝার প্রস্পার সম্বন্ধ "ছায়া ও আত্তপের ন্যায়" এইরূপ যম নচিকেতাকে বলিয়াছিলেন।

"দর্কং খলিদং বন্ধ" এই মহাবাক্যটীর অর্থ বেদাস্তদারে এইরূপ আছে—
"আভ্যাং মহাপ্রপঞ্চতত্বপহিত্তৈতন্যাভ্যাং তপ্তায়ঃপিগুবদ
বিবিক্তং সং অনুপহিতং চৈতন্যং 'দর্দ্ধং খলিদং ব্রক্ষৈবেতি'
মহাবাক্যম্য বাচ্যং ভবতি, বিবিক্তং দলক্ষ্যমপি ভবতি।"

বে. সা. ৪০ পত্র।

এই ভৃতপ্রপঞ্চের সহিত অবিৰিক্তরপে সেই তছ্পহিত চৈতন্ত "সর্বাং খলিদং ব্রহ্ম" এই মহাবাক্যের বাচ্য এবং বিবিক্তরপে মহাবাক্যের লক্ষ্য হুন; যেমন দগ্ধ লোহপিণ্ডের সহিত অভিন্ন অগ্নি "অয়োদহতি" এই বাক্যের বাচ্য এবং লোহপিণ্ড হইতে ভিন্নরূপে ভাহার লক্ষ্য হয়।

স্বন্দপুরাণ এইরূপ বলেন---

দেহস্তদঙ্গমাত্মেতি জীবাধ্যানাৎ যথোচ্যতে। বিশেহস্মিন তৎপ্রতীকে চ ব্রহ্মত্বং কল্পতে তথা ॥

যেমন শরীরকে ও তাহার অঙ্গকে জীবের আরোপ দারা আত্মশব্দে কহা যায়, সেইরূপ ব্রহ্মের অধ্যাসে ভাবৎ বিশ্বকে ও বিশ্বের অঙ্গকে ব্রহ্মরূপে কল্পনা করিয়াছেন।

অভএব দেখা যাইভেছে যে, যাহা প্রাকৃত তথা তাহা এক ভাবে অবৈত এবং এক ভাবে হৈত; অর্থাৎ ব্যাবহারিক পক্ষে হৈত এবং পারমার্থিক পক্ষে অহৈত।

জ্ঞানই মুক্তির সাক্ষাৎ কারণ।

শান্তকারগণ কেবল একমাত্র ভত্তজানকেই জ্ঞান শব্দে উল্লেখ করিরাছেন। নতুবা বেদবেদাস্তাদি শান্ত্র পাঠ করিয়াও বাঁহারা নানাপ্রকার
সাংলারিক বন্ধভাবের মধ্যে অবস্থিতি কবেন, বছপ্রকার বিদ্যা উপার্জ্জন
করিয়াও বাঁহারা ব্রন্ধতত্তবিদ্যা উপার্জ্জন করিতে সক্ষম না হন, বিজ্ঞ
হইয়াও বাঁহারা আপনার আত্মার মুক্তিসাধনে মৃঢ়ের ন্যায় অবস্থিতি
করেন, শান্তকারগণ তাঁহাদিগকে মৃঢ় ভিন্ন পণ্ডিভরূপে কোথাও বর্ণন
করেন নাই। প্রীমান্ শঙ্করাচার্য্য তাঁহার মণিরত্বমালা-নামক গ্রন্থে প্রশ্লোভরচ্নে লিথিয়াছেন—

বোধো হি কো यस विमुक्तिरहजूः।

জ্ঞান কি ? -- যাহা বিমুক্তির কারণ।

পশোঃ পশুঃ কো ন করোতি ধর্মং প্রাচীনশাস্ত্রোহপি ন চাত্মবোধঃ।

পশু অপেক্ষাও পশু কে? যে শাস্ত্রাধ্যয়ন করিয়াও ধর্মাচরণ ও আয়জ্ঞান লাভ করে না।*

ভগবান্ শিব বিলিয়াছেন——
 বেদাগমপুরাণজ্ঞ প্রমার্থং ন বেত্তি মঃ।
 বিভ্রমণ তত্ত্রমাৎ তৎদর্কাং কাকতক্রণম্ ॥ কু, ত, ৫।১।৮৮।
মহর্বি অক্তিরা শৌনককে কহিয়াছিলেন—
 তত্ত্বাপরা ধ্রেদে। যজুর্দেবিঃ সামবেদোহধর্দবিদেঃ শিক্ষা কল্পো
 বাাকরণং নিক্তক্তং ছন্দো জ্যোতিহমিতি।
 তথাপরা বয়া তদক্রমবিগমাতে॥ মু, ১।৫ শ্রুতি।

বিদ্যা ছই প্রকার; শ্রেষ্ঠ বিদ্যা এবং অশ্রেষ্ঠ বিদ্যা। তাহার মধ্যে ঋণ্ণেদ, যজ্ র্বেদ, সামবেদ, অথর্কবেদ, শিক্ষা, কল্ল, ব্যাকরণ, নিরক্ত, ছন্দ,ও জ্যোতিব এ সমস্তই অশ্রেষ্ঠ বিদ্যা। কেবল যাহার দারা সেই অক্ষয় পরব্রন্ধকে জ্ঞানা যায় তাহাই শ্রেষ্ঠ বিদ্যা। ভগবান্ বশিষ্ঠ প্রকৃত জ্ঞানের এইরূপ লক্ষণ নির্দেশ করিয়াছেন; যথা,

অনাদ্যস্তাবভাসাতা। পরমাতােহ বিদ্যতে। ইতােব নিশ্চয়ঃ ক্ষারঃ সম্যক্ জানং বিদুর্ধাঃ॥

যো বা উপ প্রকরণ।

পরমান্থা এই জগতের প্রত্যেক স্থানে বর্ত্তমান আছেন এবং এই জগৎ পর-মার্গতঃ তাঁহার শক্তির প্রতিবিশ্বস্তরপ ব্যতীত আর কিছুই নহে, এইরূপ যে স্মুস্পষ্ট নিশ্চয় তাহারই নাম সমাক্ জ্ঞান, ইহা জ্ঞানীরা কহিয়া থাকেন। এইরূপ জ্ঞানকে প্রকৃত তত্ত্তান কহে; এবং ইহাই মুক্তির একমাত্র সাক্ষাৎ কারণ।

ভগবান শিব বলিয়াছিলেন-

আজ্জানমিদং দেবি পরং মোক্ষৈক্সাধনম্।

হে দেবি, এই আত্মজ্ঞানই মোক্ষের একমাত্র শ্রেষ্ঠ কারণ। ইহা ব্যভীত মুক্তিলাভের আর অন্য উপায় নাই।

স্কৃতিম নিবো ভূদা জানী চেন্মোক্ষমাপুয়াৎ।

কু. ড.

সৌভাগ্যবশতঃ মন্ত্যজন্ম লাভ করিরা যাহারা জ্ঞানী হয়, তাহারাই মোক্ষস্থ লাভ করিয়া কুতার্থ হইতে পারে, অন্যে পারে না। †

- কিতি° বিনা যথা নান্তি সংস্থিতেঃ কারণং সদা।
 তোয়ং বিনা যথা নান্তি পিপাসানাশকারণম্।
 তেনাহস্তা যথা নান্তি ভাসরেগ বিনা প্রিয়ে।
 বিনা অগ্নিপ্রয়োগে চ যথা কিঞ্জি পচ্যতে।
 মাতৃগর্ভং বিনা কাল্তে উৎপত্তিন যথা ভবেৎ।
 তত্ত্বজানং, বিনা দেবি তথা মুক্তিন জায়তে। তত্ত্ববচনম্।
- † ন বেদাধ্যরনামূক্তি ন শান্ত্রপঠনাদপি।
 জ্ঞানাদেব হি মুক্তিঃ স্যান্ধান্যথা বীরবন্দিতে।
 নাশ্রমাঃ কারণং মুক্তে দর্শনানি ন কারণম্।
 তথৈব সর্ব্ব শান্ত্রাণি জ্ঞানমেব হি কারণম্।
 মুক্তিদা তত্বভাবৈকা বিদ্যাঃ সর্ব্বা বিভূষকাঃ।
 কাঠভারসমান্তম্মাদেকং সংজীবনং প্রম্॥ কু, ত, ৫।১।১০৫-১০৭।

শ্রীমান্ শঙ্করাচার্য্য বলিগাছেন—
আরুণেনৈব বোধেন পূর্ব্বস্তুৎতিমিরে হতে।
তত আবির্ভবেদান্তা স্বয়মেবাংশুমানিব।

আ বা ।

ত্ব্য যে প্রকার উদয়ের পূর্বের স্বকীয় কিরণের অরুণতা ছারা তম নষ্ট করিয়া পশ্চাৎ উদয় হন, পরমান্বাও সেই প্রকার অগ্রেজ্ঞানচ্চটা ছারা অজ্ঞানতিমির বিনাশ করিয়া তদনস্তর স্বয়ং আবিভূতি হন।

> তপো বিদ্যা চ বিপ্রস্য নিংশ্রেয়সকরং পরম্। তপনা কিবিষং হন্তি বিদ্যয়ায়তমশুতে ।*

> > मञ् ১२। ১०८।

ভৃগু বলিয়াছেন, তপস্থা এবং আছুক্রান এত ছভর মাত রান্ধণের মোক্ষ-লাভের হেতু। তর্মধ্যে তপস্থা দারা পাপাস্তিক যায় এবং জ্ঞান দারা মুক্তিলাভ হয়।

চতুর্বিধা ভদ্ধতে মাং জনাঃ সুকৃতিনোইর্জুন।
আর্ত্তো জিজ্ঞাসুরধার্থী জানী চ ভরতর্বভ ॥
তেষাং জানী নিত্যযুক্ত একভক্তিবিশিষ্যতে।
প্রিয়োহি জানিনোইত্যর্থমহং দ চ মম প্রিয়ঃ॥

গী. ৭ম. অ.

প্রীকৃষ্ণ কহিলেন, হে অর্জুন! পূর্বজন্মকত অপেকাকত পুণ্যভেদে চারিপ্রকার ব্যক্তিরা আমাকে ভন্ধনা করেন। প্রথম আর্জ, দ্বিতীর জিজ্ঞাস্থ,
ভৃতীর অর্থার্থী, চতুর্থ জ্ঞানী। ঐ চারিপ্রকার ভক্তের মধ্যে আভাজ্ঞানী
সর্বাপেকা প্রধান, যেহেতু আভাজ্ঞানসম্পর ব্যক্তি সর্বাদা সম্বর্নিষ্ঠ এবং
এক পর্মেশরেই তাঁহার অচলা ভক্তি থাকে। অভএব আভাজ্ঞানীর এক
মাত্র আমিই প্রিয় হই, এবং জ্ঞানীও আমার পরমপ্রিরপাত্র হন †

সর্কেরামপি চৈতেরামাস্বজানং পরং সৃত্ধ।
 তদ্ধাগ্রাং সর্কবিদ্যানাং প্রাপাতে হৃষ্তং ততঃ। মৃত্ব ১২।৮৫।
 গুতারান্ শ্রীকৃষ্ণ উদ্ধবকে এই প্রকার অনেক উপদেশ দিয়াছিলেন।

l Più

ইন্দ্রিয়-দমনের আবশ্যকতা।

জ্ঞানলাভে কুডকার্য্য হইলেও সাধক ইন্দ্রিয় সকলকে দমনে রাথিবার জন্য প্রাণপণে যত্ন করিবেন। ইন্দ্রিয়গণ চপলভাবৃত্তি পরিভাগে করিরা স্থিরভাব ধারণ না করিলে জ্ঞান কদাচ অব্যাহতভাবে থাকিতে পারে না। পরস্ক ইন্দ্রিয়দমন ব্যভিরেকে আদে সিদ্ধিলাভের সন্তাবনা নাই। * জ্ঞানী ব্যক্তি ইন্দ্রিয়ণণকে সংযত করিয়া বন্ধাপদ আশ্রয় করিতে পারিলে অভিসহজেই নিদ্ধিলাভে সমর্থ ইইয়া থাকেন। যথা, মহাভারত মোক্ষধর্ম

যথাস্তুদি প্রেদয়ে তুরূপং পশুতি চকুষা। তদ্ধ প্রদানক্রিয় বান্ জ্য়েং জ্ঞানেন পশুতি॥

ম, ভা, মো, ধ, ৩১।২।

পুষ্ণি প্রভৃতির জল স্থিরভাবে থাকিলে তবে যেমন তাহাতে প্রতিবিশ্ব সকল স্বস্পষ্ট নয়নগোচর হয়, তজ্ঞপ ছবুজি ইন্দ্রিয় সকল স্থিরভাব ধারণ করিলে তবে জ্ঞান দারা জ্ঞেয় পদার্থকে স্থায়ীভাবে দর্শন করিতে পারা যায়।

> ইব্রিয়াণাং প্রদঙ্গেন দোষমুক্তত্যসং শয়ম্। সংনিয়ম্য তু তান্যেব ততঃ সিদ্ধিং নিযক্ষতি॥

> > মনু, অ. ২। শ্লোক ৯৩।

ইন্দিরগণের বিষয়ে একান্ত আদক্তি হওরাতেই মনুষ্যগণ দৃষ্ট ও অদৃষ্ট দোষ সমস্ত প্রাপ্ত হন। কিন্তু ইন্দির্যদিগকে নিগ্রহ করিতে পারিলেই তাঁহারা অনায়াসে দকল বিষয়ে দিন্ধি লাভ করিতে দক্ষম হন।

> ইন্দ্রাণাম্ভ সর্কেষাং যদ্যেকং ক্ষরতী ক্রিয়ম্। তেনাস্থ ক্ষরতি প্রজ্ঞা দৃতেঃ পাত্রাদিবোদকম্॥ মহু, অ. ২। শ্লোক ১৯।

* ভগবান্ শিব বলিয়াছেন—

যাবৎ কামাদি দীপ্যেত, তাবৎ সংসারণাসনা।

,যাবদিন্দ্রিয়চাপলাং তাবতত্ত্বকথা কৃতঃ। কুলার্শ্বতত্ত্ব।

শ্বিক কি, সমুদর ইন্সিরের মধ্যে যাহার একটা ইন্সিরও কোন বিষয়ে একাস্ত আসক্ত হয়, তাহার তত্তজান থাকে না। যেমন কোন জলপূর্ণ চর্মপাত্রে একটা ছিন্ত থাকিলেই তদ্বারা সমুদ্র জল বাহির হইরা যায়।

জীকৃষ্ণ বলিয়াছিলেন—

যততো হাপি কৌন্তেয় পুরুষণা বিপশ্চিতঃ। ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ॥ তানি নর্বাণি সংখ্যা যুক্তআগীত সংপ্রঃ। বশে হি যুগোন্দ্রোণি তন্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥

शी. २। ७० — ७১।

বিবেকী ব্যক্তিও যদ্যপি মোক্ষেব প্রতি যত্ন আরম্ভ করেন, তথাপি ক্ষোভ-কারক ইন্দ্রিরর্গ মনকে বলপূর্বক বিষয়েতে আকর্ষণ করে। অতএব যত্নপূর্বক ঐ সকল ইন্দ্রিয়কে সংযত করিয়া সাধক (আমাতে) অর্থাৎ পরমেশ্বরেতে একমনা হইয়া থাকিবেন; যেহেতু ইন্দ্রিয়গণ বাঁহার বনীভৃত হয়, তাঁহারই তত্তজান স্থির থাকে; অত্যের থাকে না।

> যদা সংহরতে চায়ং কুর্মো২ঙ্গানীব সর্দশঃ। ইন্সিয়াণীন্দ্রার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ গী.২।৫৮।

কচ্চুপ যেমন হস্তপদাদি সকল অঙ্গ প্রভাঙ্গকে সভাবতঃ শরীরের মধ্যে পুরুষিত্তি করে; সেইক্সপ জ্ঞানবান্ ব্যক্তি যথন বিষয় হইতে ইন্দ্রিয় সকলকে অনায়াসে নির্ত্ত করিতে সক্ষম হন, তখনই তাঁহার তত্তজান স্থিরভাব ধারণ করে।

কামকোধবিমুক্তানাং যতীনাং যতচেত্রাম্।
অভিতো ব্রহ্মনির্কাণং বর্ততে বিদিতাত্মনাম্।
গী. ৫। ২৬।

শেই সকল কামক্রোধবিথীন শুদ্ধচিত তত্বজ্ঞানীদিগের কি জীবদশা কি মরণদশা সর্বকালেই বন্ধভাব সমান থাকে ।

> নবচ্ছিজাসিতা দেহাঃ স্বুবন্তে জ্বালিকা ইব। বিন্দৃতি॥

> > উ. গী.

বে প্রকার ছিদ্রযুক্ত জলপাত্র হইতে নিরস্তর বারি ক্ষরিত হয়, সেইপ্রকার ইন্দ্রিয়রপানবাজিদ্রযুক্ত দেহঘট হইতে সর্বাদাই জীবের জ্ঞানবারি ক্ষরিত হইতেছে; স্মতরাং পুরুষ ইন্দ্রিয়নিরোধ দারা যাবৎ ব্রহ্মের ন্যায় বিশুদ্ধ অর্থাৎ দেহাভিমান ও রাগদ্বেষাদিরহিত না হন, তাবৎ তিনি স্চিদানন্দ্রস্কাপ ব্রহ্মপদার্থকে স্কুনররপে জানিতে সক্ষম হন না।

ন মাং ছুক্তিনো মূঢ়াঃ প্রাপদ্যন্তে নরাধমাঃ। মায়য়াপহুতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ॥

नी १। ১৫।

মন্থ্যের মধ্যে পাপকর্মেরত মৃচ্ ব্যক্তিরা আমার উপাসনা করে না, অতএব তাহারা দন্তদর্পাদিরূপ অন্তর্মভাব প্রাপ্ত হয়; এবং শাস্ত্র অথবা আচার্য্যের উপদেশ দারা জ্ঞান প্রাপ্ত হইলেও তাহাদের সে জ্ঞানকে মারা * অপহরণ করে।

ভীশ্বদেব যুধিষ্টিরকে বলিয়াছিলেন:—

তুরন্তেখিক্রিয়ার্থেবু সক্তাঃ সীদন্তি জন্তবঃ।

যে ছ সক্তা মহাক্সান তে যান্তি পরমাং গতিং । ম, ভা, মো, ধ, ৪২। ১।

মানবগণ ছনিবার ইন্সিয় স্বথে আসক্ত হইয়াই এককালে অবসন্ন হইয়া পড়ে। যে মহ্-দ্মারা সেই স্বথে আসক্ত না হন, তাঁহারাই পরম গতি লাভ করিতে পারেন।

মারা অর্থে ঈশবের জগৎস্জনের শক্তি। বথা, ভাগবতে—
 সা বা এতস্য সংস্তুঃ শক্তিঃ সদসদায়িকা।
 মারা নাম মহাভাগ বয়েদং নির্মানে বিভ: ॥

^{*} দেবর্ষি নারদ শুকদেবকে বলিয়াছিলেন—জ্ঞানবান্ ব্যক্তি ইঞ্রিয়সংযম করিতে পারিলেই পরম পরিতৃপ্ত হইরা পরমান্ধাকে দর্বলোকে পরিব্যাপ্ত ও পরমান্ধার মধ্যে দর্বলোক নিহিত অবলোকন করেন। তাঁহার জ্ঞান কথনও বিন্ত হয় না। ম, ভা, মো, ধ, ১৬৭। ২৩।

মুক্তি এবং ভাহার সাধন।

মহারাজ ভর্তৃহরি নিজ জীবনের অজিতেক্রিয় অবস্থা এবং জিতেক্রিয় অবস্থার তুলনা করিয়া এইরূপ বলিয়াছিলেন—

যদাসীদজ্ঞানং স্মরতিমিরসংক্ষারজনিতং।
তদা দৃষ্টং নারীময়মিদমশেষং জগদপি॥
ইদানীমস্মাকং পটুতরবিবেকাঞ্জনজুষাং
সমীভূতা দৃষ্টিস্কিভূবনমপি ব্রহ্ম মনুতে॥

देव, म, ৮१।

যথন আমাদিগের কামান্ধকার-জনিত অজ্ঞান ছিল, তথন এই সমস্ত জগৎই নারীময় দর্শন করিতান, এক্ষণে আমরা বিবেকরূপ কব্জল ধারণ করিয়া সর্বাত্ত সমদৃষ্টি হইয়াছি, ত্রিভুবনই আমাদিগের ব্রহ্ময় বোধ হইতেছে।

যম বলিয়াছেন-

নাবিরতো ছুশ্চরিতারাশান্তো নাসমাহিতঃ। নাশান্তমানসো বাপি প্রজ্ঞানেনৈনমপ্র য়াৎ॥

কঠ, উপ, ২।২৪।

যিনি হ্শরিত হইতে বিরত হন নাই, যিনি শাস্ত, সমাহিত হন নাই, যিনি শাস্তমানস হন নাই, তিনি কেবল প্রজ্ঞামাত্র দ্বারা ইহাঁকে প্রাপ্ত হন না। তুলসীদাস বলিয়াছেন—

> কাম্কোধ মদ্লোভ্কি যব্লগ্যন্যে খান।

পরমেশবের স্টেশক্তি সংও অসং গুণ্যুত। হে মহাভাগ ! ঐ শক্তির নামই মায়া, ভগবান্ ভাহার দ্বারা এই প্রত্যক্ষ পরিদৃশ্যনান জগৎ নির্মাণ করিয়াছেন।

ঐ স্টিশক্তি বা মায়ার কাষ্যসক্ষপ যে এই জগৎ সংসার ইহা মধ্যে আবরণস্বরূপ হইয়া মানবের পরমার্থতব্জ্ঞানের প্রতিষদ্ধকতা সম্পাদন করে; এজন্য যে প্রচ্ছন শক্তি মানবের আত্মাকে সংসারে আবদ্ধ করে সেই সংসারআগক্তি বা বিষয়াশক্তিকেও বিস্তীর্ণ অর্থে মায়া নামে উল্লেখ করা হয়। যখন আমরা পরমেশ্বকে বিস্ফৃত হইয়া সংসারের সেবায় নিযুক্ত হইয়া পড়ি, তখন ঈথরের স্টেশক্তি অর্থাৎ মায়ার কার্যস্বরূপ এই সংসারই ঈশ্বর এবং আমাদের আত্মার মধ্যে আবরণস্বরূপ হইয়া আত্মাকে ঈশবরদর্শনে বঞ্চিত করে, এজন্য এই মায়া অবিদ্যান্ত্রিক অন্নক স্থলে কথিত হইয়া থাকে।

তব্লগ্পণ্ডিত মুরখো ভুলগী এক সমান্॥

পণ্ডিতউপাধিবিশিষ্টই হউক বা মূর্থপদ্বীযুক্তই হউক, মানবগণের চিত্তক্ষেত্রে যে পর্য্যস্ত কাম, ক্রোধ, মদ এবং লোভের থনি বিদ্যমান থাকে, সেপর্য্যস্ত সেই পণ্ডিত ও মূর্থ উভয়েই সমান।

ভগবান্ ব্যাসদেব তদীয় মুমুক্ষু পুত্র শুকদেবকে বলিয়াছিলেন—
শ্রুতন কিং যেন ন ধর্ম্মাচরেও।
কিমাত্মনা যোন জিতে ক্রিয়ো বশী॥

ম, ভা,মো,ধ,১৫৭।৯১।

কান নাভ করিয়াও যদ্যপি মন্ত্র্য ধর্মাচরণ না করে, তবে সে র্থা জ্ঞানে কি প্রোজন ? এবং জীবিতসত্ত্বেও যদ্যপি জিতেন্দ্রিয়র্ভি অবলম্বন না করা যায় তাহা হইলে ঐ রুথা জীবনেই বা প্রয়োজন কি ?

ইন্দ্রিয়-সংযমনের উপায়।

ন তথৈতানি শক্যন্তে সংনিয়ন্তমদেবয়া। বিষয়েষু প্রজুষ্টানি যথা জ্ঞানেন নিত্যশঃ॥

यस २। ३७।

ইন্দ্রিয়গণ স্বভাবতঃ বিষয়ে আসক্ত; বিষয়ের নশ্বরত্বাদি দোষ-জ্ঞান দারা তাহাদিগকে বিষয় হইতে বেমন নিবৃত্ত করিতে পারা যায়, বিষয় সেবা না করিলে তেমন পারা যায় না। অতএব প্রথমোক্ত উপায় দারা ইন্দ্রিয়-গণের নিগ্রহ করা কর্ত্তব্য।

কাম্যাদিদোষদৃষ্ঠ্যাদ্যাঃ কামাদিত্যাগহেতবঃ।
প্রাদিদা মোক্ষশান্তেষু তানস্বিধ্য সুখী ভব॥

প, **দ**, ৪|¢৭।

কাম্য প্রভৃতি বস্তুতে অনিক্যথাদি দোষের অহুসন্ধান করাই কামক্রোধাদি পরিত্যাগের অসাধারণ উপায়। ইহা বেদস্তাদি মোক্ষপ্রতিপাদক শাস্ত্রে ভূরোভূয়ঃ প্রতিপাদিত হইরাছে। অতএব সেই সকল বিষরদোষ অরেষণ করিয়া কামক্রোধাদি পরিত্যাগপূর্বক স্থাথ কাল্যাপন কর।

> উথিতানুথিতানেতানি চ্দ্যাদীন্পুনঃ পুনঃ। হন্যাৎ বিবেকদণ্ডেন বজেণেব হরিগিরীন্॥

> > যো, বা, উপ, প্রকরণ।

বিষয়াভিমুখে উত্থিত ইক্রিয় সকলকে বিবেকদণ্ড দারা পুনঃ পুনঃ হনন করিবেক, যেমন ইক্র বজু দারা পর্কাত হনন করেন সেইরূপ।

একাদশং মনো জ্ঞেয়ং স্বগুণেনোভয়াত্মকম্। ষিম্ন্জিতে জিতাবেতো ভবতঃ পঞ্কো গণৌ॥

गळू २। २२।

অস্তরিক্রিয় মনকে লইরা ইক্রিয়ের একাদশ সংখ্যা পূর্ণ হয়। এই মন স্বীয় সন্ধন্ন দারা কর্মেক্রিয় ও জ্ঞানেক্রিয় এই উভয়কেই প্রবর্ত্তিত করে। অতএব মনকে জয় করিতে পারিলেই প্রোক্ত দশ ইক্রিয়কে জয় করিতে পারা যায়।*

মানবগণের হানয়মধ্যে মনোবহা * নামে যে শিরা আছে ঐ শিরা তাহা-

শন কমদেবের একমাত্র উৎপত্তি স্থান। এই জন্ম কামদেবের অপর একটি নাম
মনসিজ। যথা,—অমর নিংহকৃত অভিধান স্বর্গ বর্গ ২০। ২১ লোক।

মদনো মন্মথো মার: প্রস্থায়ো মীনকেতন:।
কন্দর্শো দর্পকোহনক: কাম: পঞ্গর: মুর:॥ ২০।
শবরারি মনসিজ: কুমুমের্ রনস্তজ:।
পুস্থিয়া রতিপতি মকরধ্যক আক্মভু:॥ ২১।

অমর সিংহ কৃত অভিধান স্বর্গ বর্গঃ ২০।২১

* Sympathetic nerve.

† অল্পান্থাভ্যবহারেণ রহঃস্থানাসনেন চ। ব্রিমাণানি বিষটারিক্রিয়াণি নিবর্তরের।

न्यू । ()।

দিগেঁর সর্বাগাত্র হইতে সঙ্করজ শুক্র গ্রহণপূর্বক উপস্থের উন্মুথ করিয়া দেয়।
মহান দণ্ড দারা বেমন হগ্নাস্তর্গত দ্বত মথিত হয়, তক্রপ সঙ্করজ স্ত্রীদর্শনাদি
দারা শুক্র উত্তেজিত হইয়া থাকে। স্বপ্রাবস্থায় স্ত্রীসঙ্গের অসত্ত্বেও মন
বেমন সঙ্করজ অনুরাগ প্রাপ্ত হয়, তক্রপ ঐ অবস্থায় মনোবহা নাড়ী ও দেহ
হইতে সঙ্করজ শুক্রকে নির্গত করিয়া দেয়। মহর্ষি অত্রি, শুক্রবিয়নী
বিদ্যা সবিশেষ পরিজ্ঞাত ছিলেন। অয়রস †, মনোবহা নাড়ী, ও সঙ্কর
এই তিনটী শুক্রের বীজভূত। বিপক্রবৃদ্ধি ব্যক্তিরা পূর্বভাগ্যপ্রভাবে
সঙ্করকে সঙ্কৃচিত করিয়া থাকেন। যে ব্যক্তি হুর্গম পথের স্থায় ইন্দ্রিয়াদিরূপ বন্ধনকে অতিক্রম করিয়া দোষ সমুদায় পরিত্যাগ করিতে পারেন,
তিনিই মোক্ষামৃত পান করিতে সমর্থ হন।

ম, ভা, মো, ধ,।

মনস্যেবেব্রিয়াণ্যত্র মনশ্চাত্মনি যোজ্বয়েং। সর্ক্ষভাববিনিমুক্তিং ক্ষেত্রজ্ঞাং ব্রহ্মণি ন্যুসেং॥ বহিমুখাণি সর্কাণি কৃত্বা চাভিমুখানি বৈ। এতদ্যানং তথা জ্ঞানং শেষস্ত গ্রন্থিক্তিরঃ॥

দক্ষ ৭ অ,।

ইন্দ্রিয়গুলিকে মনেতে এবং মনকে আত্মাতে যোগ করিবেক। মনের বুজিনাশহেতু জীব সর্কভাবমূক হইলে তাহাকে ব্রহ্মে লয় করিবেক। সকল ইন্দ্রিয়ের মুথ বাহিরে, স্মতরাং ইহারা বহিঃস্থ বস্তু দেখে, অস্তরে কি আছে তাহা দেখে না। অতএব এই বহিমুখ ইন্দ্রিয়দিগকে অভিমুখ বা অস্তর্মুখ করিবেক। ইন্দ্রিয়াণের মুখ ফিরাইতে পারিলে তাহাই ধ্যান ও জ্ঞান, আর সমস্ত পুস্তকের রাশি।

মোক্ষ ধর্মেষ্ নিয়তো লঘাহারো জিতেন্সিয়:। প্রাপ্লেভি পরমং স্থানং তৎপরং প্রকৃতে ধ্রবং।

ম, ভা, মে!, ধ, ৫৬।২।

ভীন্ম কহিলেন, বংস! মোক্ষধর্ম পরারণ অল্লাহার নিরত জিতেঞ্জির ব্যক্তিরাই মারা প্রশক্ষাতীত ব্রহ্মপদ প্রাপ্ত হইরা থাকেন।

অল্প ভোজন (আহার লাঘব) এবং নির্জ্জন প্রদেশে অবস্থান দারা বিষয়ে একাস্ত আক্রাস্ত ইন্সিয় সকলকে ক্রমে বিষয় হইতে নিবৃত্ত করিবে।

যস্তবিজ্ঞানবান ভবতাযুক্তেন মনসা সদা। তন্যোক্তিয়াণ্যবশ্যানি ছুষ্টাম্ব সার্থেঃ॥

কঠ, উপ, ৩। ৫

যে ব্যক্তি অবিজ্ঞানবান্ আর সর্বাদা অযুক্তমনা অর্থাৎ উপাসনাবিহীন, তাহার ইন্দ্রিয় সকল সার্থির হুষ্ট অধ্যের ন্যায় বশে থাকে না।

যস্ত বিজ্ঞানবান্ভবতি যুক্তেন মনসা দদা। তদ্যোক্তিয়াণি বশ্যানি সদ্ধা ইব সার্থেঃ॥

কঠ, উপ ৩।৬।

কিন্ত যে ব্যক্তি বিজ্ঞানবান্ আর সর্বাদা যুক্তমনা অর্থাৎ উপাসনার ভাবে মগ্ন থাকে, সার্থির শিক্ষিত অখের স্থায় তাহার ইন্দ্রিয় সকল অতি সহজেই বণীভূত হয়। *

> স্ত্রীণাং নিরীক্ষণস্পর্শনংলাপক্ষেলনাদিকম্। প্রাণিনো মিথুনীভূতানগৃহস্থো২গ্রতস্তাজৎ॥

> > ভা, ১১। ১৯। २৮।

কৃষ্ণ কহিলেন, সথে উদ্ধব! অগৃহস্থ ব্যক্তি স্ত্রীদিগের দর্শন, স্পর্শন, আলাপ ও পরিহাসাদি ত্যাগ করিবেন, এবং মিথুনীভূত প্রাণিগণকে অগ্রে পরিত্যাগ করিবেন, অর্থাৎ তাহাদিগকে দর্শন করিবেন না।

* শীকৃষ্ণ উদ্ধাৰতে বলিয়াছিলেন যে যাঁহার। যোগ করিতে প্রবৃত্ত ইইয়াছেন কিন্ত এখনও যোগ পক হয় নাই, এরপ যোগীর শরীর অভান্তর হইতে উথিত উপজব সকলের দারা যদি বিশ্বীকৃত হয়, সে বিষয়ে এই বিধি বিহিত হইয়াছে—সন্তাপ ও শৈতঃদি উপজব সকলকে যোগধারণাদারা, বার্রোগাদি উপজব সকলকে বার্ধারণাসংযুক্ত আসন ছানা, কানাদি অভাত-দায়ক উপজবকে আমার চিন্তা ও নামসংকীর্তনাদি দারা, এবং দন্তাদিকে যোগেম্রিদিণের শাহ্বিভ দারা অল্পে অল্পে নাশ করিবে।

ভা, ১১ ৷ ১৯ জ,

শাস্ত্রকারগণ কৃষ্ণকে প্রমেশ্বরক্সপে, এবং মদনকে তাঁহার পুত্ররূপে, বর্ণন করিয়া অতি সহজ্ঞ কথায় সাধারণ লোকদিগকে ইহাই বুঝাইয়া গিয়াছেন যে, যদিও মদন নিতান্ত ছর্দ্দান্ত এবং ক্রিলোকবিজয়ী তথাচ পিতার নিতান্ত অনুগতবর্গের বিপক্ষে বাণ নিক্ষেপ করা তাঁহার পক্ষে সম্ভবপর নহে। বান্তবিকই যাঁহারা প্রমদেবের নিতান্ত আশ্রিত এবং সর্বাদা উপাসনা
রী. শীল হন, তাঁহাদিগের পক্ষে ইন্দ্রিয়দমন নিতান্ত কঠিন ব্যাপার নহে।

অনাতুরঃ স্থানি খানি ন স্পৃংশদনিমিন্ততঃ। রোমাণি চ রহস্যানি সর্বাণ্যেব বিবর্জয়েৎ॥

मरू 8 | 388 |

পীড়িত না হইলে এবং কারণ বাতীত স্বীয় ইন্দ্রিয়চ্ছিদ্র সকল ও গোপনীয় লোম সকল স্পর্শ করিবেক না।

কুন্ধে স্মের মুখাবলোকন মথারিপ্তে প্রানাদ ক্রমো।
ব্যাকোশে কুশলোক্তি রাত্ম ছুরিত চ্ছেদোৎসব স্তাড়নে॥
প্র, চ, নাটক ৯৩ পত্ত।

কুদ্ধব্যক্তিকে হাস্যমুথে সম্ভাষণ করিবে। অপকারি ব্যক্তির প্রতি প্রসন্ধতা প্রকাশ করিবে। কটুভাষি ব্যক্তিকে কুশল বার্দ্তা জিজ্ঞাসা করিবে এবং তাড়না কারি ব্যক্তির নিকট আত্ম প্রাপ খণ্ডনের কীর্দ্তন করিবে। অর্থাৎ কামরীপু সম্বন্ধে যে প্রকার বস্তুবিবেক ক্রোধ রীপু সম্বন্ধে তজ্ঞাপ ক্ষমাগুণ অবলম্বন করিবেক। ক্ষমাগুণ অভ্যাস করিতে হইলে নরনারী মাত্রকেই সম অধিকার প্রাপ্ত আপনার ভাই ভগ্নি রূপে, অর্থাৎ পিতা পরমেশ্বরের যত্নের সামগ্রী প্রিয় সন্তান রূপে প্রত্যক্ষ দর্শন করিতে অভ্যাস করিবে।

অতএব দেখা যাইতেছে যে, ইক্রিয়বিষয়সমূহে পুনঃ পুনঃ নশ্বরত্বাদি দোষ দর্শন, জীব মাত্রেরই প্রবল ইক্রিয় স্থাশক্তি সম্বন্ধে পরমেশরের স্থমহৎ অভিপ্রায় ও কৌশল অবগত হওন, সামাত্র পরিমাণে সত্যগুণিভোজন, অসৎ সঙ্কলমাত্রেরই পরিত্যাগ, প্রলোভনের পদার্থ সন্মুখীন হইলে তাহা হইতে চক্ষুরাদি ইক্রিয়গণকে অন্যদিকে প্রত্যাবর্ত্তন, অনাথশরণ পরমেশ্ব-রের শরণগ্রহণ * এবং মনুষ্য মাত্রকেই আপনার ন্যায় সম অধিকার প্রাপ্ত ক্ষার্থরের প্রিয় পুত্র রূপে প্রত্যক্ষ দর্শন প্রভৃতি কার্য্য দারা মানবর্গণ অতি

* ক নিরোধো বিমৃচ্স্ত যো নির্বন্ধং করোতি বৈ।
 বারাম সৈত্র ধীরস্ত সর্ব্বদাসাবকৃত্রিমঃ। অটাবক্রসংহিতা। ১৮। ৪১।
 বে মৃচ্, ঈবরনিঠানিরপেক হইয়া, ইল্রিয়দমনে কৃতসক্ষর হয়, সে ইল্রিয়ের প্রসর রোধ
 করিতে পারে না। যিনি জ্ঞানী ও পরব্রহ্মপরায়ণ, তাঁহার আপনাহইতেই ইল্রিয়-বিক্লেপ নিরোধ হইয়া আইসে।

শৃহজ্ঞেই ছুর্ত্ত ইন্দ্রিরবর্গকে শাস্ত ও বশীভূত করিতে সমর্থ হন। এতদ্যতীত অন্য উপায় দারা কেহ কথনই ইন্দ্রিয়গণকে সম্পূর্ণরূপে বশীভূত করিতে সক্ষম হন না।

শরীরের উপর মনের অধিকার।

নর্মএব জগত্যামিন্ দিশরীরাঃ শরীরিণঃ।
একং মনঃ শরীরস্ত ক্ষিপ্রকারি চলং সদা॥
আকিঞ্জিৎ ক্রমন্ত্রু শ্রীরং মাংসনির্মিত্য্॥
যো, বা, উৎ, প্রকরণ।

এই জগতে প্রত্যেক শরীরীর ছুই শরীর। এক শরীর চঞ্চল শীভ্র কর্ম-কারী মন; দ্বিতীয় শরীর মাংসনিশ্বিত অকিঞ্জিৎকর এই স্থূল দেহ। মনঃ-শরীর ব্যাতিরেকে মাংসনিশ্বিত এই শরীর কোন কর্ম্মের যোগ্য হয় না।

> মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োঃ। * বন্ধায় বিষয়াসক্তং মুক্তৈয় নির্কিষয়ং শ্বতম্॥

> > পঞ্দশী, योशानमा।

মনই মহুষ্যের বন্ধ ও মোক্ষের কারণ। মন বিষয়াসক্ত হইলে ভাহাকে বন্ধ ৰলে, আর নির্বিষয় হইলে তাহাকেই মুক্ত কহে।

মনোহি জগতাং কর্ত্ত মনো হি পুরুষং স্মৃতঃ।
মনঃকৃতং কৃতং লোকে ন শরীরকৃতং কৃত্যু॥
যো, বা, উৎ, প্রকরণ।

মুক্তাভিমানী মৃক্তো হি বন্ধো বন্ধাভিমান্যপি।
 কিংবদন্তীতি সত্যেয়ং যা মতিঃ সা গতি র্ভবেং ॥

অ, সং, ১ | ১০ |

ৰে ব্যক্তি মুক্তাভিমানী, তিনিই মুক্ত; যে ব্যক্তি বন্ধাভিমানী, সেই ব্যক্তিই বন্ধ; এই ৰে কিংবদন্তী আছে, তাহা সত্য; কারণ মনের ভাব যেরূপ, গতিও সেইরূপ ইইরা থাকে। শনই জগতের কর্তা এবং পুরুষ জানিবে; মন দারা যাহা কৃত, সেই কৃত, শরীর দারা যাহা কৃত,হর তাহা কৃত নহে।

> মননা ভাবামানো হি দৃঢ়তাং যাতি দেহকঃ। দেহভাবনয়া মুক্তো দেহধনৈমিন বাধ্যতে॥

> > যো, বা, উৎ, প্রকরণ।

শনের দারা দৃঢ়চিন্তিত দেহ দৃঢ়তা প্রাপ্ত হয়; দেহ-ভাবনা হইতে মৃক্ত হইলে জীব দেহধর্ম শীতাদি দারা পীড়িত হন না।

> ইষ্টার্থে চিরমাবিষ্টং ক্লাপি ধীরস্থিতং মনঃ। ভাবাভাবা: শরীরোথা নৃপ শক্তা ন বাধিছুং॥ যো, বা, উৎ, প্রকরণ।

হে নূপ, কোন প্রিয় বস্ততে মন স্থিরভাবে চির প্রবিষ্ট ইইয়া থাবিলে শরীর হুইতে উথিত যে ভাব ও অভাব বস্তু তাহা কোন পীড়ার নিমিত্ত হয় না।

> ভাবিতং ভীত্রবেগেন মনদা যন্মহীপতে। তদেব পশ্যত্যমলং ন শরীরবিচেটিভুম্।

> > যো, বা, উৎ, প্রকরণ।

হে রাজন্, তীত্রবেগ মন স্বারা চিন্তিত যে বস্ত তাহারই সর্বন। নির্মাণ দর্শন হয়, শরীরক্রিয়া বোধ হয় না।

> এককার্য্যনিবিষ্টং মনোধীরস্য ভূপতে। ন চাল্যতে মেরুরিব বজপাত্মতৈরপি ॥

> > যো, বা, উৎ, প্রকরণ ম

হে ভূপতে, যেমন শত বজ্ঞপাত দারাও স্থমেক চালিত হয় না, তদ্ধ্রপ এক কার্য্যে নিবিষ্ট ধীর ব্যক্তির মনকে কোন প্রকারে চালিত করা যায় না।

মনঃ-সংযমনের উপায়।

মন এব সমর্থং স্যাৎ মনসো দৃঢ়নিগ্রহে।
যো, বা, উৎ, প্রকরণ।

মনের নিগ্রহ করিতে কেবল মনই সমর্থ হয়॥

তৃষ্ণাগ্রহগৃহীতানাং সংসারার্ণবপাতিনাম্। আবর্ত্তিরুহ্যমানানাং বরং স্বমন এব নৌঃ॥

যো, বা, উৎ, প্রকরণ।

সংসার সমুদ্রে পতিত ও তৃষ্ণারূপ কুন্তীরকর্তৃক আক্রান্ত এবং পুনঃ পুনঃ অমণরূপ জলাবর্তে ভ্রামামান ব্যক্তির তাহা হইতে উত্তরণে কেবল স্বকীয় মনঃস্বরূপ নৌকাই শ্রেষ্ঠ জানিবে।

ষেরু যেরু প্রাদেশেরু মনোমজ্জতি বালবং।
তেভ্যান্তভ্যঃ সমুদ্ধৃত্য তদ্বীজ্জ নিয়োজ্যেং॥

যো, বা, উৎ, প্রকরণ।

যে যে বস্তুতে বালকের ন্যার মন নিমগ্ন হয়, সেই সেই বস্তু হইতে মনকে উদ্ধার করিয়া আদি কারণ যে ব্রহ্ম তাঁহাতে যুক্ত করিবে।

> অসংশয়ং মহাবাহো মনো ছুর্নিগ্রহচঞ্চলম্। অভ্যানেন ভু কৌন্তেয় বৈরাগ্যেন চ গৃহ্যতে॥

> > গী, ৬। ৩৬।

শতা যতো নিশ্বরতি মনশ্চঞ্লমস্থিরম্।
 তত্ত্রতে। বিয়িইয়তদায়ন্যেব বশং নয়েং॥ গী, ৬। ৩৫।

মনের চঞ্চল স্বভাবপ্রযুক্ত বারণ করিলেও বিষয়েতে ধাবমান হয়, অতএব মন যে যে বিষয়েতে গমন করিবে, সেই সেই বিষয় হইতে আকর্ষণ করিয়া তাহাকে প্রমাস্থাতে স্থির রাখিবে।

বশিষ্ঠদেৰ রামচন্দ্রকে বলিয়াছিলেন-

"সমুদ্ধর মনো রাম মাতক্ষমিব কর্দিমাং। যোগবাশিষ্ঠ। হে রাম ! হস্তীকে যেপ্রকার কর্দিম হইতে উদ্ধার করে, মনকে সেইরূপে উদ্ধার করে। হে অর্জুন! চঞ্চলত্বাদি প্রতিবন্ধকপ্রযুক্ত মনকে বণীভূত করা যদিও এক-প্রকার অসাধ্য বটে, তথাপি অভ্যাস এবং বৈরাগ্যদারা ক্রমে বণীভূত হয়।

> যথা নিরিশ্ধনো বহ্নিঃ স্বযোনাবুপশাম্যতি। তথা রভিক্ষরাচিতেং স্বযোনাবুপশাম্যতি॥

> > পঞ্চদশী, যোগানন্দঃ।

যেমন দাহত্ণাদির অবসানে অগ্নি স্বয়ং উপশাস্ত হয়, তদ্ধপ পুনঃ পুনঃ উপাসনাবশতঃ বৃত্তিক্ষয়ে অস্তঃকরণ স্বয়ং নিগৃহীত হইয়া উপশাস্ত হয়।

ইশ্বরের প্রকৃত ভক্তগণ অজ্ঞান হইলেও আপনা হইতে ত্র হৃদয়ে জ্ঞান লাভ করেন।

ভক্তি মানব আত্মার একটা পরম সম্পত্তি। ভক্তি দারা পরমেশ্বরকে যত শীঘ্র এবং যত সহজে লাভ করা যায়, ভক্তি ভিন্ন অপর কিছুতেই সেরপ হয় না। * যদিও বিচাররূপ জ্ঞান-চক্ষে আমরা ব্রহ্মকে অপরোক্ষরূপে দর্শন করিতে পারি বটে; কিন্তু ভক্তি দারা আমরা তাঁহাকে স্পর্শ করিয়া থাকি; এবং ভক্তিই তাঁহার সহিত আমাদের পরম আত্মীয়তা স্থাপন করে। ভক্তি না থাকিলে কি জ্ঞান, কি বৈরাগ্য, কি তপস্যা, কিছুতেই হৃদয়কে সেরূপ মধুময় করিতে পারে না। এবং ভক্তির অভাবে যদিও জ্ঞান একবারে বিনাশ প্রাপ্ত হয় না বটে, কিন্তু ভক্তিহীন হইলে কি

ন স্বাধ্যায়ন্তপন্ত্যাগো যথা ভক্তির্দ্মমোর্জ্জিতা॥ ভা, ১১। ১৪। ১৯।

শ্রীকৃষ্ণ কহিলেন, হে উদ্ধব। আমাতে নিষ্ঠাযুক্ত যে ভক্তি তাহা দারা সাধকগণ আমাকে যেরূপ বশীভূত করেন, কি যোগ, কি জ্ঞান, কি বেদপাঠ, কি তপদ্যা, কি দান, কি সদাচার কিছুতেই আমাকে দেরূপ বশীভূত করিতে পারে না।

ভক্তাহমেকরা প্রাহঃ শ্রদ্ধরাত্মপ্রিয়ঃ সতাম্। ভা, ১১। ১৪। ২০।
সাধ্গণেরপ্রিয় ধনস্বরূপ যে, আমি, আমাকে লোকে কেবল একমাত্র শ্রদাযুক্ত ভক্তি
দারা লাভ ক্রিতে পারে; অন্যথা পারে না।

माध्यिन माः शार्थिन न माःथाः धर्म উक्तव।

জ্ঞান, কি বৈরাগ্য, কি তপশ্রা ইহারা সকলেই ক্রমে শ্লান ও ভেজোহীন হুইয়া পড়ে। অতএব দেখা যাইতেছে যে, ভক্তিই সাধকের প্রকৃত জীবনী শক্তি। * ুঁ যাঁহাদিগের তত্ত্জান জন্মে নাই, তাঁহাদিগের হৃদয়েও যদি যথার্থ পবিত্র ভক্তির আবির্ভাব হয়, তাহা হইলে সেই ভক্তির প্রসাদে তাঁহারা জ্ঞান, বৈরাগ্য এবং অস্থাস্থ যাবতীয় প্রয়োজনীয় বিষয় যথাসময়ে আপনা হইতে লাভ করিয়া ক্লতার্থ হন; এবং তাঁহাদের সমস্ত প্রতিবন্ধক অচিরে ক্ষয় প্রাপ্ত হইয়া যায়। ইহার দৃষ্টান্ত জগতে অনেক আছে।

বাস্থদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রয়োজিতঃ। জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহেতুক্স্॥

छो, ३१२।११

জিশারবিষয়িণী ভক্তির সহযোগে শীপ্রই বৈরাগ্য এবং জ্ঞান স্বয়ং উৎপাদিত হৈইয়া থাকে !

> তক্মান্মছকিযুক্তসা যোগিনো বৈ মদাত্মনঃ। ন জ্ঞানংন চ বৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়ো ভবেদিহ॥

> > ভা, ১১। ২০ অধ্যায় 1

আঁত এব আমার ভক্তিযুক্ত যোগাখিত যোগিগণ নিশ্চরই আমার আত্মস্বরূপ। যদিও তাঁহাদের জ্ঞান অথবা বৈরাগ্য না জন্মিয়া থাকে, তথাপি এই ভক্তি প্রযুক্ত তাঁহাদিগের বিশেষ কল্যাণ হয়। †

কৰিরঞ্জন রামপ্রসাদ বলিয়াছিলেন—

"আমি ভক্তির জোরে কিন্তে পারি ব্রহ্মমুখীর জ্মিদারী"। তিনি আরও ব্লিয়াছেন—

''সকলের মূল ভক্তি,—মুক্তি তার দাসী''।

প্রসাদ-প্রসঙ্গ 🕯

† কপিলদেব তদীয় জননী দেবহুতিকৈ কহিয়াছিলেদ— ন যুজ্যমানয়া ভক্তা তগ্ৰত্যবিলাম্বনি।

সদৃশোহস্তি শিবঃ পস্থা বোগিনাং ব্ৰহ্মসিদ্ধয়ে । ভা, ৩। ২৫। ১৯।

অধিলাক্সা ভগবানে ভক্তিযোগের সমান যোগিগণের ব্রহ্মসিদ্ধির নিমিন্ত শুভদায়ক পাছা আর বিতীয় নাই। মারদ পঞ্চরাত্র-নামক গ্রন্থে প্রকৃত ভক্তির লক্ষণ এইরপ লেখা আছে—
অনন্যমন্তা বিষ্ণো মমতা প্রেমসঙ্গতা।
ভক্তিরিত্যচাতে ভীল্মপ্রহ্লোদোদ্ধবনার দৈঃ॥

যথন অন্ত কোন বিষয়ের প্রতি মমতা না থাকিয়া একমাত্র পরমেখরের দিকেই সমগ্র হৃদয় প্রধাবিত হইয়া থাকে, তথনই সেই প্রেমসংযুক্ত ঈশ্বরাসক্তিকে প্রকৃত ভক্তি শব্দে কহা যায়। ইহা ভীয়, প্রহ্লাদ, উদ্ধব এবং নারদ প্রভৃতি ভগবদ্ভক্তগণ একবাক্যে বলিয়াছেন।

কপিলদেব তদীয় জননীকে চারিপ্রকার ভক্তিযোগের কথা বলিয়াছিলেন; যথা, লোকে হিংসা গর্ক এবং মাৎসর্য্যের উদ্দেশে ভেদদর্শী
হইয়া যে আমার অর্চনা করে, তাহার নাম তামস ভক্তি। মাল্য, চন্দন
ও বনিতাদি বিষয়, ঐয়র্ব্য এবং যশঃ এই সকলে অভিসদ্ধি রাথিয়া ময়য়য়
ভেদদর্শী হইয়া যে আমার পূজা করে, তাহার নাম রাজস ভক্তি। আর
পাপক্ষালন এবং ভগবানে কর্ম্মমর্পণের উদ্দেশে, অথবা "কর্ম অবশ্র কর্ত্তব্য" এইরপ অভিসদ্ধিতে ময়য়য় ভেদদর্শনপূর্কক যে আমার পূজা করে,
তাহার নাম সাত্বিক ভক্তি। (এই ত্রিবিধ ভক্তিই সগুণ; এভদ্তির নিশুর্ণ
ভক্তি আছে।) পুরুষোত্তম এবং সর্কভ্তের হৃদয়শায়ী আমার গুলকথন
শ্রবণ মাত্রেই যে, মন, সাগরের প্রতি গঙ্গাজলপ্রবাহের স্তায়, আমার প্রতিই
নিরস্তর ধাবিত হয়, এবং এক মুহূর্ত্তের নিমিত্তর বিচ্ছিয় হয় না, তাহারই
নাম নিগুর্ণ ভক্তিযোগ *; তাহাতে কোন ফলের কামনা বা ভেদজান

ষত্র রাগানবাপ্তথাৎ প্রবৃত্তিরূপজারতে। শাসনেনৈব শাস্ত্রস্য সা বৈধী ভক্তিরূচাতে॥

ভ,র,সি,১ম,৩।

বৈধভক্ত্যধিকারী তু ভাবাবির্ভাবনাবধি। জত্র শান্ত্রং যথাতর্কমনুকৃলমপেক্ষতে॥

छ, त, मि, ১ম, ১১९।

ষধন রাগবিরহিত হইয়া কেবল শাগ্রশাসনেই প্রবৃত্তি জন্মে, তথনই বৈধ ভক্তির উদ্রেক ছয়। বৈধভক্তি-অধিকারী ব্যক্তির যেপর্য্যস্ত ভাবের আবির্ভাব না হয় ততদিন তাঁহার শাল্প

^{*} মহাস্থা চৈড্ন্য দেবের শিষ্য এরপ গোস্বামী তৎকৃত "ভক্তিরসামৃত্সিক্" নামক গ্রন্থে এইরূপ লিথিয়াছেন—

বিদ্যাতপঃ প্রাণ নিরোধ মৈত্রী তীর্থাভিষেক ব্রতদান জপ্যৈঃ। নাতাম গুদ্ধিং লভতেইম্বরাত্মা যথা হৃদিন্থে ভগবত্যনন্তে॥ ভা, ১২।৩। ৪৮।

অনস্ত পরনেশ্বরকে হাদরে ধারণ করিতে পারিলে মানবের অস্তরাত্মা যে প্রকার অত্যন্ত ভদ্ধি প্রাপ্ত হয়, সে প্রকার আত্যন্তিক ভদ্ধি কি বিদ্যা, কি তপস্যা, কি প্রাণনিরোধ রূপ যোগ সাধন, কি সর্বভূতে মিত্র ব্যবহার, কি তীর্থদেবা, কি ব্রত, দান বা জপ কিছুতেই প্রাপ্ত হইতে পারে না।

> যথা হেশ্লি স্থিতো বহ্নি ছুর্বর্বণং হন্তি ধাতুজম্। তথৈবাত্মগতো বিষ্ণুৰ্বোগিনামশুভাশয়ম্॥

> > ভাগবত।

অগ্নি যে প্রকার স্থবর্ণের মধ্যে প্রবিষ্ট হইলে স্থবর্ণকে বিশুদ্ধ করে (অর্থাৎ তামাদি-ধাতৃ-মিশ্রণজনিত স্থবর্ণের বে মলিনতা তাহাকে বিনাশ করে), পরমেশ্বরও সেইরূপ যোগীদিগের হৃদয়ে আবিভূত হইলে তাহাদিগের হৃদয়ের সমস্ত মলিনতা (অশুভ বাসনাদি) বিদূরিত করেন। *

> व्यनाञ्चत्रकिरेगथिनाः कनः भानाकित कित। পশ্যরপি ন চেৎ ধ্যায়েৎ কোইপরোইস্মাৎ পশুর্বদ ॥

আত্মাতে স্বাভাবিক যে অনাম্মজ্ঞান ধ্যান দ্বারা ক্রমশঃ তাহা অপনীত হয়; এইরূপ ফল দেখিয়াও যে ব্যক্তি ধ্যান না করে, তাহা অপেক্ষা পশু আর কে আছে ?

> দেহাভিমানং বিধ্বন্য ধ্যানাদাত্মানমন্বয়ম। পশ্যন্ মর্ভ্যোহয়ুতো ভুত্বা হ্যত্র বন্ধা সমশ্বতে॥

> > প, দ, ৯, ১৫৬-১৫৭।

পুংসাং কলিকৃতা ন্দোধান্দ্রব্য দেশাত্ম সংভবান ।

স্বান্ হরতি চিত্তস্থে। ভগবান্ পুরুষোত্তমঃ ॥ ভগবান পুরুষোত্তম চিত্তে সংস্থাপিত হইলে মুম্বাগণের কলিকৃত এবং দ্রব্য দেশ ও আক্সা হইতে সমুভূত সমস্ত দোষ হরণ করেন।

দেহাতিমান পরিত্যাগ করিয়া ধ্যান দারা অদ্বিতীয় পরমান্নাকে প্রত্যক্ষ করত জীব সকল অমৃত হয় এবং ইহলোকেই ব্রহ্মানন্দ উপভোগ করে।

> ध्रादेषवभाषानगर्शनं भूति-खिर्छ ९ नमा मूक्तमखवस्रनः॥

> > রামগীতা।

মননশীল ব্যক্তি অপরোক্ষরপে অনুভূত আ্থাকে দিবানিশি ধান করত কামক্রোধাদি নমুদয় ছদয়গ্রন্থি ছেদনপূর্ব্ধক জীবনুক্ত হইয়া অবস্থিতি করেন।

> নিকামোপাসনামু ক্তিস্তাপনীয়ে স্মীরিতা। প্রদ্ধান ১৪০।

নিষ্কাম উপাসনা হইতে যে মুক্তিলাভ ঘটে, ইহা তাপনীয় শ্রুতিতে বিশেষরূপে উক্ত হইয়াছে।

উদ্ভবো যদ্য ধর্মার্থো ধর্মো জ্ঞানার্থ এব চ। জ্ঞানঞ্চ ধ্যানযোগার্থং দোহচিরাৎ পরিমুচ্যতে॥ কু, ভ, ৫ম খণ্ড, ১ম উল্লাস।

এই দেহের উৎপত্তি ধর্মের জন্য হইয়াছে, ধর্মও জ্ঞানের জন্য হইয়াছে, এবং জ্ঞানও ধ্যানযোগের নিমিত্ত হইয়াছে, কারণ ধ্যান দারা জ্ঞানী শীঘ্রই মৃক্তি প্রাপ্ত হন।

> ন ধ্যানং ধ্যানমিত্যাহুর্ধ্যানং শূন্যগতং মনঃ। তৃদ্য ধ্যানপ্রশাদেন দৌখ্যং মৌক্ষ্যং ন সংশয়ঃ॥

> > জ্ঞা, স, তন্ত্ৰ া

ধ্যানকে ধ্যান বলি না, কিন্তু শৃত্তগত যে মনঃ তাহাই ধ্যান, কেননা সেই ধ্যানের প্রদাদে জীবের নিঃশন্দেহ মোক্ষজনিত স্থুপ লাভ হয়।

উপাসনা।

সাধক চিরদিনই সচ্চিদানকস্বরূপ পরব্রন্ধের উপাসনা করিবেন; প্রাণ থাকিতে উপাসনা হইতে কখনও বিরত হইবেন না।

আপ্রয়াণাতত্রাপি হি দৃষ্টং

(व, रू, १। ১। ১२।

মুক্তি পর্যান্ত আত্মার উপাসনা করিবেক। জীবন্মক্তি লাভ হইলে পরেও প্রমাত্মার উপাসনা করিবেক, এমত বেদে দেখিতে পাওয়া যায়।

> উপাস্তীনাং যাবদিছ্মার্তিঃ স্যাত্তাম্বতি। উপাস্ত্যথাভিনিষ্পত্তের্বাবদিছ্ণ নতুপরি॥ অন্ত্যপ্রত্যয়তোজন ভাব্যতন্তৎপ্রসিদ্ধয়ে। আমৃত্যাবর্ত্তনং ন্যায্যং সদা তদ্ভাববাক্যতঃ॥

> > বে, সা, ৪।১।৮ অধিকরণ।

উপাসনার অনুষ্ঠান যত দিন ইচ্ছা তত দিন করিবেক, কি মরণ পর্যান্ত করিবেক । এইরূপ সন্দেহে—যত কালে উপাসনার অর্থনিম্পত্তি হয় অর্থাৎ একাগ্রতা জন্মে, তত দিনই যথা ইচ্ছা উপাসনা করিবেক—ইহা পূর্ব্ব-পক্ষ। ইহার উত্তর এই যে, অন্তকালে মনে যে ভাব উদিত হয় পরলোকে সেই ভাব প্রাপ্ত হয়, এই হেতু তাহার সিদ্ধির নিমিত্তে মৃত্যু পর্যান্ত উপাসনা কর্ত্ব্য।

সমস্ত দিবদ অভ্যমনস্ক থাকিয়া কেবল মাত্র একবার বা কোন দিবদ ছুইবার উপাসনা করিলে তদ্ধারা মুক্তি হওয়া অসম্ভব। পুনঃ পুনঃ ভুপাসনা করা চাই এবং সুমুদ্ধ সুমুদ্ধ উপাসনার ভাবে মগ্ন থাকা আবিশ্রক; কারণ সামান্ত উপাসনা দারা মুক্তি হয় না। যথা,

সর্কদৈবমুপাগীত যাবদিমুক্তিঃ।

শ্ৰুতি:।

বুক্তি পর্যান্ত সর্বাদা আত্মার উপাসনা করিবেক।

মুক্তা অপি হোনমুপাসতে।

শ্রুতি:।

भीवमूक वाकिताउँ देशांदक छेशामना कतिया थारकन।

ন সামান্যাদপ্যুপলব্ধেম্ ত্যুবন্ন হি লোপাপন্তিঃ।

বে, স্থ, ৩।৩।৫২।

দামভ উপাদনা করিলে মুক্তি হয় না, যে তেতু সেই উপাদনা হইতে মুক্তির কারণ তত্বজ্ঞান অথবা উৎকৃষ্ট যে বৃদ্ধলোক এই ছয়ের একটীও প্রাপ্ত হওয়া যায় না, এইরূপ শ্রুতিতে এবং স্মৃতিতে দৃষ্ট হইতেছে। যেমন মুদ্ধ আঘাতে মর্ম্মভেদ হয় না বলিয়া মৃত্যু হয় না, কিন্তু দৃঢ় আঘাত হইতে নর্মাভেদ হইয়া মৃত্যু হয়, সেইরূপ দৃঢ় উপাদনা হইতে জ্ঞান জনিয়া মৃক্তি হয়। সামাভ উপাদনায় মৃক্তি হয় না।

দাঁড়াইয়া কিংবা শয়ন করিয়া আত্মবিদ্যার উপাসনা করা অপেক্ষা উপবিষ্ট হইয়া উপাসনা করা অধিক প্রশস্ত ।

আগীনঃ সম্ভবাৎ।

বে, হু, ৪। ১। ৭।

উপবিষ্ট হইয়া উপাসনা করিবেক, যে হেতু শয়ন করিলে নিজা উপস্থিত হয়, আর দাঁড়াইলে চিত্তবিক্ষেপ * জন্ম।

धानाक।

বে, হু, ৪।১।৮।

ধ্যানের ছারাও উপাসনা হয়; না বসিলে ধ্যান হইতে পারে না। †

"তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি।" গায়ত্রী। আমরা জগৎপ্রদবিতা পরম দেবতার উৎকৃষ্ট জ্ঞান এবং শক্তি ধ্যান করি।

 [★] অথও ব্রহ্ম বস্তকে অবলম্বন করিতে সমর্থ না হইয়া অন্তঃকরণবৃত্তির (যে অশ্র অবলম্বন হয়, তাহার নাম বিক্ষেপ।

[†] কোন কোন ছুর্কালাবিকারী আতার মুথে সময়ে সময়ে এইরূপ উক্তি শুনিতে পাওয়া যায় যে ''যাঁহার রূপ নাই, আকার নাই, তাঁহার কি ধ্যান করিব পূ' তাঁহাদিগের প্রতি বক্তব্য এই যে, যদি নিরাকার পবত্রহ্মের উপাসনা করিতে তাঁহাদিগের প্রবৃত্তি জন্মিয়া থাকে, তবে তাঁহারা যথাশক্তি তাঁহার উৎকৃষ্ট জ্ঞান ও শক্তির ধ্যান করিবেন। যথা,

षाहत वर हो (भक्ता। (त. स्. ८।)।।

স্মরন্তি চ। বে, স্, ৪।১।১০।

শ্বতিতেও উপবিষ্ট হইরা উপাসনা করিবেক এনত কথন আছে। ব্রহ্মোপাসনাতে স্থান বা সময়ের কোনরূপ নিয়ম নাই। †

পিতামহ ব্রহ্মা এইরূপে প্রব্রহ্মের স্তব করিয়াছিলেন—

স্থিতং দর্বাতা নির্লিপ্তমাত্মরূপং পরাৎপরম্।

নিরীহমবিতর্কঞ তেজোরূপং নমাম্যহম্॥

ত্র, বৈ, পুরাণ।

ষিনি আত্মরূপে অ্রিপ্তভাবে সর্পত্ত বিদ্যান আছেন, থাঁহার তুল্য বস্তু অথবা থাঁহা অপেকা শ্রেষ্ট বস্তু আর কোথাও কিছু নাই, সেই নিরীহ, তর্কের অভীত, তেজারূপে বিদ্যানান, পুরুষকে বার বার নমস্কার করি।

স্থিবাসনো ভবেদ্লিত্যং চিন্তানিদ্রাবিবর্জ্জিতম্।
 আগু স জায়তে বোগী নান্যথা শিবভাষিতম ।

জ্ঞা, স, তন্ত্র।

শিব ব্লিয়াছেন, প্রতিদিন স্থিরাসনে উপবিষ্ট হওত চিস্তা এবং নিস্তাবিবর্জ্জিত হইয়া উপাসনাও ধ্যান করিবেক। তাহা হইলে অল্লকালের মব্যেই ব্রন্ধযোগী হইতে পারিবে, ইছার কদাচ অন্যথা হইবে না।

† পরব্রন্ধের উপাসনায় একমাত্র কেবল চিত্তের নির্মালতাই বিশেষরূপে আবশুক হয়।
নতুবা স্থান, উপবাস, কোন বিশেষ দিকাদির আশ্রয়, কোনরূপ শারীরিক পরিশ্রম, অথবা
উপাসনা-কালে গাল-বাদ্যাদি অঙ্গভঙ্গি প্রভৃতি কোনরূপ বাহ্যামুষ্ঠানের নিয়ম ইহাতে নাই।
যথা, ভগবান মহেয়র পার্ব্বতীকে বলিয়াছিলেন—

বাচিকং কায়িকং বাপি মানসং বা যথামতি।
আরাধনে পরেশস্য ভাবগুদ্ধিবিধীয়তে ॥
আরাধনে পরেশস্য ভাবগুদ্ধিবিধীয়তে ॥
আরাতো বা কৃতস্থানো ভূজো বাপি বুভূদ্ধিতঃ।
পূজ্রেৎ পরমান্থানং সদা নির্ম্মলমানসং ॥
নারাসো নোপবাসন্চ কায়ক্রেশো ন বিদ্যুতে।
নৈবাচারাদিনিয়মো নোপচারান্চ ভূরিশং ॥
ন দিক্কালবিচারোংগ্রি ন মুদাগ্রাসসংহতিঃ।
বংসাধনে কুলেশানি তং বিনা কোহন্যমাখ্রের ॥

म, नि, उपार। १७-१8।

মহানিক্বাণতন্ত্র ৩।৭৫।

ম, নি, তন্ত্র ৩,৭৮।

যত্রৈকাগ্রতা তত্রাবিশেষাৎ।

(त, रू, १। १। १०।

বে কোন স্থানে চিত্ত স্থির হইবেক সেই স্থানেই উপাসনা করিবেক।
চিত্তস্যৈকাগ্রসম্পাদকে দেশে উপাসীত।

বে, সা,।

যে স্থানে চিত্ত স্থির হয়, সেই স্থানে উপাসনা বিধেয়।

যাঁহাদিগের উপাসনার অভ্যাস নাই এবং যাঁহাদিগের হাদরে প্রকৃত ভক্তির আবির্ভাব হয় নাই, তাঁহাদিগের পক্ষে উপাসনা প্রথমতঃ কষ্টকর বলিয়া বোধ হয়; কিন্তু সেই সময় সাধক যদ্যপি কষ্টকর ভাবিয়া উপাসনা পরিত্যাগ না করেন, তাহা হইলে অতি অল্প দিনের অভ্যাসেই তিনি তাহার স্বাহ্তা অন্থভব করিতে পারেন; এবং পরিণামে তিনি উহাতে এতদ্র আনন্দ লাভ করেন যে, জগতের কোন পদার্থের সহিতই তিনি আর উহাকে বিনিময় করিতে চাহেন না।

ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জুনকে বলিয়াছিলেন ;—
অভ্যাসাদ্রমতে যত্ত ছঃখান্তঞ্চ নিযক্ষতি।
যভদতো বিষমিব পরিণামে২মূতোপমম্।
তৎ সুখং সাত্তিকং প্রোক্তমাত্মবুদ্ধিপ্রসাদজম্।

गी, ১৮। **७**१

যাহা বিষয়স্থবের স্থায় হঠাৎ প্রীতিজনক নহে অথচ অভ্যাসাধীন হইলে রমণযোগ্য হয় এবং বে স্থবে রত হইলে সর্বতোভাবে হঃথ বিনাশ পায়, এবং যে স্থথ প্রথমে মনঃপ্রভৃতিকে দমনকরণে হঃখজনকের স্থায় হয় কিন্তু পরিণামে অমৃতের কর্ম্ম করে, সেই স্থথ সাত্মিক, তাহা পরমাত্মবিষয়ে নির্মাল বুদ্ধি প্রসাদে জন্মে।

পরবুদ্ধের উপাসনায় ধৃপ্, দীপ, পুষ্প চন্দন অথবা নৈবেদ্যাদি কোনরূপ বাহ্যবস্তু প্রদানেরও ব্যবস্থা নাই, যথা ভগবান মহেশ্বর বশিষ্ঠদেবকে বলিয়াছিলেন; "অতত্বজ্ঞ বিলাসী ব্যক্তি অন্নপানাদি ভোগসন্তার হারা, এবং তত্বজ্ঞ ব্যক্তি বোধ হারা, আত্মাকে অর্চ্চনা করিবেক।" যো, বা, নি, প্রকরণ। মহর্ষি ব্যাস বলিয়াছেন—

ন্যাৎ কৃষ্ণনামচরিতাদিনিতাপবিদ্যাপিত্তোপতপ্তরসন্স্য ন রোচিকৈব।
কিন্তাদরাদন্দিনং খলু সেবয়ৈব
ন্বাদী পুনর্ভবতি তদ্গদমূলহন্তী ॥

পিত্ত্ই হইলে জিহ্বায় দিতা অর্থাৎ চিনিও ভাল লাগে না, তিক্ত লাগে; কিন্তু যদি আদরপূর্ব্বক ঔষধদেবনের স্থায় প্রতিদিন কিছু কিছু করিয়া তাহার দেবা (ভক্ষণ) করা যায়, তাহা হইলে, তদ্ধারা দেই পিত্তদোষ নিবারিত হইয়া ক্রমে তাহাতেই ক্ষচি জয়ে এবং তথন তাহার সম্যক্ স্বাহ্তা অন্তভ্ত হয়। এইরপ অপবিদ্যা অর্থাৎ অজ্ঞান বা মায়া-মোহে সমাচ্ছের ব্যক্তির ঈশ্বরধ্যান ভাল লাগে না, কিন্তু তাদৃশ মন্থ্য যদি (ভাল না লাগিলেও) যত্নপূর্ব্বক কিছু কিছু করিয়া প্রতিদিন তাহার দেবা করে, তাহা হইলে দেই ভাল না লাগার কারণ অজ্ঞান বা মায়ামোহ বিধ্বন্ত হয়। গিয়া ক্রমে তাহার মনে ঈশ্বরধ্যানের স্বাহ্তা অনুভূত হয়।

শুভ ইচ্ছা ও বন্দবিচার।

জগবান্ বশিষ্ঠদেব এইরূপ ব্রশ্নবিচারকে মোক্ষণারের অন্ততম দারপাল-স্বরূপে বর্ণনা করিয়াছেন *। বস্তুতঃ যিনি প্রকৃত তত্ত্ব অবগত হইবার

মাক্ষারে ধারপালাক্ষারং পরিকীর্ন্তিতাঃ।
 শমো বিচারঃ সন্তোব-কতুর্থঃ সাধ্সক্ষমঃ॥ ১।
 এতেহয়েবাঃ প্রযক্তেন চন্ধরো ছৌ ক্রোহথবা।
 ঘারমুদ্বাটয়স্তোতে মোক্ষে রাজগৃহে বথা॥ ২।
 একং বা সর্ক্রত্তন সর্কর্মাৎস্তা সংশ্রেরে।
 একিমিন্ বর্ণগে বাস্তি চন্ধারোহপি বর্ণং ডভঃ॥ ৩।

জন্ম যথার্থ যত্নশীল হন এবং শুভ ইচ্ছার সহিত ধীরভাবে আপনার অস্তরে সর্বাদা তদিষয়ক বিচার করিতে থাকেন, তিনি অচিরেই আপনার অভিলয়িত পদার্থ লাভ করিয়া কুতার্থ হন।

> সদ্ধৰ্মস্যাৰবোধায় যেষাং নিৰ্বন্ধনী মতিঃ। অচিরাদেব সৰ্ব্বৰ্থঃ সিদ্ধত্যেষামভীপিতঃ॥

> > নারদীয় পুরাণ।

যে সাধু-ইচ্ছা-সম্পন্ন ব্যক্তি পরমেশ্বরবিষয়ক জ্ঞান লাভ করিতে বিশেষ ইচ্ছুক হন, অতি শীঘ্রই তাঁহার সেই পবিত্র অভিলাষ পূর্ণ হয়।

এইরূপ শুভ-ইচ্ছা-সম্পন্ন ব্যক্তির হৃদরে ব্রহ্মবিচার আপনা হইতেই উপ-স্থিত হইরা থাকে। ভগবান্ বশিষ্ঠদেব ব্রহ্মতত্বজ্ঞানের যে ৭টা অবস্থা বর্ণনা করিয়াছেন তাহার মধ্যে এই বিষয়টা অতি স্থানররূপে বর্ণিক আছে।

মোক্ষারে চারি দারপাল আছেন, যথা প্রথম শম, দিতীয় ব্রক্ষিচার, তৃতীয় সস্তোব, চতুর্থ সাধুসক্ষম। >।

যত্নপূর্বক এই চারি ছারপালের সেবা করিবেক, অশস্ত হইলে তিনের অথবা ছুইএর দেবা অবশ্য করিবেক; কেন না রাজগৃহে যেমত দ্বারীর উপাসনা করিলে তাহারা ছার উল্লাটন করে, সেইরূপ এই চারি দৌবারিকের উপাসনা করিলে মোক্ষে প্রবেশ করা হায়।২।

অথবা নিকৃষ্ট পক্ষে সকল তাগে কবিয়া এই চারি ধারপালের মধ্যে একজনকেও আত্রম করত সেবা করিবেক, বে হেতু একজন বশ হইলেও ক্রমে চারিজন বশতাপদ্ম হইতে পারিবে। ৩।

* কোন ব্যক্তির জীবনে যথন প্রথম পরিবর্তন ঘটে, অর্থাৎ সর্ব্বপ্রথমে যথন কোন সংসার-মায়ামুশ্ধ মনুষা মুক্তিপথের প্রতি দৃষ্টিপাত করেন, তখন তাহার মনে শতঃ এইরূপ ভাবের উদর হয় যে "আমি কেন মৃঢ়ের স্থার কজানাচছর হইয়া আছি, আনি শাস্ত্র ও সংসক্ষ শ্বারা নিশ্চয়ই জীবনের উচ্চ লক্ষ্য সাধন করিব"। সাধকের জীবনে সর্ব্বপ্রথম এইরূপ যে দৃঢ় ইচ্ছার উদয় হয় তাহারই নাম গুলেচছা বা প্রথমা জ্ঞানভূমি।

এইরূপ শুভ-ইচ্ছা-সম্পন্ন ব্যক্তির হৃদরে আপনা হইতেই সদসৎ-বিচার আরম্ভ হইরা ধাকে, এবং ধীরভাবে সাধক যথন এইরূপে আপনার হৃদরে ব্রহ্মবিষয়ক বিচার করিতে থাকেন, তথনই তাহাকে বিচারণা বা দিতীয়া জ্ঞানভূমি কহে।

এইরপে মনের মধ্যে বিচার করিতে থাকিলে ক্রমে সাধকের মনের ছুলত্ব নষ্ট হইরা ছেতা অধাৎ বে স্কাত্ব হয় তাহারই নাম তমুমানসা বা ভূতীয়া জ্ঞানভূমি। কোংহং কথমিদঞ্চেতি যাবল্লান্তবিচারিতম্। সংসারাড়ম্বরং তাবদন্ধকারোপমং স্থিতমূ॥

যো, বা, স্থিতি প্রকরণ।

আমি কে, এবং কি প্রকারে কোণা হইতে এই জগং হইল, এই প্রকার বিচার যাবৎপর্যান্ত অন্তঃকরণে উদিত না হয়, তাবৎপর্যান্ত অন্ধকারের স্থায় এই সংসারের আভম্বর বিদ্যান্যন থাকে।

> অনষ্টমন্ধকারেয়ু বহুতেজঃস্কৃন্ডিতম্। পশ্যত্যপি ব্যবহিতং বিচারচারুলোচনম্॥

বে জ্যোতির্ময় পুরুষের দর্শনাভাব অন্ধকারেও হয় না এবং অগ্যাদি তেজঃসম্হমধাে, বাঁহার তেজঃ অতিশয় জৃপ্তিত, তিনি ব্যবহিত হইলেও জ্ঞানী
ব্যক্তি বিচাররূপ স্থলর চকু দারা তাঁহাকে সর্বদা দর্শন করেন।

সমুদ্রস্যের গান্ডীর্য্যং সৈরোরিব স্থিরম্। অন্তঃশীতলতা চেন্দোরিবোদেতি বিচারিণঃ॥

যে ব্যক্তি ব্রহ্মবিচার করেন তাঁহার অন্তকরণে সমুদ্রের ভাষ গান্তীর্য্য গুণ এবং স্থামেকর ভাষ স্থিরতা আর চল্ডের ভাষ শীতলতা উদিত হয়।

গচ্ছত স্তিষ্ঠতো বাপি জাগ্রতঃ স্বপতো ২পি বা।
ন বিচারপরং চেতো যন্যানৌ মৃত উচ্যতে॥
যো, বা, উপ, প্রকরণ।

তদনস্তব আয়া অত্যর্থ নির্মান হইয়া উঠিলে ব্রহ্মই একমাত্রনিত্যবস্তু, তদতিরিক্ত সকলই অনিত্য ও অসার—এইরূপ নিশ্চয় বোধের উদয় হয়; এবং ইহারই নাম সত্তাপত্তি বাচতুর্থী জ্ঞানভূমি।

ভদনস্তর ক্রমে এই তত্বভাব দৃঢ়তা প্রাপ্ত হইলে বিষয়েতে অসংসর্গজনক যে সত্ব শুণ প্রাপ্তি হয় এবং তদ্ধার। যে চমৎকার ভাবের উদয় হয়, তাহাকেই অসংসক্তি নামে পঞ্চমী

আনভূমি জানিবে।

এতম্যতীত আর ছুইটা জ্ঞানভূমি আছে, অনাবগুক-ৰোধে এ ছলে উল্লেখ করিলাম না।

যাহার চিত্ত গমন-কালে স্থিতি-কালে জাগ্রত-অবস্থাতে এবং স্বপ্লাবস্থাতে সর্বাদা ব্রহ্মবিচারাস্ক্র না হয়, সেই ব্যক্তিকে পণ্ডিতেরা মৃত কছেন।*

বাঁহাদিগের মন যথার্থ চিন্তাশীল নহে, বাঁহারা তর তর করিয়া সকল বিষয় আপন মনের মধ্যে বিচার করিতে না পারেন, তাঁহাদিগের তাদৃশ ছর্বল হৃদয়ে কোন গভীর বিষয় কথনই দীর্ঘকালস্থায়ী হইতে পারে না। তাঁহাদিগের বিশ্বাসের দৃঢ়তা অতি সামান্ত আঘাতেই একেবারে নষ্ট হইয়া যায়। স্থতরাং সাধকের পক্ষে চিন্তাশীল হওয়া বিশেষ প্রয়োজনীয়।

বাঁহার মন যথার্থ চিন্তাশীল নহে, বিনি আপনার অন্তরে গভীর বিষয় সকল তর তর করিয়া বিচার করিতে পারেন না (অথবা করেন না) তিনি রাশি রাশি পুস্তক পাঠ করিলেও প্রকৃত তর্বজ্ঞান-লাতে বঞ্চিত থাকেন এবং অন্ত ব্যক্তি যদিও তাদৃশ উচ্চ শিক্ষা না পাইয়া থাকেন, কিন্তু যদি তাঁহার মন যথার্থ চিন্তাশীল হয়, এবং সত্যলাভের জন্ত পিপাত্ম হইয়া যদি তিনি আপনার অন্তরে নিজ অভিল্যিত বিষয়সকল সর্কাদা বিচার করিতে অভ্যাস করেন, তাহা হইলে নিশ্চয়ই তিনি উপন্ত অবসরে জ্ঞান লাভ করিয়া কৃতার্থ হইতে সক্ষম হন। পরমেশরের ইচ্ছাক্রমে ব্যাসময়ে হ্রভি সত্য সকল আপনা হইতে তাঁহার হৈদ্যে আসিয়া প্রকাশিত হইয়া থাকে। কারণ, একমাত্র কেবল এইরূপ ব্দ্ধবিচারের মধ্যেই প্রকৃত ব্দ্ধজ্ঞান অবস্থিতি করে, অন্তথা জ্ঞানলাত হয় না। ।

বিচারেংধ্যাত্মবিদ্যানাং জ্ঞানমঙ্গং বিছুরু ধাঃ। জ্ঞেয়ং ত্স্যান্তরেবান্তি মাধুর্য্যং প্রমো যথা॥ যো, বা, উপ, প্রকরণ

তরবোহপি হি জীবস্তি জীবস্তি মৃগপক্ষিণঃ।
 স জীবতি মনো যস্য মননেন হি জীবতি ॥

যো, বা.

বৃক্ষাদিও জীবন ধারণ করে, মুগপক্ষারাও জীবন ধারণ করে কিন্তু বে ব্যক্তির মন চিন্তানীল অর্থাৎ ব্রহ্ম-মননের দারা জীবিত, তিনিই যথার্থ জীবন ধারণ করেন।

া প্রকৃত ভক্তিযোগে যাঁহার। তত্বজ্ঞান লাভ কবেন, স্বাভাবিক নিয়ম অনুসারে উ,হা-দিগেরও হদয়ে যথাসময়ে ব্রহ্মবিচাব সাসিধা উপস্থিত হয়। ব্রহ্মবিদ্যা ব্রহ্মবিচারের অঙ্গস্বরূপ জানিবে এবং তাহার মধ্যে ভ্রেয় ব্রহ্ম অবস্থিতি করেন, যেমন হ্র্মমধ্যে মাধুর্য্যরস থাকে সেইরূপ।

অবিচারোহপরোক্ষন্য জ্ঞানন্য প্রতিবন্ধকঃ।

প, দ, ৯।৩১।

নিজ অস্তরে ব্রহ্মবিচার ব্যতিরেকে পরব্রহ্মের অপরোক্ষ জ্ঞান কথনই জয়েনা; কারণ বিচারের অভাবই অপরোক্ষ তত্ত্বজ্ঞানের প্রধান প্রতিব্রহ্মক।

> বিচারাজ্ঞায়তে বোধোঽনিজ্ঞা যং ন নিবর্ত্য়েৎ। স্বোৎপত্তিমাত্রাৎ সংসারে দহত্যখিলস্ত্যতাম্॥

> > প, म, २।१६।

বিচার হইতে যে জ্ঞান উৎপন্ন হয় তাহা একবার দৃঢ়তা প্রাপ্ত হইলে তদ্বিয়ে ইচ্ছা না থাকিলেও উহা কথনও নিবারিত হইবার নহে। ঐ জ্ঞান উৎপন্ন হইবামাত্র সমস্ত সাংসারিক অনিত্যবস্তবিষয়ক সত্য ভ্রমকে বিনাশ করিয়া থাকে।

> মনাগপি বিচারেণ চেতসঃ স্বস্য নিগ্রহঃ। মনাগপি ক্তো যেন তেনাপ্তং জন্মনঃ ফলম্॥

যো, বা, উপ, প্রকরণ।

বশিষ্ট কহিলেন, অল যথার্থ বিচার করিয়াও যে ব্যক্তি স্বকীয় চিত্তের কিঞ্চিৎ নিগ্রহ করেন, সেই ব্যক্তির জন্ম সফল হয়।

> বিচারকণিকা যৈষা হৃদি ক্ষুরতি পেলবা। এষৈবাভ্যাসযোগেন প্রয়াতি শৃতশাখতাম ॥

> > যে বা, উপ, প্রকরণ।

এই যে ব্ৰহ্মবিচার-কণিকা চিত্তে প্ৰকাশ হয় ইহা অভ্যাসযোগ দারা ক্রমে শতশাখাযুক্ত হইয়া উঠে।

অগৃহীতমহাপীঠং বিচারকুসুমদ্রমম্।
চিন্তাবাত্যা বিধুম্বন্তি ন স্থিরস্থিতিরু স্থিরম্
যো, বা, উপ, প্রকরণ।

আক্লতজট অর্থাৎ অবদ্ধমূল হইলেও দ্বির স্থানে স্থিত যে ব্রহ্ম বিস্থরপ বৃক্ষ তাহাকে চিস্তার্থ বায়ুসমূহে চালিত করিতে পারে না।

ষদ্যপি বিশেষরূপে নিজ অস্তরে বিচার না করিয়া কেবল মাত্র শাস্ত্রীয় উপদেশ বা বড় বড় লোকের মত জানিয়া কোন সত্যকে হৃদয়ে প্রতিষ্ঠিত করা যায়, তাহা হইলে পরীক্ষার সময় ঝড় আসিলে সে সত্য কথনই আর হৃদয়ে স্থান পায় না। অনেক লবুচিত্ত ব্যক্তিকে যে প্রতিদিন নৃতন নৃতন্মতের বশীভূত হইতে দেখা যায়, তাহার একমাত্র কারণ এই যে, তাঁহারা নিজ অন্তরে কোন গভীর বিষয়ের সম্যক্ চিন্তা করিতে অক্ষম।

অতএব যিনি পরব্রহার সাধনা দারা মুক্তিলাভের ইচ্ছা করেন, তিনি কোন শাস্ত্রকে, কোন বিশেষ ব্যক্তিকে, অথবা কোন বিশেষ সম্প্রদারের মতকে অল্রান্ত জ্ঞান করিয়া অন্ধবিশ্বাসী হইবেন না। সং যুক্তির সহিত্ত সকল বিষয়ের পুন্ধান্তপুন্ধান্ধপে বিচার করিলে যাহা সত্য বলিয়া বোধ হইবে তাহাই যত্নের সহিত গ্রহণ করিবেন। * এইরূপ প্রণালীতে শাস্ত্রহুতে সত্য নির্ন্ধাচন করাকে আজ কাল আমাদের দেশের অনেকেই শাস্ত্র-বিরুদ্ধ কার্য্য বলিয়া মনে করেন; কিন্তু বাস্তবিক তাহা নহে। শাস্তের উপদেশই এইরূপ। যথা—

অণুভ্যক মহদ্ভাক শাস্ত্রেভ্য: কুশলো নর:।
 সর্বভ: মারমাদদ্যাৎ পুপেভ্য ইব ষট্ পদ: ।

ভা, ১১ | ৮ | ১ । ।

ভূক ধেরপ সকল পুশাহইতে সার গ্রহণ করে, তদ্রপাধীর ব্যক্তি ক্ষুদ্র ও মহৎ সকল শাস্ত্রহতে সার গ্রহণ করিবেন।

বিশেষতঃ যদি পুরাকালহইতে সকলেই বিচার পরিত্যাগ করত অন্ধ বিখাদের বশীভূত হইয়া শাস্ত্র-উপদেশ-মাত্রেনই অনুগামী হইতেন, তাহাহইলে কবি ও মুনিদিগের মধ্যে প্রস্পরের মতের এত বিভিন্নতা ঘটত না। এ বিষয়ে ব্যাস বলিয়াছেন—

তকোঁহপ্রতিষ্ঠঃ শ্রুতয়ো বিভিন্নাঃ, নাসাব্যির্থস্য মতং ন ভিন্নন্।
ধর্মস্য তবং নিহিতং শুহায়াং মহাজনো বেন গতঃ স পস্থাঃ ঃ
ভাষাবক বলিয়াছেন—

নানামতং সহবীণাং সাধুনাং যোগিনাং তথা।
দৃষ্ট্ৰা নিৰ্কেদমাপন্নঃ কোন শাম্যতি মানবঃ ।

কেবলং শান্ত্রমাপ্রিত্য ন কর্তব্যা বিনির্ণয়ঃ।

বুক্তিংীনবিচারে তু ধর্মহানিঃ প্রজায়তে ॥

মনুসংহিতার ১২শ অধ্যায়ের ১১০ শোকের টীকার
টীকাকার কুলুকভট্টধৃত বুহম্পতির বচন।

কেবল মাত্র শাস্ত্রকে অবলম্বন করিয়া কর্ত্তব্য নির্ণয় করিবে না, যুক্তিকেও অবলম্বন করা চাই, কারণ যুক্তিহীন বিচারে ধর্ম নষ্ট হয়।

> যুক্তিযুক্তমুপাদেয়ং বচনং বালকাদপি। অন্যৎ ভূণমিব ত্যাজ্য-মপ্যুক্তং পদ্মজন্মনা।

> > त्यां, वां, मू, वं, श्रीकत्वा।

বালক যদ্যপি যুক্তিযুক্ত বাক্য কহে, তাহাও আদরপূর্ব্বক অবশ্য গ্রহণ করা উচিত; কিন্তু অযুক্তিকর কথা ব্রহ্মা কহিলেও তাহা ভূণের স্থায় ত্যাগ করা কর্ত্তব্য।

কিন্তু ব্রহ্মবিচার কর্ত্তব্য জানিয়া যেন কেহ কুতার্কিকতা অবলম্বন না করেন; কারণ তন্থারা বিন্দুমাত্র উপকার না হইয়া কেবল মাত্র অনিষ্ঠ-সংঘটনই হইয়া থাকে। শাস্ত্রকারগণও এ বিষয়ে আমাদিগকে বিশেষ সাবধান করিয়া গিরাছেন। সাধক আপনার হৃদয়ে আপনি বিচার করিবেন এবং যে বিষয়গুলি আপনি সিদ্ধান্ত করিতে না পারিবেন, অথবা যেগুলিতে তাঁহার সন্দেহ হইবেক, সেইগুলির মীমাংসা করণার্থ জ্ঞানী ব্যক্তির সহিত তিদ্বিয়ের আলোচনায় প্রবৃত্ত হইবেন নাত্র। বস্তুতঃ তর্কে প্রবৃত্ত হইবেন নাত্র

স্বানুভূতাববিশ্বাদে তর্কস্যাপ্যনবস্থিতে:।
কথং বা তার্কিকস্মন্যস্তত্ত্বনিশ্চয়মাপুরাৎ।
বুদ্ধ্যারোহায় তর্কশ্চেদপেক্ষ্যেত তথা সতি।
স্বানুভূত্যনুসারেণ তর্ক্যতাং মা কু তর্কতাম্।

भ, म, ७।२२-७०।

যদি স্বীয় অন্ত্ৰতে বিখাস না হয়, তবে কেবল তর্কদারা তার্কিকেরা কিপ্রকারে তত্ত্ব নিরূপণ করিতে পারিবেক। বে হেতু তর্কের সমাপ্তি নাই; অর্থাৎ এক ব্যক্তি তর্ক দারা একপ্রকার নিশ্চয় করে, তাহা হইতে বুজিমান্ অন্ত ব্যক্তি তাহা খণ্ডন করিয়া অন্তপ্রকার নিরূপণ করিতে পারে।

যদিও কেবল তর্ক দারা তত্ব নিশ্চয় না হউক, তথাপি বৃদ্ধিতে অমুভব ধারণা করিবার নিমিত্তে সস্তাবিত ুর্ক যদি অপেক্ষিত হয়, তবে স্বীয় অমুভব অমুসারে অমুগত তর্ক আলোচনা কর, কিন্তু কোন প্রকারে কুতর্ক আলোচনা করিও না; যে হেতু কুতর্ক দারা তত্বনিশ্চয় হওয়া দ্রে থাকুক, সমূহ অনিষ্ট সংসাধিত হয়।

এক্ষণে কতদিন পর্য্যন্ত বিচার করিবেক তাহারই সীমা লিথা যাইতেছে—
তাবদিচারয়েৎ প্রাজ্ঞো যাবদিশ্রান্তমান্সনি।
যো, বা, মু, ব. প্রকরণ।

বেপর্য্যস্ত ত্রন্ধেতে অবস্থিতি না হয়, ততদিনপর্য্যস্ত তাহার বিচার করিবেক।

সর্ব্বনংস্রমসংশাকৈত্য পরমার্থকলায় চ। ব্রহ্মবিশ্রান্তিপর্যক্তো বিচারোহস্ত তবান্য॥

যো, বা,।

সমুদয় প্রাক্তিশান্তি এবং পরমার্থফললাভ নিমিত্ত, যেপর্য্যন্ত ব্রহ্মেতে চিত্ত-বিশ্রাম না হয়, তাবৎপর্যন্ত ভোমার ব্রহ্মবিচার স্থিত হউক।

> পরোক্ষা চাপরোক্ষেতি বিদ্যা দ্বেধা বিচারজা। তত্রাপরোক্ষবিদ্যাপ্তো বিচারোহয়ং সমাপ্যতে॥

> > প, দ, চিত্রদীপ, ১৫ শ্লোক।

বিচার দারা পরমাত্মবিষয়ক ছ্ইপ্রাকার জ্ঞান উৎপন্ন হয়, অর্থাৎ পরোক্ষ জ্ঞান ও অপরোক্ষ জ্ঞান; তাহার মধ্যে পরোক্ষ জ্ঞান হইলেও যতদিন পর্য্যন্ত অপরোক্ষ জ্ঞান না হইবে ততকাল পর্য্যন্ত বিচার করিবেক, পশ্চাৎ অপরোক্ষ জ্ঞান হইলে স্কুতরাং বিচারের সমাপ্তি হইবে।

> বিচারয়ন্নামরণং নৈবাত্মানং লভেড চেৎ। জ্মান্তরে লভেতৈৰ প্রতিবন্ধক্ষয়ে দতি

> > 9, F, 31001

যদি মরণ পর্যাস্ত বিচার করিয়াও আত্মলাভ না হয়, তথাপি তাহা নির্থক হইবার নহে। কারণ এ জীবনে লাভ না হইলে পরজীবনেও তাহা সম্পন্ন হয়।

তত্ত্তান লাভ হইলে আর বেদাদি শান্ত অধ্যয়নের কিছুমাত্র প্রয়োজন থাকে না।

গ্রন্থ বিষয়ে বিষয়ে বিজ্ঞানত পের:। প্রালমিব ধান্যার্থী ত্যক্ষেৎ গ্রন্থ মধ্যতঃ॥

উত্তর গীতা।

বেপ্রকার ধান্যার্থী ব্যক্তি পলাল মর্দ্দনপূর্বক ধান্য গ্রহণ করিয়া ভ্ণসমূহকে দ্রে নিক্ষেপ করে, তদ্ধপ বৃদ্ধিমান্ ব্যক্তি শাস্ত্রাভ্যাস করিয়া জ্ঞান ও বিজ্ঞানে তৎপর হওত পরিশেষে গ্রন্থসমূহকে একবারে পরিত্যাগ করিবেন।

যথামূতেন তৃপ্তদ্য প্রদা কিং প্রয়োজনম্। এবং তৎ প্রমং জ্ঞাত্বা বেদে নান্তি প্রয়োজনম্॥

উ, গী,

ষেরপ অমৃতপানে পরিতৃপ্ত ব্যক্তির হথে প্রয়োজন নাই, তজপ যিনি পর-ব্রহ্মকে জ্ঞাত হইয়া আনন্দামৃতপানে পরিতৃপ্ত হইয়াছেন বেদাদিশাল্লে তাঁহার কোন প্রয়োজন নাই।

> বিজ্ঞায়াক্ষরসন্মাত্রং জীবিতঞাপি চঞ্চম। বিহায় সর্কশাস্ত্রাণি যৎ সত্যং তদুপাস্যতাম্।

> > উ, গী,।

জীবনকে অতিশয় চঞ্চল জানিয়া সেই সন্মাত্র অবিনাশী আত্মাকে জ্ঞাত হও 🎝 এবং সমুদয় শাস্ত্র-পাঠ পরিত্যাগপূর্ব্বক সত্য বস্তুর উপাসনা কর।

ন ক্তেনাক্তেনার্থোন শুতিস্বতিবিজ্ঞ । নির্মন্দর্ইবাস্তোধিঃ স তিষ্ঠতি যথাস্থিতি ॥

(गा, गा, मू, व, প्रकत्र।

সেই জ্ঞানীর কর্মাকরণে প্রয়োজন নাই, এবং তাহা না করিলে হানিও নাই; আর সমুদ্র যেমন মন্দরশৃগু হইলে শাস্ত হয়, সেইরূপ কোন কর্মাদিতে প্রয়োজন না থাকাতে তিনিও স্বয়ং শাস্ত হইয়া যথার্থ স্বরূপে স্থিত হন, শ্রুতিস্থৃতিরূপ মিথা। ভ্রান্তিতেও আর তাঁহার আবশ্যুক থাকে না।

> মথিত্বা চতুরো বেদান্ সর্কশাস্ত্রাণি চৈব হি। সারম্ভ যোগিনঃ পীতাস্তক্রং পিবস্তি পণ্ডিতাঃ॥

> > জ্ঞা, স, তন্ত্র।

চারি বেদ ও সর্কশান্ত মন্থন করিয়া যোগিগণ নবনীতস্বরূপ সারভাগ পান করিয়াছেন এবং তাহার অসার ভাগ যে তক্র (ঘোল) তাহাই পণ্ডিত সকলে পান করিতেছেন।

> আগমোথং বিবেকোথং দিধা জ্ঞানং প্রচক্ষতে। শব্দবক্ষাগমময়ং পরং ব্রহ্ম বিবেকজ্ঞস্॥

> > কুলার্থব তর।

মন্থ্যমাত্রেরই ছইপ্রকার জ্ঞান লাভ হইয়া থাকে, এক প্রকার জ্ঞান বেদাদি শাস্ত্র অধ্যয়ন দারা লাভ হয়, তাহাকে শদ্রেন্ধবিষয়ক জ্ঞান কহে, এবং আপনার বিবেক হইতে যে অন্তপ্রকার জ্ঞান উৎপন্ন হইয়া থাকে সেই বিবেক হইতে উথিত জ্ঞানকেই পরব্রন্ধবিষয়ক জ্ঞান কহে। স্ক্রয়াং পরব্রন্ধবিষয়ক জ্ঞান লাভ হইলে শন্ত্রন্ধজ্ঞানে প্রয়োজন থাকে না।

যথামূতেন ত্পুল্য নাহারেণ প্রয়োজনম্। তত্তক্য মহেশানি ন শাস্তেণ প্রয়োজনম্

কুলার্থব তন্ত্র।

অমৃত দারা পরিতৃপ্ত ব্যক্তির ধেরূপ অন্ত আহার প্রয়োজনীয় হয় না, তত্ত্ত্ত ব্যক্তির সেইপ্রকার শাস্ত্রাধ্যয়নাদিতে প্রয়োজন থাকে না।

তাবতপোত্রতং তীর্থং জপহোমার্চনাদিকম্। বেদশাস্ত্রাগমকথা যাবভত্তং ন বিন্দতি॥

কুলার্ণব তম্র।

ষদবধি মহুষ্যগণ প্রমেশ্বরের প্রকৃত তত্ত্ব অবগত হইতে না পারে (অর্থাৎ যে পর্যাস্ত তাঁহাকে অপরোক্ষরূপে জানিতে না পারে), তদবধি তাহারা তপ, ব্রত, তীর্থদর্শন, জপ, হোম, কলিত দেবাদির অর্চনা, ও বেদাদি শাস্ত্র কথা লইয়া সময় যাপন করে। কিন্তু প্রকৃত তত্ত্ব অবগত হইতে পারিলে এ সকলে আর প্রসূত্র হয় না।

জ্ঞান প্রথমতঃ অজ্ঞানকে বিনাশ করে, শেষ আপনিও বিনফী হয়।

অজ্ঞানকলুষং জীবং জ্ঞানাভ্যানাদ্বিনির্ম্মলম্। কৃষাজ্ঞানং স্বয়ং নশ্যেজ্জলং কতকরেণ্বং॥

আত্ম-বোধ।

বে প্রকার নির্মালীবীজের রেণু মলিন জলের মালিন্য সম্দায় বিনষ্ট করিয়া পশ্চাৎ আপনিও বিনাশ প্রাপ্ত হয়, তদ্ধপ অজ্ঞানকলুষতাকে বিনাশ করিয়া জ্ঞানরূপা বিদ্যাও স্বয়ং বিনষ্ট হইয়া থাকে।

য এব যত্ন: ক্রিয়তে বাহ্যার্থোপার্জনে জনৈ:।

স এব যত্ন: কর্ভব্য: পূর্বং প্রজাবির্দ্ধয়ে॥

সীমান্তং সর্বত্ব:খানামাপদাং কোষমুভ্তমম্।
বীজং সংসার-রক্ষাণাং প্রজামাদ্যাং বিনাশয়েৎ॥

যো, বা, উপ, প্রকরণ।

বাহুধনাদি উপার্জনে লোক যেরপ যত্ন করে, স্বেইরূপ যত্ন বৃদ্ধিবৃদ্ধির নিমিত্ত অগ্রে কর্ত্তব্য। সকল ছঃথের দীমাস্থান ও আপদের উত্তম ভাগুার এবং সংসার বৃক্ষের বীজস্বরূপ যে আদিম প্রজ্ঞা তাহাকে পশ্চাৎ নাশ করিবেক।

> আচার্য্যঃ প্লবিতা তদ্য জ্ঞানং প্লব ইহোচ্যতে। বিজ্ঞায় ক্লতক্ত্যস্ত তীর্ণস্তত্মত্বং ত্যক্তেৎ॥

> > ম, ভা, মো, ধ, ১৬২।২৩।

জনক কহিলেন, হে শুক! পণ্ডিতেরা আচার্য্যকে সংসার-সাগরের কর্ণধার এবং জ্ঞানকে প্রবন্ধরূপ বলিয়া নির্দেশ করিয়া থাকেন, কিন্তু জ্ঞানলাভ-পূর্ব্বক সংসার-সাগর উত্তীর্ণ হইতে পারিলে পরিশেষে জ্ঞান ও গুরু উভয়-কেই পরিত্যাগ করা কর্ত্তব্য। *

> উন্ধাহন্তো যথা কশ্চিদ্দ্রব্যমালোক্য তাং ত্যঙ্গেৎ। জ্ঞানেন জ্ঞোমালোক্য জ্ঞানং পশ্চাৎ পরিত্যজেৎ॥

> > উত্তরগীতা।

যে প্রকার অন্ধকার-রজনীতে কোন দ্রব্য অন্নেষণার্থ মন্থ্য উন্ধা গ্রহণপূর্ব্বক সেই দ্রব্য দর্শন করিয়া পশ্চাৎ মহোপকারক সেই উন্ধাকে পরিত্যাগ করে, তদ্ধপ অবিদ্যা-অন্ধকারাত্বত পরমার্থদিদৃক্ষু ব্যক্তি জ্ঞানরূপ উন্ধান্ধার দর্শন করিয়া পশ্চাৎ জ্ঞানকেও পরিত্যাগ করিবেন।

নাবাধী হি ভবেৎ তাবৎ যাবৎ পারং ন গছe তি।
 উত্তীর্বে তু সরিংপাবে নাব। ব। কিং প্রয়োজনম।
 উত্তর গীতা।

ষে পর্যান্ত নদীর পার প্রাপ্ত হওয়া না যায় তদবধিই নৌকার প্রয়োজন হয়, এবং নদীর পর পারে উত্তীর্ণ হইলে যেরূপ আর নৌকার প্রয়োজন থাকে না, সেই প্রকার জ্ঞেয় ব্রহ্মকে সমাক লাভ করিতে পারিলে আব জ্ঞানসাধনাদিতে প্রয়োজন থাকে না।

म्वित्रि नात्रम छक्त्पन्तरक এইक्रि উপদেশ पिয়ाছित्नन ;─

"অতএব তুমি মোহবিহীন হইয়া প্রথমতঃ জ্ঞানবলে ধর্ম, অধর্ম এবং সত্য ও মিথ্যা পরিত্যাগ করিয়া পশ্চাৎ জ্ঞানকেও পরিত্যাগ কর। এই আমি তোনার নিকট পরম গৃছ বিষয় কীর্ত্তন করিলাম। দেবগণ এই উপায় অবলম্বন করিয়া মর্ত্যলোক পরিত্যাগ করিয়া ম্বর্গলোক লাভ করিয়াছেন।"

যো বিদ্যাশ্রুতসম্পন্ন আত্মবান্নানুমানিকঃ। মানামাত্রমিদং জাত্বা জ্ঞানং চ ময়ি সংন্যাসেৎ॥

শীক্ষণ কহিলেন, হে উদ্ধব! বিনি অন্তব পর্যান্ত শাস্ত্র-সম্পন্ন, (অতএব) আত্মতত্ব প্রাপ্ত হইয়াছেন, কেবল পরোক্ষজানশালী নহেন, সেই বিদ্বান্ ব্যক্তি এই সমুদ্র ব্রক্ষাণ্ডকে প্রমেশ্বরের স্ষ্টিশক্তির প্রতিবিদ্বস্থর সাত্র জানিয়া জ্ঞানকে ও জ্ঞানের সাধনকে আমাতে সমর্পণ করিবেন।

ন্ধ্যঙ্নিয়ম্য যতয়ে। যমকর্ত্হেতিং।
জহাঃ স্বাড়িব নিপানখনিত্রমিক্রঃ॥

ভা, ২। ৭।৪৮।

বন্ধা কহিলেন, হে নারদ! বেরূপ দরিত্র কুপথনক কোনরূপে সমৃদ্ধিশালী হইমা উঠিলে থননসাবন থনিত্র (থোন্তা) অগ্রাহ্ম করিয়া পরিত্যাগ করে, সেইরূপ যত্নশীল উপাসকেরা মনকে নিশ্চয়রূপে পরমেশ্বরে ধারণ করিতে পারিলে জ্ঞানসাধনাদি পরিত্যাগ কবিয়া থাকেন। অর্থাৎ ভগবানে মনকে সংযত করিয়া ক্রতার্থ হইতে পারিলে মনুষ্যদিগের আর কোন কার্যাই থাকেনা। *

* প্রসিদ্ধ প্রেমিক কবি হাফেজ বলিয়াছেন—

"ওছে, তুমি যে বৃদ্ধির পুস্তকে প্রেমের বচন শিক্ষা করিতেছ, আমি আশহা করি তুমি কৃক্ষা কথার মর্ম্ম বৃথিতে পারিবে না। * * * * প্রেমশৃদ্ধল জ্ঞানিগণের হত্তে সমর্পিত হয় নাই, যদি স্থাকে চাও, জ্ঞান পরিত্যাগ কর।"

> স্থাসিদ্ধ কবি খাজ। হাফেজের প্রবচনাবলী "দেওয়ান হাফেজ" নামক মূল পারসাঞ্জ হইতে অনুবাদিত।

বাকাসংখ্যনের আবশ্যকতা নামক প্রস্তাবের টীপ্রনীতে মন ও বুদ্ধির বিষয়ে বাহ-ৰলা হইয়াছে হাহ। পঠ করিতে হইবে।

পরমেশুর সাধকের পক্ষে অতীব স্থলভ।

নায়মালা প্রবিচনেন লভ্যোন মেধয়ান বহুনা শ্রুতে ন ।

যমেবৈষ র্ণুতে তেন লভ্যস্ত ন্যৈষ আলা র্ণুতে তনুং স্বাম্॥

মু, উপ, ৩য় ম্ওক, ২য়, ২৩ ।

কঠ, উপ, ২য় বলী।

বহু বাক্য আড়ম্বর দারা, বা মেধা দারা, অথবা অনেক শ্রবণ দারা এই আত্মা লব্ধ হন না, যে সাধক ইহাঁকে প্রার্থনা করেন তিনিই ইহাঁকে লাভ করেন, তাঁহারই নিকট ইনি স্বীয় মূর্ত্তি প্রকাশ করেন।

যে সাধক পরমেশ্বরকে লাভ করিতে ইচ্ছা করেন, পরমেশ্বরের জফ্র তাঁহাকে ব্যাকুল হইতে হয়। প্রাণের ব্যাকুলতা ব্যতীত পরমদেবকৈ অন্য কিছুতেই লাভ করা যায় না। কি প্রাচীন কালে, কি বর্তুমান কালে, যথার্থ দিশ্বরলাভের লালসা যাঁহাদের হৃদয়ে স্থায়িরপে জনিয়াছে, পরমেশ্বরকে পাইবার জন্য যাঁহাদের প্রাণ যথার্থ ব্যাকুল হইয়াছে, 'যদি ব্রহ্মলাভ নাঃ ঘটিল তবে এ বৃথা জীবনে কি প্রয়োজন' ইহা ভাবিয়া যাঁহারা শোকে অশ্রু বিসর্জন করিতে পারিয়াছেন, এবং প্রাণেশ্বরের বিরহে যাঁহাদের সমস্ত জগৎকে শ্ন্যময় বোধ হইয়াছে, (অধিক কি স্ত্রী, পুত্র,ধন * রাজ্য বন্ধু বান্ধক কিছুতেই যাঁহাদের হৃদয়ের সে অভাব পূরণ করিতে না পারিয়াছে), তাঁহারা প্রত্যেকেই পরমেশ্বরকে চিরদিনের জন্য লাভ করিয়া অনন্ত আনন্দের ভাগী হইতে পারিয়াছেন। এপ্রকার সাধকের পক্ষে পরমেশ্বর অতীব সহজ্ব লভ্য হন।

> স্থলভশ্চায়মত্যন্তং স্থক্তেয়শ্চাত্মবন্ধুবং। শরীরপদ্মকুহরে দর্মধামেব ষট্পদঃ॥

> > যো, বা, উপ, প্রকরণ।

ধা হস্তাজান্দারহতান্ হয়জাজাং ছদিস্পৃশঃ।
 জংহৌ যুবৈব মলবছ্জমঞােকলালয়ঃ॥ ভা, ৽। ১৪। ৪২।

ভগবান্ বশিষ্ঠ কহিয়াছেন, সকলের শরীররূপ-পদ্ম মধ্যে ভ্রমরম্বরূপে স্থিত এই পরাৎপর পরমেশ্বর নিতাস্ত সহজলভ্য; এবং পিতা মাতা ও বন্ধু প্রভৃতি পরমাশ্বীয়গণের ন্যায় স্বজ্ঞেয় হন।

> নিত্যাভ্যসনশীলন্য স্বয়ংবেদ্যং হি তদ্ভবেং। তৎ সুক্ষবাদনির্দেশ্যং পরং ব্রহ্ম সনাতনম্॥

> > मक्क १। २७।

সেই সনাতন পরব্রহ্ম ইন্দ্রিয়াতীত বস্তু, এ নিমিন্ত নির্দেশের বহির্ভূত। কিন্তু নিত্য অভ্যাসশীল * ব্যক্তির সম্বন্ধে তিনি স্বয়ংবেদ্য অর্থাৎ আপনিই অমুভূত হন।

> অনন্যচেতাঃ সততং যো মাং শ্বরতি নিত্যশঃ। তদ্যাহং সুলভঃ পার্থ নিত্যযুক্তদ্য যোগিনঃ॥

> > গীতা, ৮ম অধ্যায়।

ছে পার্থ, অন্ত চিন্তা পরিত্যাগপূর্বক যে ব্যক্তি সর্বক্ষণ আমাকে (অর্থাৎ পরমেশ্বরকে) শ্বরণ করে, আমি (অর্থাৎ পরমেশ্বর) তাহার অনারাদে শত্য হই।

অনন্যদ্রষ্ঠা ভজতাং গুহাশয়ঃ স্বয়ং বিধত্তে স্বগতিং পরঃ পরামু॥

छो, ७। ১७। ८৮।

যে ব্যক্তি অন্ত কোন দিকে দৃষ্টি না রাথিয়া একমনে কেবল ভগবানের ভঙ্গনায় প্রবৃত্ত হন, হৃদয়শায়ী ভগবান্ আপনিই তাঁহাকে নিজ পদ প্রদান করেন।

এতদেকপরত্বশ্বন্ধাত্যাসং বিছর্ক্র্ধাঃ॥ প, দ, ৭। ১০৫।

সত্যবন্ধপ ব্ৰহ্মের চিন্তা করা, তিৰিষয়ক বাক্য আলোচনা করা, বিচার দারা পরস্পর ভাহা বোধগম্য করা এবং ভাঁহার উপাসনায় সর্বাদা তৎপর হওয়া, এই কয়েকটা বিষয়ের নিত্য অসুষ্ঠান করাকে পশ্তিতেরা বন্ধবিষয়ক অভ্যাস কহিয়া থাকেন।

^{*} जिल्लानः जरकथनमत्नानाः जरशासनम्।

যতোবাচো নিবর্জস্তে অপ্রাপ্য মনসা সহ। সাধনাদ্যলং জানং স্বয়ং ক্রুরতি তদ্ধ্বম্॥

मि, मः ८। ১৮०।

যে জ্ঞানস্বরূপ পরমাত্মাকে প্রাপ্ত হইতে না পারিয়া মনের সহিত বাক্য প্রতিনিবৃত্ত হয়, সেই বিশ্বগুরু পরমেশ্বর সাধকের নিকট স্বয়ং প্রকাশিত হন।

> জ্ঞাত্জানজ্য়েভেদঃ পরাত্মনি ন বিদ্যুতে। চিদানন্দ্ররূপত্বাদীপ্যতে স্বয়ুমেব হি॥

> > আ, বো,

যদিও পরমান্মাতে জ্ঞাতা জ্ঞান ও জ্ঞের এতজপ প্রভেদ না থাকাতে মনেরদারা কেহ তাঁহাকে জানিতে সক্ষম হন না, তথাচ জ্ঞানানদম্বরূপত্ব হেতু তিনি স্বয়ং ভজ্ঞের নিকট প্রকাশিত হন।

> সদা নর্কাতোহপ্যাত্মা ন সর্ক্তাবভাসতে। বুদ্ধাবেবাবভাসেত স্বচ্ছেরু প্রতিবিশ্ববৎ॥

> > আ, বো,

যে প্রকার স্থ্যাদির প্রতিবিশ্ব কোন মলিন বস্তুতে প্রাকাশিত না হইয়া কেবল জলাদি স্বচ্ছ বস্তুতেই প্রকাশিত হয়, সেইরূপ সর্ব্বগত প্রমান্মা মানবের চক্ষুরাদি ইন্দ্রিয়গণের নিকট প্রকাশিত না হইয়া কেবল মাত্র বৃদ্ধি অর্থাৎ জ্ঞান-চক্ষুতেই প্রতিভাসমান হন। *

^{*} এই পৃথিবীতে এরূপ অজ্ঞান ব্যক্তি অনেক আছেন, বাঁহারা ইন্দ্রিয়াতীত প্রমেখরকে চর্মাচক্ষের বিষয়ীভূত করিতে ইচ্ছা করেন; এবং বাহ্নবন্ধর ভাগে সেই অতীক্রিয়
ব্রহ্ম পদার্থকে দর্শনেক্রিয়ের আয়ন্তীভূত করিতে না পারায় ওাঁহারা ব্রহ্মদর্শন কথাটিতে
সম্পূর্ণরূপে অবিষাস করিয়া থাকেন, অবিক কি ওাঁহাদের মধ্যে কেহ কেহ ব্রহ্মদর্শনকে
মনের ধোঁকা বলিয়া উপহাস করিতেও ক্রটি করেন না। বাহা হউক, চফে দেখা গেল
না বা তর্কে পাওয়া গেল না বলিয়া বাঁহারা ব্রহ্মদর্শন কথাটীকে মিথ্যা বলেন বা ব্রহ্মসন্ধা অন্ধীকার করেন, ওাঁহারা নিভান্ত ভাল্ত। কারণ, এ জগতে এরূপ অনেক বন্ধ
আছে যাহা চক্ষ্মারা দেখা যায় না, কিন্তু ভিন্ন ভিন্ন উপায়ে জানা যায়। সামবেদীয় ছান্দোগ্য
উপনিষ্বদের ঘঠপ্রপাঠকে এ বিষয়ের একটা স্ক্রের বার আছে।

সর্কাবস্থিতং শাস্তং ন প্রপশ্যেজ্জনার্দন্য। জ্ঞানচকুর্বিহীনত্বাদশ্বঃ সূর্য্যমিবোদিত্ম্॥

উ, গী

বেমন সুর্য্যোদয় হইলেও অন্ধ ব্যক্তি দিবাকরকে দেখিতে পায় না, তজপ জ্ঞানচক্র্বিহীনত্ব হেতু অজ্ঞানাদ্ধ জীব সমূহ সর্বত্র পরিব্যাপী প্রশাস্ত জনা-দিনকে দর্শন করিতে সক্ষম হয় না।

যথন উদ্ধালক ঋষি নিজপুত্র খেতকেতুকে ব্রক্ষজ্ঞানবিষয়ক উপদেশ প্রদান করিতেছিলেন, খেতকেতু বালকত্প্রযুক্ত প্রথমতঃ সেই উপদেশের মহান্তাব হৃদয়ে ধারণ করিতে পারেন নাই। উদ্ধালক তদ্ধনে লোকিক দৃষ্টান্ত অবলম্বন করিয়া পুনঃ পুনঃ উপদেশ দিতে আরম্ভ করিলেন। উদ্ধালক কহিলেন, খেতকেতে। স্মুখন্থ ই ন্যপ্রোধ বৃক্ষ হইতে একটী ফল আনয়ন কর। খেতকেতু বৃক্ষ হইতে ফল আনিলে উদ্ধালক তাহাকে ভাপিতে বলিলেন। খেতকেতু ফলটী ভাঙ্গিলেন। উদ্ধালক জিজ্ঞাসা করিলেন, 'ভিহার মধ্যে কিদেখিতে পাও ?'' খেতকেতু কহিলেন, ''কুল্ল কুল্ল বীজ সকল দেখিতেছি। উদ্ধালক পুনশ্চ কহিলেন, ''ইহারও একটী ভাঙ্গা' খেতকেতু পুনশ্চ ভাঙ্গিলেন। উদ্ধালক আবার জিজ্ঞাসা করিলেন, ''ইহারও একটী ভাঙ্গা' খেতকেতু পুনশ্চ ভাঙ্গিলেন। উদ্ধালক আবার জিজ্ঞাসা করিলেন, ''ই বীজের মধ্যে কিদেখিতে পাও ?'' খেতকেতু ই বীজের মধ্যে অল্ল কিছু না দেখিয়া কহিলেন "কিছু না ৷'' উদ্ধালক কহিলেন ''কিছু না নয়—আছে, সমুগস্থ ই ন্যপ্রোধ বৃক্ষের সদৃশ আর একটী বৃক্ষ উহার মধ্যে আছে, তুমি দেখিতে পাইতেছ না ৷ তুমি যাহাকে বীজ বলিতেছ, কালে উহাই বৃহত্তম বৃক্ষের আকার ধারণ করিয়া প্রকাশ পাইবে। এখন তাহা কারণভাবে আছে।' খেতকেতু বালক, স্তরাং ইহা তিনি হৃদয়ে ধারণ করিছেত পারিলেন না।

পরে আর এক দিন উদ্দালক একথও সৈদ্ধব লবণ লইয়া বলিলেন, "বংস! এই লবণথপ্ত জলপূর্ব পাত্রে নিক্ষেপ করিয়া রাখ, কল্য প্রাতে আমার নিকট লইয়া আইস।"
বেতকেতু তাহাই করিলেন। উদ্দালক অনুমতি করিলেন "জল হইতে লবণথপ্ত আহরণ কর"। যেতকেতু দেখিলেন জলে লবণথপ্ত নাই, মৃতরাং কহিলেন, "লবণথপ্ত জলমধ্যে নাই।" উদালক কহিলেন, "আছে; তুমি দেখিতে পাইতেছ না।" যেতকেতু কহিলেন "যদি থাকিত, তবে অবস্তুই দেখিতে পাইতাম।" উদ্দালক কহিলেন, "এই জগতে
অনেক বস্তুই চকুছারা দেখা যায় না, কিন্তু তাহা তিন্ন তিন্ন উপায়ে জানা যায়। তুমি
ঐ জলে আচমন কর, লবণ আছে কি না, জিহ্বা ছারা ব্রিতে পারিবে।" খেতকেতু
আচমন করিলেন, তথন ব্রিতে পারিলেন যে "লবণ আছে।" অতএব নিরাকার পরমেশ্র চকুরাদি ইন্দ্রিয়ণণের বিষয়ীভূত নহেন বটে, কিন্তু সাধন করিলে আপনা হইতে
ভিনি আমাদিগের আস্থাতে অমুভূত হইয়া থাকেন।

ব্যা নিপ্রাদ সেন ব্যাছেন,-প্রাদ কলে ব্রহ্মনিরপণের কথা দেঁতোর হাসি।
আমার ব্রহ্মময়ী সর্ক্ ঘটে, পদে গঙ্গা গ্যা কাশী॥

প্র, প্র, ৬৯।

শ্বেলো অর্থাৎ বহির্দম্ভ বা গজদম্ভবিশিষ্ট ব্যক্তি। দেখো বাক্তি না হাসিলেও যেমন দম্ভ স্বতঃই প্রকাশিত থাকে, ঠিক সেইরূপ মন্ত্র্য ব্রন্ধনিরপণ কর্মক আর নাই করুক, করিতে পাকক আর নাই পারুক, তিনি (ব্রন্ধ) স্বতঃ প্রকাশিত বহিয়াছেন। নাহারা অন্ধ অর্থাৎ যাহাদের জ্ঞানচক্ষ্ এগনও প্রক্ষুটিত হয় নাই, তাহারাই তাঁহাকে দর্শন করিতে পাবে না; নতুন। জ্ঞানী নাত্রেই তাঁহাকে স্কলা স্ক্র দর্শন করিতে সম্প্রহন।

যত্র যত্র মনো যাতি তত্র তত্র পরং পদম্। তত্র তত্র পরং ব্রহ্ম সক্র সমবস্থিত ম্॥ উ, গী,

জীর্ম্ব কভিলেন, তত্মজ্ঞানী পুরুষ যে যে বস্তুতে মনোনিবেশ কবেন, সেই সেই বস্তুতেই প্রমাত্মাকে দর্শন কবিয়া থাকেন, যে তেত্ন প্রমাত্মা সর্পত্র পূর্ণকপে বিলাজিত আছেন।

> স্বয়ংবেদ্যঞ্চ তদ্বন্ধ কুমারী মৈগুনং যথা। অযোগী নৈব জানাতি জাত্যক্ষোহি যথা ঘটন্॥

> > ज्ञु १ I २ द I

পরব্রদ্ধ কুমারী স্ত্রীর মৈথ্নস্থথের ন্যায় স্বসংবেদ্য অর্থাৎ সাধক কেবল আপনিই তাঁহাকে জানিতে পারেন, অভ্যকে বৃদাইতে পারেন না। এবং জন্মান্ধ ব্যক্তি যেমন ঘট কি তাহা জানে না, সেইন্ধপ অংগার্থা ব্যক্তি সহস্র উপদেশ প্রাপ্ত হুইলেও তাঁহাকে জানিতে পারে না। †

* পারস্দেশীয় সাধক ও কবি খাজা হাফেজ বলিয়াছেন—

''স্থার রূপের উপর কোনরূপ আবরণ ও অবস্তঠন নাই। তুমি পথেব ধ্লি নিসুত্ত ক্র, তাহা হইলেই দশন করিতে পারিবে।''

া যে ব্যক্তি কথনও নিষ্ট্ৰম আস্বাদন কৰে নাই তাহাকে বেমন কেছ নিষ্ট্ৰম কিৰূপ ইচা কোনকাপ উপদেশ দাবাই বুঝাইতে পাবেন না এবং নিষ্ট্ৰম আস্বাদন ক্ৰান ব্যুতীত প্রহলাদ তাঁথার সদস্যগণকে বলিয়াছিলেন, কেবলানুভবানন্দ্রপ্রপঃ প্রমেশ্রঃ ব

ভা, १। ७। २०।

কেবল মান অভভবানকই প্রমেশ্বের রূপ।

মনের মধ্যে বিন্তুমাত্র অপরচিন্তা (কামনা) থাকিলে ব্রহ্মলাভ ঘটে না।

মাবৎ সর্কং ন সংভ্যক্তং তাবদান্ত্রা ন লভ্যতে। সর্ক্যবস্তুপরিভ্যাগে শেষ আছেতি কথ্যতে॥

যাবং পর্যান্ত সকল বস্তু ত্যাগ না হয়, তাবং পর্যান্ত আত্মপ্রাপ্তি হয় না। সকল বস্তু পরিত্যাগ হইলে শেষে বে বস্তু থাকে তাহাকেই আত্মা কছে।

> যাবদন্যং ন সংভ্যক্তং ভাবৎ সামান্যমেব হি। বস্তু নাস্বাদ্যতে সাধো প্রাত্মলাভে তু কা কণা॥

সাধক যাবং সকল বস্তু ত্যাগ না করেন, তাবং সামান্য অস্বাদনই হয় না, ইহাতে আত্মলাভের কথা কি ? অর্থাৎ তাহা স্কুদুরপরাহত।

> আ।ত্মাবলোকনার্থন্ত তম্মাৎ সর্কং পরিত্যজ্জেৎ। সর্ক্রং কিঞ্চিৎ পরিত্যজ্য যৎ শেষং তৎ পরং পদম্॥ যো, বা, উপপ্রকরণ।

অতএব আত্মার অবলোকন নিমিত্ত সাধক অন্য সকল বস্তু পরিত্যাগ করিবেন। সকল বস্তু ত্যাগ করিলে শেষ যে কিঞ্চিৎ বস্তু থাকিবে সেই পরম পদ আত্মা।

যেমন তাহাকে মিষ্টরস বুঝাইবার আর দিতীয় উপায় নাই, সেইরূপ ব্রক্ষজ্ঞবাক্তি এজান বাক্তিকে ব্রহ্মানন্দ আখাদন না ক্যাইতে পারিলে কেবল বাক্য দ্বা তাহাকে প্রদেশ দর্শন-বিষয় কোন্সতেই বুঝাইতে পারেন না।

কামাদয়ো বিলীয়ন্তে জ্ঞানাদেব ন ঢান্যথা। অভাবে স্কৃতিভানাং মম তত্ত্ব প্রকাশতে॥

भि, मः, २। ७४।

প্রকৃত জ্ঞানের উদয় হইলে কামাদি সমস্ত অভিল্যিত বিষয় লয়প্রাপ্ত হয়;
এবং যথন সম্যক্ প্রকারে অন্যান্য বিষয়তত্ত্বের অভাব হয়, তথনই সাধকের
আগ্রাতে আমার সেই পর্ম তত্ত্ব প্রকাশ পায়।*

অর্জ্রয়িবানির্থান্ ভোগানাপ্নে। তি পুষ্কলান্। নহি নর্মপরিভ্যাগমন্তরেণ মুখী ভবেৎ॥

অ, मः, ১৮।२।

(স্ত্রী পুত্র গৃহ উদ্যান প্রভৃতি লাভ করিয়া) মশেষ অর্থ উপার্জ্জন পূর্পাক সংসাবী মানবগণ বিবিধ বিষয় ভোগ করিতে পাকেন; কিন্তু সমৃদায় পরি-ত্যাগ ব্যক্তিরেকে কেইই স্থানী ইতৈ পাবেন না।

যদৈতোন্ প্রাথ সকলি ্যশ্ত তান্কেবলাং ভ্যক্তে। প্রাথ সকলি মানাং পরিত্যাগো বিশিষ্তে॥

মতু > য় অধ্যায়।

যে বাজি সমূদর বিষয় লাভ করে ও যে বাজি সমূদ্য বিষয়বাসনা পরি-ত্যাগ কৰে. এই হুয়েব মধ্যে বিষয়বাসনাথিহীৰ ব্যক্তিই প্রেঠ হন।

প্রজাতি বদা কামান্ স্কান্ পার্থ মনোগতান্।
 আক্রনোবার্না তুইঃ হিত প্রজন্দোনেত।
 গী,

হে পার্থ, যথন মনোগত সকল কামন। দ্ব হর এবং আন্ধাতেই পরম সভোষ জলো, তথনই সাধকের সেই বুদ্ধিকে প্রকৃত প্রমেগ্রনিঠ বুদ্ধি বাবা ন্যা।

আফর অণ্টি নামক কোন মুসলমান দবলেশ ব্যিক ডিলেন—"বাল ছুলি কংলে। কর তাহা প্রথম পদনিকেপেই প্রাপ্ত হইবে। বদি কিছুই না পাও তবে গানিও বে এগনও একপদও সে পথে তুমি গমন কর নাই।তোমার একবিন্দু অহংভাব থাকিলে ভূমি সে পথে পদস্থাপন কর নাই।"

"ভঞ্ন কোলতোল আওলিয়।" নামৰ পারেষা প্রসং

7

যে নুসং প্রিত্যক্তং ন বিদ্যান্য চ প্রিডঃ : ম, ভা, মো, ধ, ১৬৭।১৪ ূঁ।

নারদ কহিলেন, হে শুক ! এই জগতে যিনি সর্বত্যাগী হইতে পারিয়া-ছেন, তিনিই বিদান্ এবং তিনিই পশুত ।*

> কুপণস্ত মনো রাজন্ পেলবেংপি নিমজ্জতি। কার্শে গোষ্পদতোয়েংপি জীণাঙ্গো মশকো যথা॥

মশক যেমত গোষ্পদ-জলে জীপাঙ্গ হইয়া মগ্ন হয়, সেইরূপ অতিস্ক্র রুপণ এই মন কোমল অল্ল বস্তুতেও নিমগ্ন হয়।

> বিনিবারিতসন্ধর্ণিদপহস্তিতবান্ধবাৎ। ন স্বধৈর্য্যাদৃতে কশ্চিদভূাদ্ধরতি সঙ্কটাৎ॥

> > যো, বা, উপ, প্রবরণ

সর্কার্থত্যাগরপী ও বন্ধুসংবোগশূন্য স্বীয় ধৈর্য্য ব্যতিরেকে কোন ব্যক্তিই এই ভয়ানক সংসার সমুদ্র উত্তীর্ণ হইতে পারেন না।

আশা যাবদশেষেণ ন লুনাশ্চিত্তসম্ভবাঃ। বীক্লধো দাত্ৰকেণেব তাবন্ধঃ কুশলং কুতঃ॥

যো, বা, উপ, প্রকরণ।

অতএব যাবং পর্যান্ত মনোজাত আশা সকল অশেব প্রকারে (দাত্র দারা লতা ডেদ নাার্য) ছিল্ল না হয়, তাবং আমাদিগের কল্যাণ কোথায় গ

বাাসদেবও শুক্কে কহিয়াছিলেন, "বংদ। বিদ্যালাভ, তপোকুঠান, ইল্রিয়নিগ্রহ
 প সর্পত্যাগ বাতিরেকে কদাচই দিছিলাত করা যায় না।"

ম, ভা, মো, ধ,।

একদা কোন তপপিনাকে এক বাজি জিজাদা কবেন, "তুমি এরূপ উচ্চ অবস্থা কিরুপে লাভ করিলে '' তপিনা উত্তর করিলেন "দকল প্রাপ্ত বস্তু হারাইয়া পাইয়াছি।"

. অনাসক্তিও ত্যাগস্থীকার।

সোক্ষো বিষয়বৈরস্যং বঞ্চো বৈষয়িকো রনঃ। এতাবদেব বিজ্ঞানং যথেচ্ছসি তথা কুরু॥

ष, मः, ১৫।२।

বিষয় কুঞার নামই বন্ধন, এবং বিষয়ে বিভ্যনার নামই মোক্ষ। এত দ্বিষয়ক জ্ঞানের নাম বিজ্ঞান। তুমি ইহা বুঝিয়া যেকপে ইচ্ছা হয় তাহাই কর। *

> স্বপৌরুষেণ সাধ্যেন স্বেশিতত্যাগরূপিণা। মনঃপ্রশমমাত্রেণ বিনা নাস্তি শুভাগতিঃ॥

> > **टगा, वा, ।**

স্বকীর পুর্যকার-সাধ্য নিজ ঈস্মিত (হৃদয়ের প্রিয় পার্থিব অভিলাম) ত্যাগ রূপ মনের যে শান্তি তাহা ব্যতিরেকে কোন ব্যক্তির কথনও শুভপ্রাপ্তি হয় না।

> স্বায়ন্তমেকান্ত হিতং স্বেশিতত্যাগবেদনম্। যন্য তুক্ষরতাং যাতং ধিক্ তং পুরুষকীটকম্॥

> > त्या, वा, ।

নিতান্তহিতকারী ও নিজ আয়ত্তাধীন যে স্বকীয়-ঈপ্সিতত্যাগ তাহা দাহার পক্ষে ছন্ধর বলিয়া বোধ হয়, সে পু্ক্ষ-কীট; তাহাকে ধিক্।

ভবাদংসজিমাত্রেণ প্রাপ্তত্তিমুহিমুহ:। অ, দং, ১০া৪।
 সংসারে আদক্তি পরিত্যাগ করিবামাত্র পুন: পুন: তুটির আবিভাব ছয়।

প্রকৃত সাধক আপনার দেহের প্রতিও বিন্দুমাত্র আসক্তচিত্ত হইবেন না। কারণ, আমাদের নিজ দেহের প্রতি যে আদক্তি তাহাও সংসারাস্তি নামে উল্লিখিত হইয়া থাকে। এ বিশয়ে অস্টাবক ক্ষি এইরূপ বলিয়াছেন—

যস্যাভিমানো মোকেঃপি দেহে হপি মমতা তথা।
ন বা জ্ঞানী ন বা যোগী কেবলং ছঃখভাগদৌ॥ আ, স°, ১৬।১০।
যাঁহার 'আনি মুক্ত' এরূপ মোকাভিমান আছে, অথচ যাঁহার দেহে মমতা আছে, তিনি জ্ঞানীও
নহেন, গোগীও নহেন। তিনি কেবল ছঃখের ভাগা।

ত্যজন্নভিমতং রম্ভ যস্তিষ্ঠতি ন সংশয়ঃ। জিতমেব মনস্তেন বাহ্যং প্রাসরমুজ্বতে।॥'

যো, বা,।

এই পৃথিবীতে যিনি পরমেশ্বরের জন্য আপনার হৃদয়ের পরম প্রিয় বস্তকেও পরিত্যাগ করিয়া নিঃসংশয়চিত্তে অবস্থিতি করিতে পারেন, তিনিই যথার্থ মনকে জন্ম করিয়াছেন।

> যদি রম্যমরম্যত্বে ত্বয়া সলিহিতং চিতা। ছিল্লান্যের তদকানি চিত্তস্যেতি মতির্ম্ম॥

> > যো, বা, ।

এই পৃথিবীতে তোমার পক্ষে বাহা অতিরম্য বস্তু যদ্যপি জ্ঞান দ্বারা তাহাকে অরম্যরূপে ধারণা করিতে পার (অর্থাৎ একমাত্র চিরদিনের বস্তু পরমেশ্বর-কেই কেবল যদি তুমি রম্য বস্তু বলিয়া বুঝিতে সক্ষম হও,) তবে তোমার চিত্তের অঙ্গচ্ছেদ হইয়াছে এমত আমার বোধ হইবে। *

ব্দ্রধাপরোক্ষেণ দৃষ্ট্র পঞ্ন্বজাগরম্।
 চিন্তরেদ প্রমন্তঃ সয়ুভাবত্দিনং মুল্ঃ ॥
 চিরং তয়োঃ সর্কামমম্সলায় জাগরে।
 সত্যবৃদ্ধিং সংতাজ্য নাম্রজেতি পুর্কবিং॥

পঞ্চশী, তপ্তিদীপঃ।

স্বীয় স্বপ্ন অবস্থা ও জাগ্রৎ অবস্থা উভয়কে প্রতাক্ষ দেধিয়া আলোচনা করত প্রমাদশ্র জানী ব্যক্তি জাগ্রৎ অবস্থাকেও স্বগ্নতুল্য (ক্ষণস্থায়ী) রূপে অনুক্ষণ চিন্তা হারা অনুসন্ধান করিবেন। জাগ্রৎ অবস্থার নিতাজবৃদ্ধি পরিত্যাগপূর্দ্ধক তাহাতে আস্থা পরিত্যাগ করিলে স্বতরাং ভাঁহাদিগের আর অনিতা প্রীপুশ্রাদি বিষয়ে কথনই পূর্ববিৎ অনুরাগ জন্মে না।

বস্তুত: প্রীপু আদি বিষয়ের সহিত আমাদিগের যে সম্বন্ধ তাহা নিতান্তই স্বপ্পবং অস্থায়ী।
মধ্যে যেরূপ আমরা রাজ্য লাভ করিয়া আমন্দিত হই এবং নিদ্রাভঙ্গ হইলেই তাহাকে স্বপ্প
বলিয়া বুঝিতে পারি; তদ্ধপ জাগ্রং অবস্থায় আমরা মোহবশতঃ স্ত্রীপু আদির প্রতি
আমক্ত চিন্ত হইয়া একবারে মুগ্ধভাবে অবস্থিত থাকি, কিন্তু যখন মৃত্যু আমিয়া আমাদিগের
পরশারকে পরশার ইইতে অমস্ত কালের জন্ম বিষ্কু করিয়া কেলে, যখন আমরা
আমাদের
প্রাণের পুত্রিকাগণকে তির্দিনের জন্ম হারাইয়া জগৎকে কেবল শৃন্ধময় দেখিতে থাকি,
তথনই আমরা শান্ত বুঝিতে পারি বে, পৃথিবীতে আমাদের যে বস্তু সমাগম—পৃথিবীর যে ধন
ব্রধ্য লাভ—এ সকল কিছুই সত্য নহে, কেবল স্থাবাৎ মাত্র। অতএব বাঁহারা মৃত্যু কর্তুক

অর্প্রাপ্রবিবেক্স্য ন প্রাপ্রস্যামলং পদ্য। মনস্ত্রাজতো ভোগান্ পরিতাপোহি জায়তে॥

(या, वा, ।

যে ব্যক্তি অর্দ্ধবিবেক প্রাপ্ত হইয়াছেন কিন্তু অমল ব্রহ্মপদ প্রাপ্ত হন নাই, সেই ব্যক্তির মনে ভোগ ত্যাগ করিতে বিশেষ পরিতাপ জন্মে।

> জ্ঞাতজ্ঞেরন্য মননো নূনমেতৎ বিলক্ষণম্। ন স্থান্তে সম্ঞাণি ভোগর্দানি যৎ পুনঃ॥*

> > ८गा, वा, ।

থিনি জ্ঞের পদার্থ জানিতে পারেন, তাঁহার মনে নিশ্চর এই বৈলক্ষণা হয় যে, তৎকর্ত্বক পুনশ্চ সমগ্র ভোগ আস্থাদ্য হয় না।

> বাহানিত্যাং সুখানক্তিং হিদ্বাত্ম সুখনির্কৃতঃ। ঘটস্থদীপবৎ শখদস্তরেব প্রকাশতে॥

> > আশ্ববোধ।

সেই জ্ঞাতজ্ঞের ব্যক্তি বাহ্ অনিত্য স্থা বিষয়ে আদক্তি পরিত্যাগ করিয়া আত্মস্থাথ নির্ত হওত ঘটনধ্যস্থিত দীপপ্রভার ন্যায় অন্তরেই প্রকাশমান থাকেন।

শুক কহিলেন, শ্রীকৃষ্ণ দেহপরিত্যাগ করিবার সময় চিস্তা করিলেন, আমি ইহলোক পরিত্যাগ করিয়া চলিলাম। এক্ষণে উদ্ধবই মদ্বিয়ক জ্ঞান প্রাপ্ত হইবার যোগ্যপাত্র। কারণ, ইহাপেক্ষা অধিকতর আত্মজ্ঞানী আর কোন ব্যক্তি নাই। অপর, উদ্ধব আমাপেক্ষা অণ্মাত্রও ন্যন নহেন।

জাগরিত হইবার পুর্নেই তত্বজ্ঞান আলোচনা দারা জাগরিত হন, এবং কেবল মাত্র পরমেষরকেই আপনার বন্ধু বলিয়া জানিতে পারেন, তাঁহারাই প্রকৃত জ্ঞানী এবং তাঁহাদিগেরই জীবনধারণ দার্থক।

বৃধস্থ ভরণং ভারং মলমালেপনং তথা।
 মন্ততে ল্রীচ মুর্থশত তদেব বছমস্থাতে॥

জ্ঞানী ব্যক্তিরা আভরণকে ভার ও চন্দনাদি বিলেপন-বস্তুকে মল জ্ঞান করেন, খ্রী ও অজ্ঞানীর। তাহাকেই উপাদেয় মনে করে। দক্ষ--- ৭ম অধ্যায়। कांत्रण, विषय हेशाँत मनः क्लांच डेप्लानन कतिर् लार्यन। । । जायानगन করিতে ইহাঁর বিলক্ষণ ক্ষমতাও আছে। ভা, ৩। ৪। ২৯—৩১।

যোগ ও সমাধি।

জানাত্যান্ত্রনি যো ব্রহ্ম স যোগীভ্যুচ্যতে বুদৈ:। F郭、91251

विनि जापन जामार्टि बन्न रम्रथन, पिछर्टि तो छाँशर्किर रगागी वर्लन। শ্লোকাৰ্দ্ধ প্ৰবন্ধ্যানি যত্ত্বং তত্ত্বদুৰ্শভিঃ।

সর্ব্বচিন্তাপরিত্যাগোনিশ্চিন্তো যোগউচ্যতে॥

জ্ঞা, স, তন্ত্র।

ভগবান শিব কহিলেন, তত্ত্বজ্ঞানীরা যাহ! বলিয়াছেন তাহা আমি সংক্ষেপে কহিতেছি। যৎকালে মনুষ্য সমস্ত চিন্তা পরিত্যাগ করেন, তৎকালে তাঁহার মনের সেই স্থির অবস্থাই যোগ বলিয়া কথিত হয়। †

> এষ বৈ পরমো যোগো মনসঃ সংগ্রহঃ স্মৃতঃ। छा, ३३। २०। २२।

ক্রমশঃ মনকে বিষয় হইতে নিবৃত্ত করিয়া আত্মাতে স্থিরকরা পর্ম যোগের উপায়, এনিমিত্ত এই সাধনকে পণ্ডিতেরা পরম যোগ কহিয়াছেন।

> যদা পশ্যতাবতিষ্ঠন্তে জানানি মন্সা সহ। বুদ্ধিশ্চ ন বিচেষ্টেত তামাহুঃ প্রমাং গ্রিম। তাং যোগমিতি মন্যন্তে স্থিরামি ক্রিয়ধারণাম্। অপ্রমন্তন্তদা ভবতি যোগো হি প্রভবাপায়ে।

> > कर्ठ, डेभ, ७। ১०--১১।

स नोक्कत्वांश्वृिश मङ्गुरन। यम् छोन विक्ति कि अङ्गुः।
 छा, ७। ८। ७১।

[†] মনঃপ্রশমনোপায়ে। যোগ ইত্যভিধীয়তে।

যো, বা, উৎ, প্রকরণ।

विश्व किश्वाि एलन, मनः गास्ति व ए छे भाष, ख्वानी वा जाहार करे योग करहन।

বোগ ও সমাধি



পশ্রৎ মনের সহিত বধন জ্ঞানে ক্রিয় সকল বাহ্য বিষয় হইতে নিবৃত্ত হইরা আত্মাতে দ্বির হইরা থাকে, আর বৃদ্ধিও কোন বাহ্য বাাপারে আসক্ত না হর, তথন তাহাকে পরন গতি কহিয়া থাকেন। এই যে দ্বিরা ইক্রিয় ধারণা ইহাকেই যোগ কহে। যোগকালীন অপ্রমন্ত হইতে হয়, কেন না যোগের উৎপত্তিও আছে, ধ্বংসও আছে।

ষং লক্ষা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ।
যশ্মিন্ স্থিতে। ন ছুংখেন গুরুণাপি বিচাল্যতে ॥
তং বিদ্যাদ্ধ্যনংযোগবিয়োগং যোগনংজিতম্।
দ নিশ্চয়েন যোজব্যো যোগে নির্কিগ্নচেত্যা॥

ती, ७। २२-२०।

বে অবস্থার লাভ হইলে অন্য লাভ তদপেকা অধিক জ্ঞান হয় না, যে স্থেপ স্থী হইলে গুঁফতর হুংথেতেও পরাভব করিতে পারে না, এবং হুঃধ অর্থাং বিষয়সংস্পর্শ হইবামাত্রেই যাহার বিয়োগ হয়, সেই অবস্থারই নাম যোগাবস্থা জানিবে। সংশয়হীন হইয়া এই যোগ অভ্যাস করিবেক। যদাপি শীঘ্র সিদ্ধি না হয়, তথাপি হুঃথ জ্ঞান করিয়া ভাহাতে যত্নের শৈথিল্য করিবেক না।

সেই যোগার্ক তিনপ্রকার হন। প্রথমতঃ, কনিষ্ঠ যোগারুচের লক্ষণ বলিতেছেন—

> বদা হি নেব্রিয়ার্থের্ন কর্মস্বন্দজতে। সর্কসকল্পন্যাদী যোগাক্রত্তদোচ্যতে॥

> > গী, ৬। ৪।

মহুব্য বধন সমুদর সকল পরিত্যাগ করে এবং ইন্দ্রিরবিষয় সকলে ও কর্মে আসক্ত নাহয়, তখন তাহাকে যোগাকুড় কহা যায়।

পরে মধ্যম যোগারঢ়ের লক্ষণ কহিতেছেন—

জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা কুটফো বিদ্যিতে ক্রিয়ঃ। যুক্ত ইত্যাচ্যতে যোগী সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ॥

ी, ७१७।

বাঁহার জ্ঞান ও অপরোক্ষান্ত্র বারা অন্ত:করণ তৃপ্ত হইয়াছে, যিনি নির্বি-কার ও বিশেষরূপে ইন্দ্রিজয়বিশিষ্ট, এবং বাঁহার মৃত্তিকা পাষাণ ও মর্পে সমান দৃষ্টি, তাঁহাকে যুক্ত যোগারাত কহে।

অনস্তর মধ্যম যোগারত হইতেও শ্রেষ্ঠের লকণ কহিতেছেন—

স্ক্রিতার্ দোনীনমধ্যক্ষেষ্বকুষ্। সাধুম্পি চ পাপেষু সমবুদ্ধিবি শিষ্যতে।

शी, ७। ३।

স্থবদ (অর্থাং স্বভাবতঃ বিনি হিতাকাজ্জী) মিত্র (অর্থাং স্নেহবশে বিনি উপ-কারী) বৈরী (অর্থাং শক্র) ও উদাসীন (অর্থাং উভয়পক্ষেই বিনি নিরপেক্ষ) এবং মধ্যস্থ (অর্থাং উভয় পক্ষেরই বিনি মঙ্গলাকাজ্জী) ও বেষের পাত্র ও স্বসম্পর্কীয় লোক এবং সদাচাঃনিষ্ঠ ব্যক্তি ও পাপী এই সকলে বাহার সমান বৃদ্ধি, তিনি সর্বোত্তম যোগারা ।

ত্যক্র বিষয়ভোগাংস্ত মনোনিশ্চলতাং গত্য। আত্মশক্তিস্তরপেণ সমাধিঃ পরিকীর্ত্তিঃ।

मक, १। २२

মন বিষয়ভোগ পরিত্যাগ করিয়া যথন নিশ্চল হয়, এবং আয়াশক্তির স্বরূপে অবস্থিত থাকে, তথন তাহাকে সনাধি বলে।

অকুরা নিরহঙ্কারা ঘলেরু নভু পাতিনী। প্রোক্তা সমাধিশব্দেন মেরোঃ ফিরতরা ভিডি:॥

(रा, वा, উপ, প্রকরণ।

অহস্কারশৃত্ম কোভহীন স্থতঃথাদি-দল্বরহিত স্থমেক অপেকা হিরতর ধে ছিতি, তাহার নাম সমাধি—ইহা বেদে কছেন।

নিশ্চিন্তা বিগতাভীষ্টা হেয়োপাদেয়বর্জিতা। প্রোক্তা সমাধিশব্দেন পরিপূর্ণা মনোগতিঃ॥

'যো, বা, উপ, প্রকরণ।

সমাক্ চিস্তাশ্ত, ইট অনিট বস্তুতে স্থারহিত, এবং ত্যাজ্য-প্রাহ্থ-বিষয়-বর্জিত, পরিপৃথিরপ বে মনের গতি, তাহার নাম সমাধি -ইহা বেদে কহেন।

> আকাশং মাননং কৃত্বা মনঃ কৃত্বা নিরাম্পদম্। নিশ্চলং তং বিজানীয়াৎ সমাধিত্বা লক্ষণম্॥

> > উত্তর গীতা।

বিনি আপনার মনকে সঙ্কররহিত ও আকাশের স্থার বিস্তৃত করিয়া সেই নিশ্চন প্রমায়াকে জানিরাছেন, তিনিই স্নাবিস্থ হইয়াছেন; অর্থাৎ ইহা-কেই স্মাবিস্থ পুদ্ধের লক্ষ্ণ বলিয়া জানিবে।

> ইদং গুণসমাহারমনাত্মত্বেন পশ্যতঃ। অন্তঃশীভলতা যাসো সমাধিরিতি কথ্যতে॥

> > যো, বা, উপ, প্রকরণ।

পৃথিবীর যাবতীয় বস্তুকে যিনি অনাত্মরূপে দর্শন বরেন, সেই ব্যক্তির অস্তুরে যে শীলতত্ব হয়, সেই সমাধি—ইহা শায়ের কহেন।

এপর্যান্ত যোগ ও সমাধি বিষয়ে যাহা বলা হইল তাহাতে প্রকৃত যোগই যে ব্রহ্মজ্ঞান এবং প্রকৃত ব্রহ্মজ্ঞানই যে যোগ ইহা স্পষ্ট প্রকাশ হইতেছে। এবং শাস্ত্রকারগণও তাহা স্পষ্টতঃ স্বীকার করিয়াছেন। যথা,—

> সদা পশারিজানক্ষপশার্থিলং জগও। অর্থাদ্যোগীতি চেত্তি সন্তুষ্টো বর্দ্ধতাং ভবান্॥

> > भ, म, ১२ I **५**७ I

বাহা জগতের যাবতীয় পদার্থের প্রতি দৃষ্টিপাত না করিয়া সাধক যথন কেবল মাত্র নিজানলভোগেই রত হন, তথন তাঁহাকে যদি যোগী বলিয়া স্বীকার কর, তবে তোমাকে আশীর্কাদ করি তুনি সম্ভই হইয়া চির বর্দ্ধিত হও।

> ভত্তাৰবোধো ভগবন্ দৰ্শশাভ্ণপাৰকঃ। শ্ৰোকঃ দমাধিশব্দেন নচ ভূফীমবস্থিভিঃ॥ বো. বা, উপ, প্ৰকাৰ।

তে ভগবন্, ব্রশ্বজ্ঞান সকল আশাতৃণের পাবক্সরপ, সেই ব্রশ্বজ্ঞানেরই নাম স্মাধি, কেবল মৌনী হইয়া স্থিতির নাম স্মাধি নহে।

যদিও প্রকৃত ব্রহ্মজ্ঞানকেই শাস্ত্রে যোগ কহে, তথাপি ব্রহ্মতে চিত্ত স্থির রাথিবার জন্য যে সকল বিশ্ব অতিক্রম করিতে হয় জ্ঞানসাধন দারা থাহারা তাহাতে অসমর্থ হন, তাঁহারা প্রাণরোধরূপ অপ্তাঙ্গ যোগ সাধন দারা তিহিষয়ে ক্রতকার্য্যতা লাভে প্রয়াস পান। * এজন্য সচরাচর লোকে যোগ শব্দে প্রাণরোধরূপ অপ্তাঙ্গ যোগকেই নির্দেশ করিয়া থাকেন। এ বিষয়ে ভগবন্বশিষ্ঠ রামচক্রকে এইরূপ উপদেশ দ্য়াছিলেন।

হে রাদ্ব ! যদিও যোগশবে আত্মজ্ঞান ও প্রাণরোধ উভরই বুঝার বটে,
কিন্তু প্রাণরোধই যোগশবেদ রুঢ়িতা প্রাপ্ত ইইরাছে। বংস ! এই সংসারসমুদ্র উতীর্ণ ইইবার নিমিত্ত যোগ এবং জ্ঞান এই ছইটা উপারই সমান
এবং সমফলপ্রদ। ক্লেশাসহিষ্ণু স্থকোমলচিত্ত ব্যক্তির সম্বন্ধে হঠাৎ
প্রাণসংরোধ যোগ আসাধ্য, আর বিচারানভিজ্ঞ কঠোরচিত্ত ব্যক্তির
পক্ষে নিশ্চয়জ্ঞান অসাধ্য।

যো, বা, নি, প্রকরণ।

প্রাণরোধরুপ যোগের ছাই ছঙ্গ যথা,—যম, নিরম, ছাসন, প্রণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি। †

ভত্রাহিং নানত্যান্তে য়ব্রহ্ম চর্য্যাপরি গ্রহাঃ যুগাঃ।
শৌচনুদ্ধেষ ভপঃস্থাধ্যায়েশ্বর প্রণিধানানি নিয়মাঃ।

ঐক্যং জীবান্ধনোরাহর্বোগং যোগবিশারদাঃ।
 তব স্নেহাৎ সমাধ্যাতা যোগে বিল্পকরাত্তিমে ।
 কামকোধলোভমোহ-মদমাৎসর্ব্যসংজ্ঞকাঃ।
 যোগালৈরেভিনিজিত্য যোগিনো বোগমাধুরুঃ।

আগমতন্ববিলাস।

† যমনিয়মাবাসন-প্রাণায়ামে ততঃ পরং
প্রত্যাহারং ধারণাথ্যং ধ্যানং সার্ছং সমাধিনা ।
ক্ষীলানাছেরেতানি যোগিনো বোগসাধনে । আগমভবুবিলাস ।

করচরণাদিসংস্থানবিশেষলক্ষণানি পদ্মস্বন্ধিকাদিনী অসনানি।
রেচকপূরককুন্ধক্লক্ষণাঃ প্রাণনিঞ্চীহোপায়াঃ প্রাণায়ামাঃ।
ইন্দ্রিয়াণাং স্বস্বিষয়েভ্যুঃ প্রত্যাহরণং প্রত্যাহারঃ।
অবিভীয়বস্তুন্যন্তরিন্দ্রিয়ধারণং ধারণা।
তত্তাাদিতীয়বস্তুনিবিচ্ছিদ্য বিচ্ছিদ্য অন্তরিন্দ্রিয়র্ভিপ্রবাহঃধ্যানম্।
বেদান্ত্রারঃ।

যম—অহিংসা, সত্যা, অচৌর্যা ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহ।
নিয়ম—শৌচ, সস্তোষ, তপস্যা, বেদাধ্যয়ন, এবং ঈখরেতে প্রণিধান।
আসন—হস্তপাদাদির সংস্থানবিশেষ। যথা, পদ্মাসন, স্বস্কিকাসন প্রভৃতি।
প্রণায়াম—রেচক (১) প্রক (২) কুন্তক (৩) রূপ প্রাণদমন করিবার উপায়।
প্রত্যাহার—শব্দাদি বিষয় হইতে প্রোত্রাদি ইন্দ্রিয়গণের নিবারণ করা।
ধারণা—অদ্বিতীয় ব্রহ্মবস্তুতে অস্তঃকরণের অভিনিবেশ।
ধ্যান—অদ্বিতীয় ব্রহ্মবস্তুতে অস্তঃকরণের অবচ্ছে দাবছে দে বৃত্তি প্রবাহ।

সমাধিস্ত বিবিধঃ—সবিকল্পকো নির্দ্ধিকল্পকশ্চেতি। তক্ত সবিকল্পকো নাম—জ্ঞাতজ্ঞানাদিবিকল্পন্যানপেক্ষয়া হিতীয়-বস্তুনি তদাকারাকারিতায়াশিচতরত্বেরবস্থানম্।

তদা মুগায়গন্ধাদিভানে২পি মুন্তানবং বৈতভানে২প্টাইছতং বস্তু ভাগতে।

বেদান্তসার, ৭২ পত্র।

সমাধি ছইপ্রকার—প্রথম স্বিক্রক, দ্বিতীয় নির্ক্তিক্রক। স্বিক্রক স্মাধি—জ্ঞাতা, জ্ঞান, জ্যের এই বিক্রত্রেরের জ্ঞানসত্বেও অদ্বিতীয় ব্রহ্ম বস্তুতে অধ্বাকারাকারিত চিত্তবৃত্তির অবস্থান।

তৎকালে বেমন মৃণার হন্তীতে হতিজ্ঞান সংস্থেও মৃত্তিকাজ্ঞান থাকে, তক্ষপ বৈত্ঞান সংস্থেও অবৈতজ্ঞান হয়।

⁽১) বারু পরিত্যাগ করা। (২) বারু গ্রহণ করা। (৩) বারু ধারণ করিরা রাখা।

নির্ক্তির কল্প — জ্ঞাত্জানাদিভেদলরাপেক্ষর। দিতীয়বভানি ভদাকারাকারিভায়া বুদ্ধিরত্তেরতিভ্রামেকীভাবেনাবস্থানম্।

তদা তুজলাকারাকারিতলবণানবভাবেন জলমাত্রাবভাদ-বদ্বিতীয়বস্থাকারাকারিতচিত্তর্ভানবভাবেনাদ্বিতীয়বস্তমাত্রমে বাবভাদতে।

বে, সা ৭৩ ৭৪ পত্র।

নির্ব্বিকরক সমাধি—জ্ঞাতা, জ্ঞান, জ্ঞের এই বিকরত্রয়জ্ঞানের অভাবে অন্বিতীয় ব্রহ্মবস্তুতে একীভূত হইয়া অবগুলাকারাকারিত চিত্তবৃত্তির অবস্থান। তৎকালে, বেমন জলমিপ্রিত জলাকারাকরিত লবণের লবণত্বস্ঞানের অভাবে কেবল জলমাত্রই বাধ হয়, তত্রপ অন্বিতীয়ব্রহ্মাকারাকারিত চিত্তবৃত্তির জ্ঞানাসবে অন্বিতীয় ব্রহ্মবস্তুমাত্রই জ্ঞান হয়।

ভগবান্ মহেশ্বর অবিকারবিশেষে পাঁচপ্রকার যোগ * এবং চারিপ্রকার সাধকের † উল্লেখ করিয়াছেন। যথা, মন্ত্র্যোগ, হট্যোগ, লয়্র্যোগ, রাজ্র-্যোগ এবং রাজাবিশাজবোগ। যিনি মন্ত্র্যোগের অবিকারী তাঁহার নাম মৃত্রশাধক; ঘাদশ বৎসরের পর তাঁহার সিদ্ধিলাভ লয়। হট্যোগের অবিকারীকে মধ্যসাধক কহে; ইহাঁরও ঘাদশ বৎসরের সিদ্ধিলাভ হয়। "অধিমাত্র" নামক সাধক হট্যোগ এবং রাজ্যোগ এতহ্ভ্রেরই অধিকারী হন; ইহাঁর ছয় বৎসরের পর সিদ্ধিলাভ হয়। প্র্রেক্তি তিন প্রকার সাধক অপেক্ষা শ্বধিনাত্রতম" নামক সাধক শ্রেষ্ঠ। ইহাঁর সকলপ্রকার যোগেই অধিকার

नि, भः, वाका अक्षा

মন্তবেংগো হটকৈব লংববোগন্তীয়ক:।
 চতুর্বো রাজবোগ: স্তাং স বিধাভাববর্জিত:।
 রাজবোগো ময়া খ্যাত: সর্বতন্তের্ গোপিত:।
 রাজবিরাজবোনোহয়ং কথয়ামি সমাসত:।

[†] চতুর্বা সাধকো জ্ঞেরো মৃত্যধ্যাবিষাত্রক:। অবিষাত্রতম: খেঠো ভবাকৌ লক্ষ্যক্ষয:।

আছে। এবং সংবৎসরের মধ্যেই ইনি সিদ্ধিলাভ করিতে সক্ষম হন। অধিক কি, বিশেষক্রপে চেটা করিলে ছয় সাসের মধ্যেই ইনি সিদ্ধ হইতে পারেন। *

भि, जः, ६१ १०।

যাহা হউক, সিদ্ধ শু<u>ক্ষ না পাইলে</u> কেহ কথনও প্রাণরোধরূপ যোগ অভ্যাসে প্রবৃত্ত হুইবেন না। কারণ, প্রাণরোধরূপ যোগ অভ্যাস সময়ে কোনরূপ নিয়মের অভ্যথাচরণ হুইলে নানাপ্রকার উৎকট পীড়া জন্মিবার সম্ভাবনা আছে। এবিষয়ে ভগবান্ শিব এইরূপ বলিয়াছেন—

যোগোপদেশং সংপ্রাপ্য লক্ষ্য চ যোগবিদ্গুরুষ্।
গুরুপদিষ্টবিধিনা ধিয়া নিশ্চিত্য সাধয়েৎ ॥
ভবেদীর্য্যবতী বিদ্যা গুরুবক্ষুসমূদ্রবা।
অন্তথা ফল্থীনা স্যান্নির্মীর্য্যাপ্যতিদুঃখদা॥

नि, मः, ७। ৯—১১।

যোগবিৎ শুক্তক লাভ করত তাঁহা চইতে যোগোপদেশ প্রাপ্ত হইয়া তাঁহারই উপদেশ অনুসারে নিশ্চরবৃদ্ধির সহিত সাধন করিবে। কারণ, শুক্তর উপদেশমতে কার্য্য করিলে সত্তরেই সিদ্ধিলাভ করা যায়। তম্ভির সিদ্ধিলাভ ঘটে না; অবিকম্ভ সাধককে নানা প্রকার হু:থ ভোগ করিতে হয়।



বোগের সিদ্ধির বিষয়ে ভগবান্ শ্রীকৃষ্ণ উদ্ধবকে এইরূপ কহিয়া-ছিলেন।* জিতেক্রিয়, স্থিরচিত্ত, জিতপ্রাণ, আমাতে চিত্তধারণকারী যোগীর

নিরস্তরকুভাভ্যাসাৎ বথাসাৎ সিদ্ধিমায়ুয়াৎ।
 তন্ত বায়ু প্রবেশোহিপি প্রয়ায়াং ভবেৎ ধ্বর ।

নিকটে বাবতীর সিদ্ধি উপস্থিত হয়। ঐ সকলের মধ্যে আটটার আমি স্বভাৰত: আগ্রয়। গুণ অর্থাৎ সর্ব গুণের উৎকর্ষ (আর) দশটার কারণ। (এত্ব্যতীত আর পাঁচটা কুন্তু সিদ্ধিও লাভ হইয়া থাকে।)

অনিমা, মহিমা, লবিমা,—(এই তিনটা) এবং প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিতা, বশিতা, ও সর্ককামবসায়িতা—এই পাঁচটা; ইহাদিগকে সচরাচর যোগের আই দিন্ধি বলা হইয়া থাকে। অনিমা অর্থে দেহকে পরনাগুর ন্যায় স্ক্রেক্ষিরার শক্তি; মহিমা অর্থে দেহকে ইচ্ছামত দীর্ঘ প্রস্তে বৃদ্ধিকরণশক্তি; লবিমা অর্থে দেহকে যারপরনাই লব্ অর্থাৎ হাল্কা করিবার শক্তি; প্রাপ্তি † অর্থে ইচ্ছিয়গণের উপর সম্পূর্ণ কর্তৃত্বশক্তি; শ্রুত ও দৃষ্ট যাবতীয়

평, 22124 1

† সাংখ্যদর্শন বলেন, প্রাপ্তি অর্থে দূরত্ব বস্তুকে নিকটে পাইবার শক্তি। বধা, অলুনি দারা চক্রমণ্ডলকে স্পর্শ করিবার শক্তি। এবং প্রাকাম্য অর্থে ইচ্ছার উত্তেক হইলে কোন মতে ভাহার বাাঘাত না হওৱা। পদার্থে সে ভোগদর্শনসামর্থ্য তাহার নাম প্রাকাম্য; ঈশিতা অর্থে শক্তি সকলের প্রেরণ; বৈশিতা অর্থে বিবিধবিষরভোগে সঙ্গহীনতা; যাহা যাহা কামনা করাযার তাহার সীমা প্রাপ্ত হওয়ার নাম সর্গ্রকামাবসায়িতা।

এই দেহে ক্থিপাসাদি-রাহিত্য; দ্র হইতে প্রবণ, ও দর্শন; মনোবেগে 'দেহের গতি; অভিলয়িতরপপ্রাপ্তি; পরের শরীরে প্রবেশকরণ; স্বেছা মৃত্য; দেবতাদিগের সহিত যে ক্রীড়া, তাহার প্রাপ্তি; মননের অমুরূপ লাভ; (আর) যাহার গতি কোথাও প্রতিহত হয় না, এতাদৃশী আজা; এই দশগুণজ্ঞা সিদ্ধি।

ত্রিকালজতা; (শীতোঞ্চাদি) দল্ম দারা অতিভূত না হওরা; পরের চিত্তাদি জানিতে পারা; অগ্নি, স্থ্যা, জল ও বিষ প্রভৃতি স্তম্ভিত করিষা রাথা; এবং (উহাদিগের দারা) পরাজিত না হওয়া; যোগধারণায় এই পঞ্চ কুদ্র সিদ্ধিও উদ্দেশে কথিত হইয়াছে। দীর্ঘকাল যোগে মগ্ন থাকিয়া এই সকল সিদ্ধি লাভ হয়; কিন্তু এই সকল সিদ্ধি অর্থাৎ যোগৈম্বর্যো লোভ করিলে মুক্তির পণ কদ্ধ হয়।

যোগের সিদ্ধিবিষয়ে রামচন্দ্র বশিষ্টদেবকে জিজ্ঞাসা করার বশিষ্টদেব তাঁহাকে সে সকল অবিদ্যাসিদ্ধ ও তত্ত্বজ্ঞানীর অপ্রাপ্যক্রপে কহিয়াছিলেন। ষথা,—

> জীবমুক্তশরীরাণাং কথমাত্মবিদাং বর। শক্তয়ো নেহ দুশ্যন্তে আকাশগমনাদিকাঃ॥

> > যো, বা, উপশম প্রকরণ।

শ্রীরাম কহিলেন, জীবন্মুক্তশরীরযুক্ত বন্ধজ্ঞানীর আকাশগমনাদি-শক্তি কি নিমিত্ত হয় না?

> অনাত্মবানমুক্তোথপি নভোবিহরণাদিকম্। দ্রব্যমন্ত্রক্রিয়াজ্ঞানশক্ত্যাপ্রোত্যেব রাঘব॥

> > যো, বা, উপশম প্রকরণ

বশিষ্ট কহিলেন, হে রাঘব, ব্রহ্মজ্ঞান নাই এমত অমুক্ত ব্যক্তিও দ্রব্য মন্ত্র কর্ম জ্ঞান দ্বারা আকাশবিহরণাদি করিতে পারে।

> নাত্মজনৈয়ৰ বিষয় আত্মজো হাত্মৰান্ সয়ম্। আলুনাম্মনি সংত্রো নাবিদ্যামনুধাবতি॥

> > যো, বা, উপশম প্রকরণ।

যে ব্যক্তি আত্মজ্ঞ হন তাঁহার বিবয়ে এ সকল অবিদ্যা সিদ্ধ নহে। আত্মজ্ঞ J ব্যক্তি মনোদারা সদা প্রমান্তাতে তৃপ্ত থাকেন। তিনি আকাশগমনরূপ ष्विना श्रीश्र इन ना।

> যন্ত চাভাবিতাত্মাপি নিদ্ধিজালানি বাঞ্তি। ন নিদ্দিনাধকৈ দ্বৈস্থোনি নাধয়তি ক্রমাৎ॥

যে অজ্ঞান ব্যক্তি পর্নামার ভাবনা না করিয়াও নিদ্ধি বাছা করে, সেই সাধকও সিদ্ধিসাগন দ্রব্য দারা সেই সকল সিদ্ধিলাত করিতে পারে।

> ज्यापञ्चित्राकालयुक्त्रः माधुनिकिनाः। পরমাত্মপদপ্রাপ্তো নোপকুর্কন্তি কাশ্চন॥

> > ক্ত

ð

যে দ্রবামন্ত্র ক্রিয়াকালযুক্ত হ্ইয়া সকল সংলোকের বাঞ্চিত বস্তর সিদ্ধি প্রদান করে, সেই সকল দ্রব্যমন্ত্রাদি ত্রহ্মপদপ্রাপ্তিতে কোন উপকার করে না।

> मर्क्ताकाल मरभाखावाज्ञलारकामरता हियः। স কথং নিদ্ধিবাঞ্চায়াং মগ্নশ্চিত্তেন লভাতে॥

সকল ইচ্ছাসমূহ শান্ত হইলে আত্মার লাভ হয়; সেই আত্মোদয় সিদ্ধি-বাঞ্চতে মগ্ন হইলে বিরূপে চিত্ত দারা লাভ হইবেক ?

ভগবান শিব যোগের সিদ্ধিবিষয়ে যাহ। যাহা বলিয়াছেন, তল্পধ্যে করেক-টীর উল্লেখ করা বাইতেছে।

অল্পনিদ্রা পুরীষঞ্চ স্থোকং মৃত্রঞ্চ জায়তে॥ ৪৩।

অরোগিত্বমদীনত্বং যোগিনস্তাত্ত্বদর্শিনাঃ।
স্পেদো লালা ক্রমিশ্চেব সর্পাধিব ন জায়তে॥ ৪৪।
কফপিত্তানিলাশ্চেব সাধক্য্য কলেবরে।
তিন্মিন্ কালে গাধক্য্য ভোজ্যেষ্দির্মগ্রহঃ॥ ৪৫।
অত্যল্পং বহু বা ভুক্তা যোগী ন বাথতে হি সঃ।
অথাভ্যাসবশাদ্যোগী ভূচরীং গিদ্ধামাপুরাং॥ ৪৬।
বাক্যানিদিঃ কামচারী দূরদৃষ্টিস্থাথৈব চ।
দূরশ্রুতিঃ স্ক্রাদৃষ্টিঃ পরকায়প্রবেশন্ম্।
বিন্মৃত্রলেপনে স্থান্দ্যাকরণন্তথা।
ভবস্থেতানি সর্পাণি খেচরত্বক্ষ যোগিনাম্॥ ৫৪।

কুস্তকসিদ্ধ যোগীর মূত্র, পুরীষ ও নিদ্রা অতি অল্ল হয়। ৪০। যোগীর শারীরিক বা মানসিক কোন রোগ পাকে না, কোন ছঃখ পাকে না, সর্বাদা, চিত্ত সম্ভষ্ট হয়। এবং ঘর্ম কৃমি কফ লালা দি সিদ্ধযোগীর শারীরে সর্বাপ্র জন্ম না। ৪৪। যোগীর শারীরে কফ পিত্র ও বায়ুর সমতাই পাকে, বৃদ্ধি হয় না; এবং এ অবস্থার যোগার ভোজনেরও কোনরূপ নিয়ম থাকে না। ৪৫। যোগীকে বিনা আহারে (১) বা অল্ল আহারে কি বত্রিধ আহারে পীড়া জন্ম কোন ক্রেশাদি ভোগ করিতে হয় না; এবং যোগাভ্যাসবলে

⁽১) মহারাজ রণজিৎ সিংহের দরবারে দক্ষিণাবর্ত্ত হইতে যে গোগা অগমন করেন, তিনি চল্লিশ দিবদ কোন প্রকার আহার এবং নিধান প্রধান বাতিরেকে মৃত্তিরার নধ্যে প্রোগিত ছিলেন; এবং বলিয়াছিলেন যে, একবৎদর পর্যান্ত তিনি ঐ ভাবে অনায়াদে থাকিতে পারেন। ভূকৈলাদের রাজাদিগের বাটাতে স্থান্তরন হইতে যে যোগীকে আনা হয়, তিনি অসম্প্রাঞ্জ সমাধিতে অবস্থিত হিলেন, তিনি কোনরপ আহার গ্রহণ করিতেন না। গোহার। প্রইচ্ছাফ সমাধি হইতে উথিত হইতে পারেন, তাহাদিগেব দেই সমাধিকে সম্প্রাঞ্জ সমাধি কছে. এবং বাহার। তাহানা পারেন, তাহাদিগেব দেই সমাধিকে সম্প্রাঞ্জ সমাধি কচে!)

সাধকের ভূচরী সিদ্ধি লাভ হয়, অর্থাৎ গম্য কি অগম্য সমস্ত স্থানেই গমনাগমন করিবার ক্ষমতা জন্মে। ৪৬। সাধকের বাক্রাসিদ্ধি ও ইচ্ছাগমন হয় এবং দ্রদৃষ্টি জন্মে। দ্রশ্রবণ (২), অতিস্ক্ষদর্শন ও পর শরীরে প্রবেশ করিবার ক্ষমতা জন্ম। (৩) যোগীর বিষ্ঠামূত্রলেপনে ধাত্তম্বর স্থাব হয়; আর অন্তর্জানশক্তি হল্ম। বোগপ্রভাবে এই সকল শক্তি জন্মে এবং থেচরী সিদ্ধি লাভ হয়, অর্থাৎ সাধ্য শৃত্যপথে অবিরোধে গমন করিতে পারেন। ৫৪।

তত্ত্বজ্ঞানলাভ হইলে প্রাণরোধরূপ যোগ অভ্যাদের কোন প্রয়োজন থাকে না।

ছো ক্রমো চিত্তনাশন্য সোগো জ্ঞানঞ্চ রাঘব। যোগস্তদৃতিরোধো হি জ্ঞানং সম্যাগবেক্ষণম্॥*

যো, বা, উপ, প্রকরণ।

বশিষ্ঠ কহিলেন, চিত্তনাশের ছুই উপায়, যোগ আর জ্ঞান; বিষয়েতে ইক্তিয়বুত্তিরোধের নাম যোগ, এবং যথার্থ দর্শনের নাম জ্ঞান।

⁽২) আর্থাসমাজ প্রতিষ্ঠাপক স্থানী দয়ানন্দ সরস্থতী বলেন, পৃথিবীর উভয় কেন্দ্রে আবস্থিত ছুইজন যোগী অনায়াদে পরস্পর কথাবার্দ্ত কহিতে পারেন।—Tyeosophist, December, 1880.

⁽২) ভাগান্শলব স্বামী যোগপ্রভাবে অমৃতপুরের রাজা অমরকের মৃতদেহে প্রবেশ করিয়া কিয়দিন রাজ্যভোগ করিয়াছিলেন।

^{*} জ্ঞান এবং যোগ এই তুইটাতেই ক্রমে সমাধি অবস্থা প্রাপ্ত হওয়া যায়। অক্টাক্স যোগ সাধনের দ্বারা সাধক যে সমাধি লাভ করেন তাহাকে "চিত্তবৃত্তিনিরোধ সমাধি" কছে। এই সমাধি সকল অবস্থার সমানভাবে থাকে না; ইহা ক্ষণিকমাত্র; অর্থাৎ সাধক যে চিত্ত-বিক্রেপ নিবারণের জন্ত সমাধি অবলম্বন করেন, সমাধি হইতে উথিত হইলে পুনর্বার আপনা হইতে উগ্রের সেই চিত্তের বিক্রেপ ঘটিয়া থাকে। আর তর্বিচার দ্বারা সাধক

জ্ঞানেনৈব ভবেজ্জেয়ং বিদিদ্বা তৎক্ষণেন তু। জ্ঞানমধ্তেণ মুচ্যেত কিং পুনর্যোগধারণম্॥

উত্তরগীতা।

জ্ঞান জন্মিলেই পরমাত্মা স্বয়ং প্রকাশিত হন,এবং সাধক তাঁহাকে অপরোক্ষে জ্ঞাত হইয়া সেই জ্ঞানমাত্র দারাই মুক্তি লাভ করেন; স্থতরাং পুনর্কার তাঁহার আর যোগধারণাদি সাধনামুগ্রীনের প্রয়োজন থাকে না।

> প্রাপ্তে জ্ঞানেন বিজ্ঞানে জ্ঞেয়ে চ হৃদি সংস্থিতে। লক্ষশান্তিপদে দেহে ন যোগো নৈব ধারণম্॥

উত্তরগীতা।

জ্ঞানের দ্বারা বাঁহার বিজ্ঞান অর্থাৎ অন্ত্রতাত্মক জ্ঞান লব্ধ হইয়াছে, এবং জ্ঞের পরমাত্মাকে বিনি হাল্মকমলে সংস্থিতরূপে জানিয়াছেন, আর ঘাঁহার দেহেতে শাস্তিপদ অর্থাৎ জিতেন্দ্রিয়তা লাভ হইয়াছে, তাঁহার আর যোগধারণাদিতে কিছুমাত্র প্রয়োজন নাই।

> ননু প্রিয়তমত্বেন প্রমানন্দতাত্মনি। বিবেক্তবুং শক্যতামেবং বিনা যোগেন কিং ভবেৎ ॥ পঞ্চনী, আত্মাননা।

ক্রমে যে সমাধি লাভ করেন তাহার নাম "জ্ঞানসমাধি"। ইহা সকল সময়েই সমভাবে থাকে । জ্ঞানসমাধি প্রাপ্ত সাধক ক্রমে এরপ অবস্থা লাভ করেন যে তাঁহার দেহ স্নান, ভোজন, নিজা বা অমণে নিযুক্ত থাকিলেও তিনি সমাধি অবস্থা হইতে সমাক্ পরিচ্নত হন না। অতএব বাঁহারা তত্ত্জান প্রাপ্ত হইয়াছেন, তাঁহাদিগের পক্ষে যোগাত্যাস নিস্তায়েজন। যথা, পঞ্চদশীকর্তা বলিয়াছেন—

বছব্যাকুলচিন্তানাং বিচারাৎ তত্ত্বধী র্ন চেৎ। যোগমুধ্যস্ততন্তেবাং ধীদর্পত্তেন নশুতি।

ব্রহ্মবিচার দারা বাঁহারা চিত্তের ব্যাকুলতা নিবারণে অক্ষন হন, ভাঁহাদিগের পক্ষেই যোগ বিশেষরূপে প্রয়োজনীয় হয়। নিরতিশর প্রিয়রূপে প্রমান্থার প্রমানন্দ স্বরূপ বিবেচনা করিতে সমর্থ হইলেও যোগ ব্যতিরেকে মুক্তির উপায় কি ? এমত যদি আশঙ্কা কর তবে শুন।

> যদেবাগেন তদেবৈতি বদামো জ্ঞানসিদ্ধয়ে। যোগঃ প্রোক্তো বিবেকেন জ্ঞানং কিং নোপজায়তে॥ পঞ্চশী, আত্মানক।

বোগ দ্বারা যে অপরোক্ষ জ্ঞান হয় স্বরূপবিবেক দ্বারা তাহাই হয় ইহা শ্বীকার্য্য; অতএব যে জ্ঞানসিদ্ধির নিমিত্তেযোগ উক্ত হইয়াছে, স্বরূপবিবেক দ্বারা তাহা কেন না হইবে ?

অসাধ্যঃ কস্যচিদ্যোগঃ কস্যচিজ্জাননিশ্চয়ঃ।
ইথং বিচার্য্য মার্গো ছৌ জুগাদ প্রমেশ্বরঃ॥

পঞ্চদশী, আত্মাননা।

কোন ব্যক্তির বা প্রাণরোধরূপ যোগেতে, কোন ব্যক্তির বা জ্ঞাননিশ্চয়েতে অসামর্থ্য দেখিয়া বিচারপূর্বক প্রমেশ্বর এই উভয় মার্গ নিরূপণ করিয়াছেন।

> বিক্ষেপো নান্তি ষশ্মান্মে ন সমাধিস্ততো মম। বিক্ষেপোবা সমাধিব। মনসং স্যাদ্বিকারিণং॥

> > পঞ্দশী, তুপ্তিদীপ।

যেহেতু আমার অন্তঃকরণে কোন বিক্ষেপনাই, অতএব আমার সমাধি করি-ৃবার কি প্রয়োজন ? বিক্ষেপ বা সমাধি ইহারা কেবল বিকারি মনেরই ধর্ম।

তেনানমাহিতনমাহিতভেদভঙ্গা।

নিত্যোদিতে ক নু মহত্ত্মবাক্প্রপঞ্চঃ ॥ *
বো, বা, উপ, প্রকরণ।

সমাবিমথ কর্মাণি মা করোতু করোতু বা।
 ছদয়ে নান্তি সর্কাশা মুক্ত এবোত্তমাশয়ঃ ॥

যাহার হাদরে কোন রূপ আশা বা বাসনা নাই, সেই উত্তমচিত্ত ব্যক্তিকে মুক্ত. পুরুষ-জানিবে, সেই ব্যক্তির সমাধি করণ বা অকরণ উভয়ই সমান। সমাধি অসমাধি আদি বাক্যপ্রপঞ্চে নিত্যোদিভজ্ঞানবান্ ব্যক্তির কিছুমাত্র প্রয়োজন নাই।

> ষোণে কোহতিশয়স্তেহত জ্ঞানমুক্তং সমং দ্বয়োঃ। রাগদ্বোদ্যভাবশ্চ ভূল্যো যোগিবিবেকিনোঃ॥ পঞ্চশী, আত্মানন।

ষোগ ও বিবেক উভয়েরই তত্বজ্ঞানরূপ ফল সমানভাবে উক্ত হইরাছে, অতএব কন্ট্রসাধ্য সেই যোগেতে তোমার এত আগ্রছ কেন ? রাগদ্বেষাদির অভাবরূপ যে ফল তাহাও যোগী ও বিবেকীর সমান।

> যমাদিধী নিরোধশ্চ ব্যবহারন্য সংক্ষয়ঃ। স্মার্হেড্রাদ্যা উপরতেরিত্যসঙ্কর ঈরিতঃ॥

> > পঞ্দশী, চিত্রদীপ।

যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান, সমাধি ইহারা উপরতির কারণ; ঈশ্বরেতে বৃদ্ধির একাগ্রতা উপরতির স্বভাব; এবং লৌকিক ব্যবহারের শৈথিল্য অথবা লৌকিক ব্যবহারের সম্যক্ উচ্ছেদ্দ উপরতির কার্য্য।

বৈরাগ্যবোধোপরমাঃ নহায়ান্তে পরস্পরম্। প্রায়েণ নহ বর্ত্ততে বিযুক্ষ্যতে কচিৎ কচিৎ॥

পঞ্চনী, চিত্রদীপ।

বৈরাগা, জ্ঞান, ও উপরতি, ইহারা পরস্পরসাপেক্ষ, প্রায়ই একাধারে অবস্থিত হয়, এবং কদাচিৎ বিযুক্ত হইয়া পৃথক্ পৃথক্ আধারেও থাকে।

> নৈছৰ্ম্মেণ ন তস্যাৰ্থো ন তস্যাৰ্থো হি কৰ্ম্মিতিঃ। ন সমাধা ন জপাত্যাং ষষ্ঠা নিকাসনং মনঃ॥

যোগবাশিষ্ঠ ।

বে ব্যক্তির মন বাসনাশৃষ্ঠ হইরাছে, তাঁহার আর কোন কর্মাদিতে প্রয়োজন নাই, কর্মের অকরণে তাঁহার কোন হানি নাই, তাঁহার অপর জপ বা সমাধিতেও প্রয়োজন নাই।

ত্ররেহিপ্যত্যন্তপকাশ্চেমহতন্তপদঃ কলম্। ছুরিতেন কচিৎ কিঞ্ছিৎ কদাচিৎ প্রতিবধ্যতে ॥

পঞ্চদশী, চিত্রদীপ।

এই তিন পদার্থ এক ব্যক্তিতে সর্ম্মদা অত্যন্ত প্রবল থাকা মহৎ তপস্যার ফল, ইহার মধ্যে কোন স্থানে কখন কোন প্রতিবন্ধক স্বারা কাহারও কোন পদার্থের হাস হয়।

বৈরাগ্যোপরতী পূর্ণে বোধস্ত প্রতিবধ্যতে।

বস্য তস্য ন মোক্ষোহন্তি পুণ্যলোকস্তপোবলাৎ॥

পঞ্চনী, চিত্রদীপ।

যে ব্যক্তির বৈরাগ্য ও উপরতির প্রাবল্য হয় কিন্ত জ্ঞানের হ্রাস থাকে, তাহার মোক্ষপ্রাপ্তি হয় না, কেবল তপস্যাবল দ্বারা পুণ্যলোকপ্রাপ্তি মাত্রহয়।

> পূর্ণে বোধে তদন্যো দ্বো প্রতিবদ্ধো যদা তদা। মোক্ষো বিনিশ্চিতঃ কিন্তু দৃষ্টত্বঃখং ন নশ্যতি॥

পঞ্চদী, চিত্রদীপ।

আর যাহার জ্ঞানের প্রাধান্ত হয় এবং বৈরাগ্য ও উপরতির ন্যুনতা থাকে, তাহার ভবিষ্যতে নিশ্চয় মোক্ষলাভ হয়, কিন্তু প্রতিবন্ধক্ষয় পর্যাস্ত দৃষ্টছঃখবিনাশরূপ জীবন্মুক্তির স্থাপ্রাপ্ত হয় না।

তত্ত্ববোধঃ প্রধানং স্যাৎ সাক্ষামোক্ষপ্রদন্ততঃ। বোধোপকারিণাবেতে বৈরাগ্যোপরমাবুভৌ॥

পঞ্চদনী, চিত্রদীপ।

পূর্ব্বোক্ত বৈরাগ্য জ্ঞান ও উপরতি ইহাদিগের মধ্যে সাক্ষাৎ মোক্ষস্থবের কারণ তত্বজ্ঞান স্ব্বাপেক্ষা প্রধান; বৈরাগ্য ও উপরতি জ্ঞানের উপকারী মাত্র।

🗹 জ্ঞানীদিগের মুক্তি নিয়ত বা অনিয়ত।

যদিও জ্ঞান জন্মিলে মৃক্তি প্রতিনিয়তই ঘটিয়া থাকে, তথাপি উপযুক্ত সাধন না হইলে (অর্থাৎ প্রতিবন্ধকাদি ক্ষয় না হইলে) এক জন্মে (অর্থাৎ এ জীবনে) মৃক্তি হইবে না। তবে ইহার অব্যবহিত পর জীবনেই হউক বা তৎপর জীবনেই হউক প্রারক্ষয় হইলেই মুক্তি হইবে।

যাবদধিকারমবস্থিতিরাধিকারিকাণাম্।

বে, ৩।৩।৩২ স্ত্র।

ব্ৰহ্মতত্ববিদাং মুক্তিঃ পাক্ষিকী নিয়তাথবা।
পাক্ষিক্যপান্তরতম প্রভৃতের্জন্মকীর্ত্তনাৎ ॥
নানাদেহোপভোক্তব্যমীশোপান্তিফলং বুধাঃ ।
মুক্তাধিকারপুরুষাঃ মুচ্যন্তে নিয়তান্ততঃ॥

শা, সু, ৩।৩।১৯ অধিকরণ।

পুরাণে বর্ণিত আছে যে, অপাস্তরতম নামে এক তত্বজ্ঞানী বিফুর আজ্ঞান্থসারে দাপরযুগান্তে ব্যাসদেবরূপে জন্মন এবং সনৎকুমার কার্তিকেয়রূপে ও
বিশিষ্ঠপ্রভৃতিও অন্তান্তরূপে (বরপ্রভাবেই হউক, শাপপ্রভাবেই হউক,
বা নিজ নিজ ইচ্ছা প্রযুক্তই হউক, অথবা প্রারন্ধ কর্ম্ম ভোগের জন্মই হউক)
জন্মগ্রহণ করেন। অতএব জ্ঞানীদিগের মধ্যে কাহারও মুক্তি হয়, কাহারও
হয় না, ইহা পূর্বপক্ষ। ইহার উত্তর এই যে, উক্ত পুরুষ সকল পরমেখরের উপাসনা দারা অধিকারিপদ-প্রাপ্তিপূর্ব্বক বছজন্মপ্রদ প্রারন্ধকর্মাবসানে মুক্ত হন; অতএব জ্ঞানীদিগের মুক্তি অনিয়ত নহে।

স্বস্বকর্মানুসারেণ বর্জস্তাং তে যথা তথা। অবিশিষ্টঃ সর্ববোধঃ সমা মুক্তিরিতি স্থিতিঃ॥

পঞ্চদশী, চিত্ৰদীপ।

স্বীয় স্বীয় প্রারন্ধকর্মান্ত্রসারে জ্ঞানীদিগের যে অবস্থাতেই অবস্থিতি হউক জ্ঞানের কথন বৈলক্ষণ্য নাই, এবং মুক্তিরও অসম্ভাবনা নাই। উপাসনং নাতিপক্ষিহ যস্য পরত সঃ। মরণে ব্রহ্মলোকে বা তত্ত্বং বিজ্ঞায় মুঠ্যতে॥

পঞ্চদশী, धार्मनमीপ।

ইহ জন্মে যে ব্যক্তির উপাসনা পরিপক্তনা হয়, মরণের পর ব্রহ্মণোকে অথবা অন্ত কোন লোকে তত্ত্বজ্ঞান হইয়া তাহার মুক্তি হয়।

ঐহিকমপ্যপ্রস্তপ্রতিবন্ধে তদ্দর্শনাৎ।

যদি প্রতিবন্ধক না থাকে তবে অমুষ্ঠিত সাধনের দারা ইহ জন্মে অথবা জন্মান্তরে * ব্রহ্মজ্ঞান প্রাপ্তি হয়, যে হেতু বেদে দেখা যাইতেছে।

* আত্মার জন্মান্তরগ্রহণের (অর্থাৎ পুনর্জন্মের) কথা শুনিলে আজকাল অনেকেই কুদংক্ষার বলিয়া তাহাতে ঘুণা প্রকাশ করিয়া থাকেন; কিন্তু তন্ত্রতঃ বাঁহারা পুনর্জন্ম কথাটি শ্রবণমাত্রেই তহিষয়ে বিশেষরূপ চিন্তা না করিয় একেবারে কুদংক্ষার বলিয়া কর্ণে হাত দেন, তাঁহাদিগেরই কুদংক্ষার তথিক।

"জীবের মৃত্যু হইলে যত দিন না মুক্তি হয়, ততদিন পর্যান্ত জীবাত্মা পুন: পুন: এই পৃথিবীতেই জন্মগ্রহণ করিবে; অথবা মৃত্যুর পর সকলকেই কোন না কোন নৃতন জগতে ষাইতে হইবে ;" একণা নিশ্চয় করিয়া বলিবার অবিকার কাহারও নাই। বরং পৃথিবীতে ৰত জীব জন্মগ্ৰহণ করিয়াছেন তাঁহারা যে অনেকেই ইহার পূর্বে এই জগতে অথবা অস্ত কোন জগতে জন্মগ্রহণ করিয়াহিলেন অর্থাৎ এই জীবন যে তাহাদিগের সকলের নৃতন জীবন নহে, এ কথা নিশ্চয় করিয়া বলা যাইতে পারে। কারণ, তাহা না বলিয়া যদি এই জন্মকেই স্কলের নৃতন জন্মবলিয়া স্বীকার করেন, তাহা হইলে পরম স্থায়বান্ নিরপেক্ষ পরমেখরে পক্ষপাতিতা দোব সংঘটন হয়। যথা, মনে কর পরমেশর ছুইটা আক্মাকে স্জন করিয়াই পৃথিবীতে আনম্বন করিলেন। একটীকে এরূপ সমাজে এবং এরূপ পরিবারের মধ্যে স্থাপন कतित्वन त्व, त्म शिका माकात यद्ध माशात्या এवः स्पृष्टीत्व व्यव्यवित्तत्र मत्याहे छान, धर्म, ব্ৰহ্মপ্ৰীতি প্ৰভৃতি ৰাবতীয় স্বৰ্গীয় রত্নে বিভূষিত হইয়া সমুধ্যন্ধীবনের সার্থকতা সম্পাদন ক্রিল: এবং অনস্ত জীবনের উপজীব্য যে ব্রহ্মানন্দ এই জগতে থাকিয়াই সে ভাহা লাভ করিল। এবং অঞ্চীকে তিনি এরপ অসভামগুলীর মধ্যে স্থাপন করিলেন যে তথায় সে এক প্রকার বস্তু জন্তুর স্থায় জীবন অতিবাহিত করিতে বাধ্য হইল। জ্ঞানধর্মাদির পরিবর্ত্তে ভাহার আস্থা ভ্রম, অজ্ঞানতা এবং কুসংস্থারাদিতে পরিপূর্ণ হইয়া উঠিল; অধিক কি, রাক্ষ্য পিশাচ বা দহার স্থায় ব্যবহার তাহার পক্ষে স্বাভাবিক হইয়া দাঁড়াইল। অতএব ছুইটী তুলা অধিকারপ্রাপ্ত আত্মা এ ৮ সময়ে একত্তে পৃথিবীতে আদিল, এক সময়ে জন্মগ্রহণ "গর্ভস্থ এব বামদেবঃ প্রতিপেদে ব্রহ্মভাবম্।" *
গর্ভত্ব যে বামদেব তিনি ব্রহ্মভাব প্রাপ্ত হইয়াছিলেন, অর্থাৎ তথন তাঁহার
ঐহিক কোন সাধন ছিল না, স্মৃতরাং পূর্বজন্মের সাধন দারাই তিনি জ্ঞান
প্রাপ্ত হইয়াছিলেন।

অর্জুন শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করিয়াছিলেন—
অযতিঃ শ্রাদ্ধ সৈতি যোগাচ্চলিত মানসঃ।
অপ্রাপ্য যোগসংসিদ্ধিং কাং গতিং কৃষ্ণ গছতি॥
গী,৬।৩৭।

বে ব্যক্তি প্রথমে শ্রদ্ধাযুক্ত হইয়া বোগ আরম্ভ করিয়াছে, কিন্তুপরে তদ্বিষরে শিথিল প্রযন্ত্র হইয়াছে, এবং বিষয়ের প্রলোভনে পড়িয়া যাহার যোগ ভ্রষ্ট ইইয়াছে, স্রতরাং তাহাতে সিদ্ধি লাভকরিতে পারে নাই; হে ক্রফণ যোগ হইতে বিচলিতমন সেই ব্যক্তির কিরপ গতি হইবেক প

কচ্চিল্লোভয়বিজ্ঞ ছিল্লাজমিব নশ্যতি। অপ্রতিষ্ঠো মহাবাহো বিমৃঢ়ো ত্রহ্মণঃ পথি॥

গী, ডা৩৮।

হে মহাবাহো! ঈশ্বরপ্তাঞ্জি পথে এইরূপ বিমৃত অথচ আশ্রয়-রহিত ব্যক্তি স্বর্গ মোক্ষ উভয় না পাইয়া ছিল্ল মেঘের ভায় কি লয় প্রাপ্ত হই-বেক না ?

করিল অথচ একজন এরূপ স্থবি। পাইল যে দে দেবতা ছইল, এবং অস্ত জনকে পরমেশর এরূপ কদন্য স্থানে রাখিলেন যে দে পশু অপেকাও অধম হইল। স্তরাং এই জীবনের পূর্বের অস্তজীবন শীকার না করিলে পরম স্তায়বান্ পরমেশরকে পক্ষপাতিতা দোয়ে দোষী করিতে হয়। ইহা কথনই হইতে পারে না। অতএব এই জীবনের পূর্বের অস্ত জীবন যে আমাদের ছিল, ইহা অবগ্রই শীকার করিতে হইবেক।

* শাস্ত্ৰকারগপ যে বামদেব ধ্বির গর্ভাবস্থানকালে ব্রহ্মভাবপ্রাপ্তির উল্লেখ করিয়াছেন ইহার স্পষ্ট অভিপ্রায় এই যে 'এক জীবনের উপার্ক্জিত জ্ঞানাদি অতি সহজেই তৎপরজীবনে প্রকাশিত হইয়া থাকে;" তাঁহাদের এই সত্যটী সকলেই স্বৃদ্ধাপে হৃদয়ক্ষম করিবেক। নতুবা গর্ভন্থ শিশুর ব্রহ্মভাবপ্রাপ্তি হওয়া সম্ভবপর বলিয়া বোধ হয় না। শ্ৰীকৃষ্ণ কহিলেন---

পার্থ নৈবেহ নামুত্র বিনাশস্তদ্য বিদ্যতে। নহি কল্যাণক্লৎ কশ্চিদুর্গতিং তাত গছতি॥

হে পার্থ, যোগভ্রন্থ ব্যক্তির ইহলোকে পাতিত্য এবং পরলোকেও নরকভোগ নাই। যে হেতু শুভকর্মকারীর কখন কোন ছুর্গতি হয় না।

ু প্রাপ্য পুণ্যক্তাং লোকানুষিত্বা শাখতীঃ সমাং॥ শুচীনাং শ্রীমতাং গেহে যোগজপ্তৌহভিজায়তে॥

কিন্তু শুভকর্ম করিয়া লোক যে স্থানে গমন করেন, যোগভ্রন্থ সেই স্থান প্রাপ্ত হন; তৎপরে বহুকাল পর্যান্ত তথায় স্থুখ ভোগ করিয়া সদাচার-মুক্ত ধনী লোকের গৃহে জন্মগ্রহণ করেন।

যাঁহারা, অল্পকাল বোগাভ্যাস করিয়া যোগচ্যত হন, তাঁহাদিগের যোগাভ্যাসের এই ফল কথিত হইল; কিন্তু যাঁহারা বহুকাল যোগাভ্যাস করিয়া যোগভ্রত্ত হন, এইক্ষণে তাঁহাদিগের যোগাভ্যাসের অন্য ফল কহিতেছেন।

ু অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্। এতদ্ধি তুর্ভতরং লোকে জন্ম যদীদৃশম্॥

বৃহকাল যোগাভ্যাস করিয়া যিনি যোগভ্রম্ভ ক্রন, তাঁহার এককালে যোগনিষ্ঠ জ্ঞানী লোকের কুলেই জন্ম হয়। হে পার্থ, এ জন্ম মোক্ষের কারণ; অত এব এরপ জন্মও লোকের অতিত্র্লভ হয়।

তত্র তং বুদ্ধিনংযোগং লভতে পৌর্বনেহিকম্। *
যততে চ ততো ভুয়ঃ সংসিদ্ধৌ কুরুনন্দন॥

শ শরীরসত্ত্ব যে সকল ধ্যান অভিনিবেশ ও অভ্যাস আয়ন্ত করা যায়, শরীরপাত হইলেও সেই সকল ধ্যান অভিনিবেশ এবং অভ্যাসের সংশ্বার জীবকে অক্সরূপ নিয়মের অধীনে রাধে এবং অক্সরূপ রূপে পরিবর্ভিত করে। এই শরীরে কোন এক বিষয়ের নিয়ন্তর ধ্যান করিয়া ভাহা পরিত্যাগ করিলেও বহুকাল পরে তাহা এক সময়ে না এক সময়ে পুনরুদিত হইবে। এরপ কেন হয় ? আয়াতে অক্স্টিত কর্মের সংশ্বার আবদ্ধ থাকে বলিয়াই হয়। ছিত সংশ্বার যথনই উদ্বৃদ্ধ হইবে তথনই শ্বরণ হইবে, প্রত্যভিজ্ঞা হইবে, মনের ভাব বা অবহা পরিবর্জিত হইবে। সংশ্বার পদার্থ বথন আয়াতে বা স্ক্র শরীরে উৎপন্ন হয়, তথন তাহা

পূর্ব্বাভ্যাদেন তেনৈব ক্রিয়তে হ্যবশোহপি সঃ। জিজান্ত্রপি যোগদ্য শব্দবক্ষাতিবর্ত্ততে॥

স্ক্র শরীরেই আবদ্ধ থাকে। বাহাদেহে উৎপন্নও হয় না, আবদ্ধও থাকে না। ইহাতে ব্রিতে হইবে যে, বাহাদেহ পতিত হইলেও তদ্দেহের সঞ্চিত সংস্কার সকলের কিছুমাত্র ক্ষয় হয় না। এই জন্যই মরণের পর, তদ্দেহের সঞ্চিত জ্ঞান কর্ম্ম বা ধর্মাধর্মের সংস্কারামূরপ অকটী অভিনব অবস্থা উপস্থিত হয়।

কোন প্রকার উৎকট রোগ হইলে কি মৃচ্ছাদি ছুরন্ত অবস্থায় পতিত হইলে বেমন প্র্নিদিত জ্ঞানের অভ্যথা হয় অথবা ভূলিয়া যাইতে হয়, সেইরূপ মৃত্যু যমণার প্রভাবে মুম্ধূ তদ্দেহের সম্পায় ভাবই ভূলিয়া বায়। ভূলিয়াগিয়া এক অভিনব ভাবনায় উপস্থিত হয়। সমন্ত জীবন ব্যাপিয়া যে সকল কর্ম করিয়াছে, বেরূপ ধ্যান করিয়াছে, যেরূপ অভিনিবেশে নিমগ্ন থাকিয়া কাল যাপন করিয়াছে, তাহারই অস্ক্রপ নৃতন এক পরিবর্ত্তন, নৃতন এক ভাবনা, উপস্থিত হয়। এই নৃতনতর ভাবনাই তথন তাহার প্রায় শরীরের কার্য্য করে, স্তরাং শান্তীয় ভাষায় ইহাকে ভাবনাময় শরীর বলে।

মনুষ্যের মনুষ্যদেহত্যাগমানেই প্রথমে কোৰ না কোন প্রকার ভাষনাময় শারীর উৎপন্ন হয়, পরস্ক তাহা ভবিষ্যৎ শারীরের অনুরূপ। স্বপ্রশারীরের সহিত এই ভাষনাময় শারীরের অনেকটা সোসাদৃগু আছে। কেননা এই ভাষনাময় শারীরের অনুরূপ যাট্কৌশিক শারীর উৎপন্ন হইয়া থাকে।

"প্রায়ণকালে যচিত্তস্তেনৈর প্রাশ আয়াতি" এবং "ব্যাসক্ষরিতং লোকং নয়তি" ইত্যাদি শাস্ত্রবাক্য দেপিয়া উত্তরাধিকারীর। ঈখরের নাম মুমূর্র কর্ণগোচর কবিতে চেষ্টা পায়। অভিপ্রায় এই বে, নাম শুনাইলে যদি কোনও গতিকে ভাগ্যবশতঃ মুমূর্র চিত্তে ঈখরভাবনার উদয় হয়। মরণকালের ভাবনাময় শরীরটা যদি ঈখরভাবে রচিত হইয়া দাঁড়ায়, তাহা হইলে সে কত্তর্গে হইল। সভ্যাবটে, এ দেশে মরণকালে নাম গুনাইবার মূল এই, কিন্তু শুনাইলে কিছেইবে? প্রের্বর ধ্যান, প্রের্বরঅভিনিবেশ, প্রের্বর অভ্যাস না থাকিলে তৎকালে ঈখরময় ভাবনাশরীর হইবার সন্তাবনা নাই।

সাম্যুদর্শন, পদার্থকাও।

- * একৃষ্ণ উদ্ধবকেও এইরূপ কহিয়াছিলেন-
 - কুযোগিনো যে বিহিতান্তরায়ৈর স্বাভূতৈ গ্রিদশোপকটে: ।
 তে প্রাক্তনান্ত্যাসবলেন ভূয়োবুঞ্জি যোগং নতু কর্মতন্ত্রম্ ॥

ভা, ১১। २৮।

বে সকল কুযোগী দেবগণকর্ত্ক প্রেরিত মনুব্যভূত (অর্থাৎ পুত্র ও শিষ্যাদি) বিশ্ব সকলের

উক্ত ছই প্রকার জন্মেতেই যোগন্রই ব্যক্তিরা পূর্ব্ধন্ধন্ম উপার্জ্জিত ব্রন্ধজ্ঞানের সম্বন্ধ প্রাপ্ত হইয়া পরে পূনন্চ মোক্ষের প্রতি অধিক যত্ন আরম্ভ করেন।
ইহার কারণ এই যে, পূর্ব্ধন্ধন্মর অভ্যাস দারা অনিচ্ছাতেও বিষয় ত্যাগ করিয়া তাঁহার মোক্ষসাধনে প্রবৃত্ত হন (অর্থাৎ কোন দৈবশক্তি যেন তাঁহাদের কেশাকর্ষণপূর্ব্ধক তাঁহাদিগকে সেই পথে টানিতে থাকে)। আর কেবল মাত্র যোগ বিষয়ে জিজ্ঞান্ম হইয়া অর্থাৎ যোগ কি ইহা জানিতে ইচ্ছুক মাত্র হইয়াও যদি কেহ পাপবশে তাহা হইতে ভ্রন্ত হইয়া থাকে, তাহা হইলেও সে ব্যক্তি শক্ত্রক্ষ অর্থাৎ বেদোক্ত কর্ম্ম কাণ্ড অতিক্রন্ম করিতে সমর্থ হয়; অর্থাৎ বেদবিহিত-কর্ম্মজ্ঞ ফল ত্যাগ করিয়া আত্মজ্ঞানরূপ মহাফলে তাহার প্রবৃত্তি হয়।

প্রেবড়াদ্যতমানস্ত যোগী সংগুদ্ধকি বিষঃ। অনেকজন্মগংসিদ্ধস্ত তো যাতি পরাং গতিম॥

গী, ৬।৪০-৪৫।

হে অর্জুন, যোগন্রষ্ট ব্যক্তি অর যত্নেই এই ফল প্রাপ্ত হয়; তবে অনেক জন্ম পর্যান্ত যোগাড্যাসের দ্বারা বাহার শরীর নিষ্পাপ হইরাছে এবং যোগা ভ্যাসে যে ব্যক্তি বিশেষরূপ যত্ন করেন, এমন ব্যক্তির যে নিশ্চয় মোক্ষপ্রাপ্তি ইইবে তাহাতে বক্তব্য কি ?

প্রারন্ধ কর্ম।

শাস্ত্রকারগণ প্রত্যেক মন্থ্যের কর্মকে তিন ভাগে বিভক্ত করিয়াছেন।
যথা, সঞ্চিত কর্ম্ম, আগামি কর্ম এবং প্রারদ্ধ কর্ম। তাঁহারা এই তিনপ্রকার
কর্মকে তিনটী বাণের সহিত উপমা দিয়াছেন। যথা, কোন ব্যক্তির তৃণের
মধ্যে একটী বাণ সঞ্চিত আছে. তাহার লক্ষ্যের প্রতি একটী বাণ নিক্ষিপ্ত
হইয়াছে, এবং একটী বাণকে নিক্ষেপ করিবার জন্ত সেধন্থতে যোজনা

ৰারা এই হন, ওাহারা জন্মান্তরে আজন অভ্যাস বলে যোগই প্রাপ্ত হন, কর্মবিন্তার প্রাপ্ত হন না। করিয়াছে, এইরূপ সময়ে তাহার তত্ত্বজান জন্মিল। সে ব্যক্তি যে বাণটা ধহতে যোজনা করিয়াছিল তাহা আর নিক্ষেপ করিল না, এবং যে বাণটা তাহার তৃণের মধ্যে সঞ্চিত ছিল তাহাও সেই ভাবে রহিয়া গেল; কিন্তু যে বাণটা সে লক্ষ্যের প্রতি নিক্ষেপ করিয়াছে তাহার যাহা কার্য্য তাহা পূর্কাত্নেই হইয়া গিয়াছে; স্ক্তরাং তাহার ফলতোগ ব্যতিরেকে কদাচ বিনষ্ট হইতে পারে না। এই নিক্ষিপ্ত বাণের সহিতই প্রারন্ধ কর্ম্মের উপমা দেওয়া হইয়াছে শাস্ত্রকারদিগের মত এই যে, তত্ত্বজান জন্মিলে সঞ্চিত এবং আগামি এই উভয়প্রকার কর্ম্মই নষ্ট হইয়া যায়, কিন্তু প্রারন্ধকর্ম্ম ভোগ ব্যতীত ক্ষয় হয় না। শ তাঁহারা এই প্রারন্ধ কর্মকে তত্ত্বজানের আগামি (অর্থাৎ ভবিষ্যৎ)প্রতিবন্ধকরূপ কহেন। † যেপর্য্যন্ত ইহা ভোগ হারা ক্ষয় না হয়, তত্তদিন সাধকের সম্পূর্ণরূপে মৃক্তিলাভ হয় না। তবে বাঁহারা সাধনে বিশেষ অন্মরক্ত এবং যত্ত্বশীল হন, তাঁহাদের মান্তরেই সমস্ত প্রারন্ধ ক্ষয় হইয়া যায়, ‡ অন্ত ব্যক্তির তত্ত্বপ না হইয়া কিছু বিলম্ব ঘটে।

"ইযুচক্রাদিদৃষ্টান্তাৎ নৈবারকং বিনশ্যতি।"

(व, मा, हा)।>> व्यक्षिकत्रा।

বেমন বাণ পরিত্যাগ করিলে তাহার প্রতি ধামুক্তের এবং বেগে চক্র খুরাইয়া দিলে তাহার প্রতি কুপ্তকারের আর কোনুনরূপ অধিকার থাকে না, তক্রপ (জ্ঞানলাভ মাত্রেই) প্রার্ক কর্মেরুনাশ হয় না। উহার ক্রমে ক্রমে নাশ হয়।

কাগামিপ্রতিবন্ধক বামদেবে সমীরিত:।
 একেন জন্মনা ক্ষাণো ভরতস্য ত্রিজন্মভি:।

भ, म, अ। 8¢।

আগামিপ্রতিবন্ধ যথা, বামদেব ধবির জানোদর বিষয়ে উক্ত হইরাছে যে, প্রারন্ধ-সন্তাকেই আগামি প্রতিবন্ধ বলা যায়। সেই প্রতিবন্ধ বামদেব ধবির এক জয়েই ভোগ দারা পর্যাবসিত হইরাছিল, কিন্তু ভরতের ক্রমণঃ তিন জন্মে তাহা ভোগ হইলে পশ্চাৎ তাহার অবসান হয়।

दिनिष्ठं क्षित्र त्रामिक्य क्षित्र विद्या क्षित्र क

রজ্জুজানেহপি কম্পাদিঃ শনৈরেবোপশাম্যতি।
পুনর্মনান্ধকারে সা রজ্জুঃ ক্ষিপ্তোরগী ভবেৎ॥
এবমারক্কভোগোহপি শনৈঃ শাম্যতি নো হঠাৎ।
ভোগকালে কদাচিত্র মর্জ্যোহমিতি ভাসতে॥

বেমন রজ্জুতে সর্পভ্রম হইলে হঠাৎ সেই সর্প দেথিয়া হৃৎকম্পাদি উপস্থিত হয়, কিন্তু পশ্চাৎ তাহাতে রজ্জুজান হইলেও সেই হৃৎকম্পাদি সহসা নির্ভ্ত না হইয়া অল্লে অল্লে নির্ভ্ত হয়, এবং পুনর্কার সেই রজ্জু অন্ধকারে প্রক্ষিপ্ত হইলে তাহাতে সর্পজ্ঞান হইতে পারে, তজ্ঞপ তত্বজ্ঞান হইলেও প্রারক্ষ কর্মের ভোগ হঠাৎ নির্ভ্ত না হইয়া অল্লে অল্লে নির্ভ্ত হয় এবং পুনর্কার ভোগকালেও কথন কথন আপনার মর্ত্তাত্ব জ্ঞান হয়।

, নৈতাবতাপরাধেন তত্বজ্ঞানং বিনশ্যতি। জীবমুক্তিব্রতং নেদং কিন্তু বস্তুস্থিতিঃ খলু॥

ষদিও পুনর্কার আপনার মর্ত্রাত্ব জ্ঞান হয় বটে, কিন্তু তাহাতে তত্বজ্ঞানের কোন হানি হয় না; যেহেত্ জীবন্মুক্তি কোন ব্রত নহে যে নিয়ম অতিক্রম করিলেই ব্রতভঙ্গ হইবে। ইহা কেবল বস্তুর যথার্থ স্বরূপে স্থিতি মাত্র;
স্বত্রব্য মর্ত্রাত্বজ্ঞান হইলেও শীঘ্র তাহা তত্বজ্ঞান দারা নিরস্ত হয়।

দশমোহপি শিরস্তাড়ন্ রুদন্ বুদ্ধা ন রোদিতি। শিরোত্রণস্থ মাসেন শনৈঃ শাম্যতি নো তদা।

অতএব হি হে রাম শ্রেরঃ প্রাপ্নোতি শাখতম্। শ্বরং যত্তোপনীতেন পৌরুবেনৈব নানাধা॥

যো, বা, মুমুকু প্রকরণ।

হে রামচন্দ্র, জীব সকলের ওভ অণ্ডত ছুই প্রাক্তন বাসনা হয়, ঐ বাসনাহয়ের মধ্যে কাহারও একাংশ অধিক থাকে।

আর যদি প্রাক্তন অণ্ডভ বাসনা ভোমাকে সন্ধট কর্মে নিরোগ করে, তবে ভোমার যত্ন এবং পুরুষকার দারা সে বাসনাকে ত্যাগ করা উচিত।

হে রামচন্দ্র, প্রাক্তন বাসনার স্বারা জীব কর্ম করে সত্য বটে, কিন্তু সেই বাসনার স্বারা যত্ন এবং পুরুষকার করিলে শ্রেরঃ প্রাপ্তি হয়, ইহার জন্যথা নাই।

দশনামৃতিলাভেন জাতো হর্বো ত্রণব্যধাম্। তিরোধতে মুক্তিলাভন্তথা প্রারন্ধতঃখিতাম্॥

भ, म, १। २८०-२८१।

যেমন দশমদশাগ্রস্ত কোন পুরুষ তাহার আত্মীয় জনের মৃত্যু নিশ্চয় করিয়া রোদন করত থেদে স্বীয় শিরোদেশে আঘাত করে এবং পশ্চাৎ উপদেশ দারা অবগতিপূর্বক রোদনে নিবৃত্ত হইয়া হুট হইলেও তাহার শিরোবেদনার হঠাৎ শাস্তি হয় না, ক্রমে শাস্তি হয়, তক্রপ তত্ত্বজ্ঞানীর জীবন্মুক্তি লাভ হইলেও প্রারব্ধ কর্ম্মবশতঃ সাংসারিক স্থত্বঃখাদির সহসা আত্যস্তিক নিবৃত্তি হয় না, ক্রমে ক্রমে হয়।

তদিষ্টমেষ্টব্যমায়াময়ত্বস্য সমীক্ষণাৎ। ইচ্ছন্নপ্যজ্ঞবন্ধেচ্ছেৎ কিমিচ্ছন্নিতি হি শ্রুতম্॥ •

भ, म, १। ১৮৯।

প্রারন্ধকর্মবশতঃ প্রমান্মতন্বজ্ঞানীর যে অনিত্য বিষয়ে অভিলাষ হয় তাহা
অজ্ঞদিগের ন্যায় দৃঢ়তর অভিলাষ নহে; যে হেতু জগতের প্রকৃত তন্ব তাঁহার
সর্বাদাই প্রত্যক্ষ হইতেছে।

ভর্জিতানি তু বীঙ্গানি সম্ভ্যকার্য্যকরাণি চ। বিদ্যদিক্ষা তথেষ্টব্যা সম্ববোধাৎ ন কার্য্যক্রৎ॥

যেমন কোন বৃক্ষবীজ অগ্নি দারা ভর্জিত হইলে তাহাতে আর অঙ্কুর হয় না, তদ্ধপ বিষয়ের অসন্তবোধ হেতু জ্ঞানীদিগের ইচ্ছা আর কার্য্য করিতে সমর্থ হয় না।

> দক্ষবীক্ষমরোহেহপি ভক্ষণায়োপযুক্ষ্যতে। বিদ্যদিচ্ছাপ্যল্লভোগং কুর্য্যান্ন ব্যদনং বহু॥

> > श, म, १।३७०-३७८।

যেমন ভর্জিত বীজ অন্ধুর-কার্য্যের উপযোগী না হইলেও ভক্ষণাদি কোন

কার্য্যের উপযুক্ত হইয়া থাকে, তদ্ধপ জ্ঞানীদিগের ইচ্ছাও অন্ন ভোগ মাত্রে তুষ্ট হয়, বিস্তৃত ভোগে প্রবৃত্ত হয় না। *

প্রারন্ধকর্মপ্রাবল্যান্ডোগেছিছা ভবেদ্যদি। ক্লিশ্যন্নেব তদাপ্যেষ ভুংকে রিষ্টিগৃহীতবং॥

যদিও জ্ঞানী ব্যক্তিদিণের প্রারন্ধকর্মের প্রাবল্য হেতৃ বিষয়-ভোগে বাসনা হয়, তথাপি তাঁহারা তাহা অত্যন্ত ক্লিষ্ট হইয়া ভোগ করিয়া থাকেন; যেমন বিনা বেতনে বলন্বারা ধৃত হইয়া কোন ব্যক্তিকে কর্ম করিতে হইলে তাহা অক্লেশে কৃত হয় না।

ভূঞানান্তানপি বুধাঃ শ্রদ্ধাবন্তঃ কুট্রিনঃ। নাদ্যাপি কর্ম নশ্চিন্নমিতি ক্লিশ্যন্তি সন্তত্ম॥

প, দ, १। ১৪৩।

আর শ্রদাবান্ অথচ কুটুম্মুক্ত সেই জ্ঞানীরা সকল প্রারন্ধ কর্মের ফল ভোগ করিতে করিতে ইহা বলিয়া থেদ করিয়া থাকেন যে, আজিও আমা-দের প্রারন্ধ কর্মের অবসান হইল না।

> নায়ং ক্লেশোহত্র সংসারতাপঃ কিন্তু বিরক্তা। ভান্তিজ্ঞাননিদানং হি তাপঃ সাংসারিকঃ ম্মৃতঃ॥

> > भ, म, १। ১৪৪।

বিবেকেন পরিক্লিশ্যয়য়ভোগেন তৃপ্যতি।
 অন্যথানস্তভোগেহপি নৈব তৃপ্যতি কহি চিং॥

어, 17, 91286 1

বিবেকী ব্যক্তি ভোগকালে বিবেকবশতঃ ক্লিষ্ট হইয়া অন্ধ ভোগেই ভৃপ্ত হন, নতুবা অন্য অবিবেকী ব্যক্তিরা অনস্ত ভোগ প্রাপ্ত হইলেও কথন পরিতৃপ্ত হয় না।

> বন্ধমুক্তো মহীপালো গ্রামমাত্রেণ তুব্যতি। পরেরবন্ধো নাক্রান্তো ন রাজ্যং বহুমন্যতে ॥

> > যো, বা, স্থিতি প্রকরণ।

শক্রকর্ত্ক বন্ধ রাজাকে পশ্চাৎ অনুগ্রহপূর্ণক মৃক্ত করিয়া একথানি গ্রাম অধিকার করিতে দিলে তাহাতেই তাহার পরম তুটি হয়। কিন্তু অবন্ধ এবং শক্রতে অনাক্রাপ্ত দ্বাকা একটা রাজ্যকেও বহু করিয়া মানেন না। প্রারক কর্মের ফল ভোগ করিতে করিতে জ্ঞানীদিগের যে এই থেদ উপ-স্থিত হয় ইহা সংসারতাপ নহে, ইহাকে সংসারবৈরক্তি বলা যায়, যেহেতু সাংসারিক তাপের কারণ যে ভ্রান্তিজ্ঞান তাহা জ্ঞানীদিগের নাই।

প্রারন্ধং ভোজয়েদেব নতু বিদ্যাং বিলোপয়েৎ।
 স্পুরুদ্ধবদশ্লেষতাদবস্থাৎ কুতো ন মুক্॥

বে, সা, ৪।১।১৪ অধিকরণ।

বেমন স্বৰ্ধিকালে বিদ্যার লোপ হয় না, সেইরূপ প্রারক্ক:ভোগ-সময়েও তত্তজান লুগু হয় না। স্থতরাং প্রারক্ক ক্ষয় হইলেই সাধকের নিশ্চয়ই ম্ক্রিলাভ হইয়া থাকে।

কৰ্মত্যাগ।

উচ্চশ্রেণীস্থ সাধক মাত্রেরই কার্য্যসম্পাদনের শক্তি ক্রমে ক্রমে নিতান্ত হ্রাস হইয়া আইসে। * যদিও দেহসত্ত্বে কর্ম্ম সকল দেহীকে সম্পূর্ণরূপে পরিত্যাগ না করায় তাঁহাদিগকেও সময়ে (মলমূত্রাদির পরিত্যাগ, এবং ভোজনাদি রূপ) অত্যাবশ্যকীয় কার্য্য সকল অনাসক্তহ্বদয়ে সম্পন্ন করিতে

রাজর্বিজনক তদীয় শুরু ঋবিপ্রবর অষ্ট্রাবক্রকে কহিয়াছিলেন ;—
কায়কুত্যাসহঃ পূর্বাং ততো বাধিস্তরাসহঃ।

অথ চিস্তাসহন্তক্ষাদেবমেবাহুমান্তিতঃ॥

অয়, সং. ১২।১।

পূর্ব্বে আমি কারিক কার্য্যে বিরত হইলাম, পশ্চাৎ বাক্যবিস্তারে বিরত হইলাম, এক্ষণে আমি চিস্তায় নিরস্ত হইরা এইরূপে অবস্থান করিতেছি।

মহাস্থা জনক রাজা হইয়াও যে কর্ম হইতে অনেক পরিমাণে বিরত হইতে পারিয়াছিলেন তাহার কারণ এই যে, আমাদিগের দেশে পূর্বাপর এইরূপ নিয়ম ছিল যে রাজারা ইচ্ছা করিলে মন্ত্রী এবং অন্যান্য কর্মচারিগণের উপর রাজকীয় সমস্ত কার্য্যের ভার অর্পণ করিয়া আপনারা স্বয়ং সম্পূর্ণরূপে নিশ্চিস্ত হইতে পারিতেন। বিশেষতঃ রাজর্ধি জনকের কুশধ্বজ্ঞ নামে এক কনিষ্ঠ আতা ছিলেন এবং পূর্বাকালে আমাদিগের দেশে পরস্পরের প্রতি পরস্পরের বিশাসের ভাবও অত্যন্ত প্রবল ছিল। আরও জনক রাজা তাঁহার জীবনের কোন্ ভাগে যে সাধনের এরূপ উচ্চ অবস্থা লাভ করিয়াছিলেন তাহাও নিশ্চয় করিয়া বলা যায় না।

হয়, তথাপি তাঁহারা কর্ত্তব্যক্ষির বশীভূত হইয়া কোন রূপ গুরুতর কার্য্য আর কথনও সম্পাদন করিতে সক্ষম হন না। যেরূপ গুরু বৃহ্নপত্র সকল বায়ুকর্ত্ক কোন বিশেষ দিকে চালিত হয়, * তজ্ঞপ সেই সমস্ত জীবশুক্ত পুরুষেরাও সংস্কাররূপ-বায়ুকর্ত্ক চালিত হইয়া অনুমাসসাধ্য (ভোজনাদি রূপ) সামাভ কার্য্য সকল উপস্থিতমতে (সহ্বর্গুভ হৃদয়ে) । সম্পন্ন করিয়া থাকেন মাত্র। অধিক কি, এক সময়ে যাঁহারা সামাজিক ও পারিবারিক কর্ত্তব্য মাত্রকেই ঈশ্বরের সাক্ষাৎ আদেশস্বরূপ জানিয়া পরম আনন্দ ও উৎসাহের সহিত তৎসম্পাদনে নিযুক্ত থাকেন, যাঁহারা ঈশ্বরের উদ্দেশে নিহামরূপে অঞ্জিত জনহিতকর কার্য্যে এই নশ্বর দেহ পতন করাক্রেই মানবের সর্ব্বোৎকৃত্ত স্বার্থ জানিয়া অহরহঃ তাহারই জন্ত পরমেশ্বরের নিকট প্রার্থনা করিয়া থাকেন, তাহাদিগকেই পুনর্বার সাধনের এই অপেক্ষাকৃত উচ্চ অবস্থাতে বাধ্য হইয়া জড়ের ভায় আচরণ করিতে হয়। তাহারা

শুগবান্ অষ্টাবক তদীয় শিষ্য রাজর্ধি জনককে কহিয়াছিলেন—
প্রবৃত্তে বা নিবৃত্তা বা নৈব ধীরক্ত হুর্যহ: ।

সদা যৎ কর্ভু মায়াতি তৎ কৃষা তিঠত: স্থম্ ॥

নির্বাসনো, নিরালম্বঃসছেন্দো মুক্তবন্ধন: ।

ক্ষিপ্তঃ সংক্ষারবাতেন চেইতে শুক্ষপর্বৎ ।

জ, সং ১৮।২০-২১ ।

ধীর ব্যক্তি চেষ্টা করিয়া কোন কার্য্যে প্রবৃত্ত বা কোন কার্য্য হইতে নিবৃত্ত হন না। যথন যাহা করিবার জন্ম আসিয়া উপস্থিত হয়, অনাসক্তহদয়ে তথন তাহা সমাধান করিয়া যথাস্থথে অবস্থিতি করেন।

যিনি বাসনারহিত হইয়াছেন, মিনি সাংসারিক কোন বস্তুই অবলম্বন করেন না, যিনি অজ্ঞানরূপ বন্ধন হইতে মুক্ত হইয়া সচ্ছন্দে অবস্থান করিতেছেন, তিনি সংস্কাররূপ বায়্ য়ায়া বিক্ষিপ্ত হইয়া শুক্ত পত্রের স্থায় চালিত হন মাত্র। (তিনি আপনি চেষ্টা করিয়া কোন কার্যো প্রবৃত্ত হন না ।)

† যতা স্থার্বীতসকলাঃ প্রাণেক্রিয়মনোধিয়াম্। বৃত্তয়ঃ স বিনিমুক্তিশ দেহত্বোহপি হি তদগুণৈঃ ॥

명. ১১/১১/১৪ I

বাঁহার প্রাণ, ইন্দ্রিয় মন ও বৃদ্ধির আচরণ সকল সংকলশৃষ্ঠ হয়, তিনি দেহত্ব হইয়াও তাহাদের গুণগণ হইতে মুক্ত। পুনঃ পুনঃ চেষ্টা করিয়াও আর আপনাদিগকে পুর্ব্বের স্থায় কার্য্যে নিযুক্ত করিতে পারেন না। ব্রহ্মপ্রেমের নেশায় তাঁহারা ক্রমে এত দ্র অভিভূত হইয়া পড়েন যে কার্য্য করিবার শক্তি তাঁহাদিগের ক্রমে বিলুপ্ত হইয়া য়ায়। ইহাতে বাঁহারা সেই সকল ব্রহ্মগতপ্রাণ মহাত্মাকে আত্মস্থপে রত স্বার্থপর † বলিয়া নিন্দা করেন, তাঁহারা অতীব লাস্ত। অথবা এতক্রপ নিন্দা করাতে সেই সমস্ত ব্থাদোষারোপকারী নিয়শ্রেণীয় সাধকগণেরও কোন দোষ নাই; কারণ তাঁহারা সেই জড়ভাবাপয় সাধকের এতক্রপ উচ্চ অবস্থার বিষয়ে সম্পূর্ণ অনভিজ্ঞ। যাহা হউক, এ সম্বন্ধে পুরাকালীন মহাত্মাগণ যে সমস্ত অভিপ্রায় প্রকাশ করিয়া গিয়াছেন, সংক্রেপে তাহারই মধ্যে কয়েকটী এ স্থলে উদ্ধৃত করিয়া দিতেছি।

* আর আপনার আয়ার পরিত্রাণের জক্ত যদিও কেহ স্বার্থপরায়ণের স্থায় ব্যবহার করিতে বাধ্য হন, পণ্ডিতগণ তাহাতে কোনরূপ দোষারোপ করেন না। যথা চাণক্য পণ্ডিত বলিয়াছেন;—

"ত্যজেদেকং কুলস্যার্থে গ্রামস্থার্থে কুলং ত্যজেৎ। গ্রামং জনপদস্থার্থে আন্মার্থে পৃথিবীং ত্যজেৎ॥

কুলরক্ষার্থ একটা বস্তু ত্যাগ করিবে, প্রামরক্ষার্থ কুল ত্যাগ করিবে, দেশরক্ষার্থ প্রাম ত্যাগ করিবে, আত্মরক্ষার্থ পৃথিবীপর্যান্ত ত্যাগ করিবে।

মহাভারতের শাস্তিপর্কমধ্যে দেখিতে পাওয়। যায়, ভীমেদেব যুধিষ্ঠিরকে অনেক ছলে উক্তপ্রকার উপদেশ প্রদান করিয়াছিলেন।

ভগবান শিব বলিয়াছিলেন-

প্রিয়োহ্যালৈ বদর্কেষাং নাক্মানোহত্ত্যপরং প্রিয়ম্। লোকেহমিরাক্মসক্ষাৎ ভবস্ত্যক্তে প্রিয়াঃ শিবে॥

ম, নি, তন্ত্র ১৪। ১৩৭।

যাবতীয় বস্তুর মধ্যে আত্মাই সকল মনুষ্ব্যের পরম প্রিয় বস্তু, আপনার আত্মা অপেক্ষা প্রিয় বস্তু ত্রিলোকের মধ্যে কাহারও কিছু নাই; তবে যে মনুষ্যগণ অক্ত কোন বস্তুকে পরম প্রিয়-রূপে জ্ঞান করে, তাহার কারণ এই যে, সেই বস্তুর সহিত তাহাদিগের আত্মার বিশেষ কোন রূপ সক্ষ আছে। মহর্ষি যাজ্ঞবন্ধ্য তদীয় পত্নীকে কহিয়াছিলেন, হে মৈত্রেয়ী লোকে যে পতির মঙ্গল কামনা করে, তাহা পতির জক্ত নহে; ইত্যাদি।

ভিদ্যতে হৃদয়গ্রন্থিন্ছিদ্যতে সর্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাদ্য কর্মানি ভব্মিন্ দৃষ্টে পরাবরে॥

(या, या, ।—ভা, ১। २। २১।—मू,७, २।२।৮ व्हि।

সেই অনাদি অনস্ত পরবন্ধ দৃষ্ট হইলে, (অর্থাৎ অন্তিমাত্ররূপে তাঁহাকে জানিবার পর তাঁহার তত্তভাব দারা তাঁহাকে জানিতে পারিলে,) সাধকের সমস্ত হৃদয়গ্রন্থি ভেদ, এবং সকল সংশয়ের ছেদ, আর প্রারন্ধভোগ ব্যতিরেকে সর্বক্রেরই ক্ষয় হয়।

বাগিপ্রাজমহোদ্যোগং জনং মৃকজড়ালসম্। করোতি তত্তবোধোংয়মতন্ত্যকো বুভুকুভিঃ॥

ष, मः, ১৫। ৩।

প্রকৃত তত্ত্বজ্ঞান জন্মিলে বাগ্মী ব্যক্তি মৃক হন, প্রাক্ত ব্যক্তি জড় হন, এবং উদ্বোগশীল ব্যক্তি অলস হইয়া পড়েন। এই জন্ম ভোগাভিলাষী ব্যক্তিরা ইহাতে যত্ন করিতে পারেন না।

ভগবান্ রামচক্র ভাতা লক্ষণকে বলিয়াছিলেন—
কেচিছদন্তীতি বিতর্কবাদিনন্তদপ্যসদৃষ্ঠবিরোধকারণাৎ
দেহাভিমানাদভিবদ্ধতে ক্রিয়া
কিয়াগতাহক্কতিতঃ প্রসিধাতি ॥

অধ্যাত্মরামায়ণ, রামগীতা।

পঞ্চদশীকর্ত্তা এইরূপ লিখিয়াছেন ; যথা, আত্মার্থত্বেন সর্ব্বস্য প্রীতেশ্চান্ধা হাতিপ্রিয়: । যথা পিতৃঃপুত্র মিত্রাৎ পুত্রঃ প্রিয়তরন্ত্রণা ।

와: Y: > ? ! 국 9 !

বেরূপ পুত্রের মিত্র অপেক্ষা পুত্র অধিকতর প্রিয় হন, সেইরূপ আত্মার সহিত সুসন্ধ জনিত হত প্রকার প্রিয়বস্তু থাকা সম্ভব সে সকলের মধ্যে আত্মাই অতিপ্রিয় শব্দের যোগ্য হন।

* আমাদিগের এই স্থুল দেহ যে আত্মা নহে, অর্থাৎ এই স্থুল দেহের অতিরিক্ত যে এক হল্ম আত্মা আছেন ইহা প্রায় সকলেই জানেন এবং স্বীকার করিয়া থাকেন। কিন্তু কেবল- কোন কোন কুতর্কনিষ্ঠ ব্যক্তি কেবল কর্মকেই যে মোক্ষসাধন বলেন তাহা যেমন অযুক্ত, তদ্ধপ জ্ঞান ও কর্মের সমুচ্চয়কেও মোক্ষসাধন বলা যুক্তি-সিদ্ধ নহে; কেননা তদ্ধপ কথনে বিরোধ উপস্থিত হয়। বিবেচনা করিয়া দেখ, আমি দেহ বটি এতদ্ধপ যে অজ্ঞানোৎপন্ন অভিমান তাহা হইতে ক্রিয়া বর্দ্ধিত হয়, আর শ্রবণ মনন নিদিধ্যাসন দারা ঐ দেহাভিমান পরিত্যক্ত

মাত্র জানিলে বা স্বীকার করিলেই যে দেহে আত্মবৃদ্ধির বিনাশ হয় তাহা নহে। সাধন ব্যতিরেকে কদাত তাহার বিনাশ হয় না। কারণ যদিও আমরা সকলেই জানি যে ''আমা-দিগের এই দেহ আত্মা নহে; ইহা জড় পদার্থ মাত্র। ইহা মৃত্তিকা হইতে উৎপন্ন হইয়াছে, মৃত্তিকাতেই বিলীন হইবে। কিন্তু আমরা সতম্ব নিত্য পদার্থ, এবং সেই মহান্ আত্মার সহিতই আমাদের নিত্য সম্বন্ধ," তথাপি সাধন ব্যতিরেকে এই তত্মতাব কতক্ষণ আমাদের মনে হান পায়? বিশেষতঃ আমরা যতই সাধন করি না কেন, যে মৃহুর্ত্তে আমরা কোন কর্মে প্রত্তুহই, তৎক্ষণাৎ আপনা হইতেই আমাদিগের তত্মবিশৃতি ঘটে; এবং দেহে আত্মাতিমান জন্মে। অধিক কি, দেহে আত্মাতিমান না জন্মিলে মনুষ্য কথনও কোন কর্ম্ম করিতে সমর্থ হন না। কিন্তু অপর দিকে দেখা যায়, দেহে আত্মবৃদ্ধিরূপ অনের আত্যন্তিক বিনাশ না হইলেও আমাদিগের আত্মার স্বন্ধপ স্থলররূপে প্রকাশিত হয় না। স্বতরাং ইহা অবশ্র স্থীকার্য্য যে, সাধনের উচ্চাবস্থায় সাধকের কোনপ্রকার কর্ম্ম থাকে না। এবং এই জন্মই রামচন্দ্র বলিয়াছিলেন যে, জ্ঞান ও কর্ম্মের কখন সম্যুক্তর সমন্তবে না। সাধনের পথে দেহে আত্মাতিমানবিনাশ যে কতদুর প্রয়োজনীয় তিম্বিরে বশিষ্ট্রদেব রামচন্দ্রকে এইরূপ বলিয়াভিলেন। যথা,—

সা কালস্ত্রপদবী সা মহাবীচিবাগুরা। সাসিপত্রবনশ্রেণী বাহংদেহ ইতি স্থিতিঃ।

যো, বা, দ্বিতি প্রকরণ।

'আমি দেহস্বরূপ' এইরূপ যে স্থিতি সেই কালস্ত্র নরকের কারণ, সেই মহাবীচি নরকের রজ্জু, এবং সেই অসিপত্র নরকের কারণ জানিবে।

আপাদমন্তকমহং মাতাপিত্বিনিমি'ত:।
ইত্যেকোনিশ্চরো রাম বন্ধারাসন্থিলোকনাৎ ॥
অতীত: সর্বভাবেভ্যো বালাগ্রাদপ্যহং তমুঃ।
ইতি দিতীরো মোকার নিশ্চরোজারতে সভামু॥

যো, বা, উপ, প্রকরণ।

ছইলে তৰ্জ্ঞান প্রকাশিত হয়। এতজ্ঞপে জ্ঞান ও কর্ম্ম এতহ্ভয়ের কারণ-গত মহবৈষম্য দোষ দৃষ্ট হইতেছে।

> তন্মাৎ ত্যজেৎ কার্য্যমশেষতঃ স্থাীঃ বিদ্যাবিরোধার সমুচ্চয়ো ভবেৎ। আত্মানুসন্ধানপরায়ণঃ সদা নির্ভসর্কেন্দ্রিয়র্ভিগোচরঃ॥

> > অধ্যাত্মরামায়ণ, রামগীতা।

অতএব বিদ্যার সহিত কর্ম্মের বিরোধ থাকা প্রযুক্ত তহুভয়ের সমুচ্চয় হইতে পারে না; একারণ বিবেকী ব্যক্তি কর্ম্ম সমূহকে সর্কতোভাবে

'মাতাপিতৃনির্মিত পদাবধি মন্তক পর্যান্ত এই সমস্ত শরীর আমি' এইরূপ অসদ্দর্শন হইতে এক শীনন্দর হয়, সেই নিশ্চর বন্ধের কারণ। এবং 'সর্ব্ব বন্তর অতীত কেশের অগ্রভাগ অপেকা স্কল্প আমি' এই বিতীয় নিশ্চর সংসোকের হয়, সেই নিশ্চর মোক্ষের কারণ।

সাধ্যপান্তপ্রণেক্তা সিদ্ধেশর কপিল তদীয় জননী দেবছুতিকে সিদ্ধ অবস্থায় সাধকের যে কৃতদূর পর্যান্ত দেহে আত্মাভিমানের বিনাশ হয় তাহা এইরূপে বলিয়াছিলেন; যথা,—

দেহং চ ত॰ ন চরম: শ্বিরম্থিতং বা
সিন্ধো বিপশ্যতি যতোহধ্যগমৎ স্বরূপম্।
দৈবাহুপেতমথ দৈববশাদপেতং
বাদো যথা পরিকৃতং মদিরামদাকঃ॥
দেহোহপি দৈববশাগং থলু কর্ম যাবৎ
স্বারম্ভকং প্রতিসমীক্ষত এব সাম্বঃ।

ভা, ৩৷২৮৷৩৭-৩৮ ৷

ভাহার দেহ আসনে আসীনই থাকুক, তাহা হইতে উথিতই বা হউক; উথিত হইরা সেই ছানেই থাকুক; তথা হইতে অন্যত্রই বা বাউক; দৈবক্রমে ছানান্তরেই অবস্থিত হউক; বেরূপ মদিরামন্ত ব্যক্তি কটিদেশে স্থিত বসনের প্রতি মনোবোগ করে না, সেইরূপ তিনি আর উহার কোন অনুসন্ধান লন না; কারণ তিনি সিদ্ধ এবং স্বরূপ প্রাপ্ত হইয়াছেন। পূর্ব্বসংক্ষারবশে তাহার দেহ প্রারন্ধ কর্মের সমান্তি পর্যান্ত ইক্রিয়গণের সহিত বর্ত্তমান থাকিয়া নিজব্যাপার সম্পাদন করিয়া থাকে, সত্য বটে; কিন্তু তিনি উহাকে স্থাপুটের ন্যায় বোধ করেন।

পরিত্যাগ করিবেন। এবং সমুদয় ইঞ্জিয়র্ত্তির বিষয় যে শঙ্গ স্পার্শ ক্লপ রস গন্ধ তাহা হইতে মনকে আকর্ষণ করিয়। সর্বাদা আত্মধ্যানপরায়ণ হইবেন।

> স্থান্য চিন্ততা ব্রহ্মনিষ্ঠাদো কর্ম্মিটঃ কথম্। কর্ম্মত্যাগী ততো ব্রহ্মনিষ্ঠামর্হতি নেতরঃ॥

> > (व, मा,-७। १।२ अधिकत्रण, २त्र वर्णक।

দর্ম ব্যাপার পরিত্যাগপূর্মক ব্রন্ধে অনম্রচিত্ত হওয়ার নাম বন্ধনিষ্ঠা। তাহা কথন কন্মীর সম্ভব হয় না। অতএব কন্মত্যাগীরই বন্ধনিষ্ঠা হইয়া থাকে।

শ্ৰীকৃষ্ণ অৰ্জুনকে কহিয়াছিলেন—

যস্ত্রাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবং। আত্মন্যের চ সম্ভূষ্টিস্তাস্য কার্য্যং ন বিদ্যুতে॥

MEADING OI WE

গী, ৩।১৭।

সর্বাদা পরমাত্মাতেই বাঁহার রতি হয়, পরমাত্মাতেই যিনি তৃপ্তি লাভ করেন এবং পরমাত্মাতেই বাঁহার সম্ভোষ, জগতে তাঁহার আর কোন কর্ত্তব্য অবশিষ্ট নাই।

> নৈব তদ্য ক্তেনার্থো নাক্ততেনেহ কশ্চন। নচাদ্য দর্ঝভূতেযু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ॥

> > ती, ७। ३४।

সেই জ্ঞানীর কর্ম করিলে পুণ্য হয় না, এবং কর্ম না করিলেও কোন প্রত্যবায় নাই। ব্রহ্মা হইতে কীটপর্য্যস্ত তাবৎ জগতে তাঁহার মোক্ষপ্রাপ্তি বিষয়ে কোন সহকারীর আবশ্যক রাথে না।

> জ্ঞানামূতেন ভৃপ্তস্য ক্তক্তত্যস্য যোগিনঃ। ন চান্তি কিঞ্চিৎ কর্ত্তব্যসন্তি চেন্ন স তত্ত্বিৎ

> > উত্তরগীতা

হে অর্জুন, যিনি জ্ঞানরূপ অমৃত দারা পরিতৃপ্ত হইয়াছেন, এরূপ ক্বতক্বতা যোগীর জগতে কিছুমাত্র কর্ত্তব্য কর্ম নাই। যাঁহার কর্ত্তব্য আছে এরূপ বিশ্বাস, তিনি এখনও প্রকৃত ব্রহ্মতত্ত্বজ্ঞান লাভ করিতে পারেন নাই।

এক্রিফ উদ্ধবকে কহিয়াছিলেন—

ন কুর্ব্যায় বদেৎ কিঞ্চিয় ধ্যায়েৎ সাধ্বসাধু বা।
আত্মারামোহনয়া রত্যা বিচরেজ্জড়বমুনিঃ ॥ ব

जा, ३३।३३।३१।

জ্ঞানবান মুনি সাধু বা অসাধু কিছু করিবেন না, বলিবেন না, অথবা চিন্তা করিবেন না; আত্মাবাম হইয়া এই বৃত্তি অবলম্বনপূর্ব্বক জড়ের ন্যায় বিচরণ করিবেন।

वूर्या वानकवर कीरफुर कूमला क्रफ़्वक्रस्तर।

छो, ३५।५४।२३ ।

প্রীক্ষণ কহিলেন, হে উদ্ধব, মুমুক্ষ্ হইয়া বিনি জ্ঞাননিষ্ঠ অথবা মুক্তিবিষয়ে অপেকাশুন্য মদীয় ভক্ত হন, তিনি বিবেকী হইয়াও বালকের ন্যায় ক্রীড়া করিবেন এবং নিপুণ হইয়াও জড়ের ন্যায় আচরণ করিবেন।

ভগবান্ অপ্লাবক্র তদীয় শিষ্য রাজর্ষি জনককে কহিয়াছিলেন—
ন শাস্তং স্তৌতি নিক্ষামো ন ছ্রষ্টমপি নিন্দতি।
সমত্ব:খস্থস্থ্য কিঞ্চিৎ ক্রত্যং ন পশ্যতি॥

অ, স, ১৮।৮২।

বাঁহার স্থপ ও হুঃথ উভরই সমান, যিনি কামনা পরিত্যাগ করিয়াছেন, যিনি জ্ঞানামৃতপানে পরিতৃপ্ত হইয়াছেন, তিনি প্রশাস্ত ব্যক্তিকে স্তব করেন না, হুষ্টকেও নিন্দা করেন না, এমন কি তিনি কোন কর্ত্তব্য কর্মই দেখেন না।

> क्रजार किमिल निवासि न कोलि क्षि तक्षमा। यथा कीवनस्मद्यक्ष कीवमूक्षमा स्वाधिनः॥

জীবন্মূক যোগীর পক্ষে প্রারক্ষয়জন্য জীবন ধারণ বাতীত আর কোন কর্ত্তব্য কর্ম নাই এবং তাঁহার হৃদয়ে কোন অভিলাষও নাই।

কর্ত্তবাত্তব সংসারে। ন তাং পশ্যন্তি সুরয়ঃ॥

অ, সং, ১৮।৫৭।

'আমার ইহা কর্ত্তব্য' এইরূপ যে সক্ষর তাহারই নাম সংসার। উচ্চশ্রেণীস্থ সাধকেরা তাদৃশ সংক্র করেন না।

> কর্ম্মণা বধ্যতে জন্ত বিদ্যায় চ বিমূচ্যতে। তন্মাৎ কর্ম্ম ন কুর্ক্সন্তি যতয়ঃ পারদর্শিনঃ॥

म, जा, त्यां, ४, ७१।१।

জীব কর্ম প্রভাবে সংসার পাশে বন্ধ এবং জ্ঞানপ্রভাবে নির্ম্মুক্ত হইয়। থাকে; এই নিমিত্ত পারদর্শী যতিরা কলাচ কর্ম্মের অনুষ্ঠান করেন না।

কর্তব্যত্র:খমার্ডগুজালাদধান্তরাত্মনঃ।

কুতঃ প্রশমণীয় বধারা সারমতে সুখম ॥ অ, সং, ১৮।৩। কর্তব্যকর্মজনিত-হঃখ-রূপ প্রচণ্ড মার্ত্তগ্রে খরতর কিরণে গাঁহাদের অভ্যান্ত করণ দক্ষপ্রায় * হইরাছে, শান্তিরূপ অমৃতধারার বর্ষণ ব্যতিরেকে তাঁহারা কিরপে স্থা হইতে পারেন ?

* নিষাম-ভাবে কর্ত্তব্য সাধন করিতে করিতে যথন ভাগ্যবান্ সাধকের হৃদয়ে ভাবের তরঙ্গ আসিয়া উপস্থিত হয়, যথন এক মুহর্ত্তের জন্মও তিনি আর আপনার প্রেমান্সদকে ছাড়য়া থাকিতে সন্মত না হন, সেই সময় কর্ত্তব্যসম্পাদন-ব্যাপার তাঁহার পক্ষে অতীব ক্লেশকর হইয়া উঠে। য়দিও কর্মান্মেরের মধ্যেও তিনি সময়ে সময়ে নিজ প্রাণসাথার দর্শন লাভ করেন, তথাপি তাহাতে তাঁহার হৃদয় কথনও পরিহৃপ্ত হয় না, অধিকন্ত তাঁহার দ্রতিন্তে কার্যক্রেরে বৃদ্ধি হয় য়ে, কোন মতেই তিনি আর পূর্বের নায় স্থিরচিত্তে কার্যক্রেরে বিচরণ করিতে পারেন না। যাহা হউক, এই অবস্থার সাধকের প্রাণ মন যদিও কর্ত্তব্যাধনের পথে কোন মতেই অগ্রসর হইতে না চায়, তথাপি তিনি হঠাৎ সেই পথ হইতে প্রতিনিত্ত হইতেও পারেন না; কারণ তাঁহার সত্য এইরপ শল্পা হইতে থাকে, সে, পাছে এরপ করিলে পরস্ব

ব্যাপারে খিদ্যতে যন্ত নিমেষোমেষয়োরপি। তদ্যালস্যধুরীণস্য স্থুখং নান্যন্য কস্যচিৎ॥

অ, সং, ১৬।৪।

বে ব্যক্তি চকুর নিমেষ ও উন্মেষ অর্থাৎ নিমীলন ও উন্মীলন ব্যাপারেও থেদপ্রাপ্ত হন, অর্থাৎ সাংসারিক কোন কার্য্যেই বাঁহার প্রবৃত্তি হয় না, সেই অ্লসশিরোমণি মহাত্মা যে অভ্তপূর্ক স্থুখ ভোগ করেন, অন্যে সে স্থাথের মর্ম্মক্ত হইতে পারে না।

> চিত্তস্য হি প্রসাদেন হিতা কর্ম শুভাশুভং। প্রসন্নাত্মাত্মনি স্থিতা সুখ্যানন্দ্যশ্লুতে॥ ম, ভা, মো, ধ, ১০। ৩০।

পিতার ইচ্ছার বিরুদ্ধে কার্য্য করা হয়। স্নতরাং এই অবস্থায় সেই সরল প্রকৃতি সাধকের হৃদয় সময়ে সময়ে যারপরনাই শুক্ষভাব ধারণ করে; এবং তিনি মনে করেন যে তাঁহার নিজ হৃদয়ের ছর্ম্মলতা দোষেই বুঝি এইরূপ ঘটতেছে। যাহা হউক, এ অবস্থায় তিনি অনস্থোপায় হইয়া অনুষ্ঠত কেবল আপনার শরণ্য দেবতার চরণে অশ্রু বিস্প্রেন করিতে থাকেন এবং नर्सना এই विनया প्रार्थना करतन स "रह रानव ! रह अकिकन खरता ! মাপনি আমার নেতা হউন। আপনার যাহা ইচ্ছা তাহাই আমার জীবনে পূর্ণ হউক, যে পথে চলিলে, যে কার্য্য করিলে আমার নিজ আত্মার প্রকৃত মঙ্গল হইবে, হে দ্যাময় ! সেই পথেই আমাকে লইয়া চলুন" ইতাদি। ভক্তবৎসল পরমেশ্বরও ভক্তের এরপ হঃথ চিরদিন রাথেন না। তিনি অব্লকালমধ্যেই উপযুক্ত অবসরে আপনার প্রিয় ভক্তের হৃদয়ে সাধনের চরম তত্ত্ব সকল প্রচার করিয়া তাঁহাকে চিরদিনের মত ক্লতার্থ করিয়া থাকেন। এই সময় হইতে সাধকের কর্ত্তব্য সকল ক্রমে ক্রমে ত্যাগ হইয়া আইসে. এবং তিনিও ক্রমে ব্রহ্মসংস্পর্শস্থরে একেবারে মগ্ন হইতে থাকেন। যাহা ছউক, এরূপ দেবহর্লভ অবুস্থা অতি অল্পসংখ্যক সাধ্বের ভাগ্যেই ঘটিয়া थाक ।

ভৃত্ত কঁহিলেন ভরদাজ ? শুদ্ধ চিত্ত জ্ঞানবান সাধক আত্মার সহিত সাক্ষাৎকার লাভ এবং চিত্তেরপ্রসন্ধতা নিবন্ধন শুভাগুভ কর্ম্ম সমুদর পরিত্যাগ করেন; এবং পরমায়ার মধ্যে অবস্থিত থাকিয়া কেবল স্থুখ এবং আনন্দ উপভোগ করেন।

পঞ্দশী কর্তা শ্রীমন্তারতীতীর্থ বিদ্যারণ্য মূনি প্রকৃত তরজ্ঞানীর আনন্দ বর্ণন উপলক্ষে এইরূপ কহিয়াছেন—

ধত্যোহহং ধন্যোহহং ব্রহ্মানন্দোবিভাতি মে স্পষ্টম্ ॥
ধন্যোহহং ধন্যোহহং ছঃখং সাংসারিকং ন বীক্ষ্যেহদ্য ।
ধন্যোহহং ধন্যোহহং অস্যাজ্ঞানং পলায়িতং কাপি ॥
ধন্যোহহং ধন্যোহহং কর্ত্তব্যং মে ন বিদ্যুতে কিঞ্জিং ।
ধন্যোহহং ধন্যোহহং প্রাপ্তব্যং সর্ক্মদ্য সম্পর্ম ॥
ধন্যোহহং ধন্যোহহং ভৃপ্পেনিকোপমা ভ্রেল্লোকে ।
ধন্যোহহং ধন্যোহহং ধন্যো ধন্যং পুনঃ পুনঃ ॥

भ, म, १।२৯५-२৯४।

একণে ব্রহ্মানন্দ আমার সমকে সুস্পষ্ট প্রকাশিত হইতেছে, অতএব আমি ধন্ত।

সাংসারিক হু:থ সকল আর আমাকে স্পর্শ করে না, অতএব আমি ধন্ত ।
আমার অজ্ঞান-অন্ধকার কোথার পলায়ন করিয়াছে, অতএব আমি ধন্ত ।
লোকে আমার আর কোন কর্ত্তব্য কর্ম্ম অবশিষ্ট নাই, অতএব আমি ধন্ত ।
প্রার্থনীয় বিষয় সকল এক্ষণে আমার সম্পন্ন হইরাছে, অতএব আমি ধন্ত ।
আমার এ প্রীতির উপমা আর কোন লোকে নাই, অতএব আমি ধন্ত ।
আমাতে ধন্তবাদের আর পরিসীমা হয় না। *

^{*} ক্ববি, বাণিজ্য, সেবা, কাব্য ও তর্ক ইত্যাদি বিষয়ে প্রবৃত্ত হইলে সাধকের চিত্তের কতদ্র বিক্ষেপ ঘটিয়া থাকে, এবং ভোজনাদি বিষয়ে প্রবৃত্ত হইলে সেরপ হইবার সম্ভাবনা আছে কি না ? তদ্বিষয়ে "পঞ্চদশী" কর্ত্তা এইরপ লিথিয়াছেন; যথা,—

নিরাশো নির্দাম: শাস্তঃ সর্বভোগেরু নিস্পৃহঃ। বিষ্ণে জগদিদং জ্ঞাত্বা বিষ্ণুজ্জ গতি বাসক্ষৎ।
আত্মনাত্মানমাবেশ্য সর্বতো বিরতো ভব ॥

ক, পু, ৩৷১৬৷৪০৷

ভূমি আশা বিহীন, মমতা বিহীন, শাস্ত এবং ভোগ বিষয়ে নিম্পৃহ হইবে। এই জগৎ বিষ্ণুতে অর্থাৎ পরমেশ্বরে অবস্থিতি করিতেছে, এবং বিষ্ণু অর্থাৎ পরমেশ্বর এই জগতের প্রত্যেক স্থানে অমুপ্রবিষ্ট হইয়া আছেন, এইরূপ

ক্ষবিণাণিজ্যসেবাদৌ কাব্যতকাদিকেরু চ।
বিক্ষিপ্যতে প্রবৃত্তা ধীত্তৈত্তত্ত্বসম্ভবাৎ ॥
তত্ত্বস্থতেরবসরো নাস্ত্যসাভ্যাসশালিনঃ।
প্রত্যতাভ্যাসথাতিত্যাদ্বলাক্তব্যুপেক্ষ্যতে ॥
অনুসন্দর্ধতৈবাত্ত ভোজনাদৌ প্রবর্ত্তিত্ব ।
শক্যতেহত্যন্তবিক্ষেপাভাবাদাশু পুনঃ স্বৃত্তে: ॥
তত্ত্ববিস্থতিমাত্রাদ্বানর্থঃ কিন্তু বিপর্যায়াৎ।
বিপর্যোত্তং ন কালোহন্তি বাটিতি স্বরতঃ কচিৎ ॥

কৃষি, বাণিজ্য, সেবা, কাব্য ও তর্ক ইত্যাদি বিষয়ে প্রবৃত্ত হইলে অন্তঃকরণের সম্যক্ বিক্ষেপ হয়, যে হেতু তত্ত্বিষয়ে পরমাত্ম-তত্ত্ব-ত্মরণের কোন
সম্ভাবনা নাই। আর অন্য বিষয়ের অত্যাসে প্রবৃত্ত হইলে সাধকের পরমাত্মতত্ত্ব-ত্ম্বতির অবসরও থাকেনা; এবং কেবলই যে তাঁহাদের পরমাত্ম-তত্ত্বাম্মসদ্ধানের অবসরাভাব হয় তাহা নহে, অধিকস্ত (সেই সকল বিষয়ে) বিরোধ
ভাব থাকাপ্রযুক্ত বলপূর্ব্বক তাঁহাদের পরমাত্ম-তত্ত্বাত্যাসে উপেক্ষা জন্মাইয়া
দেয়। কিন্ত ভোজনাদি কার্য্যে অত্যন্ত বিক্ষেপের অভাব ও সহসা পুনর্বার
তত্ত্বত্মরণের সম্ভাবনা হেতু পরমাত্ম-তত্ত্বাম্মসন্ধায়ীরা ভোজনে প্রবৃত্ত হইলেও
তাঁহাদিগের অন্তঃকরণ বিক্ষিপ্ত হয় না, (স্মৃতরাং ভোজন পরিত্যাজ্য
নহে)। আর একবারমাত্র তত্ত্ববিত্মরণে অনর্থ হয় না, কেবল বিপরীত
জ্ঞানই অনর্থের মূল; ভোজনকালে তত্ত্ববিত্মরণ হইলেও ঝাটিতি ত্মরণপ্রযুক্ত তাহাতে বিপরীত জ্ঞান হইতে পারে না। ইতি 'পঞ্চনী' 'তৃপ্তিদীপ'।

জ্ঞান লাভ করিবে। এবং পরমেশ্বরে, চিত্ত সমাধান করিয়া সকল প্রকার বিষয় ব্যাপার হইতে বিরত হইবে।

ভগবান্ মহেশ্বর বলিয়াছেন—

মনো বাক্যং তথা কর্ম্ম তৃতীয়ং যত্র লীয়তে। বিনা স্বপ্নং যথা নিজা ব্রহ্মজ্ঞানং তত্তচাতে॥

জা, স, তন্ত্র।

মন বাক্য ও কর্ম এই তিন যে জ্ঞানে লয় প্রাপ্ত হয়, স্বপ্নরহিত নিজার স্থার, দেই স্থির জ্ঞানকেই প্রকৃত ব্রহ্মজ্ঞান কহা যায়।

স্থাসিদ্ধ কবি ও সাধক তুলসীদাস বলিয়াছেন

যাঁহা কাম্ ভাঁহা রাম নহি,

্, যাঁহা রাম্ ভাঁহা নহি কাম্।

দোনো এক্ নাহি মিলে,

রবী রক্ষনী এক ঠামু॥

•

ইহার তাৎপর্য্য এই যে, ত্রিগুণাত্মক অবিদ্যা-কার্য্য অন্ধকারের স্বরূপ, আর ভগবৎ-উপাসনা নিগুণ প্রকাশ-স্বরূপ, স্নতরাং কর্ম ও ভক্তি রাত্রি দিবার স্থায় পরস্পর পৃথক্।

চৈতন্তদেবের জীবনীতে দেখিতে পাওয়া যায় বে, ভক্তির উচ্ছাস হইবার পর অধ্যাপনাদি কোন কর্ম্মই তিনি আর করিতে পারেন নাই। সর্বদাই আপনার নেশার ঘোরে থাকিতেন; ছাত্রদিগকে পড়াইতে বসিলে কেবল মাত্র এক হরিনামেরই ব্যাখ্যা করিতেন।

* স্থাসিদ্ধ পারস্য কবি থাজা হাফেজ তাঁহার প্রেমপূর্ণ গজলের মধ্যে এক স্থানে লিথিয়াছেন "ওহে তুমি স্থার অন্বেষী বট ও স্থরার পাত্র চাহিতিছ, আশা করিও না যে এই অবস্থায় অন্য কাজ করিতে পারিবে। হাফেজ! তুমি এই মহান্ উপদেশ গ্রাহ্ম করিলে ধর্ম্মের রাজবত্মে গমন করিতে পারিবে।"

স্থাসিদ্ধ থাজা হাফেজের প্রবচনাবলী "দেওয়ান হাফেজ" নামক মূল পারস্য গ্রন্থ হইতে অমুবাদিত। নাটোরের মহারাজ রামকৃষ্ণ একজন বিখ্যাত শক্তি-উপাসক ছিলেন।
তিনি বিষয় কার্য্য কিছুই দেখিতে পারিতেন না, দিবারজনী কেবল আপনার
উপাসনার ভাবেই মগ্ন থাকিতেন।* দৃষ্টাস্তরূপে তাঁহার একটী রচিত
গীত নিম্নে উদ্ধৃত করিয়া দিলাম।

"ভবে সেই সে পরমানন্দ যে জন পরমানন্দমন্ত্রীরে জানে। সে যে না যায় তীর্থপর্যটনে, কালীছাড়া কথা না শুনে শ্রবণে, সন্ধ্যা পূজা কিছু না মানে, যা করেন কালী এই সে মানে॥ বে জন কালীর চরণ করেছে স্থল, সহজে হয়েছে বিষয়ে ভূল, ভবার্ণবে পাবে সে কূল, বল সে মূল হারাবে কেমনে॥ রামকৃষ্ণ কর তেমনি জনে, লোকের নিন্দা শুনিবে কেনে, শ্রাধি ঢুলু বুলু রজনী-দিনে, কালীনামাম্ত-পীয়্ব-পানে॥"

* মহারাজ রামকৃষ্ণ রাণী ভবানীর পোষ্যপুত্র এবং মন্ত্রশিষ্য ছিলেন।
বিষয় কর্ম্মের রামকৃষ্ণের এপ্রকার উদাসীন্য যাহাতে না থাকে, রাণী ভবানী
তক্ষন্য বিশেষরূপ চেষ্টা পান। এমন কি, যথন তিনি দেখিলেন যে কিছুতেই রামকৃষ্ণের মনকে ফিরাইতে পারিতেছেন না, তথন তিনি তাঁহার
সহিত স্পষ্টতঃ বিবাদ করিতে পর্যান্ত প্রযুত্ত হন। রাজা রামকৃষ্ণ যদিও
(তত্ত্রমতাত্মসারে) বিশ্বাস করিতেন যে, মন্ত্রদাতা গুরু স্থপ্রসন্ধ না থাকিলে
সাধনে নিশ্চয়ই বিশ্ব ঘটবার সম্ভাবনা, তথাপি তিনি আপনার মনকে বছ
চেষ্টা করিয়াও বিষয়কার্য্যের দিকে ফিরাইতে পারেন নাই। রাজা রামকৃষ্ণের
সেই বিবাদ অবস্থায় রচিত একটা গীতের কিয়দংশ নিম্নে উদ্কৃত করিয়া
দিতেছি। যথা,

"মন যদি মোর ভূলে।
বালীর শ্যায় কালীর নাম দিও কর্ন্লে॥—* * *
ভর পেয়ে রামক্বঞ্চ ভোলাপ্রতি বলে,
আমার ইউ (রাণী ভবানী) প্রতি দৃষ্টি থাটো, কি আছে কপালে॥"
ভোলানাথ মুথোপাধ্যায় রাজা রামক্বঞের সাধনের সঙ্গী ছিলেন, তাঁহাকেই এখানে 'ভোলা' নামে উল্লেখ করা হইয়াছে।

বৈদ্যকুলতিসক কবিরঞ্জন রামপ্রসাদ সেনের জীবনীতে দেখিতে পাওয়া যায় যে বিষয়্কার্য্যে নিযুক্ত হইয়াও তিনি তাহাতে কিছুতেই মনোনিবেশ করিতে পারেন নাই। ক্বফ্বনগরাধিপতির নিকট হইতে ১০০ বিঘা নিজর ভূমি সম্পত্তি প্রাপ্ত হইয়া যদিও তিনি তাঁহার প্রতিদানস্বরূপে সংয়্বত বিদ্যাস্থলর অন্থবাদ করিয়াছিলেন, তথাপি দেখা যায় যে, যথন তিনি ভূকোসস্থ জমিদার দেওয়ান গোলোকচক্র ঘোষালের নিকটে চাকরী স্বীকার করিয়া তদীয় ভবনে মোহরের কর্মে নিযুক্ত ছিলেন, তথন যে সমস্ত থাতায় তিনি মহাজনী হিসাবাদি লিখিতেন, তাহারই প্রভ্যেক পৃষ্ঠার অবশিষ্ট স্থান অসংখ্য হুর্গা ও কালী নাম এবং ভক্তিরসপরিপূরিত সঙ্গীতে পূর্ণ করিয়া রাখিতেন।

যাহা হউক, উচ্চশ্রেণীস্থ সাধকগণের কার্য্য করিবার শক্তি ক্রমে হ্রাস

ইইরা আইনে শুনিরা অসমরে যেন কেহ কদাচ কর্ম পরিত্যাগ না করেন;
কারণ তাহা হইলে বলপূর্ব্বক সাধনক্ষেত্রের বাহিরে যাওয়া ইইবেক। স্পতরাং
ভাহাতে তাঁহার মঙ্গল অপেক্ষা অমঙ্গলের সম্ভাবনাই অধিক। সাধক যথন
দেখিবেন যে চেষ্টা করিয়াও মনকে কার্য্যে নিযুক্ত করা যায় না, আপনি
কার্য্যে নিযুক্ত ইইলেও মন অনস্তের দিকে ঝুঁকিয়া থাকে, এবং সময়ে
সময়ে ব্রন্ধচিন্তনরূপ গাঢ় অন্যমনস্থতা আসিয়া কার্য্যের বিন্ন উৎপাদ করে;
(অর্থাৎ যথন তিনি দেখিবেন যে অবিচ্ছেদে ব্রন্ধানন্দ পান কবিবার পিপাসা
তাঁহার কেশাকর্ষণপূর্ব্বক টানিতেছে), এবং পশ্চাছ্নিথিতরূপ অবস্থা সকল
তাঁহার লাভ হইয়া আসিয়াছে, তথনই তিনি জানিবেন যে ক্র্যাগের সময় তাঁহার উপস্থিত। অব্শৃষ্ট জ্বীবন কেবল অবিশ্রান্ত উপাসনায় কাটাইবার অধিকার তাঁহার জন্মিয়াছে। যথা;—

যদারস্থের নির্বিধো বিরক্তঃ সংযতে ক্রিয়ঃ। অভ্যাসেনাজনো যোগী ধারয়েদ্চলং মনঃ॥

छो. ১<mark>১।२०।</mark>১৯ ।

শ্রীকৃষ্ণ কহিলেন, যথন আবশ্যক কর্মান্ম্ছানে ছ:থবোধের দারা উদ্বিগ্ন ও তাহার ফলেতে বিরক্তি হয়, তথন ইন্দ্রিগণকে সংযত করিয়া জ্ঞানাভ্যাদের দারা মনকে পরমান্মাতে অচলরূপে ধারণ করিবেক।

বশিষ্ঠদেব রামচক্রকে বলিয়াছিলেন—
তত্ত্বেং বিগতাশকো জীবোংজীবত্বমাগতঃ।
ব্যবহারমিমং দর্কং মা করোতু করোতু বা ॥

যো, বা, উপ, প্রকরণ।

ব্ৰহ্মস্বৰূপে স্থিত হইয়া শঙ্কাত্যাগে জীব অজীবত্ব অৰ্থাৎ অমৃতত্ব লাভ করিতে সমর্থ হইলে, এই সকল ব্যবহার কর্ম করুন কিংবা না করুন তাহাতে ক্ষতি নাই।

ভগবান্ শিব কহিয়াছেন—

আত্মানমাত্মনা পশ্যন্ন কিঞ্চিদিহ পশ্যতি।
তদা কর্ম্মপরিত্যাগে ন দোষোহস্তি মতং মম॥

बि, मং २।७०।

সাধক যথন নিজ আত্মা দারা অণুক্ষণ পরমাত্মাকে দর্শন করেন, এবং যথন তিনি একমাত্র পরমাত্মা ব্যতীত এই জগতের অন্য কোন পদার্থের প্রতি দৃষ্টিপাত না করেন (অর্থাৎ যথন সাধকের হৃদর ত্রন্ধভাবে পূর্ণ হইরা উঠে) তথন তাঁহার কর্ম্ম পরিত্যাগে কিছুমাত্র দোষ হয় না।

কর্মব্যাগের প্রকৃত অধিকার যাঁহাদের জন্মে নাই, তাঁহাদিগের পক্ষে পরমেশ্বরে চিত্ত সমর্পণ করত নিষ্কাম ধর্মের অনুষ্ঠান করাই পরম শ্রেম স্কর।* তদ্ধারাই তাঁহার। উপযুক্ত সময়ে প্রকৃত ব্রহ্মজ্ঞান লাভ করত

যবৈশ্ব ন রোচতে জ্ঞানমধ্যাত্মং মোক্ষসাধনম্।
 ঈশার্পিতেন মনসা যজেরিভামকর্মণা॥

যো, বো।

মোক্ষের সাধন যে নিরঞ্জনজ্ঞান তাহাতে যাঁহার ক্ষতি না হয়, তিনি পর্ষেখারে চিন্ত নিবেশ করিয়া নিজাম কর্ম্মের অফুগ্রান করিবেন।

শ্ৰীকৃষ্ণ উদ্ধবকে কহিয়াছিলেন—

যদ্যনীশো ধারয়িতুং মনো ব্রহ্মণি নিশ্চলম্। ময়ি সর্বাণি কর্মাণি নিরপেক্ষঃ সমাচর॥

ভা, ১১৷১১৷২২ ।

নিঃসন্দেহ কর্মত্যাগীদিগের শ্রেষ্ঠ পদবীতে গমন করিতে সক্ষম হইবেন।
নচেৎ অসময়ে কর্ম পরিত্যাগ করিলে সাধকের সকল দিক্ই নষ্ট হইবার
সম্ভাবনা; স্কতরাং পরমেশবের ধ্যানচ্ছলে বাহারা হস্তপদাদি কর্মেন্দ্রিয় সকলকে কর্মচ্যুত করিয়া মনেত্র বিষয় ভাবনা করে, শাস্ত্রকারগণ তাহাদিগকে কপটাচারী * ও ভ্রষ্ট কহেন। এতদ্বাতীত সেই সমস্ত ব্যক্তিগণকে প্রকৃতিজ্ঞাত রাগদেবাদিকর্ভৃক পরিচালিত হইয়া পুনর্কার কর্মে প্রবৃত্ত হইতে হয়।
তাহারা কর্মা না করিয়া কদাচ থাকিতে পারে না। যথা, শ্রীকৃষ্ণ অর্জুনকে বিলিয়াছিলেন—

নহি কিঞ্চিৎ ক্ষণমণি জাতু তিষ্ঠ্যত্যকর্মারুৎ। কার্য্যতে হ্যবশঃ কর্ম সংবিশ্ব প্রায়তি জৈন্ত্র গৈঃ॥

গী. এ।।

ভগবান্ শিব বলিয়াছেন—

অপ্রাপ্তযোগমর্ত্যানাং সদা কামাভিলাবিণাম্।
স্বভাবাজ্ঞায়তে দেবি প্রার্ভিঃ কর্মসংকুলে॥
ম, নি, তন্ত্র ৮।২৮৪।

বিনা কর্ম্ম ন তিষ্ঠন্তি ক্ষণাৰ্দ্ধমপি দেহিনঃ। অনিচ্ছন্তোহপি বিবশাঃ ক্লয়ন্তে কর্ম্মবায়ুনা॥

ম, নি, তন্ত্র ১৪।১০৪।

বর্ত্তমান কালের শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে প্রায় অনেকেই উচ্চশ্রেণীস্থ সাধকের কর্ম ত্যাগ সম্বন্ধে বিপরীত অভিপ্রায় প্রকাশ করিয়া থাকেন। তাঁহাদিগের প্রধান আপত্তি এই যে, যে ব্যক্তি কর্ম পরিত্যাগ করিবে, যে

ৰদি ব্ৰহ্মে নিশ্চল মন ধারণ করিতে অসমর্থ হও, তাহা হইলে নিরপেক্ষ হইষা।
(অর্থাৎ ফলাদি কামনা না করিয়া) আমাতে সমূদায় কর্ম কর।

কর্মেন্সিরাণি সংঘন্য য আতে মনসা করন্।
 ইন্দ্রিয়ার্থান্ বিমৃঢ়ায়া মিধ্যাচারঃ স উচ্যতে ॥

ব্যক্তি সমাজের কোন কার্য্য না করিবে, সমাজ তাইাকে খাইতে পরিতে দিবে কেন ? এবং সে ব্যক্তিরই বা সমাজের গলগ্রহ হইয়া থাকিবার কারণ কি ? কিন্তু বিশেষ বিবেচনা করিয়া দেখিলে ইহা স্পষ্ট প্রতীয়মান হইবে বে, উচ্চশ্রেণীস্থ সাধকগণের সমাজের নিকট হইতে প্রাণধারণোপযোগী বস্তু সকল গ্রহণ করিবার অধিকার আছে। * কারণ তাঁহারা বিশ্বপতির প্রেমে আকর্ষিত হইয়া সরল অন্তঃকরণে তাঁহার চরণে প্রাণ মন সমস্ত সমর্পণ করিয়া যদি সমাজের নিকট হইতে সামান্যরূপে জীবন ধারণের উপযোগী বস্তু সকলের সাহায্য প্রাপ্ত হইবার অধিকারী না হন, তাহা হইলে সামাজিক মহুষ্যগণ গো, মহিষ, অশ্ব, হস্তী প্রভৃতি স্বাধীন বনচারী জীবগণকে ধরিয়া আনিয়া তাহাদিগের দ্বারা যথেষ্ট পরিমাণে নানাবিধ কার্য্য কার্যয়া লইবার অধিকারী কিসে ?

ইহাঁদিগের দ্বিতীয় আপত্তি এই যে, জীবের আরাধ্য পরমেশ্বর যথন

যতিশ্চ ব্রহ্মচারী চ প্রকারস্বামিনাব্ভৌ।
 তরোরন্মদ্রা তু ভুক্তা চাক্রায়ণং চরেৎ ॥

ভাগবত ১১শ স্বন্ধ ৮ম অধ্যায় ১৬ শ্লোকের টীকায় শ্রীধরস্বামীধৃত পরাশরের বচন।

যতি আর ব্রহ্মচারী ইহারা উভয়ে পকালের স্বামী (অর্থাৎ অন্ধ প্রস্তুত হইলেই সর্বপ্রথম তাহাতে যতিও ব্রহ্মচারীর অধিকার)। যদ্যপি কোন গৃহস্থ ইহাদিগকে অগ্রে না দিরা আপনি আহার করে, তাহা হইলে সেই পাপের প্রায়শ্চিত্তস্বরূপ সে চাব্রায়ণ ব্রত করিবে।

যতি হত্তে জলং দদ্যাতিজ্বং দদ্যাৎ পুনর্জ্জলম্। ততিজ্বং মেরুণা তুল্যং তজ্জলং সাগরোপমম্॥

পরাশর সংহিতা, ১। ৪৬।

যিনি যতি হস্তে জল দান পূর্বক ভিক্ষাদ্রব্য (অর্থাৎ আহারীয় বস্তু) অর্পণ করেন, এবং পুনর্বার জল প্রদান করেন, তিনি স্থমেরু পর্বত তুল্য অধিক আহারীয় দানের এবং সাগর তুল্য অধিক জল দানের ফল প্রাপ্ত হন।

শ্রীক্ষণ ও উদ্ধবকে যতি ও বেন্ধচারীদিগের উপরোক্ত অধিকারের কথা স্পষ্টাক্ষরে বলিয়াছিলেন।

মৃহত্তের জন্ম অনুস ও নিম্মু হইয়া থাকেন না, তথন এরপ পরমেশবের উপাসক কিরূপে জড়ের স্থায় আচরণ করিবেন ? বস্তুতঃ একথাও তাঁহাদের থাটেনা। কারণ জীবের আরাধ্য জগৎস্রষ্টা পরমেশ্বরের সহিত এবিষয়ে জীবের সাদৃত্ত সম্ভবেনা। প্রমেশ্বর এক সময়ের মধ্যেই জগতের এবং জগৎ ব্যতিরিক্ত অনস্ত ব্রন্ধাণ্ডের প্রত্যেক স্থানেই সমভাবে বর্ত্তমান থাকিতে পারেন; তিনি এক সময়ের মধ্যে সক্রিয় রূপে প্রত্যেক জগদ্যা-পার সম্পাদন করিতে, অথচ নিজ্জিয় রূপে আপনার সচিচ্যানন স্বরূপে অব-স্থিত থাকিতে সক্ষম হন। তিনি এক সময়ে সক্রিয় এবং নিজ্রিয় উভয়ই। কিন্তু জীবের সে শক্তি বা সে অধিকার কোথায় ? জীব যেরূপ এক সমঙ্গে এক স্থান ব্যতীত ছই স্থানে থাকিতে পারে না, সেইরূপ এক সময়ে এক কার্য্য ব্যতীত ছই বা ততোধিক কার্য্যে মনোনিবেশ করিতেও সে অক্ষম। স্থতরাং यिन ९ माधक अथरम नेयरतत रेष्टांत्र निक रेष्टा मिमारेश नित्रा, जाननात "আমিত্ব" বা "অহংভাব" ভূলিয়া গিয়া, কাৰ্য্যক্ষেত্ৰে অবতীৰ্ণ হন, এবং কাৰ্য্য করিতে করিতে অবসর পাইলেই প্রভুর মারণ মননে নিযুক্ত থাকেন; তথাচ তাঁহাকে এই ভাবে সংসারের অসংখ্য কর্ত্তব্য পুঝারপুঝ রূপে সম্পাদন করিতে হইলে, অল্লদিনের মধ্যেই হয় তিনি বাধ্য হইয়া কর্ম সমূহ পরিত্যাপ করিবেন; না হয় রামপ্রদাদের ভায় কর্ম সমূহে বিবিধ প্রকার বিশৃত্যলতা বাধাইয়া বসিবেন। অথবা অক্তপক্ষে দেখিবেন যে কিছু সময়ের মধ্যেই তাঁহার প্রেমের প্রস্রবন ক্রমে ভথাইয়া অসিয়াছে, তাঁহার নিঃস্বার্থ আত্ম সমর্পণের ভিতর হইতে আবার সর্বনাশ স্থচক ''আমি" "আমার'' ভাব বাহির হইয়াছে, এবং ক্রমে তিনি ঈশ্বর সহবাস হইতে দুরে আসিয়া পড়িয়াছেন। কারণ যথন তিনি কর্ত্তব্য কর্মা সকল সম্পাদন করিবেন, তথন ঈশ্বর মনন বিষয়ে অনেক সময় অভ্যমনম্ব থাকা প্রযুক্ত প্রথমতঃ ভাঁছার উপাসনার গভীরতা অনেক কমিয়া যাইবে; দ্বিতীয়তঃ উপাসনা কালেও অনেক সময় সেই সমস্ত কর্ম সম্বন্ধীয় চিস্তা মনের মধ্যে স্বতঃ উদয় হওতঃ তাঁহার চিত্তের বিক্ষেপ জন্মাইয়া দিবে; এমন কি ক্রমে তিনি দেথিবেন যে তাঁহার উপাসনার প্রবৃত্তি পর্যান্ত নিতান্ত নিন্তেজ হইয়া আসিবে, এবং তিনি ক্রমে क्राप्त धर्माकीवान मृष्ठ ठुला इहेरवन।

তৃতীয়তঃ, কর্মসাধন পরিত্যাগ করিয়া অর্থাৎ কর্ম করিতে অক্ষম হইয়া বাঁহার৷ অবিচ্ছেদে ত্রন্ধরস-পানে নিযুক্ত থাকেন তাঁহাদিগকে ইহার৷ (Abnormal) অর্থাৎ অস্বাভাবিক দোষে দোষী বলেন। কিন্তু বাস্তবিক এ বিষয়ে তাঁহারা নিতান্ত ভ্রান্ত। কারণ, আমাদিগের আত্মার শেষ পুরস্কার কি ? আত্মার যে অনস্ত কাল ব্যাপিয়া উন্নতি হইবে 'সে উন্নতি কি রূপ ? অনস্ত উন্নতির পথে অনস্তদেবের চির সহবাস লাভ করা, অনস্তকাল ব্যাপিয়া অবিচ্ছেদে তাঁহার প্রীতিস্থধা পান করা, অনিমেষে অনস্তকাল তাঁহার গম্ভীর পবিত্র মৃর্ত্তি দর্শন করা, এবং নিশ্চিস্ত-নির্ভয় হৃদয়ে অনস্তকাল তাঁহার জয় উচ্চারণ করাই কি আমাদের আত্মার শেষ পুরস্কার নহে

পুতরাং ইহাই যদি আমাদের আত্মার শেষ পুরস্কার হইল, তবে এ জগতে থাকিয়াই বা তাহা আমরা লাভ করিব না কেন ? বরং যত শীঘ্র তাহা লাভ হয় ততই আমাদের মঙ্গল, ততই আমরা ধন্য ‡। স্থতরাং আত্মার যে দেবভাব (দেবোপম অবস্থা) পরলোকে হইবে মনে করিয়া আমরা অনেক সময় কল্পনা করিয়া থাকি. এ জগতে থাকিয়াই যদি কোন ভাগ্যবান পুরুষ (আত্মার) সেই দেবহুর্লভ অবস্থা লাভ করিতে পারেন, তাহা হইলে কি সেটা তাঁহার পক্ষে অস্থা-ভাবিক ? বরং দেখা যাইতেছে যে, পরমাশ্বার সহিত জীবাশ্বার যে যোগ (ঐক্যভাব) সেই যোগভাবটীই আমাদের আত্মার এক্যাত্র স্বাভাবিক অবস্থা। স্থতরাং এই জগতে থাকিয়াই যদি আত্মা তাহার স্বাভাবিক অবস্থা লাভ করে, তবে তাহাতে অস্বাভাবিক কথা কথনই প্রয়োগ হইতে পারে না।

He is the happy man, whose life even now,

Shows somewhat of that happier life to come.

Cowper's "winter walk at Noon."

অবিবাহিত জীবন, বা উদ্ধরেতা আশ্রম।

অন্ধ পঙ্গু উন্মন্ত ও রুগ্ন প্রভৃতি অকর্মণ্য ব্যক্তিগণ ব্যতিরেকে অন্য मकरनतरे जैवार-वन्नतन वन्न रुखा जिल्लि। সামর্থ্য সত্ত্ব বিবাহ बाता क्रेय-রের প্রজা সৃষ্টি না করিলে পরম পিতার আদেশ অমান্য করা হয়। স্থুতরাং কোন মহৎকারণ ব্যতিরেকে কদাচ কেহ বিবাহ হইতে পরাক্স্থ হইবেন না। তবে সকল প্রকার সামর্থ্য সত্ত্বেও যে ভাগ্যবান্ যুবা পার্থিব বিবাহের পূর্ব্বেই প্রেমাধার প্রমেশ্বের সহিত স্থুদু প্রণয়বন্ধনে বদ্ধ হইয়া পড়েন, তিনি যদ্যপি আর ভুচ্ছ পার্থিব প্রণয়ে আপনাকে বদ্ধ না করিয়া চিরজীবন অবিবা-হিত থাকিবার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হন, তাহা হইলে তাঁহার তাহাতে কিছুমাত্র প্রভাবায় নাই। এ বিষয়ে শাস্ত্রকারগণ যে প্রকার অভিপ্রায় প্রকাশ করি-রাছেন তাহা নিমে উদ্ধৃত করা গেল। বিবাহ সম্বন্ধে শাস্ত্রকারগণ ভিন্ন প্রকার অধিকারস্থ ব্যক্তিগণের পক্ষে ভিন্নপ্রকার অভিপ্রায় প্রকাশ করিয়া-ছেন। তাঁহারা এক স্থানে বলিয়াছেন, বিবাহ না করিলে পিতৃপুরুষদিগের অধংপতন এবং আপনার নরকদর্শন অপরিহার্য্য; কিন্তু অপর স্থানে তাঁহারাই আবার উর্দ্ধরেতোগণকে সর্ব্বোপরিস্থ আসন প্রদান করিয়া তাঁহাদের যতদুর সম্মাননা বৃদ্ধি করিতে হয় তাহা করিয়া গিয়াছেন। অর্থাৎ যাঁহারা কোন বিশেষ কারণ ব্যতিরেকে আপনাদিগকে সন্তানোৎপাদনরূপ ঐশবিক কার্য্য হইতে বিরত রাথিবার জন্য চেষ্টা পান, মহামান্য শাস্ত্রকারগণ কেবল মাত্র তাঁহাদিগকেই নরকাদির ভয় দেখাইয়া গৃহস্থাশ্রমে প্রবিষ্ট করিবার জন্য সম্যক্ যত্ন পাইয়াছেন। নতুবা যাঁহারা সকল প্রকার পার্থিব বন্ধন হইতে আপনাদিগের আত্মাকে মুক্ত করিয়া মুক্তিদাতা পরমেখরের চিরসাহচর্য্যে নিযুক্ত করিবার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হন, এবং সেই ঈশ্বরপ্রেমের প্রলোভনে পড়িয়া থাঁহারা উর্দ্ধরেতা আশ্রম গ্রহণ করিতে বাধ্য হন, তাঁহাদিগকে নর-কের ভর দেথাইয়া গৃহস্থাশ্রমে প্রেরণ করিতে তাঁহারা চেষ্টা পান নাই। *

বথা মন্থ বলিয়াছেন—
 অনেকানি সহস্রাণি কুমারব্রহ্মচারিণাম্।
 দিবং গতানি বিপ্রাণামক্তবা কুলসম্ভতিম্

মোক্ষধর্মপরায়ণ উর্ন্ধরেতোগণকে নরকের ভয় দেখান দ্রে থাকুক, শাল্ককারগণ তাঁহাদিগকে সাধারণ ময়্ব্যমগুলীর সহিত সমশ্রেণীভূকুরূপে গণনা না করিয়া মর্ত্যলোকবাসী দেবতারূপে বর্ণনা করিয়াছেন। যথা ভগবান্ শিব বলিয়াছেন—

ন তপস্তপ ইত্যাহ ব্লচ্ব্যং তপোত্তমম্। উদ্ধারেতা ভবেদ্যস্ত স দেবো ন তু মারুষঃ॥

জ্ঞা, স, তন্ত্র।

তপদ্যাকে তপদ্যা বলি না, ব্রহ্মচর্য্যই উত্তম তপদ্যা। যে ব্যক্তি উর্দ্ধরেতা হন তিনি দেবতা; মর্ত্তালোকবাদী হইয়া ও তিনি মনুষ্যপদ্বাচ্য নহেন। *

সহস্র সহস্র অবিবাহিত ব্রহ্মচারী সম্ভান উৎপাদন না করিয়া ব্রহ্মচর্য্যধার। দেবলোক প্রাপ্ত হইয়াছেন।

অবিবাহিত বা কুমার ব্রহ্মচারী ব্যতীত, অন্ত গৃহস্থ ব্যক্তিও সত্যবাদী এবং জ্ঞাননিষ্ট হইলে, এবং ঋতুকাল ব্যতীত সময়ে স্ত্রীগমন না করিলে, ব্রহ্মচারীরূপে গণ্য হইতে পারেন। যথা, "ভার্যাং গচ্ছন্ ব্রহ্মচারী ঋতৌ ভবতি বৈ দ্বিজঃ।" ম, ভা; মো, ধ, ৪৮। ১১।

এই জন্মই মন্থ এথানে কুমার ত্রহ্মচারী শব্দ ব্যবহার করিয়াছেন। যাহাহউক, সাধারণতঃ ত্রহ্মচারী শব্দে অবিবাহিত ব্যক্তিকেই বুঝায়।

* ভগবান্ মহেশব এক স্থানে মোক্ষধর্মাভিলাষী উর্দ্ধরেতোগণকে মর্ব্তাকবাসী দেবতারূপে বর্ণন করিয়া তাঁহাদের যতদ্র প্রশংসা করিতে হয় তাহা করিয়াছেন; কিন্তু অন্তত্ত্ব তিনিই আবার হর্ম্বলাধিকারী ব্যক্তি দিগকে শাস্ত্রীয় গুরু শাসন হারা বিবাহ করিতে বাধ্য করিয়াছেন। যথা

"विना পরিণয়ং বীরঃ শক্তিসেবাং সমাচরন্।

পরস্ত্রীগামিণাং পাপং প্রাপ্নুষান্নাত্র সংশয়: ॥ ম, নি, তন্ত্র, ৮। ১৭৮। শাল্রের মধ্যে এরপ পরস্পর বিরোধজনক উক্তি অনেক আছে; কিন্তু বাস্তবিক তাহাদিগের মধ্যে কোনরপ বিরোধ নাই। শাল্রকারগণ যাহার ষেরপ জ্ঞান, যেরপ ভক্তি, তাহাকে সেইরপই উপদেশ দিয়াছেন। যথা, ভগবান্ শিব মহানির্বাণ তন্ত্রের প্রথমেই বলিয়াছেন "অধিকারিবিশেষেণ শাল্রাফ্রাক্তান্ত্রশেষতঃ।" ইত্যাদি।

ক্টির প্রথমাবস্থার, মরীচি অত্রি প্রভৃতি প্রজাপতিগণের জন্মগ্রহণের পূর্বে দনক, দনন্দ, দনাতন ও দনৎকুমার নামক যে চারিজন উর্দ্ধরেতা মূনি জন্মগ্রহণ করেন, শাস্ত্রকারগণ তাঁহাদিগকে দাধারণ মানবক্টির মধ্যে গণনা না করিয়া নরদেহধারী দেবতার্রপে তাঁহাদিগের একটা স্বতন্ত্র সর্গ বর্ণনা করিয়াছেন। যথা

> বৈক্তান্ত্রয়এবৈতে দেবদর্গশ্চ দত্তম। বৈকারিকস্ত যঃ প্রোক্তঃ কৌমারস্ক্রয়াত্মকঃ॥

নৈত্রের কহিলেন, বিহুর ! আমি তোমাকে যে বৈক্বত স্ষ্টির কথা কহিশাছিলাম, পূর্ব্বোক্ত-স্থাবর তির্যুক্ ও মন্ত্ব্যা—এই তিনপ্রকার স্থাষ্ট এবং
দেবস্থাষ্ট সেই বৈক্বত স্থাষ্ট ৷ কোমারস্থাষ্ট উভয়াত্মক; অথাৎ তাঁহারা
দেবতাও বটেন, মন্ত্ব্যুও বটেন । যথা, শ্রীধরস্বামী লিখেন—''সনৎকুমারা—
দীনাং সর্গন্ত প্রাক্কতো বৈক্তন্দ দেবত্বেন মন্ত্ব্যুত্বেন চ স্কল্য ইত্যুর্থঃ ।''

মহাভরতের মোক্ষধর্মপর্কাধ্যায়ে দেখিতে পণ্ডয়া যায় যে, যথন মহায়া ভকদেব রাজর্ধি জনকের নিকট গমন করত তাঁহাকে জিজ্ঞাসা করেন—ইহলোকে রাজ্ঞণের কর্ত্তব্য কি ? মোক্ষতত্ত্ব কিরপ ? এবং জ্ঞান ও তপস্যা এই হুইটার মধ্যে কোন্ উপায় দ্বারা মোক্ষলাভে সমর্থ হওয়া যায় ? তথন জনক কহিলেন, ভগবন্! রাক্ষণগণের জন্মাবিধি যে যে কার্যের অষ্ঠান করা কর্ত্তব্য তাহা কীর্ত্তন করিতেছি শ্রবণ করন। উপনয়নের পর বেদাধ্যয়ন, তপস্যা, অস্থ্যাপরিত্যাগ, গুরুর প্রতি ভক্তিপ্রদর্শন এবং ব্রক্ষচর্য্য দারা দেবঋণ ও পুরোৎপাদন দ্বারা পিতৃঋণ পরিশোধ করা রাক্ষণগণের অবশ্য কর্ত্তব্য। তাঁহারা প্রথমতঃ গুরুগৃহে বেদাধ্যয়ন করিয়া গুরুকে দক্ষিণা প্রদান ও তাঁহার অম্বজ্ঞা গ্রহণপূর্বক তথা হইতে প্রত্যাগত হইবেন। তৎপরে গার্হস্থাশ্রম অবলম্বনপূর্বক অস্থাবিহীন, আহিতায়ি ও স্থদার-নিরত হইয়া পুরোৎপাদন করিবেন। তদনস্তর বনবাসী হইয়া শাল্রাম্ব-সারে প্রতিনিয়ত অভিথিদিগের সৎকার ও হোমকার্য্যে নিরত থাকিবেন, এবং পরিশেষে ক্রমে ক্রমে বিষয়রাগবিহীন ও স্থধহুঃখপরিবর্জ্জিত হইয়া জীবায়াতে অধি সংস্থাননপূর্বক সন্ন্যাসধর্ম্ম আশ্রয় করিবেন।

छक्रात कहिरलन, महाताज यनि बन्नाठर्गार्थहर्णत शृर्द्सह इनरम सान-ধর্মের মূল সনাতন জ্ঞান ও অফুভব উৎপন্ন হয়, তাহা হইলেও কি ব্রহ্মচর্য্যাদি আশ্রমত্রয়ে বাস করা কর্ত্তব্য ? জনক কহিলেন—

> অমুচ্ছেদায় লোকানামনুছেদায় কর্মণাম। পুর্বৈরাচরিতো ধর্মশ্চাভুরাশ্রম্যসঙ্কটঃ॥ অনেন ক্রমযোগেন বহুজাতিযু কর্ম্মণাম। হিলা শুভাশুভং কর্ম মোকো নামেহ লভাতে॥ ভাবিতৈঃ কারণৈশ্চায়ং বহুসংসারযোনিয়। আসাদয়তি শুদ্ধাত্মা মোকং বৈ প্রথমাশ্রমে॥ তমাসাদ্য তু যুক্তস্য দৃষ্টার্থস্য বিপশ্চিত:। ত্রিষাশ্রমেরু কো ষর্থো ভবেৎ পরমভীঙ্গিত:॥

म, ভা, মো, ধ, ১৬২।২৪-২৭।

পূর্বতন পণ্ডিতগণ লোক সমুদায়ের ধর্মশিক্ষা ও কর্মকাণ্ডের অহুচ্ছেদের নিমিত্ত ব্দ্ধচর্ব্যাদি আশ্রমচতুইয়ের ধর্মসংস্থাপন করিয়া গিয়াছেন। মহুষ্য সেই নিয়মাত্মসারে ধর্মাত্মগান করিয়া বছ জন্মের পর কর্ম্মের শুভাশুভ ফল পরিত্যাগপূর্বক মোক্ষণাভ করিতে পারে। যে ব্যক্তি বছ জন্মের সাধন ছারা ইক্রিয়সমূদায় বশীভূত ও বৃদ্ধিকে পরিশোধিত করিতে পারেন, তাঁহার ব্রহ্মচর্য্যাশ্রমেই মোক্ষণাভ হইয়া থাকে। ব্রহ্মচর্য্যাশ্রমে মোক্ষণাভ করিতে পারিলে গার্হস্যাদি আশ্রমগ্রহণের কিছুমাত্র প্রয়োজন নাই।*

অপবর্গেহ্থ সন্ন্যাসে বুদ্ধে চ ক্বত নিশ্চয়াঃ। বিদ্মিষ্ঠা বৃদ্মভূতাশ্চ বৃদ্ধণ্যের কুতালয়া:॥ विশোका नष्टे त्रजम खिबाः लाकाः मनाजनाः। তেষাং গতিং পরাং প্রাপ্য গার্হস্ত্যে কিং প্রয়োজনং॥ म, ভা, মো: ४:-- ৯৪। ৩--৪।

महाञ्चा किन उ स्वामतिमादक अहेक्न छेनाम अक्षान कित्राहितन। ৰথা---

রাজর্ধি জনককে ঋষভদেবের পুত্র শ্রীকরভাজন বলিয়াছিলেন—
দেবর্ষিভূতাপ্তন্ণাং
ন কিন্ধরে। নায়মূণী চ রাজন্।
নর্বাত্মনা যঃ শরণং শরণ্যং
গতোমুকুন্দং পরিহৃত্য কুত্যম্

७1, ১১। ८। ७१।

হে রাজন্। যে ব্যক্তি কার্য্য পরিত্যাগ করিয়া সমস্ত হৃদয়ের সহিত পরম গরণীয় মুক্তিদাতা পরমেশবের শরণাগত হন, এবং তাঁহারই পরিচর্যায় নিযুক্ত থাকেন, তিনি দেবতা, ঋষি, প্রাণী, কুটুম্ব (অর্থাৎ পোষ্যবর্গ), মহায় ও পিতৃগণের মধ্যে কাহারও কিন্ধর বা ঋণী নহেন।

দেবর্ষি নারদও শুকদেবকে অক্কৃতদার থাকিবার জন্য নানাবিধ উপদেশ দিয়াছিলেন। যথা,

আলং পরিগ্রহেণেই দোষবান্ হি পরিগ্রহঃ।
কুমির্হি কোষকারঃ স বধ্যতে স্ব পরিগ্রহাৎ॥
পরিগ্রহং পরিত্যক্ষ্য ভব তাত ক্ষিতেক্সিয়ঃ।
অশোকং স্থানমাতিষ্ঠ ইহ চামুত্র চাভয়ম্॥

म, डा,त्मा, ४, ১৬१। २२ वदः २० (माक।

পরিগ্রহ বিবিধ দোবের আকর, অতএব পরিগ্রহ পরিত্যাগ করাই বিধেয়। কোবকার কীট বেরূপ স্বীয় মুখলালা পরিগ্রহ করিয়াই বন্ধ হইয়া থাকে, মন্ত্র্যগণও তদ্ধপ পরিগ্রহ দারা বন্ধভাব প্রাপ্ত হয়। এক্ষণে তৃমি পরিগ্রহ পরিত্যাগপূর্ক্ক জিতেন্দ্রিয় হও। যাহাকে আশ্রয় করিলে. কি ইহলোক কি পরলোক কোন লোকেই শোক বা ভয়ের লেশমাত্র থাকেনা, তাঁহারই আশ্রয় গ্রহণ কর। নারদ আরও বলিয়াছিলেন—

দক্ষারামেষু ভূতেরু য একো রমতে মুনিঃ। বিদ্ধি প্রজ্ঞানতৃপ্তং তং জ্ঞানতৃপ্তো ন শোচতি ॥ ম, ভা, মো, ধ, ১৬৭। ২৪ ১ যিনি আপনার চতুর্দ্ধিকে দাম্পত্যস্থপরিতৃপ্ত অসংখ্য ব্যক্তিকে অবলোকন করিয়াও তাহাদের মধ্যে স্বয়ং একাকী অবস্থান করিতে সমর্থ হন, তিনিই যথার্থ জ্ঞানতৃপ্ত। তাঁহাকে কদাপি শোক প্রকাশ করিতে হয় না।*

শ্রীমান্ শঙ্করাচার্য্য তাঁহার মণিরত্বমালা-নামক গ্রন্থে লিথিয়াছেন—

কিমত্র হেয়ং ?—কনকঞ্চ কান্তা।

মুমুকু ব্যক্তির পক্ষে কোন্ কোন্ বস্তু ত্যাগের যোগ্য ?—ধন ও স্ত্রী।

কা শৃষ্থলা প্রাণভূতাং হি ?—নারী।

कीरवत इरण्डमा वसन कि १-जी।

ত্যাজ্যৎ সুখং কিং ?—রমণীপ্রসঙ্গঃ।

কোন স্থ সম্যক্রপ পরিত্যাগের যোগ্য—স্ত্রীসভোগ।

দ্বারং কিমাহো নরক্স্য ?--নারী।

নরকের দার কি १--- নারী।

সম্মোহয়ত্যেব স্থরেব কা ?—স্ত্রী।

স্থরার স্থায় মনুষ্যকে কে উন্মন্ত করে १—স্ত্রী।

বিজ্ঞান্মহাবিজ্ঞতমোহস্তি কো বা?—

নাৰ্য্যা পিশাচ্যা ন চ বঞ্চিতো যঃ।

এই জগতে বিজ্ঞ হইতেও মহাবিজ্ঞতম কে ?— বাঁহাকে পিশাচীরূপিণী নারী বঞ্চনা করিতে পারে নাই। † '

কপিলদেবও স্থামরশ্বিকে ঠিক্ এইরূপ বলিয়াছিলেন। যথা,—
 ছন্দারামের সর্কের্য একো রমতে বৃধঃ।
 পরেষামরপধ্যায়ং তং দেবা ব্রাহ্মণং বিহঃ॥

म, जा, त्मा, ४३ २४ । ७० ।--

ষিনি আপনার চতুর্দিকে দম্পতীদিগকে পরস্পার অমূরক্ত দর্শন করিয়াও আপনি দর্শাশূন্য হৃদয়ে একাকী বিহার করিতে পারেন, দেবতারা তাঁহাকেই ব্রাহ্মণ (রুম্বক্ত) করিয়া নির্দেশ করিয়া থাকেন।—

† এন্থলে স্ত্রীদিগকে যেরূপ পুরুষদিগের সাধনের অন্তরার রূপে বর্ণনা করা হইয়াছে, পুরুষদিগকেও পক্ষান্তরে স্ত্রীদিগের সাধন সম্বন্ধে তজ্ঞপ জানিতে মহর্ষি কপিল তাঁহার জননী দেবহৃতিকে বলিয়াছিলেন—
সঙ্গং ন কুর্যাৎ প্রমন্ত্রাস্থ জাতু যোগস্য পারং প্রমাক্তরকু: ।
মংগেবয়া প্রতিলক্ষাত্মলাভো বদন্তি যা নিরয়দারমস্য ।
যোপ্যাতিশনৈর্মারা যোধিদেব বিনির্মিতা।
তামীক্ষেতাত্মনো মৃত্যুং ত্নৈ: কুপ্মিবার্তম্॥

छो, ७।७১।७৮.७৯।

যে ব্যক্তি যোগের পরম পারে গমন করিতে ইচ্ছা করেন, তিনি কখনই প্রমদার সাহচর্য্য করিবেন না; কারন, ব্রহ্মসিদ্ধ যোগীরা কছিয়া থাকেন, যিনি আমার (অর্থাৎ পরমেখরের) সেবা ঘারা আত্মাকে প্রাপ্ত হইয়াছেন, নারী তাঁহার পক্ষে নরকের ঘারস্বরূপ। দেবনির্মিত প্রমদারূপিণী মায়া শুশ্রমাদি ঘারা অল্লে অল্লে আহুগত্য করিতে থাকে; কিন্তু জ্ঞানী তৃণাচ্ছর ক্পের স্থায় তাহাকে আপনার মৃত্যু বিশিয়া বিবেচনা করিবেন। *

শ্ৰীকৃষ্ণ উদ্ববকে কহিয়াছিলেন—

স্ত্রীণাং স্ত্রীসন্ধিনাং সঙ্গং ত্যকা দূরত আত্মবান্। ক্ষেমে বিবিক্ত আসীনশ্চিন্তয়েশ্মামতক্রিতঃ ॥ ন তথাস্য ভবেৎ ক্লেশো বন্ধশ্চান্য প্রসঙ্গতঃ। যোষিৎসঙ্গাৎ যথা পুংসো যথা তৎসন্ধিসন্ধতঃ॥

जा. ১১ I ১৪ I २৯-৩ I

হইবে। কারণ শাস্ত্রকারগণের, স্ত্রীদিগের প্রতি এরপ কটাক্ষপাতের উদ্দেশ্য, আর কিছুই নয়, কেবল স্ত্রী ও পুরুষ ইইাদিগের পরশরের নৈকটা দারা যে অনেক সময় তাঁহাদের উভয়েরই মনের মধ্যে চঞ্চলতা এবং আসক্তি জয়ের, এবং তজ্জনিত তাঁহাদের উভয়েরই যে সাধনের বিশেষ ব্যাঘাত উপস্থিত হয়, এইটি সকলকে উত্তরঙ্গণে ব্যাইয়া দেওয়া মাত্র। নতুবা তাঁহারা যে পুরুষ-দিগের পক্ষপাতী ছিলেন, এবং স্ত্রীদিগকে ম্বণার চক্ষে দেখিতেন, তাহা নহে; কারণ তাহা হইলে তাঁহারা স্ত্রীকে গৃহের শ্রী, পুরুষের সহধ্মিনী এবং শরীরের অর্জাংশ রূপে কথনই বর্গনা করিতেন না। অধিক কি তম্ত্রশালে স্ত্রীলোক মাত্রকেই দেবীরূপে দেধিবার উপদেশ আছে।

আত্মাবান্ধীর ব্যক্তি স্ত্রীগণের এবং স্ত্রীসঙ্গী-ব্যক্তিগণের সঙ্গ দূর হইতে পরিত্যাগ করিয়া ভয়শৃত্য দেশে একাকী অবস্থিত থাকিয়া আলস্য পরিত্যাগ
করত সর্বাদা আমাকে চিস্তা করিবেন। কারণ, স্ত্রী এবং স্ত্রীসঙ্গী ব্যক্তির
সাহচর্য্যে তাঁহার যেরূপ ক্লেশ এবং বন্ধন উপস্থিত হয়, অন্য কিছুতেই সেরূপ
হইবার সম্ভাবনা নাই।

তুলদীদাস বিবাহ-সহস্কে এইরূপ বলিয়াছেন। যথা—
বেহা বেহা সব্ কোই কছে,
মেরা মন্মে এহি ভায়ে।
চড়্খাটোলি ধো ধো লগ্ড়া,
জেহেল্পর লৈ যাওয়ে॥

সকলেই হর্ষে বিবাহ বিবাহ বলে, কিন্তু যথন পাত্রকে চৌপালায় চাপাইয়। বাজনা বাজাইতে বাজাইতে লইয়া যায়, তথন আমার মনে এইরূপ ভাবের উদর হয়, ষেন এই ব্যক্তিকে আজন্ম আবদ্ধ করিবার জন্য প্রথম কারাগারে লইয়া যাইতেছে।

চৈতন্যদেবও তপনমিশ্রের পুত্র ভট্ট রঘুনাথ প্রভৃতি তাঁহার অবিবাহিত যুবা শিষ্যগণকে চিরজীবন অবিবাহিত থাকিবার জন্য উপদেশ প্রদান করিয়াছিলেন। * যথা—

^{*} ঈশা তাঁহার শিষ্যগণকে বিবাহসম্বন্ধে এইরূপ উপদেশ দিয়াছিলেন; যথা, The disciples of Christ say unto him. If the case of the man be so with his wife, it is not good to marry.

But he said unto them. All men cannot receive this saying, save they to whom it is given

For, there are some eunuchs which were so born from their mother's womb: and there are some eunuchs, which were made eunuchs of men: and there be eunuchs, which have made themselves eunuchs for the kingdom of heaven's sake.

He that is able to receive it let him receive it.

HOLY BIBLE. ST. MATTHEW, XIX. 10, 11, 12,

আইমাস রহি প্রভু ভটে বিদায় দিল।
বিবাহ না করিছ বলি নিষেধ করিল॥
রদ্ধ পিতা মাতা যাই করহ সেবন।
বৈষ্ণবপাশ ভাগবত কর অধ্যয়ন॥
পুনরপি একবার আসিহ লীলাচলে।
এত বলি কঠমালা দিল তার গলে॥
আলিকন করি প্রভু বিদায় তারে দিলা।
প্রেমে গরগর ভট, কান্দিতে লাগিলা॥

চৈতন্যচরিতামৃত, অস্তলীলা, ১৩ পরিচ্ছেদ।

যাহা হউক, এই উদ্ধারেতা আশ্রম সকলের পক্ষে গ্রহণীয় নহে। বাঁহার এরপ দৃঢ় প্রতিজ্ঞা আছে যে "জীবন যায় যাইবে তথাপি ইন্দ্রিয়ের বশীভূত হইয়া কথনই ধর্মপথ উল্লব্জন করিব না; জীবিত থাকিতে কথনই জিতেন্দ্রিয়তার্ত্তি পরিত্যাগ করিব না;" তাঁহারই এই আশ্রম গ্রহণ করা কর্ত্তরা। এবং এই জিতেন্দ্রিয়তার্ত্তিও সহজে লাভ করা যায় না। ব্রহ্মগতপ্রাণ না হইলে জিতেন্দ্রিয় হওয়া যায় না। *

সেণ্ট পল বলিয়াছিলেন—

I say therefore to the unmarried and widows. It is good for them if they abide even as I.

But if they cannot contain, let them marry; for it is better to marry than to burn.

Nevertheless he that standeth steadfast in his heart, having no necessity, but hath power over his own will; and hath so decreed in his heart that he will keep his virgin doeth well.

So then he that giveth her in marriage doeth well; but he that giveth her not in marriage doeth better.

HOLY BIBLE I. CORINTHIANS, VII. 8, 9, 37, 38.

* ব্রহ্মচর্য্য আশ্রমের অন্য কোন লক্ষণ বা কার্য্য বর্ত্তমান না থাকিলেও বে সকল ব্যক্তি চেষ্টা ও যত্ত্বারা কেবল মাত্র অষ্টাঙ্গ মৈথুন পরিত্যাগ किटा किरा विश्व विश्व केर्स केर्स विश्व केर्स विश्व केर्स को नीन देवक व यवन हित्तारम्ब विश्व कि व वा वाहर कि व

করিতে সক্ষম হন, শাস্ত্রকারগণ তাঁহাদিগকে প্রকৃত ব্রহ্মচারীরূপে নির্দেশ করিয়া থাকেন। যথা;—

> শ্বরণং কীর্ত্তনং কেলি: প্রেক্ষণং গুহুভাষণম্। সংকরোহধ্যবসায়শ্চ ক্রিয়া নিম্পন্তি রেব চ। এতবৈরপুনমন্ত্রাক্ষং প্রবদন্তি মনীষিণ:॥ বিপরীতং ব্রহ্মচর্য্যমেতদেবার্ট লক্ষণম্॥

দক্ষ, १।৩২—৩০।
রস পূর্বক রমণীর মারণ, কীর্ন্তন, কেলি, দর্শন, গুহু কথন, মনে মনে সঙ্কর,
উদ্যোগ এবং ক্রিয়া নিম্পত্তি. এই আটটীকেই পণ্ডিতেরা মৈথুনের অষ্ট অঙ্গ রূপে উরেখ করিয়াছেন। ইহার বিপরীত অর্থাৎ উহা বর্জন করাই ক্রন্ধ

রূপে উল্লেখ করিয়াছেন। ইহার বিপরীত অর্থাৎ উহা বর্জন করাই ব্রহ্ম-চর্ব্য, স্বতরাং উহাও অষ্টাঙ্গ বা অষ্ট লক্ষণযুক্ত। (যথা—ভীম, রাজকার্ব্য ও যুদ্ধ বিগ্রহাদিতে নিযুক্ত থাকিয়াও ব্রহ্মচারীশ্রেষ্ঠ রূপে সর্ব্বর উলিধিত

হইরাছেন।)

যিনি এই ব্রহ্মচর্য্য বৃত্তি সমাক্রণে পালন করেন, শান্ত্র জহুসারে তাঁহার ব্রহ্মলোক বা মোক্ষ প্রাপ্তি নির্দিষ্ট হর। যিনি মধ্যম রূপে পালন করেন তিনি দেবলোক বা সত্যলোক লাভ করেন। এবং যিনি নিরুষ্টরূপে এই বৃত্তি পালন করেন, তিনি বিশ্বাবান্ বিজ্ঞেষ্ঠ হইয়া পুনর্ব্বার পৃথিবীতে করা গ্রহণ করেন। যথা;—মহাভারত-মোক্ষধর্ম ৪১ অধ্যার ১০ শ্লোক।

সম্যথৃতি বন্ধলোকং প্রাপুরান্মধ্যমঃ স্থরান্। দ্বিজাগ্রো জারতে বিদান্ কন্যসীং বৃত্তিমান্থিতঃ ॥ বন্ধচর্ব্যকে শান্তে কেবল শারীরিক তপস্যা রূপে উল্লেখ করা হইরাছে। যথা—

> ব্রহ্মতর্য্য মহিংসা চ শারীরং তপ উচ্যতে। বাঙ্মনো নিরমঃ সমঙ্ মানসং তপ উচ্যতে॥

> > म, जा, त्मा, ४, ८८। ১৮।

ব্রহ্মচর্ব্য ও অহিংসা পারীরিক তপস্যা; এবং বাক্য ও মনের সংয্য করাই মানসিক তপস্যা বলিয়া অভিহিত হইয়া থাকে। ক্রিয় ব্যক্তি এই আশ্রমে প্রবিষ্ট হইলে তাঁহার নিশ্চয়ই সকল দিক নষ্ট হইবার সভাবনা।

ব্যাসনন্দন শুকদেব তত্ত্বজ্ঞানলাভার্থে তদীয় পিতৃশিয়া মহারাজ জনক-পরিপালিত বিদেহনগরীতে উপনীত হন। অনস্তর তিনি পুরপ্রবেশকালে মহারাজকে সংবাদ প্রদান করিতে কহিলে, দ্বারপাল মহারাজের নিকট গমন-পূর্বক কহিল, হে রাজন্, ব্যাদদেবের পুত্র শুকদেব ছারদেশে দণ্ডায়মান আছেন। অনন্তর মহারাজ জনক শুকদেবের জ্ঞানপরীক্ষার্থ অবজ্ঞা প্রদর্শন-পূর্ব্বক "থাকুক" এইমাত্র বলিয়া সাত দিন মৌনাবলম্বন করিয়া রহিলেন। শুকদেব উন্মনা হইয়া সেই স্থানে সাত দিন অতিবাহিত করিলেন। তদ-নস্তর মহারাজ জনক তাঁহাকে অন্তঃপুরে প্রবেশ করাইলেন। এবং 'অন্তপুরে রাজা দৃশ্য হন না,' এই বার্ত্তা প্রচার করাইয়া স্বয়ং তথায় আরও সাতদিন অদৃশুভাবে থাকিলেন। তথন অন্তঃপুরমধ্যে বিবিধবিলাসশালিনী রূপলাবণ্য-বতী মদোনতা কামিনীগণ নানাপ্রকার ভোজা ভোগা সামগ্রী দ্বারা শুক-দেবের লালন পালন করিতে লাগিলেন। কিন্তু যেরূপ মৃতু সমীরণ দ্বারা বন্ধ মূল অচল সঞালিত হয় না, তজপ সেই সমস্ত ভোগফ্থাদি ছারা অথবা সপ্তাহ দারে স্থিতির জন্ম অপমান দাবা নহাযোগী শুকদেবের মন কিছুমাত্র বিচলিত হইল না। তৎকালে তিনি কেবল আত্মনিষ্ঠ স্থকে অবলম্বনপূর্বক পূর্ণচক্রসদৃশ প্রসন্নবদনে মৌনাবলম্বন করিয়া রহিলেন I* তদনন্তর মহারাজ জনক এইরূপ পরীক্ষা দারা দেই প্রমুদিতাত্মা শুকদেনের স্বভাব স্বর্কভোভাবে বিদিত হইয়া তাঁহাকে স্বসমীপে আনয়নপূর্ব্বক প্রণাস করিলেন।

হরিদাস একজন চৈতন্তের পূর্ববর্তী এবং সমকালীন বৈষ্ণব। ইনি জাতিতে মুসলমান ছিলেন। কিন্তু ইহাকে দেখিলে আর বোগ হইত না যে ইনি কোন কালে মুসলমান ছিলেন। শান্তিপুরের নিকট বেনাপোলের বন মধ্যে একটী কুটীরে বিসিয়া ইনি প্রায়ই তপস্তা করিতেন। কখনও বা হরি

তে ভোগান্তানি তঃথানি ব্যাসপুত্রত তন্মনঃ
নাজহু নন্দপ্রনা বদ্ধপীঠিমিবাচলম্ ॥
কেবলং স্থেমান্মতুং মৌনী মুদিত্মানসঃ।
সংপূপ ইব শীতাংশুরতিষ্ঠদমলঃ শুকঃ ॥

নামরণে মত্ত হইয়া ঐ স্থানে ইতস্তত: ভ্রমণও করিতেন। হরিদামের প্রতি আনেকের শ্রদ্ধা ভক্তি দেখিয়া রামচন্দ্র থাঁ। নামক নিকটস্থ কোন জমিদার উাঁহার ধর্ম ভাই করিবার মানদে এক বেখাকে কুমন্ত্রণা দিয়া নিকটে পাঠাইয়া দেয়। হরিদাস আপনাকে হরিনামের বিস্তীর্ণ ঘন জালে দিবারাত্র একবারে এমন করিয়া ঘেরিয়া রাখিতেন গে, তাহার মধ্যে একটুমাত্র ছিত্র থাকিত কি না সন্দেহ। বেখা হরিদাসের চিত্ত আকর্ষণ করিবার জন্ম তুই তিন দিন পর্যান্ত যথাসাধ্য চেষ্টা করিয়াছিল; কিন্ত কিছুতেই কিছু করিতে পারিল না। অবশেষে সে আপনি হরিদাসের হরিনামের জালে বাঁধা পড়িল। এই ঘটনাটা চৈত্রভারিতামৃতে বিস্তৃত্রপে বর্ণিত হইয়াছে।*

* সেই দেশাধ্যক নাম রামচক্র থান। বৈষ্ণববিদ্বেষী সেই পাষ্ও প্রধান॥ হরিদাদে লোকে পূজে সহিতে না পারে। তার অপমান করিতে নানা উপায় করে। কোন প্রকারে হরিদাসের ছিদ্র নাহি পায়। বেশ্যাগণ আনি করে ছিদ্রের উপায়। বেখাগণে কহে এই বৈরাগী হরিদাস। তোমা সব কর ইহার বৈরাগ্য-ধর্ম নাশ। বেশ্রাগণ মধ্যে এক স্বন্দরী যুবতী। সে কহে তিন দিনে হরিব তার মতি॥ খান কহে মোর পাইক যাউক তোমার সনে। তোমার সহিত একত্র তারে ধরি যেন আনে॥ বেশ্রা কহে মোর সঙ্গ হউক একবার। দ্বিতীয় বারেতে পাইক যাইবে তোমার॥ রাত্রিকালে সেই বেখা স্থবেশ ধরিয়া হরিদাসের বাসা গেল উল্লাসিত হইয়া॥ जुननी नमऋति इतिमारमत द्वारत गरिया। পোদাঞিরে নমস্করি রহিলা দাভাইয়া॥

অঙ্গ উখাড়িয়া দেখায় বসিয়া ছয়ারে। কহিতে লাগিল কিছু স্থমধুর স্বরে॥ ঠাকুর তুমি পরম স্থন্দর প্রথম যৌবন। তোমা দেখি কোন নারী ধরিতে নারে মন॥ তোমার সঙ্গম লাগি লুক্ক মোর মন। তোমা না পাইলে প্রাণ না যায় ধারণ॥ হরিদাস কহে তোমায় করিব অঙ্গীকার। সংখ্যা নামকীর্ত্তন যাবৎ সমাপ্ত আমার॥ তাবৎ ভূমি বসি শুন নামসংকীর্ত্তন। নাম সমাপ্ত হইলে করিব যে তোমার মন ॥ এত শুনি সেই বেগ্রা বদিয়া রহিলা। কীর্ত্তন করে হরিদাস প্রাতঃকাল হৈল। ॥ প্রাতঃকাল দেখি বেখ্যা উঠিয়া চলিলা। সমাচার রামচক্র খানেরে কহিলা॥ আজি আমার সঙ্গ করিবে কহিল বচনে। অবশ্য তাহার সঙ্গ হইবে সঙ্গমে॥ আর দিন রাত্রি হইল বেখা আইল। হরিদাস বহু তারে আখাস করিল। কালি হুঃথ পাইলে অপরাধ না লবে আমার। অবশ্য করিব আমি তোমারে অঙ্গীকার ॥ তাবৎ ইহাঁ বসি শুন নামসংকীর্ত্তন। নাম পূর্ণ হৈলে পূর্ণ হবে তোমার মন ॥ তুলসীকে তবে বেখা নমস্কার করি। দ্বারে বসি নাম শুনে বলে হরি হরি॥ রাত্রি শেষ হৈলে বেখা উবি মিবি করে। তার রীতি দেখি হরিদাস কহেন তাহারে॥ কোটি নাম গ্রহণ যজ্ঞ করি এক নাসে। এই দীক্ষা করিয়াছি হৈল আসি শেষে ॥

আজি সমাপ্ত হইবেক হেন জ্ঞান ছিল। সমস্ত রাত্রি নিল নাম সমাপ্ত না হৈল। কালি সমাপ্ত হবে তবে হবে ব্রতভঙ্গ। স্বচ্ছলে তোমার সঙ্গে হইবেক সঙ্গ ॥ বেশা গিয়া সমাচার খানেরে কহিল। আর দিন সন্ধাকোলে ঠাকুর ঠাঞি আইল তুলসীকে ঠাকুরকে নমস্কার করি। ষারে হলি নাম গুনে বলে হরি হরি॥ নাম পূর্ণ হবে আজি বলে হরিদাস। তবে পূর্ণ করিব তোমার অভিলাষ॥ কীর্ত্তন করিতে ঐছে রাত্রি শেষ হইল। ঠাকুরের সনে বেশ্যার মন ফিরি গেল। দেওবং হয়ে পড়ে ঠাকুর চরণে। রামচন্দ্র থানের কথা কৈল নিবেদনে ॥ বেখ্যা হ্যে মূঞি পাপ করিয়াছি অপার। কুণ। করি কর গো অধমের নিস্তার॥ ঠাকুর কহে থানের কথা সব আমি জানি। অজ্ঞ মূর্থ সেই তারে হুঃখ নাহি মানি॥ সেই দিন যাইতাম এ স্থান ছাড়িয়া। তিন দিন রহিলাম তোমার লাগিয়া॥ বেশ্রা কহে রুপা করি কর উপদেশ। কি মোর কর্ত্তব্য যাতে যায় ভবক্লেশ। ঠাকুর কহে ঘরের দ্রব্য ব্রাহ্মণে কর দান। . এই ঘরে আসি তুমি করহ বিশ্রাম। ্নিরস্তর নাম কর তুলসী সেবন। অচিরাতে পাবে তবে ক্লফের চরণ॥ এত বলি তারে নাম উপদেশ করি। উঠিয়া চলিলা ঠাকুর বলি হরি হরি ৮

উর্দ্ধরেতা-নামক আশ্রমী ব্যক্তি যদি দৈবাং শ্বলিতপদ হইরা পড়েন, তাহা হইলে তাঁহার রীতিমত অমুতাপ দারা প্রারশ্চিত করা কর্ত্ব্য। যদি অমুতাপ যথার্থ হয়, তাহা হইলে আর পূর্ব্ব দোষ থাকে না।*

তবে সেই বেখা শুরুর আজ্ঞা লইল।
গৃহ বৃত্তি যেবা ছিল গ্রান্ধনেরে দিল॥
মাথা মুড়ি এক বস্ত্রে রহিলা সেই ঘরে।
রাত্রি দিনে তিন লক্ষ নাম গ্রহণ করে॥
তুলসী সেবনকরে চর্কান উপবাস।
ইক্রিয়দমন হৈল প্রেমের প্রকাশ॥
প্রসিদ্ধ বৈষ্ণবী হৈল পরম মহাস্তী।
বড় বড় বৈষ্ণব তার দর্শনেতে যাস্তি।
বেশ্রার চরিত্র দেখি লোকে চমৎকার।
হরিদাসের মহিমা কহে করি নমস্কার॥

চৈতগ্রচরিতামৃত, অন্তলীলা, ০ পরিছেদ।

* মহাঝা মহু তাঁহার প্রায়শ্চিত্ত বিধিতে এইরূপ লিথিয়াছেন; যথা— কৃষা পাপং হি সন্তপ্য তত্মাৎ পাপাৎ প্রম্চাতে।

নৈবং কুর্য্যাং পুনরিতি নির্ত্ত্যা পূষ্তে তুসং॥ ১১।২৩১। পাপ করিয়া যদি অন্তাপ করে, এবং পাপ আর করিব না এতাদৃশ

সংগ্লন্ন যদি তাহার থাকে, তবে সে পাপ হইতে মুক্ত হয়।

যথা যথা মনস্তস্ত্ৰুছ্ডং কৰ্ম্ম গৰ্ছ তি।

তথা তথা শরীরং ততেনাধর্মেণ মুচাতে॥ মমু ১১।২৩০।

যে পরিমাণে ছৃদ্ধুতকারীর মন পা<u>পকর্মকে</u> ত্বণা করে সেই পরিমাণে মহুষ্য হৃদ্ধতি হইতে মুক্ত হয়। ইহা অমুতাপেরই প্রশংসা।

পাপঞ্চেৎ পুক্ষঃ কৃত্বা কল্যাণমভিপদ্যতে।

মূচাতে সর্বাপাপেভ্যো মহাত্রেণেব চক্রমাঃ॥ ম, ভা, বনপর্ব।
কোন ব্যক্তি যদ্যপি পাপ করিয়া পরে পুনর্বার মঙ্গলের অনুসরণ করেন,
তাহা হইলে মহামেঘে আবৃত চক্রমাব ফ্রায় তিনি পূর্বাক্কত সম্দয় পাপ হইতে
মুক্ত হন।

ভ্রম্থেরিতসো নান্তি প্রায়শ্চিত্তমথান্তি বা।

উপুপ∱তকমেবৈতৎ ব্রতিনো মধুমাংদব**ং** ।

প্রায়শ্চিতাচ্চ সংস্কারাৎ গুদ্ধির্যত্রপরং বচ:॥

বে, সা, ৩।৪।১১ অধিকরণ।

উদ্ধরিতা-নামক আশ্রমী ব্যক্তি পুনর্কার স্ত্রীসঙ্গ হেতু আশ্রমন্ত্র হইলে তাহার প্রায়ন্চিত্ত আছে কি না ? ইহার উত্তর এই যে, যেমন মধু-মাংসভক্ষণ-রূপ উপপাতকের প্রায়ন্চিত্তানন্তর পুনঃসংস্কার হয়, তদ্ধপ স্ত্রীসঙ্গক্ষনিত উপপাতকের প্রায়ন্চিত্তানন্তর পুনঃসংস্কার হয়।

শুদ্ধ: শিষ্টেরুপাদেরস্ত্যাজ্যো বা দোষধানিত:
- উপায়ো হ্যন্যথা শুদ্ধি: প্রায়শ্চিত্তকৃতা রুথা ॥
আমুদ্মিকে চ শুদ্ধি: ন্যাভতঃ শিষ্টান্তজ্জন্তি তম্।
প্রায়শ্চিতাদৃষ্টিবাক্যাদশুদ্ধিশৈত্তিকীয়তে॥

বে, সা, ৩।৪।১২ অধিকরণ।

প্রারশিক্তানন্তর শুদ্ধ হইলে শিষ্টেরা তাঁহার সহিত ব্যবহার করিবেন কি না ? তাহাতে যথন পাপনাশ হইল তথন তিনি ব্যবহার্য্য হইবেন, নতুবা প্রায়শিকত বুথা হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে, যদিও প্রায়শিকত দ্বারা পারলৌকিক শুদ্ধি হয় বটে, কিন্ত প্রহিক শুদ্ধি না হওয়াতে শিষ্টেরা তাঁহার সহিত ব্যবহার করিবেন না।

मन्त्राम ।

সন্নাস অর্থে সম্পূর্ণরূপে ঈশ্বরের হওরা, এবং ঈশ্বরের জন্ত সংসারের সমস্ত বিষয়, বিসর্জন করা। থাহারা পূর্ণ-সিদ্ধি লাভের বাস্থা করেন, সন্নাস কেবল তাঁহাদিগেরই পক্ষে আশ্রমণীয়; এবং তাঁহাদিগেরই পক্ষে সন্ন্যাস যথার্থ সশরীরে স্বর্গবাস-স্বরূপ। নতুবা অন্তের পক্ষে ইহা কেবল ষ্টের গণ মাত্র। বিশেষতঃ সন্ন্যাসগ্রহণের অধিকারী হইরা সংসারকার্য্যসমূহ পরিত্যাগপূর্ব্বক গৃহ হইতে বহির্গত হন, তাঁহাদিগেকে ভ্রষ্টাচারী ব্যতীত আর কিছুই বলিতে পারা যায় না। তাঁহারা সন্ম্যাসগ্রহণ দারা সম্পূর্ণরূপে পরম পিতার ইচ্ছার বিরুদ্ধাচরণই করিয়া থাকেন। অতএব যাঁহাদিগের সন্ম্যাসগ্রহণের অধিকার না জন্মিয়াছে, তাঁহারা যেন কদাচ সন্মাসগ্রহণ না করেন। কারণ, তদ্ধারা তাঁহাদের উভয় দিকই নষ্ট হইবে; এবং শ্রমমাত্র সার হইবে। পূর্ব্বকালে যাহারা অধিকাবী না হইয়া সন্ম্যাসগ্রহণ করিত, দেশের শাসনকর্তৃগণ তাহাদিগকে তজ্জ্ঞ দণ্ডভাগী করিতেন। যথা, দক্ষ লিথিয়াছেন—

ত্রিদণ্ডব্যপদেশেন জীবন্তি বহবো নরাঃ।

যস্ত ব্রহ্ম ন জানাতি ন ব্রিদ্ণী হি স স্মৃতঃ॥ .

নাধ্যেতব্যং ন বক্তব্যং ন শ্রোতব্যং কথঞ্চন।

এতিঃ সর্কিঃ সুসম্পন্নো যতির্ভবতি নেতরঃ॥

পারিব্রাজ্যং গৃহীত্বা তু যঃ স্বধর্মে ন তিষ্ঠতি।

স্বপাদেনাক্ষয়ত্বা তং রাজা শীজ্প্রবাসয়েং॥

1 30---00 1

অনেক লোকই ত্রিদণ্ডীর ছল করিয়া জীবিকা নির্ন্ধাহ করে। কিন্তু বে বন্ধজ্ঞ নহে, সে ত্রিদণ্ডী নহে। তাহার নিকট অধ্যয়ন করিতে নাই, তাহার সহিত কথোপকথন করিতে নাই, তাহার কথা বা উপদেশ শুনিতে নাই। বে ব্যক্তি ব্রক্ষজ্ঞ এবং পূর্ব্বোক্তধর্মনিশিষ্ট, তিনিই যথার্থ যতি; তৃদ্ধির ব্যক্তি কথনই যতি নহে। সন্গ্রাসধর্ম গ্রহণ করিয়া যে স্বধর্মে থাকিতে না পারে, রাজা তাহাকে কুকুরপদের দ্বারা চিহ্নিত করিয়া শীঘ্রই বহিন্ধত করিয়া দিবেন।

নারদ কহিয়াছিলেন, বাঁহারা মোক্ষলাতের উপযুক্ত হইয়াছেন, তাঁহা-রাই সন্ন্যাস গ্রহণ করিবেন। নতুবা যে গৃহের সর্বত্রই ত্রিবর্গ রোপণ করা আছে, সেই গৃহ পরিত্যাগপুর্বক প্রব্রজ্যা অবলম্বন করিয়া কোন সন্ন্যাসী যদি পুনর্কার সেই ত্রিবর্গেরই সেবা করে, তাহা হইলে সেই নির্লজ্জ ব্যক্তিকে বাস্তভোজী (অর্থাৎ কুরুর) শব্দে কহা যায়। (কারণ, কুরুরগণ বেরূপ বমন করিরা পুনর্কার সেই সকল বমনার আহার করে, তাহারাও তজ্জপ ত্রিবর্গসংযুক্ত গৃহ পরিত্যাগ করিয়া পুনর্কার সেই সকল ত্রিবর্গেরই সেবা করে।)*

এরফ উদ্ধবকে কহিয়াছিলেন—

যন্ত্রগঃ প্রচণ্টে প্রেরানার থিঃ।
জ্ঞানবৈরাগ্যরহিত-স্ত্রিদণ্ডমুপঙ্গীবতি॥
স্বানাত্মানমাত্মসং নিহনুতে মাঞ্ধর্মার।
অবিপক্কবায়োহস্মাদমুম্মার্ক বিহীয়তে॥

ভা, ১১। ১৮। ৪০-৪১।

ধিনি ইন্দ্রিয় জয় করিতে পারেন নাই, এবং প্রচণ্ড ইন্দ্রিয়কে সারথি করিষা-ছেন, এবং যিনি জ্ঞান ও বৈরাগ্য রহিত, অথচ সন্ন্যাস অবলম্বন করিয়া-ছেন, এতাদৃশ ধর্মবিঘাতী ব্যক্তি দেবতাদিগকে আত্মাকে এবং আত্মস্থ আমাকে বঞ্চনা করেন; এবং অসম্পূর্ণ-অভিলাষ হইয়া ইহ ও পরলোক হইতে চ্যুত হন।

ভগবান্ শিব নিম্নলিথিত প্রকার ব্যক্তিগণকে সম্যাদগ্রহণের অধিকারী-রূপে নিরূপণ করিয়াছেন; যথা—

> ব্রহ্মজ্ঞানে সমুৎপত্নে বিরতে সর্বকর্মনি। অধ্যাত্মবিদ্যানিপুণঃ সন্ন্যাসাশ্রমমাশ্রয়েৎ॥

> > म, नि, जञ्ज, ४।२२२।

যথার্থ ব্রহ্মজ্ঞান সমুৎপন্ন হইলে সাধক যথন ক্রিয়ামাত্র হইতে (অক্ষমতা- 🖻 প্রযুক্ত) বিরত হইবেন; এবং যথন তাঁহার অধ্যাত্মবিদ্যায় বিশেষ পারদর্শিতা

যঃ প্রজ্য গৃহাৎ পূর্ব্বং ত্রিবর্গাবপনাৎ পুনঃ।
 যদি সেবেত তান ভিক্ষঃ স বৈ বাস্তাশ্রপত্রপঃ॥

छो, १। ३६। ७५।

জন্মিবে, তথনই তিনি সন্ন্যাস আশ্রম গ্রহণ করিবেন, নতুবা সন্ন্যাস গ্রহণ করিবেন না। *

ভগবান শ্রীকৃষ্ণ উদ্ধবকে সন্ন্যাস-আশ্রম-সম্বন্ধে এইরূপ কহিয়াছিলেন—
গৃহাশ্রমো জ্বনতো ব্রহ্মচর্য্যৎ হৃদো ময়।
বক্ষঃস্থানাৎ বনে বাবো ন্যাসঃ শীর্ষণি সংস্থিতঃ॥

ভা, ১১৷১৭৷১৩৷

গৃহাস্থাশ্রম আমার বিরাটরপের জঘন হইতে, ব্রহ্মচর্য্য আমার হৃদয় হইতে, বানপ্রস্থ আমার বৃক্ষঃস্থল হইতে, উৎপন্ন হয়; সন্ন্যাস আমার মন্তকে স্থিত।

আশ্ৰমাণামহং ভূৰ্য্যে ৰণানাং প্ৰথমোহনঘ॥

ভা, ১১৷১৬৷১৯৷

ভগবান্ মহেশ্বর নিয়লিখিতপ্রকার ব্যক্তিদিগকে যথার্থ সয়্যাসী
 বলেন। যথা—

অনিকেতঃ ক্ষমাবৃত্তো নিঃশক্ষঃ সঙ্গবর্জিতঃ।
নির্দ্ধমো নিরহজারঃ সন্ন্যাসী বিহরেৎ কিতৌ ॥
ধাতুপ্রতিগ্রহং নিন্দামনৃতং ক্রীড়নং দ্রিয়া।
রেতন্ত্যাগমস্মাঞ্চ সন্ন্যাসী পরিবর্জমেৎ ॥
হংসো ন কুর্যাৎ স্ত্রীসঙ্গং ন বা ধাতুপরিগ্রহম্।
প্রারক্ষমান্ বিহরেনিধেবিধিবর্জ্জিতঃ ॥
ত্যজেৎ স্বজাতিচিছানি কর্মাণি গৃহমেধিনাম্।
ত্রীয়ো বিচরেৎ ক্ষোণীং নিঃসক্কন্নো নিরুদ্যমঃ ॥
বিপ্রান্ধং স্থপচান্ধং বা যন্মান্তন্মাৎ সমাগতম্।
দেশং কালং তথা পাত্রমন্ধীয়াদবিচারয়ন্॥
শোকদ্বেবিমৃক্তঃ স্যাৎ শক্রো মিত্রে স্মো ভবেৎ।
শীতবাতাতপসহঃ স্মো মানাপ্যানয়্নেঃ ॥
সমঃ শুভাশুভে তুষ্টো যদৃচ্ছাপ্রাপ্তবন্ধনা।
নির্দ্বৈশ্বা নির্ধিক্লো নির্লোভঃ স্যাদসঞ্চনী ॥

ম, নি, তন্ত্র।

হে উদ্ধব! আশ্রমের মধ্যে আমি চতুর্থ আশ্রম অর্থাৎ সন্ন্যাস, এবং বর্ণের মধ্যে আমি প্রথম বর্ণ অর্থাৎ ব্রাহ্মণ। *

গীতার মধ্যেও দেখিতে পাওয়া যায় যে, গ্রীকৃষ্ণ অর্জুনকে তাঁহার প্রিম্ন ভক্তগণের লক্ষণ-সম্বন্ধে এইরূপ বলিয়াছিলেন, যথা—

> তুল্যনিন্দান্ততির্মোনী সন্তুটো যেন কেনচিৎ। অনিকেতঃ স্থিরমতিউক্তিমানু মে প্রিয়োনরঃ॥

> > গী, ১২।১৯।

যে ব্যক্তি স্তুতিনিন্দায় হর্যবিষাদ জ্ঞান না করেন, যিনি বাক্যসংযম করেন, যিনি অদৃষ্টাধীন লব্ধবস্তুতেই সম্ভূষ্ট থাকেন, যিনি নিকেতনবিহীন হন, এবং যিনি স্থিরবৃদ্ধিবিশিষ্ট হইয়া আমাকে ভক্তি করেন, তিনিই আমার প্রিয়। (এ স্থলে ''অনিকেতঃ'' শব্দের দ্বারা স্পষ্ট সন্ম্যাস বুঝাইতেছে)।

উদ্ধব শ্রীকৃষ্ণকে কহিয়াছিলেন—

বাতাশনা য ঋষয়ঃ শ্রমণা উর্দ্ধমন্থিনঃ। ব্রহ্মাখ্যং ধাম তে যান্তি শান্তাঃ সন্ন্যাসিনোইমলাঃ॥
.. ভা, ১১।৬।৪৭।

উদ্ধব কহিলেন, হে ভগবন্! বাতাশন, উদ্ধরেতা, শ্রমণ, শাস্ত, অমল সন্ত্রাসী শ্বষি সকল ভোমার ব্রহ্মনামক ধামে গমন করেন।

মহামতি বিহুর ধৃতরাষ্ট্রকে কহিয়াছিলেন—

যঃ স্বকাৎ পরতো বেহ জাতনির্ফেদ আত্মবান্। ছদি কুত্বা হরিং গেহাৎ প্রবেজৎ স নরোত্মঃ॥

মে মনস্বী ব্যক্তি আপনার আক্ষিক বুদ্ধিপ্রাথর্য্য বা অন্তের উপদেশে সংসার লালসা পরিত্যাগ করিয়া হৃদয়ে হরিকে চিস্তা করিতে করিতে গৃহ হইতে বছির্গত হন, এবং প্রব্রজ্যা অবলম্বন করেন, তাঁহার নাম নরোত্তম।

ধর্মাণামিয়ি সয়্যাসঃ কেমাণামবহিমতি।

ভাগবত।

প্রীকৃষ্ণ আরও অন্যত্র করিয়াছিলেন—আমি ধর্ম্মের মধ্যে সন্ন্যাস, এবং অভন্ন স্থানের মধ্যে অন্তর্নিষ্ঠা।

দেবর্ষি নারদ যুধিষ্ঠিরকে কহিয়াছিলেন— যশ্চিন্তবিজ্ঞারে যন্তঃ স্যান্ধিঃসঙ্গোহপরিগ্রহঃ একো বিবিক্তশর্বো ভিক্কুভিক্ষামিতাশনঃ॥

छा, १।३६।७०१

বে ব্যক্তির চিত্ত জন্ম করিতে ইচ্ছা হইবে, তিনি উদ্যক্ত হইয়া সন্তাস অবলম্বন করিবেন, পরিগ্রহপরিত্যাগী হইয়া একাকী একান্তে অবৃদ্ধিত করিবেন,
এবং ভিক্ষা করিয়া পরিমিত আহার করিবেন। *

এই সোকের টীকায় শ্রীমান্ শ্রীধর স্বামী নিয়লিথিভ স্বতিবচনটী উদ্বত করিয়া দিয়াছেন—

चन्दारुका गर्रे स्थः भागकनिकातम्। लक्क्सिचा गृशे स्थिर महारामविठातसम्॥

গৃহস্থাশ্রমকে স্থ্^বংহংথাদি-রূপ-দ্বন্দ্ব-কতৃক সম্যক্ পীড়িত ব্যক্তির ধ্যান ভঙ্গাদির একমাত্র কারণ-দ্ধপে সাক্ষাৎ দর্শন করিয়া গৃহী ব্যক্তি কোন বিচার না করিয়াই সন্তাস আশ্রম গ্রহণ করিবেন। †

* যদিও তব্জ্ঞানী সন্ন্যাদিগণ শান্তীয় কোনপ্রকার বিধি নিষেধের অধীন নহেন, তথাপি (ইক্রিয়গণকে সংযত রাখিবার জন্ত) সচরাচর একবারে-ভাষিক তাঁহাদিগের আহার করা কর্ত্তব্য নহে। যথা মন্ত্র লিখিয়াছেন—

> এককালঞ্চরেক্তৈক্ষ্যং ন প্রসজ্জেত বিস্তরে। ভৈক্ষ্যে প্রসজ্জে। হি যতির্বিষয়েম্বপি সজ্জতি॥ মৃহু, ৬।৫৫।

প্রাণ-ধারণের জন্য একবারমাত্র ভিক্ষা করিবে, অধিক ভিক্ষা করিবে না, অধিক ভিক্ষা করিলে আহারের আধিক্যে প্রধান ধাতুর বৃদ্ধি হইলে কামিনী প্রভৃতি বিষয়-স্থথে আদক্ত হইতে হইবে।

† ঈশা তাঁহার শিষ্যগণকে সর্বস্থ বিক্রয় করিয়া দরিজ্রদিগকে বিতরণ করত পূর্ণ ফ্কির হইতে উপদেশ দিয়াছিলেন। যথা—

Sell all that ye have, and give alms; provide yourselves bags; which wax not old, a treasure in the heavens that faileth not,

, N

r.

মহাত্মা ভীত্মদেব বৃধিষ্টিরকে কহিয়াছিলেন, "মহাত্মা হারীত সন্যাস ধর্মকেই মোক্ষলাভের প্রধান সাধন বলিয়া নির্দেশ করিয়া গিয়াছেন।

where no thief approacheth, neither moth corrupteth. For where your treasure is, there your heart be also.

BIBLE. ST. LUKE, XII.

অন্য সময় এইকে এক ব্যক্তি আদিয়া জিজ্ঞাসা করে, প্রভা, কি কশ্ম করিলে অনস্ত জীবন লাভ করিতে পারিব ? এই বলিলেন, কাহাকেও হত্যা করিওনা, পরদার করিও না, চুরি করিও না, মিথ্যা সাক্ষ্য দিও না, পিতা মাতাকে ভক্তি করিবে, এবং প্রতিবেশীদিগকে আপনার ন্যায় ভাল বাসিবে।

তাহাতে সেই জিজ্ঞাস্থ ব্যক্তি বলিলেন, বাল্যকাল হইতে আমি এইমত চলিয়া আদিতেছি, একণে অবশিষ্ট যাহা করিতে হইবে, সেই মত আদেশ করুন। তাহাতে গ্রীষ্ট বলিলেন—

If thou wilt be perfect, go and sell that thou hast, and give to the poor, and thou shalt have treasure in heaven: and come and follow me.

But when the young man heard that saying, he went away sorrowful, for he had great possessions.

Then said Jesus unto his disciples. Verily I say unto you, that a rich man shall hardly enter into the kingdom of heaven.

BIBLE. ST. MATTHEW, X1X.

পারশ্র কবি হাফেজ বলিয়াছিলেন-

"যদি মহান্ পরমেশবের উদ্দেশ্তে সংসারের সর্বাস্থ বিনাশ কর, তোমার আপাদ মস্তক সর্বাঙ্গ ঈশবের জ্যোতিতে পূর্ণ হইবে। তোমার অন্তিত্বের ভূমি বিলোড়িত হইলে মনে করিও না যে তুমি বিনষ্ট হইবে।"

> প্রসিদ্ধ কবি খাজা হাফেজের প্রবচনাবলী— "দেওয়ান হাফেজ" নামক মূল পারস্ত গ্রন্থ হইতে অনুবাদিত।



জ্ঞানবান্ ব্যক্তিরাই এই ধর্ম আশ্রয় করিয়া মোক্ষণাভ করিতে পারেন। •
কিন্তু অজ্ঞানেরা এই ধর্ম পালন করিতে চেষ্টা করিলে তাহাদিগের পরিশ্রমনাত্র দার হয়, সন্দেহ নাই। ফলতঃ যে ব্যক্তি সম্দর প্রাণীকে অভয় †
দান করিয়া গৃহাশ্রম পরিত্যাগপ্রক সন্ন্যাসাশ্রম গ্রহণ করিতে পারেন,
তিনিই ব্রহ্মলাভে সমর্থ হন।" ম, ভা, মো, ধ,

বিজানতাং মোক্ষএষ শ্রমঃ স্যাদবিজানতাং।
মোক্ষয়ানমিদং ক্বতয়ং বিচ্বাং হারীতোহত্রবীৎ॥
অভয়ং সর্ব্ব সম্বেভ্যো দ্বা যঃ প্রব্রেজালাহাৎ।
লোকা স্তেজোময়া স্তম্পতথানস্তায় কয়তে॥

ম, ভা, মো, ধ, ১০০। २১—२२।

† যত্মানোদিজতে ভূতং জাত কিঞ্চিৎ কথঞ্চন। সোভয়ং সর্বাভূতেভ্যঃ সংপ্রাপ্নোতি মহামূনে॥

হে মহামুনে ? যাঁহা হইতে কোন প্রাণী কখন ভীত না হয়, কোন প্রাণী হইতে তাঁহার ও কখন কোন রূপ ভয়ের সম্ভাবনা নাই।

ম, ভা, মো, ধ, ৮৮। ৩১।

অভয়ং দর্বভূতেভ্যো যো দদাতি দরাপর:। অভয়ং দর্বভূতানি দদতীত্যমুক্তশ্রুম॥

ম, ভা, অরুশা,"১১৬।৫৭০২।

যে দয়ালু ব্যক্তি তাবৎ প্রাণীকে অভয়দান করেন, শুনিয়াছি প্রাণিপুঞ্জও উাহাকে অভয় দান করিয়া থাকে।

"পোতঞ্জল" শাস্ত্রেও এই প্রকার করেকটী মহাত্রতের উল্লেখ আছে। যথা,
"যে ব্যক্তি কারমনোবাক্যে মিথ্যা পরিত্যাগ করেন, তাঁহার; কথা ঈশ্বর
কথনও মিথ্যা হইতে দেন না—অর্থাৎ তিনি বাক্সিদ্ধ হন। যিনি ভ্রমেও
পরের দ্রব্য অপহরণ না করেন, তাঁহার কথনও কোন বস্তুর অভাব হয় না।
এবং যিনি তাবৎ প্রাণীকে অভ্রুদান করেন, কোন প্রাণী হইতে তাঁহার
কিছুমাত্র ভয়ের সম্ভাবনা থাকে না।"

সন্যাস-আশ্রম-সম্বন্ধে ভগবান শিব এইরূপ বলিরাছেন—
ব্রহ্মচর্য্যাশ্রমো নাস্তি বানপ্রস্থোহিপি ন প্রিয়ে।
গার্হস্থ্যোভৈক্ষুকশ্চৈব আশ্রমৌ দ্বৌ কলৌ যুগে॥

ম, নি, তন্ত্র, ৮।৮।

কলিযুগে কেবল মাত্র গার্হস্থ্য এবং সন্ন্যাস এই হুইপ্রকার আশ্রম আছে,*
ব্রহ্মচর্য্য অথবা বানপ্রস্থ আশ্রম কলিতে নাই।

* যদিও কোন কোন স্থানে এপ্রকার বচন দেখিতে পাওয়া যায় যে কলিতে সন্ত্যাসগ্রহণ নিষেধ, যথা—

"অশ্বমেধং গবালম্ভং সন্ন্যাসং পলবৈপতৃকম্। দেবরেণ স্পতোৎপত্তিং কলৌ পঞ্চ বিবর্জন্মেৎ॥"

মলমাসতত্ত্ব; ব্র, বৈ, পুরাণোদ্ধৃত শ্লোক।

তথাপি, যথন ভগবান্ মহেশ্বর স্বয়ং তন্ত্রশাস্ত্রে কলিতে সন্ন্যাসের ব্যবস্থা দিয়াছেন, তথন সামান্যে ইহার কথনই থগুন হইতে পারে না; বিশেষতঃ কলিতে তন্ত্রমতেরই সর্বাপেক্ষা প্রাধান্য অধিক। কলির উপর (জন্ত্র-ব্যতীত) অন্য শাস্ত্রাদির তাদৃশ অধিকার নাই। শাস্ত্রকারগণ সত্যযুগে বেদের, ত্রেতাতে স্থৃতির, দ্বাপরে প্রাণের, এবং কলিতে তন্ত্রেরই সম্পূর্ণ অধিকার নিরূপণ করিয়া গিয়াছেন। যাহা হউক এইরূপ বিভিন্ন প্রকার মতের মীমাংসা স্বরূপ ভগবান শিব বলিয়াছেন যে কলিতে বেদোক্ত সন্মাস না থাকিলেও আগমোক্ত সন্মাস আছে। যথা,—

তৈকুকেপ্যাশ্রমে দেবি বেদোক্তং দগুধারণং। কলোনাস্ত্যেব তবজে যতন্তৎ শ্রোত সংস্কৃতিঃ॥ শৈব সংস্কার বিধিনাবধ্তাশ্রম ধারণং। তদেব কথিতং ভদ্রে সংস্ক্যাস গ্রহণং কলো॥

म, नि, जन्न ৮। ১०--- ১১।

রঘুনন্দন (স্বার্স্ত) মলমাসতত্ত্বের উক্ত শ্লোকের নিম্নে লিথিয়া গিরাছেন বে কলিতে সন্ন্যাস নিষেধ স্থাক যে শ্লোক দেখা যায় উহা কেবল প্রাহ্মণ ভিন্ন জন্য জাতির পক্ষে। যথা;— তিনি আরও বলিয়াছেন-

ছ: খমূলং হি সংসারঃ স যস্যান্তি স ছ: খিতঃ।
তস্য ত্যাগঃ ক্তো যেন স সুখী নাপরঃ প্রিয়ে॥
প্রভবং সর্বছ:খানামাশুয়ং সকলাপদাম্।
আলয়ং সর্বপাপানাং সংসারং বর্জয়েৎ প্রিয়ে॥
আদিমধ্যাবসানেয়ু সর্বছ:খিমিমং যতঃ।
তক্ষাৎ সন্তাজ্য সংসারং তত্ত্বনিষ্ঠঃ সুখী ভবেৎ॥
লৌহদারুময়েঃ পাশেদ্ ঢ়বদ্ধোহপি মূচ্যতে।
ত্রীধনাদিয়ু সংসজ্জো মূচ্যতে ন কদাচন॥
অদেহমপি জীবোহয়ং ত্যক্ত্বা যাতি কুলেশ্বরি।
ত্রীমাতৃভাতৃপুত্রাদিসম্বন্ধঃ কেন হেতুনা॥

কু, ত, ৫ম খণ্ড, ১ম উলাস।

সংসারই সকলপ্রকার ছঃথের কারণ। বাঁহার সংসার আছে তাঁহাকেই ছঃথ ভোগ করিতে হয়। স্থতরাং এ জগতে যে ব্যক্তি সংসার পরিত্যাগ

বিপ্রানামিতরেষাঞ্চ বর্ণানাং প্রবলে কলো।
উভয়ত্রাশ্রমে দেবি সর্কেষামধিকারিতা ॥
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শৃদ্রঃ সামান্যএবচ।
এতেষাং সর্ক-বর্ণানাং আশ্রমৌ দ্বৌ মহেশ্বরি॥

ম, নি, তন্ত্র ৮। উল্লাস।

বদিও পুরাণে এ প্রকার শ্লোক লেখা আছে যে কলিতে সন্ন্যাস নাই; কিন্তু পুরাণের মধ্যে এরূপ মত ও দেখিতে পাওয়া যার যে ''বে পর্যান্ত পুথিবীতে সন্ন্যাস থাকিবে, সে পর্যান্ত কলিযুগ প্রবর্ত্তিত হইতে পারিবে না।"

[&]quot;ইতি কলো সন্ন্যাস নিষেধকং ক্ষত্রিয় বৈশ্য বিষয়মিতি।"
ইতি রঘুনন্দন ক্বত মলমাসতত্ত্ব সন্ন্যাস নিষেধ বিচার।—
কিন্তু ভগবান শিব কলিতে সকল বর্ণের লোকের পক্ষেই গার্হস্থা ও
সন্ন্যাস উভয় আশ্রম সমভাবে ব্যবস্থা করিয়াছেন।—যথা,—

করিয়াছেন, তিনিই কেবল স্থী হইতে পারিয়াছেন, অস্থে নহে।
কেবল এইপ্রকার ব্যক্তিরই জাত্যস্তিক ছঃখ-নিবৃত্তি-রূপ মুক্তিলাভ হইয়া
থাকে। নতুবা ধাঁহারা সংসারের মধ্যে অবস্থিতি করেন, তাঁহাদিগের পক্ষে
ছঃথের আত্যস্তিক নিবৃত্তি কথনই হয় না)।

মুমুক্ষু সাধক সকলপ্রকার তৃ:থের উৎপত্তি-স্থান, যাবতীয় আপদের আশ্রয়-স্থল এবং সর্বপ্রকার পাপের আল্র-স্বরূপ এই সংসারকে পরিত্যাগ করিবেন। এই সংসারের আদি অস্ত মধ্য সমস্তই তৃ:থপূর্ণ, অতএব সাধক ইহাকে পরিত্যাগ করত তত্ত্বনিষ্ঠ হইয়া স্থথী হইবেন।

লোহ কাষ্ঠ প্রভৃতি দার। নিশ্মিত নিগড়ে দৃঢ়রূপে বদ্ধ হইলেও বরং মহুষ্য তাহা হইতে অপেক্ষাকৃত সহজে পরিত্রাণ লাভ করিতে পারে, কিন্তু দ্বী ও ধনের প্রতি আসক্তচিত্ত হইলে তাহা হইতে কোন মতেই আর সহজে পরিত্রাণ লাভ করিতে পারে না।

আরও জীব যথন আপনার দেহকেও পরিত্যাগ করিয়া যাইবেন, তথন পৃথিবীর র্থা সম্বন্ধে আবদ্ধ হইবার জন্য তাঁহার এত আগ্রহ কেন ?। *

* পার্কাতীপতি ভগবান্ শিব যদিও উপযুক্ত অধিকারীকে সংসার পরিত্যাগ করত সন্ন্যাসগ্রহণের ব্যবস্থা দিয়াছেন বটে, কিন্তু বৃদ্ধ পিতা মাতা, বা অর-বয়স্ক শিশুসস্তান, অথবা পতিত্রতা সাধ্বী স্ত্রী, কিংবা অসমর্থ বৃদ্ধবর্ণকে, অসহার নিরাশ্রম অবস্থায় পরিত্যাগ করিয়া সন্ন্যাস আশ্রম গ্রহণ করিতে তিনি পুনঃ পুনঃ নিষেধ করিয়াছেন। যথা—

> বিহার রুদ্ধে পিতরে শিশুং ভার্যাং পতিব্রতাম্। ত্যক্রা সমর্থান্ বন্ধুংশ্চ প্রব্রজন্নারকী ভবেৎ ॥

> > ম, নি, তন্ত্র ৮।২২৩।

যাঁহারা রন্ধ পিতা মাতা প্রভৃতিকে পরিত্যাগ করিয়া সন্ন্যাস আশ্রম গ্রহণ করেন, তাঁহাদিগের সন্ধন্ধে ভগবান্ পার্ক্ষতীপতি প্রৈভৃতি নাস্ত্রকারদিগের এরপ কঠিন আজ্ঞাসবেও দেখিতে পাওয়া যায় যে, বৌদ্ধর্মপ্রচারক জগবিধ্যাত মহাত্মা শাক্যসিংহ, পশ্তিতকুলচ্ডামণি অসাধারণমেধাসম্পন্ন দিখিজরী তপন্ধী ও যোগী শ্রীমান্ শঙ্কর স্বামী, বৈষ্ণব ধর্মের শিরোভূষণ-স্বর্গ ভঞ্জির

প্রাদপতি দক্ষ সন্ন্যাস-গ্রহণ-সম্বন্ধে এইরপ বলিরাছেন—
তত্ত্বোৎকটাঃ সুরাস্তে২পি বিষয়েণ বশীকৃতাঃ।
প্রমাদিতিঃ ক্ষুদ্রস্তৈম্নুষ্যেরত্র কা কথা॥
তত্মাত্যক্তক্ষায়েণ কর্ত্তব্যং দণ্ডধারণম্।
ইতরস্ত ন শক্ষোতি বিষয়েরভিভূয়তে॥

मक १ | २४-२२ |

অদিতীর দৃষ্টান্তস্থল মহাপ্রান্থ চৈতন্ত, ব্রহ্মজ্ঞানের সর্বপ্রধান আদর্শস্থল ব্যাসনন্দন শুকদেব, সাংখ্যাশাস্তপ্রণেতা দেবহৃতিতনয় ভগবান্ সিদ্ধেশর কপিল প্রভৃতি ভারত-মাতার অগ্রণী পুত্রগণের মধ্যে অনেকেই প্রম্ম আশ্রীয়বর্গকে শোকাক্ল করিয়া প্রক্রাগ্রহণে বাধ্য হইয়াছিলেন।

শুকদেব অবিবাহিত অবস্থায় সন্ন্যাস গ্রহণ করেন; তাঁহার শোকে তদীর পিতা পরম পণ্ডিত ব্যাদদেবও কাঁদিয়া অধৈর্য্য হুট্যাছিলেন। রাজপুত্র (দিদ্ধার্থ) শাক্যমনি রাজবাটী পরিত্যাগপর্কাক কৃক্ষমূল আশ্রয় করিবার লোভে, স্বীয় প্রিয়তম পত্নী, সদাঃ প্রত্তিশিশুসন্তান ও বৃদ্ধ পিতা প্রভৃতিকে ' শোকসাগরে নিক্ষেপ করিয়া নিশাযোগে প্রাহান করেন। শঙ্কর স্বামী বিবাহ করেন নাই, তিনি এক মাত্র তাঁহার ছংখিনী জননীকে অনাথা করিতে বাধ্য হইয়াছিলেন। চৈত্তাদেব দিতীয় বার দারপরিগ্রহ করি-ষাছিলেন। যে রাত্রে তিনি বিষুপ্রিয়ার শ্বাগ হুইতে গাত্রোখান করিয়া পলায়ন করেন, সেই রাত্রে তাঁহার জননীর ক্রন্দনে সমস্ত নবরীপ ক্রন্দন করিয়াছিল। সাংখ্য স্ত্রকার কপিল দারপরিগ্রহ করেন নাই; তাঁহার পিতা মহর্ষি কর্দ্দন প্রব্রজ্ঞা গ্রহণ করিলে তিনিই তাঁহার মাতার একমাত্র অবলম্বন ছিলেন. তিনিও তাঁহার জননীকে সেই অসহায় অবস্থায় পরিত্যাগ করিয়া প্রস্থান করেন। তবে কপিলদেব তাঁহার জননীকে বিশেষরূপে বুঝাইয়া তাঁহার অনুজ্ঞা লইয়া প্রস্থান করিয়াছিলেন মাত। বোধ হয় এই সকল कांतर्गरे (अर्था९ महाञ्चागरनत पृष्ठांख एमिश्रारे) मर्सञ्चानी श्रीमान् রূপগোস্বামী তাঁহার "ভক্তিরসামৃতসিন্ধু" নামক গ্রন্থে লিথিয়াছেন—

١,

বাঁহারা সৰ্গুণাধিক দেবতা, বিষয় এমনি সামগ্রী, বে তাঁহারাও বিষয়ের নিকট বশীভূত। দেবতারাও যথন বিষয়ের বশীভূত, তথন প্রমন্ত ও অল্লম্বর মহ্যাদিগের ত কথাই নাই। অতএব ক্ষায় অর্থাৎ কামাদি রিপু বশীভূত হইলে দণ্ডধারণ (সন্ত্যাস) করা কর্ত্ব্য। অজিতেক্রিয় ব্যক্তিগণ দণ্ডধারণ করিতে পারে না, বেহেতু তাহারা বিষয়ে অভিভূত হয়।

তত্তংভাবাদিমাধুর্য্যে শ্রুতে ধীর্যদপেক্ষতে। নাত্র শাস্ত্রং ন যুক্তিঞ্চ তল্লোভোংপত্তিলক্ষণম॥

দেই মাধ্যাভাব উপস্থিত হইলে ঈশ্ব-লাভ-বিষয়ে এতাদৃশ লোভ উৎপন্ন হয় যে, যুক্তি কিয়া শাস্ত্রোক্ত বিধিনিষেধের কিছুই অপেক্ষা থাকে না। ভগবান্ ব্যাসদেব মাহাভারতের মোক্ষ পর্বাধ্যায়ে মহারাজ সগরের প্রতি মহর্ধি অরিষ্টনেমির উপদেশ বর্ণনাচ্ছলে যাহা লিথিয়াছেন, তাহা ও অস্থলে অধিকল উদ্ধার করিয়া দিলাম। যথা,

শ্বজনে নচতে চিন্তা কর্ত্তব্যা মোক্ষ বৃদ্ধিনা।
ইমে ময়াবিনা ভূতা ভবিষান্তি কথংত্বিতি ॥ ১৫।
শ্বরমূৎ পদ্যতে জন্তঃ শ্বরমেব বিবর্দ্ধতে।
শ্বথ হুংথে তথা মৃত্যুং শ্বরমেবাধিগচ্ছতি ॥ ১৬।
ভোজনাচ্ছাদনে চৈব মাত্রাপিত্রাচ সংগ্রহং ॥ ১৭।
শ্বন্ধতেনাধিগচ্ছন্তি লোকে নান্ত্য কৃতংপুরা ॥ ১৮।
ধাত্রা বিহিত ভক্ষ্যাণি সর্ব্বভ্তানিমেদিনীং।
লোকে বিপরিধাবন্তি রক্ষিতানি শ্বকর্ম্বভিঃ ॥ ১৯ ৭

म, ७, त्या, ४, ১১१। ১৫-১৯।

আমাব্যতিরেকে আমার পরিজনগণ কিরুপে জীবনধারণ করিবে মুমুক্ ব্যক্তি এই চিন্তা এক কালে পরিত্যাপ করিবেন। প্রাণিগণ স্বয়ং উৎপর, স্বয়ং পরিবর্দ্ধিত, স্বয়ং স্থথ ছংখ ভোগী ও স্বয়ং মৃত্যু গ্রন্ত হইয়া থাকে। মানবগণ আপন আপন কর্ম বা অদৃষ্টামুসারে পিতা মাতার সংগৃহীত অথবা স্বোপা-জিত গ্রসাচ্ছাদন প্রাপ্ত হয়। প্রত্যেকেই আপনার আপনার কর্ম বা অদৃষ্ট অমুসারে বিধি নির্দিষ্ট ভক্ষ্য, রাজ্য, বা অন্যবিধ বস্তু প্রাপ্ত হইয়া থাকে। উপনিষদের মধ্যে এইরূপ আছে—
নায়মাত্মা বলহীনেন লভ্যো
নচ প্রামদাত্তপদা বাপ্যলিঙ্গাৎ।
এতৈরূপায়ৈর্যততে যস্ত বিদ্বান্
তবিয়য় আত্মা বিশতে ব্রহ্মধাম॥

০য় মুগুক, ২য় খণ্ড, ৪ শ্রুতি।

আত্মনিষ্ঠাজনিত বে বীৰ্য্য, সেই বীৰ্য্য ব্যতিরেকে এই আত্মা লব্ধ হন না, প্রথমাদসত্ত্বেও লব্ধ হন না, এবং সন্ন্যাসশৃত্য কেবল জ্ঞানদারা ও লব্ধ হন না। যে বিদ্ধান্ ব্যক্তি অপ্রমাদে আত্মনিষ্ঠবীৰ্য্য এবং সন্ন্যাসমূক্ত জ্ঞানাদি উপার দারা যত্ন করেন, তাঁহার আত্মা সেই ব্রহ্মধামে প্রবেশ করে। বিশ্ব

বেদান্তবিজ্ঞানস্থানিশ্চিতার্থাঃ
সন্ধ্যানযোগাদ্যতয়ঃ শুদ্দসন্থাঃ।
তে ব্রহ্মলোকেষু প্রান্তকালে
প্রায়তাঃ প্রিয়ুচ্যন্তি নর্কে॥

০য় মুগুক, ২য় থণ্ড, ৬ শ্রুতি।

বিশুদ্ধসম্ভ ঋষিগণ বেদাস্ত-বিজ্ঞান দারা তদীয় প্রতিপাদ্য অর্থ নিশ্চয় করিয়া এবং সন্ন্যাসযোগ দারা সংযত হইয়া অস্তকালে ব্রহ্মলোকে পরম অমৃত লাভ করিয়া পরিমুক্ত হন।

স্থারশাস্ত্রপ্রণেতা মহর্ষি গোতমের মত এই যে, চতুর্থ-আশ্রমী ব্রাহ্মণ ব্যতীত অস্থ কাহারও অপবর্গলাভের অধিকার নাই। তাহা তিনি এইরূপে প্রতিপন্ন করিয়াছেন। যথা—

পূর্মপক্ষ ঋণ ক্লেশ প্রার ভা সুবন্ধা দপ বর্গ। ভাবঃ।
বাহ্মণ জন্মবশতঃ তিনটা ঋণগ্রস্ত হন। বহ্মচার্য্যার্থে ঋষিদের, অপত্যার্থে
পিতৃলোকের, এবং যজ্ঞার্থে দেবতাদের। এই সকল ঋণ পরিশোধ করিলে
পূণ্য হয়, সুতরাং তৎফলভোগার্থে স্বর্গা দিগমন ও পুনর্জন্ম হইয়া থাকে;
মৃক্তি হয় না। ইহার উত্তরে তিনি বলেন—

পাত্রচয়ান্তানুপপত্তেশ্চ ফলাভাবঃ। ব্রাহ্মণের চতুর্থ অবস্থা যে সন্ত্যাস, ধর্মাধর্মের ফলাফলের অভাব হেতু তাহাই অপবর্গসাধক।

ব্যাসতনয় শুকদেব সংসার-আশ্রম এবং সন্ন্যাস- আশ্রম এই উভয়কে তুলনা করিয়া এইরূপ বলিয়াছিলেন—

সের সর্বপয়োর্যদ্ বৎ সুর্যাখন্যোতয়োরিব।
সরিৎসাগরয়োর্যদ্ যৎ তথা ভিক্ষুগৃহস্থয়োঃ॥
স্থানরপর্কাত সরিহিত সর্বপ যাদৃশ দীপ্তিমান্, এবং স্থাসিলিহিত থাদ্যোত
যাদৃশ প্রভাবান্, ও সরিংপতি সমুদ্রের সলিহিত সরিতাদি যদৃশ শোভমান,
তাদৃশ ভিক্ষকাশ্রনিগণসলিহিত গৃহিগণ প্রকাশ পান।

গৃহস্তদিগের আশ্রমে অস্থাস্ত সকল আশ্রমের লোককে আশ্রয়গ্রহণ করিতে হয়, এজন্ত গৃহস্থ-আশ্রমই শ্রেষ্ঠ, এই কথার উত্তরে তিনি বলেন—

> যদা শূদ্ৰো ভবেদাতা প্ৰতিগ্ৰাহী চ বাহ্মণঃ। ন তত্ৰ দানমাত্ৰেণ শ্ৰেষ্ঠঃ শূদ্ৰো বিধীয়তে॥

> > যোগোপনিযদ।

যে স্থলে শূদ্ৰ দানকত্তা এবং ব্ৰাহ্মণ প্ৰতিগ্ৰহণকত্তা হয়, সে স্থলে কি শূদ্ৰ দানমাত্ৰ কাৰ্য্য দারা দ্বিজ্ঞবং বা দ্বিজ্ঞান্তপদার্ক্ত হয় ? অর্থাৎ তাহা যেমন কদাচ সম্ভবপর নহে, সেইরূপ গৃহাশ্রমিগণ সন্ন্যাসাশ্রমিগণের আশ্রয়ণীয় হইলেও কদাপি শ্লাঘনীয় নহে।*

^{*} ভগবান্ শিব ইহাঁদিগের সম্বন্ধে এইরূপ বলিরাছেন—
কুলাবধৃতস্তত্ত্বজ্ঞা জীবনুজো নরাকৃতি: ।
সাক্ষারারানং মত্বা গৃহস্তত্তং প্রপৃষ্ঠকেরেং ॥
যতের্দর্শনমাত্রেণ বিম্কু: সর্ক্রপাতকাং ।
তীর্থবিততপোদানসর্ক্যজ্ঞকলং লভেং ॥
অশুচির্যাতি শুচিতামস্পৃশ্তঃ স্পৃশ্রতামিরাং ।
অভক্যমপি ভক্ষং স্থাৎ বেষাং সংস্পৃশ্যাত্রতঃ ॥

মহাত্মা মহু মুক্ত পুরুষদিগের বাহ্নিক লক্ষণ এইরূপ লিথিরাছেন— কপালং রক্ষমূলানি কুচেলমসহায়তা।

সমত। চৈবনর্কশিলেত মুক্তন্য লক্ষ্ণ্।

বংশথগু, বৃক্ষপত্র, কাঠ বা মৃত্তিকা নির্দ্ধিত সামাগ্র পাত্র ব্যবহার, * বৃক্ষমূলে বাস, তুল জীর্ণ বা মলিন বসন পরিধান, একাকী অসহায়রূপে অবস্থিতি এবং সর্পত্র সমৃষ্টি—এই কয়েকটী মুক্তের লক্ষণ।

কিরাতা: পাপিনঃ কুরাঃ পুলিন্দাঃ যবনাঃ থশাঃ। ভব্যস্তি যেষাং সংস্পাশাত্তান্বিনা কোহস্তমর্চয়েৎ॥

ম, নি, তন্ত্র।

যম লিথিয়াছেন-

যাতীনাং দর্শনকৈব স্পর্শনং ভাষণং তথা। কুর্বাণং পূরতে নিত্যং তন্মাৎ পশ্যেত নিত্যশং॥

শার্ত্ত ধ্রত বম বচন। আফ্লিকতত্ত্ব ১ম যামার্দ্ধ কুত্য।

श्राचित्र माक्रियां अनुमार देवनवार ।

এতানি যতিপাত্রাণি মহঃ স্বায়স্তুবোহত্রবীং ॥ মহু ৬। ৪৫। সন্ন্যাসী ব্যক্তি (ধাতুপ্রতিগ্রহ দূরে থাকুক) ধাতুনির্মিত পাত্রাদিও সঙ্গেরাথিবেন না। যথা—

''অতৈজসানি পাত্রাণি।'' মহু ৬। ৫৩।

যাহার ধাতু অথবা অন্ত কোনরূপ ম্ল্যবান্ পদার্থ নির্দ্ধিত জলপাতাদি সঙ্গে রাথিবার আবশুক বোধ হয় অথবা প্রবৃত্তি জন্মে, তাহার সন্যাসগ্রহণ অকর্তব্য।

কুলুকভট্ট, উপরের লিখিত এই শ্লোকের টীকায় নিম্নলিথিত (যম) বচনটী উদ্বুত করিয়া দিয়াছেন; যথা—

শ্বর্ণরোপ্যপাত্তের তামকাংস্যারসের চ।
দশ্বা তিকাং ন ধর্মোইস্তি গৃহীত্বা নরকং ব্রঞ্জে ॥
এই সকল লোকদিগের সম্বন্ধে মহাত্রা মন্থ লিথিয়াছেন—
অলিঙ্গী লিঙ্গিবিশেন যো বৃত্তিমূপন্ধীবৃতি।
স লিঙ্গিনাং হরত্যেনস্তির্গৃগ্যোনৌ চ জারতে ॥

কোন কোন মহাত্মা কোন প্রকার বস্তু নির্দ্ধিত পাত্রই সঙ্গে রাখেন না। উদর অথবা হস্ত মাত্রই তাঁহাদিগের পাত্রের কার্য্য করে। তাঁহারা কথন অতি উৎক্টেই পরিচ্ছদ পরিধান করেন, কথন কৌপীন কছাদি মলিন বসন পরিধান করিয়া থাকেন, আবার কথনও বা দিগম্বরমূর্ত্তি ধারণ করিয়া গ্রহের ন্যায় ভ্রমণ করিয়া বেড়ান। তাঁহারা কোন প্রকার আশ্রম চিহু ধারণ করেন না।

ন যতেরাশ্রমঃ প্রায়ো ধর্মহেতুর্মহাজনঃ।
শাস্ত্রস্থাত্ত বা ত্যজেৎ।
অব্যক্তনিকো ব্যক্তার্থো মনীয়ুল্লভবালবৎ।
কবিমুক্বদাজানং দ দৃষ্ট্যা দশ্যেলুণাম্॥

ভা, ৭।১৩।৯-১০।

যে ব্যক্তি ষথার্থ সন্ন্যাসী বা ব্রহ্মচারী নহে কিন্তু সন্ন্যাসী বা ব্রহ্মচারীর চিহ্ন (যথা রক্তবন্ত্রাদি) ধারণ করিয়া ভিক্ষাদি ছারা জীবিকা উপার্জন করে, তাহাকে সেই পাপে ব্রহ্মচারীদিগের সমুদ্য পাপ হরণ করত কুরুবাদি যোনিতে জন্মগ্রহণ করিতে হয়। প্রাশ্র লিথিয়াছেন—

যত্ত্বে কাঞ্চনং দশ্বা তামুলং ব্রহ্মচারিণে।

চৌরেভ্যোহপাভয়ং দ্বা দাতাপি নরকং ব্রজেৎ ॥ প, সং, ১।৫০।
থিনি সন্ন্যাসীকে স্থবর্ণ দান করেন, খিনি ব্রস্কারীকে তামুল দান করেন,
থিনি চোরকে অভয় দান করেন, তিনি দাতা হইলেও নিরয়গামী হইয়া
থাকেন।

শ্রীমন্তাগবতের ৭ম স্বন্ধে, ত্রয়োদশ অধ্যায়ে, অবধৃতের ইতিহাস
কীর্ত্তনচ্ছলে নারদ কর্তৃক যে সিদ্ধাবস্থার বর্ণনা করা হইয়াছে তাহাতে এই
সমস্ত বিষয় পরিয়তরপে উক্ত হইয়াছে।

ব্যাসনন্দন শুক যে ভাবে পর্যাটন করিতেন ভাগরতে প্রথম স্কল্পে উন-বিংশ অধ্যায়ে পঞ্চবিংশতি শ্লোকে তাহার এইরূপ বর্ণনা আছে—

তত্রাভবন্তগবান্ ব্যাসপুত্রো বদৃচ্ছয়া গামটমানোহনপেক:।
ভালক্যলিকো নিজ্লাভতুটো বুতন্চ বালৈরবধৃতবেশ:॥

নারদ কহিলেন, যে যতি শাস্ত এবং যিনি সকল অবস্থাতেই সমচিত্ত, তিনি মহাত্মা (পরমহংস)। আশ্রম আর কোন প্রকারেই তাঁহার ধর্মবৃদ্ধি করিতে পারে না; অতএব তিনি ইচ্ছা হইলে আশ্রমচিত্র ধারণ, ও ইচ্ছা হইলে পরিত্যাগ করিতে পারিবেন। তাঁহার কোন চিত্রই প্রকাশিত থাকিবে না। কেবল আত্মাহ্সদ্ধান তাঁহার প্রয়োজন স্পষ্ট জানা যাইবে। তিনি বৃদ্ধিমান হইয়াও মহ্যাদিগের নিকট আণ্নাকে উন্মন্ত ও বালকের ন্যায়, এবং পণ্ডিত হইয়াও মৃকসদৃশ, প্রদর্শন করিবেন।

মহারাজ ভর্তৃহরি এইরূপ বলিয়াছিলেন-

একাকী নিস্পৃহঃ শান্তঃ পাণিপাত্রো দিগম্বঃ। কদা শস্তো ভবিষ্যামি কর্মনির্মুলনক্ষমঃ॥ বৈ, শ, ৫০।

হে শস্তো! কবে আনি একাকী, স্পৃহাশ্ন্য, সদা শান্তিযুক্ত, দিগদর হইরা কর্মসমূহের নির্মূলনে সমর্থ হইব, এবং হস্তদম আমার ভোজনপাত্র স্বরূপ থাকিবেক ?

সন্ন্যাসী ব্যক্তি সম্পূর্ণরূপে অসঞ্জী হইবেন, যথা ভাগবতে একাদশ স্কল্পে অষ্টম অধ্যায়ে একাদশ শ্লোক—

সায়স্তনং শ্বন্থ বা সংগৃহীত ন ভিক্ষিতম্। পাণিপাতোদরমাতো মক্ষিকেব ন সংগ্রহী॥

বিপ্রশাপগ্রস্ত রাজা পরীক্ষিৎ বংকালে ঋষিগণপরিবেটিত হইয়। গঙ্গাতীরে অবস্থিতি করিতেছিলেন, সেই সময় ব্যাসনন্দন শুক (গাভীগণের ন্যায়) যদৃচ্ছাক্রমে ভূমণ্ডল ভ্রমণ করিতে করিতে হঠাৎ সেইস্থানে উপস্থিত হইলেন। তাঁহার কোন আশ্রমেরই চিহু ছিল না। ব্রক্ষের সাক্ষাৎকার লাভ করিয়াই নিরস্তর সম্ভষ্ট ছিলেন। মনুষ্যগণ অবজ্ঞা করিয়া যে ব্যক্তিকে সমাজ হইতে বহিদ্ভ করিয়া দেয়, তিনি সেই (অবধ্তের) বেশ ধারণ করিয়াছিলেন। ক্ষিপ্ত ভাবিয়া বালকেরা তাঁহাকে বেটন করিয়া আসিতেছিল। বাহিক আফুতি দেখিয়া তাঁহার অন্তর্নিহিত তেজঃ অমুমান করা যাইত না।

ভিক্ষিত দ্রব্য সায়ংকাল বা কল্যের জন্য সংগ্রহ করিয়া রাধিবেন না। হস্ত-মাত্র বা উদরমাত্র পাত্র করিবেন। মক্ষিকার ন্যায় সংগ্রহ করিবেন না।

সন্ন্যাসী ব্যক্তি সম্পূর্ণরূপে অন্যস্ত বক্জিত হইয়া থাকিবেন। যথা দক্ষ বলিয়াছেন—

একো ভিকুর্থথোকস্ত দৌ ভিকু মিথুনং স্মৃতম্।

অয়ো গ্রাম: সমাখ্যাত উর্দ্ধ নগরায়তে ॥

নগরং হি নকর্ত্তব্যং গ্রামো বা মিথুনং তথা।

এতল্রমন্ত কুর্ফাণ: স ধর্মাচ্চ্যবতে যতি: ॥

রাজবার্দ্ধাদি তেষান্ত ভিক্ষাবার্দ্ধা পরস্পারম্ ॥

স্নেহপৈশূন্সমাৎসর্য্যং সন্নিকর্ষান্ন সংশয়: ।

লাভপুজানিমিত্তং হি ব্যাখ্যানং শিষ্যসংগ্রহ: ॥

मक, १।७**७---७**३।

এক সন্ন্যাসীই সন্ন্যাসী, ছই হইলে সন্ন্যাসী-মিথুন বলা যায়, তিন হইলে সন্ন্যাসী-গ্রাম এবং তাহার অধিক হইলে সন্ন্যাসী-নগর কহা যায়। সন্ন্যাসীরা কোন প্রকারে নগর গ্রাম কি মিথুন করিবেন না। এই তিনের অক্ততর করিয়াই সন্ন্যাসী স্বধর্মন্ত্রই হন।

গ্রাম, নগর বা মিথুন হইলে পরস্পর রাজার কথা, ভিক্ষার কথা হইবে, এবং একত্র বাসে স্নেহ, পৈশুন্ত ও মাৎসর্য্য জন্মিবে, হইাতে সন্দেহ নাই। এতদ্বাতীত একত্র বাসে লাভ ও সম্মানের নিনিত্ত শাস্ত্রব্যাথ্যা ও শিষ্যসংগ্রহা-দিতেও প্রবৃত্তি হয়।

* নারদশ্কষি যুধিষ্ঠিরকে কহিয়াছিলেন—
ন শিষ্যানমূবন্ধীত গ্রন্থালৈবাভ্যসেৎ বহূন্।
ন ব্যাখ্যামূপযুঞ্জীত নারস্তানারভেৎ ক্কচিৎ ॥ ভা,৭।১০৮।
সন্ধ্যাসী ব্যক্তি কাহাকেও প্রলোভন বা বল দারা শিষ্য করিবেন না;
ভানেক গ্রন্থ অভ্যাস করিবেন না; শাস্ত্রব্যাখ্যা করিবেন না; এবং কোধাও

মঠাদি স্থাপন করিবেন না।

दि मुक्न महाामी जाननानिगद्य छानी ও माधक दिनहा लाटकर निक्छ

জানায়, অথচ পৃঁহস্থ-আশ্রম স্থান্ত স্থান্তোগে আসক্ত থাকিরা আপনাদিপের উভয় দিক নই করে, এবং অন্ত সকলকেও শ্রমের পথ প্রদর্শন করে; ভগবান্ শিব তাহাদিগকে কর্মান্ত্রক্ষ উভয় ক্রই এবং সাধুজন পরিত্যক্ষ্য অভি হীন বলিয়া নির্দেশ করিয়া গিয়াছেন। কারণ তাহারা সমাজেণও কোন কার্য্য করে না এবং পরমেশরের সাধনাতেও জীবন অর্পণ করে না বরং জগতের অনিইসাধনই করে। যথা—

धनाशवार्कात युका माखिका त्वन धार्तिनः। ভ্রমন্তি জ্ঞানিবলোকে ভ্রাময়ন্তি জনানপি॥ १৬। সাংসাধিক স্থাসক্তং ব্রন্ধজোশ্মীতি বাদিনম্। কর্ম ব্রহ্মোভয় ভ্রষ্টং তং তাজেদস্তাজং যথা।। ৭৭। গুহারণ্য সমালোকে গত্রীভা দীগম্বরাঃ চরস্তি গৰ্দ্ধভাদ্যাশ্চ যোগিনস্তে ভবস্তিকিং॥ १৮। मृद्धश्रवक्रगात्मिवि मूकाः स्पॅमि गानवाः । মুদ্তম বাসিনো গ্রাম্যাঃ কিন্তে মুক্তা ভবস্থিছি ॥ ৭১ । তণপর্ণোদকহারাঃ মুক্তং বনবাসিনঃ। হরিণাদি মুগাদেবি যোগিনত্তে ভবঞ্জি কিং॥ ৮०। পারাবতাঃ শিলাহারাঃ প্রমেশ্বর চাতকাঃ। ন পিবন্ধি মহী তোয়ং যোগিনত্তে ভবন্তি কিং॥৮১। শীত বাতাতপ সহা ভক্ষাভক্ষ্য সমাঃ প্রিয়ে। তিষ্ঠন্তি শুকরাদ্যাশ্চ যোগিনন্তে ভবন্তি কিং॥ ৮২। আজন মরণান্তং হি গদাতীরং সমাঞ্রিতা:। মণ্ডুক মৎস্য নক্রাদ্যাঃ কিন্তে মুক্তা ভবস্তি হি॥ ৮৩। বদস্তি হৃদয়ানকং পঠন্তি শুক্লারিকা:। জনানাং পুরতো দেবি বিবুধান্তে ভবস্তি কিং॥ ৮৪। তত্মাদিত্যাদিকং কর্ম লোকরঞ্জন কারণং। মোক্ষস্য কারণং সাক্ষাৎ তত্তজানং কুলেখরি॥ ৮৫। কুলার্ণব তন্ত্র থম খণ্ড ১ম উল্লস।--

গৃহস্থাশ্রম ও নিকাম কর্ম্মাধন।

় ব্রহ্মনিষ্ঠো গৃহস্থঃ দ্যাৎ ব্রহ্মজ্ঞান পরায়ণঃ। যদ্যৎ কর্ম্ম প্রকুর্মীত তদ্বক্ষণি দ্যপ্যেৎ॥

ম, নি, তন্ত্র, ৮। ২৩।

গৃহস্থ ব্যক্তি পরব্রহ্মপরায়ণ হইয়া সর্বাদা ব্রহ্মজ্ঞানলাভের জন্ম যত্ন করিবেন, এবং যে কোন কার্য্য সম্পাদন করিবেন তাহার ফল পরব্রহ্ম অর্পণ করিবেন।

গৃহ হইতে নিজ্ঞান্ত হইরা বৃক্ষমূল আশ্রর না করিলে যে ধর্মসাধন হয় না, এরপ নহে। সংসারের মধ্যে অবস্থিত থাকিয়া স্থানররূপে নিজাম কর্ম সাধন করা বায়। অধিক কি, অন্ততঃ কিছু কালের জন্মও নিজাম-ভাবে কর্ত্তব্য পালন না করিলে বৃক্ষমূল আশ্রয় করিবার সম্যক্ অধিকার মন্ত্রের জন্মে না। * সংসার বা সমাজ হইতে ধর্ম সম্পূর্ণ পৃথক্ বস্ত

• বাঁহারা অন্ততঃ কিছুকালও ঈশরোদেশে নিজাম কর্ম্মের অনুষ্ঠান না করেন তাঁহারা অন্তরূপে বহুচেষ্টা করিলেও বিশুদ্ধ ব্রহ্মজ্ঞানলাভে কৃতকার্য্য হন না। নিজাম কর্ম্মের অনুষ্ঠান না করিলে সাধকের আদৌ চিত্তশুদ্ধি জন্মে না। অতএব সাধকমাত্রেই কর্মত্যাগের জন্ম ব্যাকুল না হইয়া নিজাম কর্মের অনুষ্ঠানে আপনাদিগকে নিয়োগ করিতে সবিশেষ যত্নবান্ হইবেন। যদি এ জীবনে কর্মত্যাগ না হয়, তাহা হইলেও তাঁহারা ব্যাকুল হইবেন না।

यथा, विश्वेष्टर त्रां महत्त्वरक वित्राहितन-

যাথাশাস্ত্রং বিহরতাং ত্বরা কার্য্যা ন সিদ্ধিষু।

চিরকালপরিপকা সিদ্ধিঃ পুষ্টফলা ভবেৎ ॥ যথাশান্ত্র কার্য্য কর, সিদ্ধিলাভের জন্ম ব্যাকুল হইও না; কারণ সিদ্ধি বছ-কালে পরিপক হইয়া যথাসময়ে পুষ্ট ফল প্রদান করে।

'বেরপ প্রদীপ অন্ধকার নাশ করিবার সময় অন্তকে অপেক্ষা করে না, জ্জ্রপ যদিও আত্মাতত্বজ্ঞান ফলদানকালে কর্মকে অপেক্ষা না করে, তথাপি অব্ধ বেমন লাঙ্গলবহনে অনপেক্ষিত হইলেও রথবহনে অপেক্ষিত হয়, তজ্ঞপ নহে, ধর্মাবহ পরমেশ্বর স্বরং সংসারাশ্রমের মূলে অবস্থিত আছেন, এবং ইহা সেই মহানেরই রাজ্য। প্রকৃত কর্ত্তব্যপরায়ণ সাধকের পক্ষে সংসারের প্রত্যেক কার্য্যই ঈশ্বরের কার্য্য। তিনি আহার করেন ঈশ্বরের জন্য, *

বন্ধতব্জ্ঞান ফলদানকালে কর্মানপেক্ষ হইলেও উৎপত্তিকালে কর্মকে অপেক্ষা করে।" ইতি বেদাস্কসারের অধিকরণ-মালার ৩য় অধ্যায়ে, ৪র্ম পাদে যে ও ৬ৡ অধিকরণ।

ভগবান্ শিব বলিয়াছেন-

জ্ঞানং তত্ত্ববিচারেণ নিষ্কামেনাপি কর্মণা।

জায়তে ক্ষীণতমসাং বিজ্ঞাং নির্মালাত্মনাম্। ম, নি, ১৪। ১১২। ক্ষীণতম নির্মালাত্মা ব্যক্তিগণ ব্রহ্মতত্ত্বের বিচার এবং নিহ্মাম কর্মোর অনুষ্ঠান, এই উভয়ের হারা ক্রমে ব্রহ্মজ্ঞান লাভে কুতকার্য্য হন।

ঋষিপ্রবর অগস্ত্য কহিয়াছিলেন—

উভাভ্যামেব পক্ষাভ্যাং যথা থে পক্ষিণাং গতি:।
তথৈব জ্ঞানকৰ্মাভ্যাং জায়তে পরমং পদম্॥
কেবলাৎ কশ্মণো জ্ঞানায়হি মোক্ষোহভিজায়তে।
কিন্তুতাভ্যাং ভবেন্মোক্ষঃ সাধনস্ভুভয়ং বিহুঃ॥

যো, বা, বৈ, প্রকরণ ৭।৮ শ্লোক
হৈ স্থতীক্ষ! যেরপ পক্ষীগণ উভর পক্ষরারা আকাশপথে বিচরণ করিয়া
থাকে, সেইরপ জীবগণ জ্ঞান ও কর্ম এই উভয়কে অবলম্বন করিয়া ক্রমে
ভগবানের পরম পদ লাভ করিতে সমর্থ হয়। অতএব কেবলমাত্র জ্ঞানসাধন
বা কর্ম্মসাধন দ্বারা মুক্তি লাভ হয় না। কিন্তু জ্ঞান ও কর্ম এই উভয়কেই
মুক্তির সাধন রূপে জানিবে।

* সাধক মাত্রেই দ্রব্যের আস্বাদ বিচার না করিয়া কেবল মাত্র প্রাণ-রক্ষার্থে ভোজন করিয়া থাকেন। কর্ত্তব্যপরায়ণ সাধকগণ জানেন যে পর-মেশ্বরের এরূপ ইচ্ছা নয় যে আমরা অকারণ ইচ্ছা বা চেষ্টা করিয়া দেহ পরিত্যাগ করি। স্থতরাং আহারকালেও তাঁহারা মনে করেন যে তদ্বারা তাঁহারা প্রভু পরমেশ্বরেই কার্য্য করিতেছেন। আর যাহাবা অপেক্ষাকৃত সাধনের উচ্চ সোপানে আরোহণ করিয়াছেন, যাঁহাদের কর্ম সকল ক্রমে

ভ্যাগ হইরা আদিয়াছে, বাঁহারা কর্ত্ব্য বৃদ্ধির বশীভূত হইরা আর কোন কার্য্য করিতে পারেন না, তাঁহারা যদিও ঈখরের কার্য্য করিতেছি ভাবিয়া আহার গ্রহণ না করুন, তথাপি স্বতন্ত্রভাবে) তাঁহারাও দ্রব্যের আস্থাদ বিচার করিয়া আর আহার করেন না। অতএব যে কোন শ্রেণীস্থ সাধক হউন না কেন, সাধক মাত্রেই দ্রব্যের আস্থাদ বিচার করত আহার করেন না। এ সম্বন্ধে দেবর্বি নারদ গালবকে এইরূপ কহিয়াছিলেন; বথা, 'বিৎস! বিঘ্নাশী ব্যক্তিয়া দ্রব্যের আস্থাদ বিচার না করিয়া কেবল উদর প্রণার্থ ভোজন করিয়া থাকেন, স্বতরাং তাঁহাদিগকে ভোগবিষয়ে লিপ্ত হইতে হয় না। আব যাহারা দ্রব্যের রস পরীক্ষা করিয়া আহার করে, তাহাদিগকে কর্মপাশে বছ হইতে হয়।" ম, ভা, শা, পর্ব্র, ২৮৮ অধ্যায়।

প্রহলাদকে বোন সিদ্ধপুরুষ কহিয়াছিলেন;—

পুরুষ অন্য ইন্দ্রিয় জয় করিলেও যে পর্যান্ত র্সনা জয় না করেন, সে পর্যান্ত জিত্যেন্দ্রিয় হইতে পারেন না; কিন্তু রসনাকে জয় করিতে পারিলে সকল ইন্দ্রিয়কেই জয় করা হইল জানিবেন। যথা—ভা, ১১৮২১ শ্লোক—

"তাৰজ্জিতেন্দ্ৰিয়ো ন স্যাদ্বিজিতান্যেন্দ্ৰিয়ঃ পুমান্। ন জ্লোন্যনাৰ ধাৰ**ং জিতং সৰ্বাং জিতে রসে ॥"**

ভগবান্ শ্রীধরস্বামী লিখেন—অতো রসাস্তিং পরিত্যজ্ঞা ঔষধবৎ ভুঞ্জীতেতি প্রাণবৃত্তিব সংতুষ্যোদিতি।

বশিষ্ঠদেব রামচক্রকে কহিয়াছিলেন-

"নিম্ব আর প্রতিবিষা অর্থাৎ শুদ্ধ শিশীত্বক্, ক্ষীর, জল এবং অল্লাদি সর্বত্ত অসক্তবৃদ্ধি যে ব্যক্তি সমান আস্থাদন করেন, সেই ব্যক্তিই তত্ত্বজ্ঞ জানিবে"। যথা

निश्र अिवियाकककी दिव मिलिश्कामि।

অসক্তব্দিত্তবজ্ঞো ভবত্যাস্বাদনে চ ষ: ॥ যো, বা, উপ, প্রকরণ। ক বিরঞ্জন রামপ্রসাদ সেন বলিয়াছেন---

> "শয়নে প্রণাম জ্ঞান, নিজায় কর মাকে ধ্যান, আহার কর, মনে কর, আহতি দেই শ্যামা মারে।"

স্থীসঙ্গ করেন ঈশ্বরের জন্য, • সামাজিক ও রাজনৈতিক কথাবার্তা ক্রেন ঈশ্বরের জন্য; † অধিক কি, অর্থোপার্জনের নিমিত্ত তিনি

* কর্ত্তব্যপরায়ণ সাধক ইচ্ছিয়বৃত্তি চরিতার্থ করিবার জন্য জীসঙ্গ না করিয়া কেবলমাত্র ঈশ্বের জীবস্রোত রক্ষা করিবার জন্য জীসঙ্গ করিবেন। এইজন্য শাস্ত্রকারগণ ধার্মিক গৃহস্থগণকে ঋতুকাল ব্যতীত অন্য সময়ে জীসঙ্গ করিতে নিষেধ করিয়াছেন; যথা দেবর্ধি নারদ যুধিষ্ঠিরকে কহিয়া-ছিলেন—

এতৎ দর্কং গৃহস্থদ্য দমামাতং যতেরপি।

শুরুর্ত্তিবিকল্পেন গৃহস্থস্যতু গামিন: ॥ ভা, ৭।১২।১১।

ব্রহ্মচারীর যে সকল কর্ত্তব্য কর্ম্ম উল্লেখ করিলাম, এইগুলি গৃহস্থ এবং যতিরও কর্ত্তব্য বলিয়া কথিত হইয়া থাকে। তবে গৃহস্থকে ঋতুকালে ভার্য্যাগমন করিতে হয়; অতএব তাঁহাকে ব্রহ্মচর্য্যবৃত্তি একবার অবলম্বন আবার পরিত্যাগ করিতে হয়।

শাস্ত্রমধ্যে এরূপ উক্তি অনেক আছে, ৰাহ্ল্যভয়ে অধিক উল্লেখ করি-শাম না। সেন্ট প্ল'' ও অবিকল এইরূপ বাক্য বলিয়াছিলেন; যথা—

But this I say, brethern, the time is short; it remaineth, that both they that have wives be as though they had none.

BIBLE. I. CORINTHIANS, VII 29.

† সাধক সামাজিক ও রাজনৈতিক ব্যাপারে যে হস্তক্ষেপ করেন তাহার কারণ এই:— ঈশ্বরের এইরূপ নিরম যে, প্রত্যেক ব্যক্তিই তাঁহার আপনার গৃহকার্য্যের ন্যায় নিজ জাতি ও জন্মভূমির উন্নতির জন্য প্রাণপণে চেষ্টা পাইবেন। অন্যপা সে জাতি বা সে দেশ চিরদিন কথনই কল্যাণের পথে থাকিতে পারিবে না। বিশেষতঃ যে সকল জাতি আমাদের ন্যায় হীনাব্দাপন্ন হইয়াছে তাহাদিগের উচিত যে অন্য সাংসারিক কার্য্যের কথঞ্চিৎ ক্ষতি করিয়াও সমাজ এবং রাজনীতি সংশোধনের জন্য ষ্থাসাধ্য প্রয়াস পান। অধিক কি, নিস্কামকর্মপরায়ণ সাধক মাত্রেরই কর্ত্ব্য এই বে, তাঁহারা জগতের প্রত্যেক কল্যাণকর কার্য্যকেই তাঁহাদের নিজের (অর্থাৎ প্রস্থ পরমেশ্বরের) কার্য্য রূপে বিবেচনা করিয়া প্রাণপণে ভৎসাধনে যত্নবান হন।

বে শুরু পরিশ্রম স্বীকার করিয়া থাকেন তাহাও তাঁহার সেই আরাধ্য দেবতা भत्रामचारतत अछ। य कार्या जेचारतत नाह (वर्षा काहात निष्कृत कर्खवा वृक्षि छाँशांक (य कार्यामण्णामत्मत्र जन्न अनुमिष्ठ श्रामान मा करत,) अछि সামান্ত কার্য্য হইলেও তিনি তাহা প্রাণান্তে সম্পাদন করেন না, (করিতে পারেনও না)। * কারণ, সাধক মাত্রেরই নিজের জক্ত করিবার আর কিছুই থাকে না, (যতক্ষণ পর্য্যন্ত সাধকের নিজের জন্ত কিছু করিবার থাকে ততক্ষণ পর্য্যন্ত তিনি প্রকৃত সাধকশ্রেণীভুক্ত হইতে পারেন না।) অধিক কি. সাধক যথন আপনার প্রাণদাতার হত্তে প্রাণ মন সমস্ত সমর্পণ করত **हित्रमित्नत जञ्च छाँशात्र क्वीलमामशाम नियुक्त इन, लश्न जिनि आश्रामश** আর আপনার থাকেন না। স্থতরাং এই অবস্থায় স্ত্রীপুতাদির সহিত তাঁহার নিজের যে পুরাতন সম্বন্ধ তাহা আর না থাকিয়া তৎপরিবর্ত্তে পর-মেখরের সম্বন্ধে তাহাদিগের সহিত তাঁহার অপর একটা নৃতনতর সম্বন্ধ রচিত হয়। এই অবস্থায় সাধক বেন একটা নৃতনতর আশ্রমে আসিয়া প্রবিষ্ট হন। यहाপি विজ्ञान কাহারও প্রতি প্রয়োগ করা কর্তব্য হয়, তবে এই অবস্থাপর সাধকের পক্ষেই তাহা অধিক সঙ্গত বলিয়া বোধ হয়। এই অবস্থায় সাধক কর্ত্তব্য মাত্রকেই ঈশ্বরের সাক্ষৎ আদেশরূপে দর্শন করিয়া পাকেন। স্থতরাং কর্ত্তব্যমাত্রেই তথন তাঁহার সাধন হইরা উঠে। অধিক कि. कर्द्धराम्भानत्तव ज्ञ यनाभि ज्थन जाहाव थानवित्यां हय, जाहा हहेता जिनि व्यापनात्क पत्रमत्नोजागातान वित्वहना कतिया थात्कन । यादा इजेक, সাধক এই অবস্থায় সর্বাদা সতর্ক থাকিবেন যেন কর্ত্তব্য-সাধন স্রোতে ভাসিয়া শেষে ঈশ্বর হইতে দূরে গমন না করেন। তাহা হইলে তাঁহার জীবন

^{*} সাধকমাত্রেই (স্বীয় পতনসময় ব্যতীত) রুণাকার্য্যে কখনই সময় বাপন করিতে পারেন না। তাঁহারা যখন যে কোন কার্য্য করেন, উপাসনার ভাবেই করিয়া থাকেন। সাধনের ভাব থাহাদিগের হৃদয়ে অঙ্কুরিত মাত্র হইয়াছে, তাঁহাদিগের লক্ষণ সম্বন্ধে শ্রীরপ্রপোস্বামী তাঁহার ভক্তিরসাম্তিসিন্ধু-নামক গ্রন্থে এইরূপ লিথিয়াছেন; যথা,

ক্ষান্তিরব্যর্থকালত্বং বিরক্তিমানশৃত্যতা। ক্ষাশাবদ্ধ: সমুৎকণ্ঠা নামগানে সদা কচিঃ॥ ইত্যাদি

ক্রমে শুদ্ধ ও নীরস হইয়া দাঁড়াইবে, এবং ধর্ম-জীবনে তিনি একপ্রকার মৃতত্ন্য হইবেন। জ্ঞানী সাধক এই আশকা-নিবারণার্থে উপাসনা ও কর্ত্তবাসাধন এই ছুইটীকে সমভাবে রক্ষা করিবার জন্য সর্কাদা প্রাণগত যত্ন করিবেন।

বশিষ্ঠদেব রামচক্রকে বলিয়াছিলেন—

অন্তঃ সংত্যক্ত সর্বাশো বীতরাগো বিবাসনঃ।
বিহিঃ সর্বসমাচারো লোকে বিহর রাঘব॥
অন্ত বৈরাগ্যমাদায় বহিরাশোন্মুখঃ স্থিতঃ।
বহিস্তপ্তোহন্তরঃ শীতো লোকে বিহর রাঘব॥
বহির্ব্যাপার সংরস্থো হৃদি সংকল্প বক্তিতঃ।
কর্তা বহিরকর্তান্তরেবং বিহর রাঘব॥

যো, বা, উপ, প্রকরণ।

হে রাষব! মনের মধ্যে সম্পূর্ণরপে আশা, অহুরাগ ও বাসনাত্যাগী হইয়া বাহিরে বাসনা বিশিষ্ট ব্যক্তির ন্যায় সংসারের কার্য্য সম্পর্ম নির্কাহ কর। অস্তরে বৈরাগ্য গ্রহণ করিয়া বাহিরে আশাস্থিত হইয়া এবং অস্তরে শীতল থাকিয়া বাহিরে সংতপ্ত ন্যায় হইয়া লোকে বিহার কর। অস্তরে সকল প্রকার সংকল বর্জিত হইয়া এবং অকর্তা ন্যায় থাকিয়া বাহিরে কর্তার নায় কর্মিষ্ঠ হইয়া সংসার কার্য্য সম্পন্ম সম্পন্ন কর। (অর্থাৎ কর্ম্ম পরি-ত্যাগও করিওনা, এবং কর্মের প্রতি চিত্ত অর্পণ করিয়া তাহার সফল বিফলতায় হর্ম বিষাদ যুক্তও হইওনা। চিত্ত ঈশ্বরে স্থির রাখিয়া তাহার কর্মার বার্য্য বোধে যাবতীয় সংসার কার্য্য নির্কাহ করে। তোমার নিজ স্থাদি পালনকেও তোমার নিজ কার্য্য জ্ঞান করিয়া আত্মায় বদ্ধ ভাব। আহংভাব। আনিও না। ঈশ্বরের কার্য্য বোধে সকল কার্য্য করিতে থাক।)—

গৃহী সাধক এইরপে নিকামভাবে কর্ত্তব্য কর্ম সাধন করিয়া পরমেখরের প্রসন্মতা লাভ করিবেন। তিনি প্রাণপণে কার্য্য করিবেন বটে, কিন্ত কদাপি ভাহার ক্লুপ্রতাশী হইবেন না। যথা, শীকৃষ্ণ অৰ্জ্নকে কহিয়াছিলেন,—
কৰ্মণ্যেবাধিকারন্তে মা কলেষু কলাচন।
মা কৰ্মফলহেডুভূমিন তে সক্ষেহতুকৰ্মণি ॥

गी, रा8७ ।

তোমার কেবল কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করিবার অধিকার আছে, কিন্ত ফল প্রত্যাশা করিবার কিছুমাত্র অধিকার নাই। কর্মের ফলকামনায় যেন তোমার প্রবৃত্তি না জন্মে, এবং অকর্ম করিতেও যেন তোমার আসক্তি না হর।

নিক্ষামধর্মপরায়ণ গৃহস্থ সাধকগণ সন্ধ্যাসধর্ম্মাবলম্বী উচ্চশ্রেণীক্ত সাধক-গণের মথোচিত সেবা পরিচর্য্যা করিবেন। যথা,

(मवर्षि नातम यूधिष्ठिंत्राक करियाहित्नन,—

গৃহেষবস্থিতে। রাজন্ ক্রিয়াঃ কুর্বন্ যথোচিতাঃ। বাস্থদেবার্পনং সাক্ষাত্পাসীত মহামুনীন্॥

ভা, १।১৪।১।

রাজন্! গৃহবাসী ব্যক্তি সাক্ষাৎ বাস্থদেবে সমর্পণপূর্বক যথোচিত কর্ত্তব্যকর্ম সম্পাদন করিবেন; * এবং উচ্চশ্রেণীস্থ সাধক (অর্থাৎ জীবন্মুক্ত) সন্ন্যাসিগণের যথাযোগ্য পূজা করিবেন। তগবান্ শিব এ বিষয়ে যাহা বলি-রাছেন তাহা সন্ন্যাস-নামক প্রস্তাবে একপ্রকার বলা হইয়াছে।

* গৃহী ব্যক্তির পক্ষে কার্য্যপরিত্যাগ কথন সম্ভবপর নহে, স্থতরাং সে অবস্থার সাধক কদাচ কার্য্য পরিত্যাগ করিবেন না। শাস্ত্রকারগণও তাঁহাদিগকে (গৃহস্থাশ্রমী ব্যক্তিদিগকে) কার্য্য পরিত্যাগের ব্যবস্থা দেন নাই। যথা, নারদথবি যুধিষ্ঠিরকে কহিয়াছিলেন;—

> গৃহস্থস্য ক্রিরাভ্যাগো বতত্যাগো বটোরপি। তপস্থিনো গ্রামদেবা ভিক্ষোরিক্রিয়লোলতা ॥ আশ্রমাপসদা হ্যেতে ধলাশ্রমবিভৃত্বকাঃ।

দেবমারাবিম্চাংস্তাহ্পেক্ষেতাহ্কম্পরা । ভা, ৭। ১৫। ৩৮—৩৯। পৃহত্বের ক্রিয়াত্যাগ, বন্ধচারীর ব্রতপরিত্যাগ, তপন্ধীর গ্রামে বাস, এবং সন্ধাসীর ইন্দ্রিয়চাপনা; এই সকল আশ্রমের বিড্ছনা। এতাদৃশ ব্যক্তি গৃহস্থ ব্যক্তি সাংসারিক কার্য্যসমূহের এপ্রকার বন্দোবস্ত করিয়া রাথিবেন যেন সর্কানা তাঁহাকে সেই বিষয়ে ব্যস্ত হইতে না হয়। বিশেষতঃ প্রত্যেক ব্যক্তির কর্ত্তব্য এই যে, সংসারকার্য্যে ব্যাপৃত হইবার পূর্ব্বেই তাঁহারা ধর্ম সাধন করেন। কারণ, সংসারকার্য্যে ব্যাপৃত হইয়া পড়িলে তাহার পর ন্তনরূপে সাধন আরম্ভ করা বড় কঠিন ব্যাপার। এবিষয়ে ভগবান্ শ্রীকৃষ্ণ উদ্ধবকে এইরূপ কহিয়াছিলেন;—

তথাপি সঙ্গঃ পরিবর্জনীয়ে।
গুণেরু মায়ারচিতেরু তাবং।
মন্তজ্জিবোদেন দুঢ়েন যাবদ্রুজো নিরস্যেত মনঃক্ষায়ঃ॥
যথাসয়োহসাধুচিকিৎসিতো নৃগাং
পুনঃ পুনঃ সংভুদতি প্ররোহান।
এবং মনোহপক্ষক্ষায়কর্ম
কুযোগিনং বিধ্যতি স্ব্যক্ষ

©!, ১১ | २৮ | २१-२৮ |

তথাপি, যতদিন মদীয় দৃড়ভক্তিযোগ দারা মনোরঞ্জন রাগ নিরস্ত না হয়, ততদিন মায়ারচিত গুণগণের (অর্থাৎ বিবয়সম্ছের) সঙ্গ পরিত্যাগ করা কর্তব্য।

বেমন মনুষ্যদিগের রোগ সম্যক্রপে চিকিৎসিত না ইইলে তাহাদিগকে পুনং পুনঃ যাতনা দের, সেইরপে রাগ ও রাগমূলক কর্ম সকল দ্ধা না হওরার যাহার। পুরাদি সম্দরের গুতি আসক্ত, তাহাদিগেব মন সেই সকল কুযোগীদিগকে পুনঃ পুনঃ বিদ্ধা করে।

সকল আশ্রমীর মধ্যে অপকৃষ্ট। দৈবী মারায় ইহাদিগের মোহ উপস্থিত হইরাছে; অত্এব দ্যা করিয়া ইহাদিগকে উপেকা করা উচিত।

ভগবান্ শিব বলিয়াছেন—

সমাপ্যাহ্নিককর্মাণি স্বাধ্যায়ং গৃহকর্ম বা। গৃহস্থোনিয়তং কুর্য্যায়ের ভিষ্টেলিকদ্যমঃ ॥

ग, नि, उन्न ৮। २२।

সাধক নিকাম ও নিঃসঙ্গভাবে সংসার্থাত্র। নির্মাহ করিবেন, কোন বস্তু বা ব্যক্তির প্রতি আসক্তচিত্ত হইবেন না। বেশবিস্থাসাদিতেও অতিরিক্ত বন্ধনীল হইবেন না। * আবস্তুক হইলে সময়ে সময়ে অস্থান্ত বন্ধনীয়াণ সাধু গৃহস্থগণের সহিত একত্রিত হইবেন। ইহাঁদের সহিত একত্রিত হওন বারা তিনি সময়ে সময়ে বিশেষ ধর্মবল প্রাপ্ত হইতে পারিবেন। †

নিজালস্যং দেহ্যত্বং কেশবিভাস্মেব চ।

শবর্ত্তমান বিশ্বে নাতিরিক্তং সমাচরেৎ ॥ ম, নি, তন্ত্র ৮। ৫১।

† বর্ত্তমান সময়ে যেরূপ আমাদিগের দেশের গৃহস্থ ব্রন্ধোপাসক এবং
হরিভক্ত বস্প্রদীয়িগণ প্রতি সপ্তাহে তাঁহাদের নিজ নিজ সাধারণ উপাসনাছানে সকলে একত্রিত হন, পূর্ব্বকালেও সেইরূপ পরব্রেন্ধোপাসকগণ এবং
শক্তিসাধকর্ল সময়ে সকলে একত্রিত হইয়া (ঠিক বর্ত্তমান সময়ের
ছায় না হউক কথঞ্চিৎ অন্যভাবে) চক্র করিয়া বসিতেন। এবং বর্ত্তমান
সময়ের ন্যায় তাঁহাদিগের মধ্যেও একজন প্রধান আসন গ্রহণ করিয়া
"চক্রেশ্বর" (অর্থাৎ আচার্য্য) হইয়া বসিতেন। শক্তিসাধকগণের যে চক্র
হইত তাহার নাম "ভৈরবীচক্র।" তথায় সাধকগণ ঘটস্থাপন করত বাহ্য
পূজার অমুষ্ঠান করিতেন। পরব্রন্ধোপাসকগণ যে চক্র করিতেন তাহার নাম
"তত্ত্বচক্র" বা "দিব্যচক্র"। এখানে ঘটস্থাপনাদি কোনরূপ বাহ্য পূজার
অমুষ্ঠান হইত না। কিন্তু এই উভয়্ব চক্রেই সাধকগণ একত্রে পান ভোজনাদি করিতেন। তত্তক্র সম্বন্ধে ভগবান্ শিব যেরূপ লিথিয়াছেন তাহা
সংক্রেপে উদ্ধৃত করিয়া দিতেছি;

তত্বচক্রং চক্ররাজং দিব্যচক্রং তত্বচ্যতে।
নাত্রাধিকার: সর্ব্ধেবাং ব্রহ্মজ্ঞান্ সাধকান্ বিনা॥
পরব্রহ্মাপাসকা যে ব্রহ্মজ্ঞা ব্রহ্মতৎপরা:।
ভদ্ধান্তঃকরণা: শাস্তাঃ সর্ব্বপ্রাণিহিতে রতা:॥
নির্ব্বিকারা নির্ব্বিকরা দয়াশীলা দৃঢ়বতা:।
সত্যস্করকা ব্রাহ্মান্ত এবাত্রাধিকারিণ:॥
ন ঘটস্থাপনাত্রান্তি ন বাছল্যেন পূজনম্।
সর্ব্বে ব্রহ্মভাবেন সাধ্রেৎ তত্ত্বসাধনম্॥

গৃহস্থ সাধক অধিকারিবিশেষে এক্ষজ্ঞান উপদেশ করাকে পরমধর্ম বিশরা জানিবেন। * বেদে কহেন, যে এক্ষনিষ্ঠ গৃহস্থ ব্যক্তি বেদাধ্যরনপূর্বাক পুত্র ও

ব্রহ্মমন্ত্রী ব্রহ্মনিটো ভবেচচক্রেশর: প্রিয়ে।
ব্রহ্মক্রে: সাধকৈ: সার্দ্ধং তত্ত্বচক্রং সমারভেং
রম্যে স্থনির্দ্ধনে দেশে সাধকানাং স্থাবহে।
বিচিত্রাসনমানীয় করমেদ্বিমলাসনম্॥
ব্রহ্মচক্রে মহেশানি বর্ণভেদং বিবর্জয়েং।
ন দেশকালনিয়মো ন পাত্রনিয়মন্তর্থা॥
বে কুর্বস্তি নরা মৃঢ়া দিব্যচক্রে প্রমাদতঃ।
কুলভেদং বর্ণভেদং তে গচ্ছস্তাধমাং গতিম্॥
অতঃ সর্বপ্রথত্বেন ব্রহ্মক্রৈ: নাধকত্তিম:।
তত্ত্বচক্রমন্থেলিরং ধর্মকামার্থম্কয়েয়॥ ম, নি, তন্ত্র ৮ম উলাস।

मर्ट्सवायि कानानाः विकास विभिन्नाः

বার্য্যন্নগোমহীবাসন্তিলকাঞ্চনসর্পিষাং॥ মঞ্ ৪।২৩০।
জলদান, অন্নদান, ধেমুদান, ভূমিদান, বস্ত্রদান, তিলদান, স্বর্ণদান,

भ्रुष्ठमान, এই সকল দান व्यापका बन्नामाने टार्क ७ महर ।

সর্বধর্মময়ং ব্রহ্ম প্রদানেভ্যোহ্ধিকং যত:।
তদদৎ সমবাপোতি ব্রহ্মলোকমবিচ্যুতম্॥

योख्यद्या ३।३२५ ।

যে হেতু ব্রহ্মই সকল ধর্মের আকর এবং সকল দানীয় বস্তুর মধ্যে শ্রেষ্ঠত্তম দানীয় বস্তু, এ কারণ যে ব্যক্তি উপদেশাদি দারা লোক সকলকে ব্রহ্মবস্তু দান করেন, তাঁহার অক্ষয় ব্রহ্মলোক লাভ হয়; সে অবস্থা হইতে তাঁহাকে আর কথনও বিচ্যুত হইতে হয় না।

য ইমং পরমং গুহাং মন্তক্তেৰভি ধাসাতি।
ভক্তিং মরি পরাং কৃষা মামেবৈষ্যত্যসংশয়: । গী, ১৮।৬৮।
বে ব্যক্তি অতিশর গোপনীর এই জ্ঞানশাস্ত্র আমার ভক্তগণকে উপদেশ
করিবেন, এবং জন্ধারা আমার প্রতি ভক্তি প্রকাশ করিবেন, ভিনি নিঃস্কেছ
আমাকেই পাইবেন।

অমাত্য প্রভৃতিকে জ্ঞানোপদেশ দারা ধর্মনিষ্ঠ করিয়া কাল হরণ করেম, তাঁহার পুনরাবৃত্তি নাই; অর্থাৎ তিনি দেহাস্তে ত্রন্ধলোকে যাইয়া ত্রন্ধলোক স্থিতি পর্যাস্ত তথায় থাকিয়া পশ্চাৎ মুক্তিলাভ করেন। ছালোগ্যোপনিষৎ।

বাঁহার। প্রমেশ্বরে আত্মসমর্পণ করত সর্বপ্রকার ফলকামনা-বিরহিত হইয়া বথার্থ নিক্ষমভাবে সংসার-কর্ম্মের অনুষ্ঠানে প্রবৃত্ত হন, তাঁহারা গৃহবাসী হইলেও সন্ন্যাসী। * সন্ন্যাস প্রধানতঃ ছইপ্রকার—''বিদ্বৎ সন্ন্যাস' ও

শাস্ত্রকারগণ অধিকারিবিশেষে ব্রহ্মজ্ঞান উপদেশ করিতে বলিয়াছেন, জাহার কারণ এই যে, অর্দ্ধনেরের পাত্র যে প্রকার একসের দ্রব্য কোন মতেই ধারণ করিতে পারে না, স্থলবৃদ্ধি ব্যক্তিগণও সেইপ্রকার অতিস্ক্র এই ব্রহ্মতত্ব কিছুতেই হৃদয়ে ধারণ করিতে সক্ষম হয় না। অধিকন্ত তাহারা শোবে ঘোর নাস্তিকবৎ ইইয়া পড়ে। এই কারণেই তাঁহারা বলিয়াছেন,

''ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কশ্মসিঙ্গনাম্।''—শ্ৰতি।

কশ্মিদিগের মধ্যে যাহারা নিতান্ত অজ্ঞান তাহাদিগের বুদ্ধিভেদ জন্মাই-বেক না।

ডাক্তার উইলিয়ম্ পেলি তাঁহার NATURAL THEOLOGY নামক গ্রন্থে লিথিয়াছেন

"Yet, the contemplation of a nature so exalted, however surely we arrive at the proof of its existence, overwhelms our faculties. The mind feels its powers sink under the subject. One consequence of which is, that from painful abstraction the thoughts seek relief in sensible images. Whence may be deduced the ancient and almost universal propensity to idolatrous substitutions."

Chap, XXIV. OF THE NATURAL ATTRIBUTES OF THE DEITY.

* বেদে কহেন, শ্রদাধিক্য হইলে উৎকৃষ্ট গৃহস্থগণ দেবতা ও যতির তুল্য হন। যথা,

"শ্রদ্ধাধিক্যাতু, কুৎস্নাহেব গৃহিণো দেবাঃ কুৎস্নাহেব যতয়ঃ।" ভগবানু শিব বলিয়াছেন—

ত্রন্ধমন্ত্রোপাসকা যে ত্রান্ধণক্ষতিয়াদয়ঃ। গুছাশ্রমে বসস্তোহপি জ্ঞেয়াস্তে যতয়ঃ প্রিয়ে॥

ম, নি, তন্ত্র, ১৪। ১৪৩।

"বিবিদিষা সন্ধাস।" পূর্ব্ধ প্রস্তাবে যে সন্ধাসের কথা বলা ছইরাছে, তাহার নাম "বিদ্বং সন্ধাস।" আরু সম্প্রতিত্রহ্মপরারণ গৃহস্থগুণের সর্বা-প্রকার কর্ম-ফল-পরিত্যাগ-রূপ যে নিষ্কাম কর্মামুষ্ঠানের কথা বলা ষাইতেছে, ইহার নাম "বিবিদিষা সন্ধাস।" এই বিবিদিষা সন্ধাস অত্যে অন্ততঃ কিছু দিনের জন্মও না করিলে বিদ্বং সন্ধানে সাধকের সম্মক্ অধিকার জন্মে না।

একণে কেহ কেহ জিজ্ঞাসা করিতে পারেন বে, যদি নিদ্ধামভাবে কর্ত্ব্য পালন না করিলে সাধকের কর্মত্যাপ-রূপ সন্নাসে অধিকার না জন্মে, তবে যাঁহাবা দার-পরিগ্রহ না করিয়া উর্দ্ধরেতা আশ্রমে গমন করেন (অর্থাৎ গৃহস্থাশ্রমে প্রবিষ্টনা হইয়া যৌবনাব্স্থাতেই যাঁহারা কর্মত্যাগ-রূপ সন্নাস গ্রহণ করেন), তাঁহাদের বিবিদিষা সন্নাস (অর্থাৎ নিদ্ধামভাবে কর্ত্ব্য কর্ম্ম পালন) কোন্ সময়ে হয় ?

বস্ততঃ ঈশ্বরের নিয়ম সকলের সম্বন্ধেই একরপ। মানবান্থার পরিভাণের জন্ত মঙ্গলময় পরমেশ্বর যে সমস্ত স্থল্যর নিয়ম প্রতিষ্ঠিত করিয়া
রাথিয়াছেন, মুক্তিলাভ করিতে হইলে প্রত্যেক মন্থ্য-আত্মাকেই সেই সমস্ত
নিয়ম-প্রণালীর মধ্য দিয়া ক্রমে অগ্রসর হইতে হইবেক। স্থতরাং যে
সকল মহান্থাকে জীবনের প্রথম বিভাগেই সাধন-পর্বতের উচ্চতর শৃঙ্গে
আরোহণ করিতে দেখা যায়, তাঁহাদিগকে যে আদৌ নিজাম কর্ম্মের অন্তটান করিতে হয় না, তাহা নহে। শাস্তকারগণ সকলেই, এপ্রকার ব্যক্তিদিগের পূর্ব্ব সংস্কার (অর্থাৎ পূর্ব্বজীবনের সাধন) স্বীকার করিয়া থাকেন।
আর পূর্ব্বজীবনের সাধন সত্তেও পুনর্বার বর্ত্তমান জীবনেও তাঁহারা অতি
অল্প সময়ের মধ্যে প্রথম হইতে শেষ পর্যান্ত সমুদর সাধনক্ষেত্র সহঙ্গে
অতিক্রম করিয়া থাকেন। অতএব ইহ জীবনেও যে তাঁহারা নিজাম কর্ম্মের
অন্তান একেবারে করেন না, তাহা নহে। নিজামভাবে কর্ত্ব্যসম্পাদন
ভারা চিত্তের যে পবিত্রতা ও যে মহন্ব লাভ করা যায়, তিনি অতি অল্পকালের
মধ্যেই (অপেক্ষাকৃত অতিসামান্তর্ব্বপ কর্ত্ব্য কর্ম্মের অনুষ্ঠান ভারা) সে
সমস্ত লাভ করিয়া থাকেন।

পিতা মাতা বা ভ্রাতা ভগ্নীগণের প্রতি ব্যবহারে অথবা জনহিতকর কোন মহং ব্যপারের মধ্যে সাধারণের অজ্ঞাতরূপে অতি সামান্ত সাহায্যে

व्याश रत्र।

বা সাহায্যচেষ্টায় সেই বালক-অবস্থাতেই তাঁহার কর্ত্তবাবৃদ্ধি প্রকৃতিত হইরা থাকে। তদনস্তর সেই কর্ত্তবাবৃদ্ধি অতি অল্পকালের মধ্যেই পূর্ণতা প্রাপ্ত হইরা পুনরায় তদপেকা উচ্চতর সাধনের পথে অগ্রসর হইতে থাকে। স্ক্তরাং যাঁহারা যথার্থ অধিকারী হইয়া উদ্ধরেতা আশ্রম গ্রহণ করেন অথবা কর্মত্যাগরূপ সন্ন্যাস গ্রহণ করেন, তাঁহাদিগের পূর্ব্বাহেই নিদ্ধাম কর্ম সাধন হইরা থাকে।

নিৰ্কনতা ও সাধুসঙ্গ।

ত্যজ্যতে ত্যজ্যতে সৃকঃ সর্বধা ত্যজ্ঞতে ভূশম্। অন্যথা ন লভেমুক্তিং সত্যং সত্যং ময়োদিতম্॥

भि, त्रः, ६। ३৮८।

ভগবান্ শিব বলিয়াছেন, সর্বপ্রকার জনসঙ্গ বর্জিত হইবে, ইহার অন্তথাচরণে কথনই মুক্তিলাভ হয় না; আমার এই বাক্য অতীব সত্য বলিয়া জানিও।

নিঃসঙ্গএব মুক্তঃ স্যাৎ দোষাঃ সর্কে হি সঙ্গজাঃ। কুলার্গব তন্ত্র। নিঃসঙ্গতা হইতে মহাব্য মুক্তিলাভ করে, এবং সঙ্গ হইতে বাৰতীয় দোষ

> এক এব চরেরিভ্যং সিদ্ধার্থমসহায়বান্। সিদ্ধিমেক্স্য সংপশ্যর জহাতি ন হীয়তে।

> > মহু, ৬।৪২ ৮

দকলের সহিত সক্ষবিহীন, একাকী, অসহার ব্যক্তির মোক্ষ প্রাপ্তি হইরা থাকে—এ কথা যিনি অবগত থাকেন তিনি মোক্ষের জন্য একাকী বিচরণ করিবেন; যিনি একাকী বিচরণ করেন, তিনি কাহারও জন্য ছঃথভোগ করেন না, এবং তাঁহার ছঃথেও কোন ব্যক্তিকে ছঃখিত হইতে হয় না । ছতরাং মমতাশুন্য হইরা তিনি পরমস্থে মুক্তিলাভ করেন। সন্ধী হি বাধ্যতে লোকৈনি:সন্ধ: সুখমশ্বত । তেন সন্ধ: পরিত্যান্দ্য: সর্বদা সুখমিছতা ॥

প, म, ७।२१८।

সঙ্গী বারা মহ্ব্য বদ্ধভাব প্রাপ্ত হয়, এবং সঙ্গরহিত হইলেই সুথী হয়; অত-এব সুধাকাজ্জী ব্যক্তিদিগের সর্ব্বদা সঙ্গ পরিত্যাগ করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য।

মহাত্মা বেদব্যাদ নিজ মুমুক্ত্ পুত্র শুকদেবকে ত্রন্ধজ্ঞানলাভের জন্য মিথি-লাধিপতি রাজর্বি জনকের নিকট পাঠাইরা দিবার সময় তাঁহাকে এইরূপ উপদেশ দিয়াছিলেন যে "পথিমধ্যে কিছুমাত্র স্থুখ বা স্বসম্পর্কীর লোকের অন্বেষণ করিও না, তাহা করিলে তোমায় সঙ্গপাশে বন্ধ হইতে হইবেক।"

८ एवर्षि नात्रम क्षकरम्वटक कश्त्रिशिक्तम-

অদর্শনমসংস্পর্শন্তথা সংভাষণং সদা।

যস্য ভূতৈঃ সহ মুনে স শ্রেমো বিন্দতে পরম্।

ম, ভা, মো, ধ,

যাহার কোন জীবের সহিত সন্দর্শন সংস্পর্ণ ও সম্ভাবণ না থাকে, তিনিই যথার্থ শ্রেয়: লাভ করিতে পারেন।

সঙ্গং সর্বাত্মনা ত্যাজ্যং, স চেৎ ত্যক্ত্র ন শক্যতে।
সন্ধিঃ সহ প্রকৃষীত, সতাং সঙ্গোহি ভেষজম্ ॥
সকলের সহিত সঙ্গরিত্যাগ আবশ্যক। যুদি সর্বসঙ্গরিত্যাগের অধিকারী
না হও, তবে সাধুসঙ্গ কর। সাধুসঙ্গ কর আত্মার পক্ষে মহৌষধত্মপ।*

* সাধনের প্রথমাবস্থার সাধুসঙ্গ সাধকের পক্ষে বিশেষ হিতকারী হইলেও উচ্চতর অবস্থা-বিশেষে বেরূপ (অনেক সময়) মুক্তির বিদ্নস্থরূপ হইরা থাকে, দরা বা পরোপকারপ্রবৃত্তিও সেইরূপ অন্য সকলের পক্ষে পরম ধর্মস্বরূপ হইলেও জীবস্মুক্ত প্রধের পক্ষে অনেক সময় বন্ধনস্থরূপ বোধ হইরা থাকে।

দেবর্ষি নারদ এ সম্বন্ধে যুধিষ্টিরকে কহিয়াছিলেন—
রাগো ছেবন্চ লোভন্চ শোকমোহভরং মদঃ।
মানোহবমানোহস্থা চ মারা হিংসা চ মৎসরঃ॥

সংসক্ষ বিবেক ক নির্মালং নয়নয়য়য়ৄ।

যস্য নান্তি নরঃ সোহস্কঃ কথং নাপদমার্গগঃ॥

কুলাৰ্ণিব তন্ত্ৰ।

সাধুসঙ্গ এবং বিবেক এই ছুইটা মানবাত্মার নির্মাল চকুংস্বরূপ। এই ছুইটা চকু যে ব্যক্তির নাই, সেই অন্ধ ব্যক্তি নিশ্চয়ই বিপর্থগামী হইয়া থাকে।

শূন্যং দংকীর্ণতামেতি মৃত্যুরপ্যুৎসবায়তে।
আপেৎ সম্পদিবাভাতি বিদ্বজ্ঞনদমাগমে ॥
জ্ঞানবান্ব্যক্তির সংসর্গে স্থশূন্য ব্যক্তির শূন্যতা সঙ্কীর্ণ হয়, এবং মৃত্যু

রজঃ প্রমাদঃ কুরিদ্রা শত্রবস্তেব্যাদয়ঃ।

রজস্তমঃপ্রকৃতয় সর্প্রকৃতয় কচিৎ ॥ ভা, ৭।১৫।৪০-৪৪।
রজ এবং তমোগুণ জন্য রাগ, দেষ, লোভ, শোক, মোহ, ভয়, মান, অপমান, অস্থা, মায়া, হিংসা, মাৎসর্যা, অভিনিবেশ, অনবধানতা, ক্ষ্ধা এবং
নিদ্রা এই সকল (জেতব্য) শক্ত। কথন কথন সত্ত্বগজন্য পরোপকারাদি
প্রবৃত্তিও সমাধিস্থ যতির শক্ত হইয়া থাকে।

মহাভারতের শান্তিপর্বের ২১৫ অধ্যায়ে দেখিতে পাওয়া যায়, ভীয়দেবও
মুধিষ্টিরকে ম্পাষ্টাক্ষরে এইরূপ উপদেশ দিয়াছিলেন। মধা;—

অথবা মনসঃ সঙ্গং পশ্যন্ ভূতাত্মকম্পয়া।

জত্রাপ্যপেক্ষাং কুর্বীত জ্ঞাত্বা কর্মফলং জগৎ ॥ ম, ভা, মো, ধ, ৪২।৪। কুপয়াপি কুতঃ সঙ্গঃ পতনায়ৈব যোগিনাং।

ইতি সন্দর্শয়নাহ ভরতস্য ন পোষণম্ ॥ ইতি টীকাকার। ভগবান অষ্টাবক্র জনককে কহিয়াছিলেন—

ন হিংসা নৈব কারুণ্যং নৌদ্ধত্যং ন চ দীনতা।

নাশ্চর্যাং নৈব চ ক্ষোভঃ ক্ষীণসংসরণে নরে ॥ অ, সং ১৭।১৬।
বাঁহার সংসার প্রবৃত্তি রহিত হইয়াছে, তিনি কাহারও হিংসা করেন না,
কাহারও প্রতি করণা প্রকাশ করেন না, কোথাও ওদ্ধত্য প্রদর্শন করেন না,
কাহারও নিকট কাতরতা প্রকাশ করেন না, কোন্, বিষয়ে আশ্চর্যাহিত হন
না, এবং কোন বিষয়ে ক্ষোভও করেন না।

উপস্থিত হইলে তাহাও উৎসবের ন্যায় প্রতীয়মান হয়, আর আশং সকল সম্পদের ন্যায় প্রকাশ পায়।

যঃ স্নাতঃ শীতসিতয়া সাধুসঙ্গতিগঙ্গয়া।
কিং তস্য দানৈঃ কিং তীর্থৈঃ কিং তপোভিঃ কিমধ্বরৈঃ॥
যো, বা, মু, ব, প্রকরণ।

যে ব্যক্তি সাধুসঙ্গরণ নির্মাল শীতল গঙ্গাতে স্নাত হন, তাঁহার দান, তীর্থ-সেবা, তপস্যা, অথবা যজাদিতে কি প্রয়োজন ?

> যস্মিন্ দেশে মরো তজ্জো নান্তি সজ্জনপাদপ:। সফল: শীতলচ্ছায়ো ন তত্ত্ব নিবসেঘুধ:॥

> > যো, বা, উপ, প্রকরণ।

যে মরুভূমিতুল্য দেশে শীতলচ্ছায়াযুক্ত ফলবান্ বৃক্তুল্য আত্মজ্ঞ সজ্জন নাই, জ্ঞানবান ব্যক্তি সে স্থানে কথনই বাস করিবেন না।

একখণ্ড বরফ যদ্যপি এরপ স্থানে রাখা যায় যে চতুর্দ্দিক হইতে তাহাতে অন্তির উত্তাপ লাগিতে থাকে, তাহা হইলে উহা যেরপ শীঘ্রই বিনষ্ট ইইয়া যায়, সেইরূপ নিরবচ্ছিয় অজ্ঞান-মণ্ডলীতে যদ্যপি কোন সাধক অবস্থিতি করেন, তাঁহারও নিশ্চয় পতন সংঘটন হইয়া থাকে। স্কুতরাং জ্ঞানী ব্যক্তি সে স্থানে কদাচ বাস করিবেন না।*

ব্রদ্মহত্যা স্থরাপানং স্তেরং গুর্জঙ্গনাগমঃ।
মহান্তি পাতকান্যাহঃ সংসর্গশ্চাপি তৈঃ সহ॥
মন্থ, ১১।৫৫
বীর্ঘাতী বৃথাপায়ী বীরাণাং স্ত্রীগনন্তথা।
স্তেমী মহাপাতক্নিস্তৎসংস্গী চ পঞ্চমঃ॥
ম, নি, তন্ত্র।

কোন স্থবিখ্যাত ইংরাজ ডাক্তার বলিয়াছেন যে "দৈহিক সংক্রামক রোগ সকল যেমন অতি সহজে অন্যদেহে সংক্রামিত হয়, আত্মার পাপরোগ

^{*} মহাত্মা মন্থ প্রভৃতি শাস্ত্রকারগণ মহাপাপিগণের এবং তাহাদিগের সহিত যাহারা সংসর্গ করে তাহাদিগের একই প্রকার প্রায়শ্চিত ব্যবস্থা করিয়াছেন; এবং পাঁচপ্রকার মহাপাপীর মধ্যে তাহাদিগকেও গণনা করিয়াছেন। যথা,—

শীরক সর্জ্নকে কহিরাছিলেন—
ময়ি চানন্যবোগেন ভক্তিরব্যভিচারিণী।
বিবিক্তদেশদেবিত্বমরতির্জনসংসদি * ॥

भी, ১०। ১०

অন্তযোগ পরিত্যাগপূর্ব্বক পরমেশ্বরে অচলা ভক্তি করিবে, অস্তঃকরণ প্রসন্ধ তাজনক স্থানে বাস করিবে, এবং সাধক ব্যতীত অন্য লোকদিগের সভাতে যাহাতে রতি না হয়, তাহা করিবে, অর্থাৎ সে স্থানে গমন করিবে না। †

বশিষ্ঠদেব রামচন্দ্রকে সাধুর লক্ষণ-সম্বন্ধে এইরূপ কহিয়াছিলেন,—
লোভমোহরুষাং যস্য তনুতানুদিনং ভবেৎ।
যথাশাস্ত্রং বিহরতি স্বকর্মসু স সজ্জনঃ॥
যো, বা, উপ, প্রকরণ।

সকলও অতি সহজে সেইরূপে তৎসংসর্গী ব্যক্তির আত্মাতে সংক্রামিত হইয়া থাকে।''

পরাশর বলিয়াছেন---

আসনাচ্ছয়নাদ্ যানাৎ সস্তাযাৎ সহ ভোজনাৎ। সংক্রামস্তি হি পাপানি তৈলবিন্দু রিবান্তসি ॥৭২।—

পরাশর সংহিতা ১২ অধ্যায় ৭২।

জল নিক্ষিপ্ত তৈল বিন্দু যেমন চতুর্দিকে সংক্রমণ করে তাহার ন্যায় একত্র উপবেশন, শয়ন, একত্র গমন, ভোজন ও সম্ভাষণ ছারা পাপ সকল শরী-রাস্তবে সঞ্চারিত হয়।

- * "প্রাক্তানাং জনানাং সংসদি সভায়ামরতিঃ"—স্বামী।
- † অথর্কবেদান্তর্গত নিরালযোপনিষদে স্বর্গ ও নরকের সংক্ষেপে এইরূপ লক্ষণ দেওয়া হইয়াছে। যথা,—

কো নরকঃ ?—অসৎসংসারবিষয়ী সংসর্গ এব নরকঃ।
নরক কি ?—অত্যন্ত সংসারাবৃত ব্যক্তির সহিত সংসর্গের নাম নরক।
কঃ স্বর্গ: ?—সৎসঙ্গং স্বর্গ:।
স্বর্গ কি ?—সংসঙ্গের নাম স্বর্গ।

যে ব্যক্তির লোভ মোহ ক্রোধ প্রতিদিন ক্রমশঃ ক্ষীণ হয়, এবং যে ব্যক্তি যথাশাস্ত্র স্বকর্মেতে স্থিত, সেই ব্যক্তিকেই সাধু ও সজ্জন কহা যায়।

শঙ্করাচার্য্য সাধুর লক্ষণ-সম্বন্ধে এইরূপ বলিরাছেন; যথা,—
কে সন্তি সন্তোহখিলবীতরাগাঃ
অপান্তমোহাঃ শিবতত্ত্বনিষ্ঠাঃ॥

ম, র, মা, ।

সাধু কাহারা ? যাঁহারা (ফিনি) সাংসারিক তাবদ্বিষে আসক্তিশুনা এবং মোহাপনয়ন করিয়া পরত্রহ্মনিষ্ঠ হইয়াছেন।

বাক্যসংযমনের আবশ্যকতা।

বিচারিতমলং শাস্ত্রং চিরমুদ্গ্রাহিতং মিথঃ। সংত্যক্তবাসনামৌনাদৃতে নাস্ত্যতমং পদম্॥ যো, বা, স্থিতি, প্রকরণ।

শাস্ত্র চিরকাল অত্যর্থ বিচার করিয়া পরস্পর এই উপদেশ দিয়াছেন, যে, বাসনা ত্যাগপূর্বক মৌন অবলম্বন না করিলে কথন উত্তম পদ প্রাপ্ত হও্রঃ যায় না।

> আপংকরঞ্পরশুং পরায়া নির্তিঃ পদম্। পুষ্পগুচ্ছং শমতরোরালয় মুনিবাসভাম্॥

> > যো, বা, উপ, প্রকরণ r

মৌনিরূপে অবন্থিতি, আপংস্ক্রপ করঞ্জবনের চেদক পরশু; ইহাই পরন নির্বতি-স্থান; এবং ইহাই শান্তিরূপ বৃক্ষের পুশান্তবক। এই মৌনীর অবস্থা অবশ্বন কর।

> অবিধেয়ং বিধেয়ং বা মৌনং তন্ন বিধীয়তে। প্রাপ্তং পাণ্ডিত্যতোমৌনং জ্ঞানবাচ্যুভয়ং যতঃ।

নিরম্বরজ্ঞাননিষ্ঠা মৌনং পাণ্ডিত্যতঃ পৃথক্। বিধেয়ং তদ্ভেদদৃষ্টিপ্রাবল্যে তল্লির্ভয়ে॥

বে, সা, ৩।৪।১৪ অধিকরণ।

কহোল আক্ষণে উক্ত হইয়াছে যে, পরত্রক্ষের জ্ঞানলাভার্থে উপনিষৎ প্রতিপাদ্য জ্ঞানলাভপূর্বক বাল অর্থাৎ রাগদ্বোদিশূন্য হইয়া মৌনাবলম্বন করিবেক, কিন্তু এ হলে বিধি না থাকাতে মৌনত্ব বিধেয় নহে, ইহা পূর্ব্ব-পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে, পাণ্ডিত্য শব্দ ও মুনি শব্দ একার্থ-বাচক, স্ক্তরাং একত্রে উভয় পদ প্রয়োগ নিরপ্তক হয় বলিয়া নিরপ্তর জ্ঞাননিষ্ঠা মুনি শব্দে লক্ষিত হয়। অতএব বিধিলাভ হওয়াতে (নিদিধ্যা-সনাদি রূপ*) মৌন বিধেয় ইইল।

শ্রীমান্ শঙ্করস্বামী তাঁহার আত্মানাত্মবিবেকবিচার নামক গ্রন্থে লিথিয়া ছেন যে, বাক্যাদি আকার দারা লিঙ্গদেহ অর্থাৎ স্ক্রদেহ † বিক্লত এবং

* প্রবণ, মনন, নিদিধ্যাসন একবার মাত্র অফুষ্ঠান করিলেই ফললাভ হয় না। যেরূপ পুনঃ পুনঃ আঘাত না করিলে ধান্ত ইইতে তঙুল নির্গত হয় না, তত্রপ যতদিন পর্যাস্ত ব্রহ্মলাভ না হয়, ততদিন পুনঃ পুনঃ শ্রবণ মননাদির অফুষ্ঠান করা আবিশ্রক।—বে, সা, ৪।১।১। অধিকরণ।

স্তরাং ব্রহ্মলাভ ঘটিলে সাধক আপনা হইতেই মৌনী হইয়া আসিবেন; অধিকন্ত ব্রহ্মলাভের ইচ্ছা যথন তাঁহার হৃদয়ে জন্মিবে, তথন হইতে তাঁহার বাক্যসংয্য অভ্যাস করা আবশ্যক।

† পঞ্চপ্ৰাণমনোবৃদ্ধিদশেক্তিয়সমধিতম্। অপঞ্চীকৃতভূতোখং স্ক্লাঙ্গং ভোগসাধনম্॥

আত্মবোধ।

অপঞ্জীকৃত পঞ্চ স্ক্রভূত হইতে উৎপন্ন (প্রকৃতি বা মায়া নামক প্রস্তাবে দেখ) পঞ্চপ্রাণ, দশ ইন্দ্রিয়, মন ও বৃদ্ধি এই সপ্তদশ স্ক্র অবয়ব লইয়া মানবাত্মার স্ক্র বা লিঙ্গদেহ সংরচিত হয়। মৃত্যুর পর উহাই স্থাত্ঃখ ভোগ করিবার জন্ম দেহরূপে জীবাত্মার সহগমন করে।

এখানে ইক্রিয় অর্থে ইক্রিয়ন্থানস্থিত দর্শন প্রবাণাদি বিশেষ বিশেষ শক্তি মাত্র, নতুবা স্থল চক্ষু কর্ণাদি নহে। বৃদ্ধিপ্রাপ্ত হয়, স্থতরাং আত্মার স্বরূপ অপ্রকাশিত থাকে; এবং বাক্যাদির সঙ্কোচ হইলেই লিঙ্গদেহের জীর্ণতা হয়। স্থতরাং তদ্ধারা আত্মার স্বরূপ স্থানররূপে প্রকাশিত হইয়া থাকে। যথা,—

প্রাণ প্রকৃত প্রস্তাবে এক, কিন্তু উহার বৃত্তি অমুসারে শাস্ত্রকারগণ উহাকে পঞ্চ কহেন। যথা, প্রাণ অর্থাৎ নিশ্বাস, অপান অর্থাৎ প্রশাস, चान वर्था९ नर्सान्नीन कियानाधक वायु ; हेळाि । जाः धामळावनधी वाहा-র্য্যেরা কছেন যে, প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান ব্যতিরেকে নাগ, কুর্মা, কুকর, দেবদত্ত ও ধনঞ্জয় নামক আরও পঞ্চ বায়ু আছে ; কিন্তু বৈদা-স্তিকেরা প্রাণাদি পঞ্চবায়ুতে নাগাদি পঞ্চ বায়ুর অন্তর্ভাব করিয়া পঞ্চবায়ুই কহিয়াছেন। বস্তুতঃ প্রাণ বায়ু নহে, এবং বায়ুজনিত ইচ্ছিয়ক্রিয়াও নহে; (वरम প্রাণকে বায়ু হইতে পৃথক করিয়া উপদেশ করিয়াছেন; প্রাণ ইক্সিয়-গণের ফল্মশক্তির ভার অতীব ফল্ল; তবে কার্য্য-কারণের অভেদলকণার শাস্ত্রকারগণ প্রাণকে বায়ু কহিয়াছেন মাত্র। যথা; বেদাস্ত হা৪।৯। স্তর ''ন বায়ুক্রিয়ে পৃথগুপদেশাৎ''। প্রাণ বায়ু নহে এবং উহা জীবাত্মাও নহে। यिन (कह প्रांगरकहें की वाजा खान कतिया स्राप्त भएएन धहे जामकात्र ব্যাসদেব তাঁহার বেদান্তে ২।৪।১০।১১ স্থতে মীমাংসা করিয়াছেন যে, প্রাণ कीवाचा नटर, উহা हक्क्रवानि ইक्कियशत्वत छात्र कीवाचात अधीन, यथा, ''চকুরাদি বস্তু তৎসহশিষ্ট্যাদিভ্যঃ।'' কিন্তু ইন্দ্রিয়াদির স্থায় প্রাণ জীবাত্মার করণ নছে। কারণ জীবাত্মার নিয়োগ ব্যতীত কেবল ঈশবের নিয়মান্থ-मादबहे ल्यान (नहकार्य) निर्द्धाह कतिया थारक, छेहा कीवरक मन वृद्धि वा हेल्लिय बाबा नमाथा कविष्ठ हम ना। श्रांग कवन नरह विलल माप हम ना, কেননা উহা জীবাত্মার প্রতিশ্বন্দী নহে। যথা, "অধিকরণভাচ্চ ন দোষ-ন্তথাহি দর্শয়তি।"

মন ও বৃদ্ধি ইহারা জীবাত্মার করণস্বরূপ অর্থাৎ অন্তঃকরণর্ত্তি মাত্র। কিন্তু এ কথা স্বীকার করিয়াও যে শাস্ত্রকারগণ উহাদিগকে ভূতজ বলেন, অর্থাৎ জীবাত্মার সহজাত র্ত্তি না বলিয়া পঞ্চ হক্ষ ভূত হইতে উহাদিগের স্বতন্ত্র উৎপত্তি ধরেন, তাহার কারণ এই যে, কেবল মাত্র বিষয় সম্বন্ধেই উহাদিগের উদ্রেক হইয়া থাকে, নতুবা জীবাত্মা যথন একনিষ্ঠ হইয়া ব্রেক্ষ


মুক্তি, এবং তাহার সাধন।

वां भाषां कारत श्री भारत इकिः। তৎসংকোচো নাম জীৰ্ণতা।

সাধক (অপ্রিয়বাক্য, মিথ্যাবাক্য, পরোক্ষে পরদোষাবিদ্ধার, এবং রাজা বা পুর সম্বন্ধীয় নিম্প্রয়োজন গল * এই) চতুর্বিধ বাক্যদোষ নিশ্চয়ই পরিত্যাগ করিবেন। যথা.-

> পারুষ্যমনৃত ঞৈব পৈশুন্যঞ্চাপি নর্কশঃ। অসম্বন্ধপ্রলাপশ্চ বাছায়ং স্যাচ্চতুর্বিধ্যু ॥

> > মহ.১২।৬।



পরমেশ্বর যেরূপ সকল অবস্থাতেই সাধকের সহায় থাকিয়া তাহাকে রক্ষা করেন, সাধকেরও সেইরূপ কর্ত্তব্য যে, তিনি সম্পূর্ণরূপে পরমেশ্বরের প্রতি নির্ভরশীল হন। বিশেষতঃ নির্ভর ভিন্ন, ভালবাসা ভিন্ন, একাস্তভাবে আমি ঈশ্বরের, এ কথা কথনই বলিতে পারা যায় না; স্থতরাং তাঁহাকেও সম্পূর্ণরূপে আমার বলিতে সাহস হয় না।

রমণ করে অর্থাৎ পরমেশ্বরে সমাধিস্থ হয় তথন তাহার মন ও বৃদ্ধি প্রভৃতি অন্ত:করণবৃত্তির অভাব হয় ('জ্ঞান প্রথমত: অজ্ঞানকে বিনাশ করে, শেষে আপনিও বিনষ্ট হয়" নামক প্রস্তাব দেখ) অর্থাৎ সে সময় চিত্তবৃত্তিসমূহের উদ্রেক হর না। যথা, বেদাস্ত ২।৩।৩৯ স্থর ''সমাধ্যভাবাচ্চ''।

এই স্থূল ও স্ক্লু দেহ ব্যতিরেকে কারণদেহ নামে জীবাত্মার আর একটী तिह भोजकात्रगण चौकात कतिया थारकन। छाँशामिरणत मर्छ अविमार्गेहें बीदित के कात्रनरम्ह।

* क्रेश-नामक (कान मूत्रनमान मद्रादम विनिश्राहित्मन त्मारकद मत्र अह कथा विनाद, अभारतत मान व्यविक कथा कहित्व।

আনুকূল্যন্য সংকল্প: প্রাতিকূল্যবিবজ্জনন্ত্র । রক্ষিয়তীতি বিশ্বানো গোপ্তৃত্বরনং তথা ॥ তৎক্রিয়াত্মবিনিক্ষেপ: ষড়্বিধা শরণাগতিঃ। হরিভক্তিবিলানে বৈঞ্বতন্ত্রের বচন।

যে সকল বিষয় ঈশ্বরলাভপক্ষে অনুকৃল সেই সকলের গ্রহণ, এবং তৎপ্রতিকৃল বিষয় সকলের পরিত্যাগ, পরমেশ্বর সকল অবস্থাতেই আমার সহায় থাকিয়া আমাকে রক্ষা করিবেন, এইরূপ স্থান্ট বিশাস, তাঁহার হস্তে আত্মসমর্পণ,* তাঁহার রূপা হইবার পক্ষে কালক্ষেপ করত আশার আগ্রিত হইয়া থাকা, এবং অপর কামনা বিহীন হইয়া তাঁহার সাধনে আপনাকে নিক্ষেপ করা— এই ছয় প্রকার শরণাগত-লক্ষণ।

পরমেশ্বর যে তাঁহার শরণাগত ভক্তগণকে সকল অবস্থাতেই রক্ষা করেন, ইহা সাধকমাত্রেই একবাক্যে বলিয়া গিয়াছেন; বিশেষতঃ সাধনের অবস্থার প্রত্যেক সাধকেরই হৃদরে এইরূপ দৃঢ় বিশ্বাস জন্মে যে আমার প্রেমাম্পদ নিকটে থাকিতে আমি কথনই বিপদে অবসন্ন হইব না। অনুবস্তাদি কোন-রূপ, প্রয়োজনীয় বস্তুর অভাবে আমি প্রাণে মরিব না। মহাত্মা ভক্দেব বলিয়াছিলেন—

—কিমজিতো২বতি নোপদলান্ কন্মান্তজন্তি কবয়ো ধনত্বন্দান্ধান্॥

जा, २।२। c

হরি কি ভক্ত ব্যক্তিদিগকে রক্ষা করেন না ? তবে পণ্ডিত ব্যক্তিরা কি 🛩

শৌচন্ত দ্বিবিধন্দেরি বাহাভ্যম্ভরভেদতঃ। বন্ধণ্যাত্মার্পণং যত্তৎ শৌচমান্তরিকং স্মৃতমু॥

^{*} ভগবান্ শিব ঈষ্রের চরণে আপনাকে সমর্পণ করাকেই মানবের আন্তর শৌচরূপে কহিয়াছেন। যথা,—

ভোজনাচ্ছাদনে চিন্তাং * রথা কুর্বন্তি বৈশ্বাঃ।
যোহসে বিশ্বস্তরোদেবঃ কথং ভক্তানুপেক্ষতে ॥
পূর্ব্বোক্ত শ্লোকের টাকার স্বামিধ্ত বচন।

ঈশবের সেবকগণ অন্ন বস্ত্রের জন্য কিছুমাত্র চিন্তা করিবেন না। কারণ বিশ্বস্তুর হরি কিরুপে তাঁহার ভক্তগণকে উপেক্ষা করিবেন ?

विश्विष्टित वामहत्त्वरक विद्याधितन,-

পরিক্ষুরতি ষদ্যান্তর্নিত্যং সত্যচমৎকৃতিঃ। বাহ্মমণ্ডমিবাধণ্ডং লোকেশাঃ পালয়ন্তি তম্॥

যো, বা, স্থিতি প্রকরণ।

বাঁহার অন্তরে অনবরত অথও ব্রহ্মাওবৎ অপরিচ্ছিন্নরূপ ব্রহ্ম-চনৎকার ব্রহ্ম ক্লপে প্রকাশ পান, লোকেশ্বর ব্রহ্মাদি তাঁহাকে পালন করেন।

এক্রিঞ্চ অর্জুনকে বলিয়াছিলেন—

অনন্যাশ্চিন্তয়ন্তোমাং যে জ্বনাঃ পর্যুপাসতে। তেষাং নিত্যাভিযুকানাং যোগক্ষেমং বহাম্যহুম্॥

गी, २।२२।

* শঙ্করাচার্য্য বলিয়াছেন,-

সংসারমূলং হি কিমন্তি ? — চিন্তা।

ম, র, মালা।

সংসারের মূল কি ?—চিস্তা। প্রহলাদ বলিয়াছিলেন—

> অধোক্ষালন্তমিহাশুভাক্ষন: শরীরিণ: সংস্তিচক্রশাতনম্। তহুক্ষনির্বাণস্থং বিহুর্ক্ধান্ততোজন্ধং হৃদয়ে হৃদীধরম্॥

> > ভা, গাগাত্র।

ভগবানে চিত্ত সমর্পণ করাই রাপবেবাদিদ্বিতচিত্ত শরীরীদিগের সংসারচক্র-চ্ছেদনের একমাত্র উপায়। পতিতেরা উহাকেই নির্বাণ যোক বলিয়া জানেন। অতএব প্রাতৃপণ। তোমরা হৃদয়মধ্যে সেই অন্তর্যামী হৃদয়েশ্বের ভাষনা করিতে থাক। যে সকল নিবিষ্টচিত্ত ব্যক্তি অনন্যভাবে চিন্তা করত আমার উপাসনা করে, প্রার্থনা না থাকিলেও তাহাদিগের অভাবের বস্তু সকল আমি নিজে বহন করিয়া আনি, এবং নিজেই রক্ষণাবেক্ষণ করি।*

* ঈশা তাঁহার শিষ্যগণকে বলিয়াছিলেন-

Therefore I say unto you. Take no thought for your life, what ye shall eat or what ye shall drink; nor yet for your body, what ye shall put on. Is not the life more than meat, and the body than raiment?

Behold the fowls of the air: for they sow not, neither do they reap, nor gather into barns; yet your heavenly Father feedeth them. Are ye not much beter than they?

Therefore take no thought, saying what shall we eat, or what shall we drink, or wherewithal shall we be clothed.

(For after all these things do the gentiles seek:) for your heavenly Father knoweth that ye have need of all these things.

But seek ye first the kingdom of God, and his righteousness; and all these things shall be added unto you.

Take therefore no thought for the morrow; for the morrow shall take thought for the things of itself. Sufficient unto the day is the evil thereof.

HOLY BIBLE. ST. MATTHEW. VI.

Cast thy burden upon the Lord, and he shall sustain thee.
PSALM.

পূর্বকালে মহান্থা মন্থ প্রভৃতি শাস্ত্রকারগণ গৃহস্থ ব্রাহ্মণদিগের জীবিকাসঞ্চয়-সম্বন্ধে একবাক্যে এইরূপ মত প্রকাশ করিয়াছিলেন, বে, ব্রাহ্মণগণের
মধ্যে যাঁহারা নিতান্ত অসঞ্চয়ী অর্থাৎ যাঁহারা আগামি কল্যকার জন্যও সঞ্চয়
করেন না, তাঁহারাই সর্ব্রোৎকৃষ্ট, এবং সর্ব্রলোকজয়ী। যাঁহারা অনধিক
তিন দিবসের মত ধান্য সঞ্চয় করিয়া রাখেন, তাঁহারা তদপেক্ষা নিক্কষ্ট।
যাঁহারা অনবিক এক বৎসর কালের মত ধান্য সঞ্চয় করিয়া রাখেন, তাঁহারা
আরও নিক্ষ্ট। এবং যাঁহারা তিন বংসর অথবং তদপেক্ষা অধিক কালের
মত ধান্য সঞ্চয় করিয়া রাখেন তাঁহাবা সর্ব্বাপেক্যা নিক্ক্ষ্ট।

নারদ ঋষি যুধিষ্টিরকে কহিয়াছিলেন— অনীহানীহমানন্য মহাহেরিব রুজিদা। **

छा, १। ১৫। ১৫।

বে সাধক চেষ্টাবিহীন, নিশ্চেষ্টতাই অজ্বগর সর্পের স্থায় তাঁহারও জীবন-মাত্রা নির্বাহ করিয়া দেয়।

শ্রীক্লম্ভ উদ্ধবকে বলিয়াছিলেন বে—"বে যোগী আমার শরণ লইয়াছেন, তাঁহাকে বিদ্ন সকলের দারা অভিভূত হইতে হয় না।" তা, ১১। ২৯।

পরমেশ্বরের প্রতি নির্ভয়ণীল সাধক অন্নবন্তের অভাব হইলেও কাতর হইবেন না। সেইরূপ থাকাই মঙ্গলময়ের অভিপ্রায়, ইহা নিশ্চয় জানিয়া তথনও তিনি সন্তই থাকিবেন। অধিক কি, যদি অন্নবন্তের অভাবে তাঁহার মৃত্যু ঘটে, তথাপি তিনি কিছুমাত্র নিরানন্দ্র হইবেন না। † ক্রাবশতঃ যদি তাঁহার কই হইতে থাকে, তাহা হইলে জলমাত্র পান করিয়াই সম্তই থাকিবেন।—যথা, দেবর্ষি নারদ যুধিষ্ঠিরকে কহিয়াছিলেন—

অগর্ না করে চাকরি, পঞ্চী না করে কাম্। দাস মূলুকা কহগয়ে, সব্কো দাতা রাম্॥

† প্রসিদ্ধ পারস্থ কবি হাফেজ বলিয়াছেন—
"বলিও আমি দারিদ্রা ধ্লিতে ধ্দরিত হইয়াছি, তথাপি অন্ত জলে আমার
বস্ত্রাঞ্চল সিক্ত করা লজ্জার বিষয়। আমি দরিদ্রতার মধ্যে যে রাজার
কর্মান্ত করিয়াছি, আমি কেন অন্যের প্রতি আশা রাথিব ? প্রেমিকদিগকে অনলে বিসর্জন করা বন্ধুর অনুগ্রহের অভিপ্রায় হইলে, তাহাতে যদি
আমি কওসা নামক স্বর্গীয় সরোবরের প্রতি দৃষ্টিপাত করি, আমি ক্ষীণদৃষ্টি।"
স্কুপ্রসিদ্ধ খাজা হাফেজের প্রবচনাবলী

"দেওয়ান হাফেজ" নামক মূল পারত গ্রন্থ হইতে অহ্বাদিত।
জন্য একজন মূসলমান দরবেশ বলিয়াছিলেন;—"দরবেশ যথন ঈশ্বর
হইতে দ্বে থাকেন, তথন জন্য বস্তুর নিকটে সাহায্যপ্রার্থী হন, যথন ঈশ্বরকে লাভ করেন, তথন সকল বিষয়ে নিরাকাজ্জ হন, ও সর্বতোভাবে
জিশ্বরের প্রত্যাশী হইয়া থাকেন।"

সম্ভষ্ট: কেন বা রাজন্ন বর্ত্তোপি বারিণা।

छो, १। ১৫। ১৮ १

রাজন্! যাঁহার চিত্ত সম্ভষ্ট, তিনি কেনই বা বারিমাত্র পান করিয়া অবস্থিতি করিতে না পারিবেন ?

ব্রক্ষজের মহন্ত।

প্রকৃত ব্রহ্মগতপ্রাণ সাধক সাধারণ মনুষ্যমগুলী হইতে অনেক উচ্চস্থানে অবস্থিতি করেন। তিনি যে পর্বতে বাস করেন * তথায় রোগ নাই, শোক নাই, ভয় নাই, † জরা মৃত্যু ‡ হুঃখ দরিদ্রতা এ সকল কিছুই নাই।

* ভগবান্ ব্যাস শুকদেবকে কহিয়াছিলেন,—"এক্ষণে তুমি সংসার হইতে মুক্ত হইয়া পর্বতম্ব ব্যক্তির ন্যায় ভূতলম্ব লোকদিগের সহিত নির্লিপ্ত হইয়া তাহাদিগকে অবলোকন কর।" যথা,—

"ভূমিষ্ঠানিব ভূতানি পর্বতম্বো বিলোকয়।"

ম, ভা, মো, ধ, ৭৬। ১৮।

+ শঙ্করাচার্য্য বলিয়াছেন--

ক সর্বাধা নান্তি ভয়ং ?—বিমুক্তো ম, র, মা, কোথায় ভয়ের লেশমাত্রও নাই ?—মোক্ষধামে।

আনন্দং ব্রন্ধণোবিদ্বার্রবিভেতি কুতশ্চন। প, দ, ১১।৫। (শ্রুতিবচন।)
পরব্রন্ধের আনন্দস্তরপকে জানিলে সাধক আর কিছুতেই ভর প্রাপ্ত হন না।
বস্তুতঃ একমাত্র ব্রন্ধাতবুজ্ঞান হইতেই কেবল ভরের আত্যস্তিক বিনাশ
হইয়া থাকে। ব্রন্ধ হইতে দ্রে অবস্থিতি করিলে মনুষ্য কদাচ ভ্রের
হস্ত হইতে নিছ্কতি লাভ করিতে পারেন না। যথা, যুধিটিরকে নারদ
কহিয়াছিলেন—

অসম্বল্পাজ্জয়েৎ কামং ক্রোধং কামবিবর্জ্জনাৎ।

অর্থানর্থেক্ষরা লোভং ভরং তত্ত্বাবমর্শনাৎ ॥ ভা, ৭।১৫।২২। সঙ্কর না করিয়া কামকে, কাম না পরিত্যাগ করিয়া ক্রোধকে, অর্থকে অনর্থ-রূপে দুর্শন করত লোভকে, এবং তত্ত্বদর্শন স্বারা ভয়কে, জয় করিবে। সক্লদেব প্রপদ্মো যন্তবান্দীতি চ বাচতে। অভয়ং সর্বাদা তান্দ্র দদাম্যেতদ্রতং মম ॥

হরিভক্তিবিলাসে অধ্যাত্ম রামায়ণের শ্লোক। রামচন্দ্রের উক্তি। যে ব্যক্তি শরণাগত হইয়া অত্যন্ত কাতরাস্তঃকরণে আমার নিকট এই বলিয়া প্রার্থনা করে—"হে ভগবান্! আমি তোমার শরণাগত, তোমা ভিন্ন আমার অন্যগতি নাই"; এইরূপ প্রার্থী জনকে আমি সর্ব্বদা অভয় বর প্রদান করিয়া থাকি, কারণ ইহাই আমার সর্ব্বাপেক্ষা প্রধান ব্রত।

‡ প্রেমিক সাধক পরমাত্মার সহিত আপনার হৃদয়ের যথার্থ যোগ ত্থাপন করিতে পারিলে অমরত্ব প্রাপ্ত হন (অর্থাৎ আপনাকে অমর বলিরা স্পষ্ট বুঝিতে পারেন)। বস্তুতঃ সাধক যথন আপনাকে চিরদিনের মত আপনার ইউদেবতার চরণে বিক্রের করিয়া নিত্য আনন্দের অধিকারী হন, তখন তিনি স্পষ্ট দেখিতে পান যে তাঁহার সে প্রেম ও সে আনন্দ অনস্তকালব্যাপী, ক্ষিন্কালে কোন জগতে উহার ক্ষয় বা বিনাশ নাই। ইহলোকে অবস্থিত থাকিয়াও তিনি যাহার সহবাসের আনন্দ ও যে প্রেম সস্তোগ করিতে-ছেন, মৃত্যুর পরে পরলোকে যাইয়াও তিনি তাঁহারই নিকটে থাকিবেন এবং সেই প্রেমই সস্তোগ করিবেন। স্বতরাং মৃত্যু তখন আর তাঁহার নিকট প্রকৃত মৃত্যুরূপে অগ্রসর হয় না, (অর্থাৎ উহা তাঁহার পক্ষে আর তখন ইহ পরকালের মধ্যে ব্যবধানরূপে প্রতীয়মান হয় না। উহা তখন তাঁহার পক্ষে কেবল সর্পের নির্দ্ধোকপরিত্যাগের ত্যায় বোধ হয় মাত্র। ইহাকেই সাধকের স্বামর জীবন, অনস্তরীবন, সত্যজীবন বা নবজীবন লাভ করা বলে। যে ভাগ্যবান্ সাধক এই অবস্থা লাভ করিতে পারিয়াছেন, তিনি আসয় মৃত্যু বা দীর্যজীবন এতহভরকেই সমভাবে দেখেন। যথা,

ন প্রায়তে বন্যুমানো নিন্দ্যমানো ন কুপ্যতি।

নৈবোধিজেত মরণে জীবনেনাভিনন্দতি ॥
ব্রুদ্ধজ ব্যক্তি পূজিত হইয়াও প্রীত হন না, নিন্দিত হইয়াও কুপিত হন না।
তিনি মৃত্যু আসর দেখিয়াও উদ্বিগ্ন হন না, এবং দীর্ঘ জীবনেও আনন্দ
প্রকাশ করেন না।

তিনি পৃথিবীতে থাকিলেও ব্রহ্মলোকবাসী, রুগ্ন হইলেও বলবান্ ও হুত্ব, দরিদ্র অবস্থাতেও তিনি মহৈশ্বগ্যবান্ * এবং ভিথারী অবস্থাতেও তিনি

সামুরাগাং স্ত্রিয়ং দৃষ্ট। মৃত্যুং বা সমুপস্থিতম্।

অবিহ্বলমনাঃ স্বস্থোমুক্তএব মহাশয়ঃ॥

অ, সং ১৭।১৪ ।

যে মহাশয় ব্যক্তি অম্রাগবতী কামিনীকে দেখিয়া অথবা মৃত্যু উপস্থিত দেখিয়া বিহ্বলচিত্ত হন না, প্রত্যুত অবিচলিত ও স্বন্থ থাকেন, তিনিই মৃক্ত।

নাভিনন্দেত মরণং নাভিনন্দেত জীবনম্।

কালনেব প্রতীক্ষেত নিদেশং ভূতকো যথা।

মফু, ৬|৪৫ |

ম, ভা, শান্তিপর্ব ২৪৫।৮৯২৯।

মরণও অভিলাষ করিবেক না, জীবিত থাকিতেও অভিলাষ করিবেক না, কিন্তু আজ্ঞাবহ ভৃত্য বেরূপ প্রভূর আদেশের প্রতীক্ষা করে, সেইরূপ কালের প্রতীক্ষা করিবেক।

* শঙ্করাচার্য্য বলিয়াছেন--

গ্রীমাংশ্চ কো ?—যক্ত সমন্ততোষ:।

কো বা দরিদ্রোহি ?—বিশালতৃষ্ণ: ॥ মণিরত্নমালা।

धनी (क ?-- यिनि जना जरखावयुक ।

দরিদ্র কে १— যাহার আশা অধিক।

তুলদীদাস বলিয়াছিলেন-

গোধন, গজধন, বাজীধন, আওর রতনধন ধানু।

যব আওত সম্ভোষধন, সব ধন ধুরিসমান॥

যখন ঈশ্বরকে লাভকরত সাধক আত্মারাম হন, তথন গো, অশ্ব, হন্তী এবং রুত্বের থনি প্রভৃতি যাবতীয় ধনকে ধুলীবং প্রতীয়মান হয়॥

ভগবান্ বশিষ্ঠ সম্ভষ্ট ব্যক্তির লক্ষণ সম্বন্ধে এইরূপ বলিয়াছেন—
অপ্রাপ্তবাঞ্ছামুৎস্কা সংপ্রাপ্তে সমতাং গতঃ।
অনুষ্টছঃখদোষো য়ঃ সম্ভষ্টঃ স ইহোচ্যতে ॥

যে ব্যক্তির অপ্রাপ্ত বস্তুতে বাস্থা এবং সম্যক্প্রাপ্ত ধনাদিতে সমতা অর্থাৎ হর্ষ বিবাদ নাই, তিনিই সদা তুট্ট ইছা জ্ঞানীরা কছেন। (যোগবাশিষ্ট)।—

রাজচক্রবর্ত্তী। * বস্তুতঃ তিনি সাধারণ মর্দ্ত্য জীবগণের এত উচ্চে অবস্থিতি

 মহারাজ ভর্বরি তদীর ক্রাতা বিক্রমাদিত্যের হত্তে উজ্জয়িনীর সিংহা-সন অর্পণ করত সন্ন্যাস আশ্রম গ্রহণ করেন। তিনি পূর্কভোগ্য রাজস্থুখের সহিত তাৎকালিক উপভোগ্য অকিঞ্নতা-স্থের তুলনা করিয়া এইরূপ বলি-রাছিলেন---

> কোপীনং শতথগুজর্জরতরং কন্থা পুনস্তাদৃশী নৈশ্চিন্তাং নিরপেক্ষাভৈক্ষ্যমশনং নিদ্রা খাশানে বলে। স্বাতন্ত্রেণ নিরকুশং বিহরণং স্বান্তং প্রশান্তং সদা द्धिर्याः (यागमहारमत्वश्री ह यमि द्विलाकातात्कान किम्॥ বৈ, শ, ৮৪।

জীর্ণ শতথণ্ড চীর্বসন, এবং তাদৃশ কছা, নিশ্চিন্ততা, অপেকাশৃন্ত ভিক্ষার-ভক্ষণ, বনে বা শ্মশানে শয়ন, আত্মবশে অব্যাঘাতে সর্বত ভ্রমণ, সর্বদা প্রশাস্ত অন্তঃকরণ এবং যোগরূপ মংেশংসবে চিত্তের স্থিরতা, যদি এ সমস্ত বিদ্যমান থাকে, তবে ত্রৈলোক্যের রাজ্যে কি প্রয়োজন ?

তুলসীদাস বলিয়াছিলেন-

তিন্ টুক্ কপীন্কো, আউর ভাজি বিন লোন্। তুলসী রঘুবর উর বসেঁ, ইব্রু বা পুর কোন্॥

চৈতন্যদেবের পুরুষোত্তমে অবস্থিতিকালে তত্ত্বস্থ রাজা প্রতাপকৃত্র তাঁহার সহিত মিলিবার জন্ম একান্ত ব্যাকুলতা প্রকাশ করেন। সার্বভৌম চৈতন্য-দেবকে তদ্বিধয়ে সন্মত করিবার জন্ম বিশেষ প্রয়াস পান: কিন্তু চৈত্ত দেব তাহাতে সন্মত হওষা দূরে থাকুক, তিনি সার্বভৌমকে কহিয়াছিলেন, যে "এ প্রকার বাক্য কদাচ মুখে আনিও না। যদি এরপ বাক্য সকল আমাকে পুনর্মার বল, তাহা হইলে এ স্থানে আমি আর থাকিব না।" তিনি আরও বলেন,

> নিষিঞ্চনত ভগবদভন্ধবাৰ্থত পারং পরং জিগমিবোর্ডবসাগরস্ত। जन्मर्भनः विषयिगामथ याविजाक, হা হস্ত হস্তবিষভক্ষণতোহপ্যসাধু॥

করেন যে, প্রাকৃত ব্যক্তিরা তাঁহার সে উচ্চতার পরিমাণ-নিরূপণে সম্পূর্ণ অক্ষম হইয়া অনেক সময় তাঁহাকে অবজ্ঞা করে, সাক্ষাতে বা অসাক্ষাতে তাঁহার নিন্দা করে, এবং বিবিধ প্রকারে তাঁহার প্রতি অত্যাচার করিয়া থাকে, কিন্তু কিছুতেই তাঁহাকে আর অণুমাত্র ক্ষোভিত করিতে পারে না; তিনি স্বীয়করতলম্থ শান্তিরূপ মহাথড়া হারা তাহাদিগের সকল আক্রমণকেই ব্যর্থ করিয়া থাকেন। * বস্তুত সক্ষান মনুষ্যগণ তথন তাঁহার মহন্ত্

আকারাদপি ভেতব্যং স্ত্রীণাং বিষয়িণামপি। ষথাহের্মনসঃ ক্ষোভস্তথা তস্যাক্কতেরপি॥

যিনি ভবসাগরের পরম পারে গমন করিতে ইচ্ছুক হইয়া দৃঢ়তার সহিত ভগবৎউপাসনায় প্রবৃত্ত হইয়াছেন এবং তদ্ধিবন্ধন যাঁহার কর্ম সকল ক্রমে ক্ষম্ম প্রাপ্ত হইয়াছে, এপ্রকার ব্যক্তির পক্ষে বিষয়িগণ অথবা স্ত্রীগুণের সহিত সন্দর্শন (অর্থাৎ দর্শন স্পর্শন আলিঙ্গন প্রভৃতি কার্য্য) বিষভক্ষণ অপেক্ষাও অধি কতর অসাধু (অর্থাৎ অনিষ্টকর কার্য্য।) (ঈশারও এই প্রকার অনেক উক্তি আছে)।

যে প্রকার চিত্রপটাদিতে অঙ্কিত কালসর্পের আক্কৃতিও মনের মধ্যে ভয় উৎপাদন করে, সেই প্রকার সাধকের পক্ষে বিষয়িগণের এবং স্ত্রীগণের প্রতি-মূর্ত্তি দর্শনাও ভয়জনক জানিবে।

রাজা চৈতন্যদেবের এই সকল বাক্য শ্রবণ করিয়াও তাঁহাকে স্পর্শ করিবার আশা পরিত্যাগ করিতে পারিলেন না, তিনি শেষে স্থির করিলেন যে, রথযাত্রার সময় চৈতন্য যথন হরিনামে উন্মন্ত হইয়া কীর্ত্তনের সঙ্গে যাইবেন, সেই সময় রাজবেশ পরিত্যাগ করত সামান্য বৈষ্ণবের বেশ ধারণ করিয়া তাঁহার পাদস্পর্শ করিবেন। তাহা হইলেই চৈতন্যদেব তাঁহাকে সামান্য বৈষ্ণব বোধে প্রেমালিক্সনদানে পবিত্র করিবেন। অতএব সন্ন্যাসীর স্বাধীনতা যে কত উচ্চ তাহা ভিথারী চৈতন্যদেবের জীবনে স্পষ্ট দেখা যায়।

ক্ষমাবশীক্কতো লোকঃ ক্ষমরা কিং ন সাধ্যতে।
 শাস্তিপড়্গঃ করে বস্য কিং করিষ্যতি হুর্জনঃ ॥
 ম, ভা, উ, পর্ব্ধ ৩২।১০৩০।

মুক্তি এবং তাহার সাধন।

অকুতব করিতে পারুক আর নাই পারুক, স্বর্গন্থ দেবতাগণের নিকট তিনি দে অবস্থায় সর্বানা পূজিত হইয়া থাকেন।

ক্ষমা ছারা লোক বশীভূত হয়, ক্ষমা ছারা কি না সাধিত হয় ? শান্তিরূপ ধড়গ যাঁহার হত্তে আছে, হুর্জন ব্যক্তি তাঁহার কি করিতে পারে ?

তুলদীদাস বলিয়াছিলেন-

হন্তী চলে বাজার্মে, কুতা ভূথে হাজার্। সাধুনকে হুজাব নহি, যঁও নিন্দে সংসার॥

যেমন নগরমধ্যে হস্তীগমন করিলে সহস্র সহস্র ক্রুর তাহার পশ্চাৎ ধাবিত হইয়া শব্দ করে, কিন্তু হস্তী ভ্রক্ষেপ না করিয়া অবিচলিতচিত্তে চলিয়া যায়, তাহাতে ক্রুর বা শঙ্কিত হয় না, তত্রপ অসংখ্য সাংসারিক লোক সম-বেত হইয়া যদি কোন সাধুকে নিন্দা করে, তথাপি তাঁহার শরীরের বা চিত্তের ভাবান্তর হয় না।

চৈতন্যদেবকে তাঁহার জীবদ্দশায় বিশেষতঃ তাঁহার ধর্ম্মোন্মন্ততার প্রথমা-বস্থার অনেকেই নিন্দা ও পরিহাস করিত; কিন্তু তিনি তাহাতে কিছুমাত্র ক্ষোভিত না হইয়া সর্বাদা এই বাক্যাটী পাঠ করিতেন—

পরিবদত জনো যথা তথায়ং নমু মুখরো ন বয়ং বিচারয়ামঃ।
বেখানে সেখানে লোকে পরিবাদ করুক, মুখর বলিয়া তাছাদিগকে আমরা
বিচার করিব না।

অধিক্ষিপ্তভাড়িতো বা বালেন স্থপিতা তদা।
ন ক্লিশ্যতি ন কুপ্যেচ্চ বালং প্রত্যুত লালয়েং॥
নিন্দিতঃ স্ত্রুমানো বা বিশ্বানজ্ঞৈর্ন নিন্দতি।
ন স্থোতি কিন্তু তেবাং স্যাদ্ যথা বোধন্তথাচরেং॥

भ, म, १।२४१-२४४।

পিতা যেমন স্তনকর শিশুর প্রবৃত্তাহ্বসারী হন, অর্থাৎ অধিক্ষিপ্ত বা তাড়িত হইরাও ক্লিট বা কোপযুক্ত হন না, বরং তাহাকে লালন করেন, তজ্ঞপ জ্ঞানী, ব্যক্তি অজ্ঞগণকর্ত্ব নিশিত বা স্তত হইলেও কোনপ্রকার নিশা বা স্তব করেন না, কিন্তু যাহাতে তাহাদিগের জ্ঞান হর, তিনি একপ ব্যবহারই করেন। অমুত্র করিতে পারুক আর নাই পারুক, স্বর্গস্থ দেবতাগণের নিকট তিনি সে অবস্থায় সর্বাদা পুঞ্জিত হইয়া থাকেন।

> ্যো নাত্যকঃ প্রাহ রক্ষং প্রিয়ং বা যো বা হতো ন প্রতিহন্তি ধৈর্যাৎ। পাপক যো নেছতি তদ্য হন্ত-ন্তাহে দেবাঃ স্পৃহয়ন্তি নিত্যম্॥

> > ম, ভা, শান্তি পর্ব্ব ৩০১।১১০০৮ ৷

যিনি অতিমাত্র তিরস্কৃত হইলেও কৃষ্ণ বাক্য প্রয়োগ করেন না এবং অতিমাত্র প্রশংসিত হইলেও প্রৈরাক্য বলেন না, যিনি আহত হইলেও থৈক্য নিবন্ধন প্রতিঘাত করেন না, এবং হস্তার অমঙ্গল হয় এরূপ ইচ্ছাও করেন না, * তাঁহাকে এ সংসারে দেবতারাও নিয়ত স্পৃহা করিয়া থাকেন।

বিচারেণ পরিজ্ঞাতস্বভাবদ্যোদিতাত্মনঃ। অনুকম্প্যা ভবন্তীহ ব্রহ্মবিষ্ফৃিক্সশঙ্করাঃ॥

যো, বা, স্থিতি প্রকরণ।

মহু বলিয়াছেন---

সন্মানাদ্বাহ্মণো নিত্যমুদ্ধিছেত বিধাদিব।
অমৃতহৈত্ব চাকাজ্চ্ছেদ্বমানত্ত সর্বদা॥
স্থাং হ্যবমতঃ শেতে স্থাঞ্ঞ প্রতিব্ধ্যতে।
স্থাং চরতি লোকেহিম্মারমস্তা বিনশ্যতি॥

21763-7981

বান্ধণ সন্মানকৈ বিষ এবং অপমানকে অমৃতের স্থায় জ্ঞান করিবেন। স্কুরাং সন্মানলাভের আকাজ্জা না করিয়া বরং অপমানেরই প্রার্থনা করিবেন। কারণ অপমানিত ব্যক্তি স্থাপ শয়ন করেন, স্থাথ গাজোখান করেন, স্থাথ এই পৃথিবীতে বিচরণ করিয়া থাকেন, কিন্তু অপমানকর্তা বিনাশ প্রাপ্ত হন।

বাছে চাধ্যাত্মিকে চৈব ছৃঃথে চোৎপাদিতে কচিৎ।
 ন কুপাতি ন বা হস্তি সা ক্ষমা পরিকীন্তিতা॥

স্মার্ত ধৃত বৃহস্পতির বচন।

ব্রহ্মবিচার দ্বারা নিজ স্বভাব জ্ঞাত হইলে পরমান্ত্রার প্রকাশ থাঁহার সন্থন্ধে হয়, তাদৃশ ব্যক্তির দ্রা, ব্রহ্মা বিষ্ণু ইন্দ্র শিব প্রভৃতি দেবতারাও আকাজ্জা করেন। এই শ্রেণীস্থ সাধকগণ শাস্ত্রীয় কোনপ্রকার বিধিনিষেধের অধীন নহেন। তাঁহারা প্রয়োজন-অনুসারে যথন যাহা ভাল বিবেচনা করেন তথন তাহাই তাঁহাদিগের শাস্ত্র। যথা, ভগবান শ্রীক্রম্ণ উদ্ধবকে কহিয়াছিলেন—

জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মন্তক্তো বানপেক্ষকঃ। সলিকানাশ্রমাংস্ত্যকা চরেদ্বিধিগোচরঃ॥

ভা, ১১।১৮।२৮।

মুমুকু হইয়া যিনি জ্ঞাননিষ্ঠ, কিংবা (মুক্তি বিষয়ে) অপেক্ষাশৃত্য মদীয় ভক্ত হন, তিনি (ত্রিদণ্ডাদি বিশেষ বিশেষ) চিহু সহিত আশ্রম সকল পরিত্যাগ করত বিধিসমূহের কিন্ধর না হইয়া আচরণ করিবেন।

ন ধাবতি জনাকীর্ণং নারণ্যমুপশান্ত্রধীঃ।
যথা তথা যত্র তত্ত্ব সময়ে বাব্তিষ্ঠতে॥

ष, मः, ১৮।১००।

অষ্টাবক্র কহিলেন, যাঁহার বৃদ্ধি শান্তি অবলম্বন করিয়াছে, তিনি জনাকীর্ণ নগরে বা গ্রামে ধাবমান হন না, অরণ্যেও প্রবেশ করেন না। তিনি যে কোন সময়ে যে কোন স্থানে যে কোন রূপে অবস্থান করেন তাহাতেই পরি-তুই থাকেন।

> পরে ব্রহ্মণি বিজ্ঞাতে সমস্তৈর্নিয়মৈরলম্। তালরন্তেন কিং কার্য্যং লক্ষে মলয়মাকতে॥

> > কুলার্ণব তন্ত্র, নবমোলাস।

্পর ব্রহ্মের জ্ঞানলাভ হইলে কোন নিয়মের প্রয়োজন থাকে না, যেমন মল-যের বাতাস পাইলে তালের পাথা আর কোন কার্য্যে আইসে না। *

বৃদ্ধজানবিশুদ্ধানাং কিং যহৈয়ঃ প্রাদ্ধপুদ্ধনৈঃ ।
 ব্রেচ্ছাচারপরাণান্ত প্রত্যবায়ো ন বিদ্যতে ॥
 ম, নি, তয়, ৮।২৬৮ ।

বর্ণাশ্রমবয়োহবস্থাভিমানো বস্য বিদ্যুতে। তাস্যব হি নিষেধাশ্য বিধয়ঃ সকলা অপি॥

প, দ, ধন্যাদীপ ৯।১০০

যে ব্যক্তির বর্ণাশ্রম, জীবিতকাল, বিদ্যা ও অবস্থা, ইত্যাদিতে অভিমান আছে, তাহারই প্রতি বিধি-নিষেধ-শান্তের অধিকার হয়, কিন্তু অভিমানশৃস্ত তর্ম্পানীর প্রতি তাহা বিহিত নহে।*

কিং তম্ম বৈদিকাচারৈস্তাগ্রিকৈর্কাপি তম্ম কিম্। ব্রহ্মনিষ্ঠম্ম বিহুষঃ স্বেচ্ছাচারো বিধিঃ স্মৃতঃ॥

ম, নি, তন্ত্র, ৩। ৯৭।

শাস্ত্রীয় শাসনের অধীন হওয়া দ্রে থাকুক এই সকল অধ্যাত্মবিদ্যা-বিশারদ মহাত্মাগণ অস্থান্থ ব্যক্তিগণকে যে সকল উপদেশ প্রদান করেন তাহাও স্বতন্ত্র ধর্ম শাস্ত্র রূপে গণ্য হইয়া থাকে।

> চত্বারো বেদধর্মজ্ঞাঃ পর্বক্রৈবিদ্যমেব বা । সাক্রতে যং স ধর্মঃ স্থাদেকো বাধ্যাত্মবিভূমঃ॥

> > যাজ্ঞবন্ধ্য স্থৃতি ১।৯।

বেদ ও ধর্মজ্ঞ চারিজনত্রাহ্মণ আর তিন বেদেঅভিজ্ঞ এমন অনেক ব্রাহ্মণের নাম পর্যং অর্থাৎ সভা। আবশুক হইলে তাঁহারা যাহাকে ধর্ম বলিবেন তাহাই ধর্ম, অথবা একজন নিপুণ অধ্যাত্মবেতা যাহা বলেন, তাহাও ধর্ম। ইনুশ ব্যক্তিগণের যদ্যপি বেদাদি শাস্ত্রে সম্পূর্ণ অভিজ্ঞতা না থাকে, তাহা

হইলেও তাঁহারা প্রকৃত বেদবিৎ রূপে পরিগণিত হইয়া থাকেন। যথা,

ন বেদং বেদমিত্যাহুর্বেদো ব্রহ্ম সনাতনম্। ব্রহ্মবিদ্যারতো যম্ভ স বিপ্রো বেদপারগঃ ॥

জ্ঞানসঙ্গলিনী তন্ত্র।

বেদকে বেদ বলি না, কিন্তু সনাতন অর্থাৎ নিত্য যে ব্রহ্ম তিনিই বেদ, এবং যে ব্যক্তি ব্রহ্মজ্ঞানে রত তিনিই বিপ্রাপ্ত বেদপারগ।

শাবর্ধং কুলং সর্কাং তাবজ্ জ্ঞানং ন জায়তে।
 বিশ্বজানং পরং জ্ঞাঝা সর্কাবণিবিজ্জিতম্॥
 জানসদ্বিনী তয়।

বশিষ্ঠ দেব রামচন্দ্রকে কহিয়াছিলেন— ব্রহ্মজ্ঞানের সিদ্ধাবস্থায় সাধকের এতাদৃশ ক্ষমতা জন্মে, বে তিনি অপ্রথঃ অভদ্ধ বিষসংযুক্ত নষ্ট ও ক্লিষ্ট বস্তুসকল ভোজন করিয়াও শীঘ্র মিষ্টার স্থায় জীর্ণ করেন। †

যদ্বধি জ্ঞান না জন্মে, সেই পর্যাস্ত মহুষ্যের বর্ণ (অর্থাৎ ব্রাহ্মণ ক্রিয় বৈশ্য শৃদ্র) এবং কুল, এতহ্ভয়ের অভিমান থাকে, কিন্তু ব্রহ্মজ্ঞান লাভ হুইলেই মহুষ্যের জাতি কুলের অভিমান সম্পূর্ণরূপে পরিতাক্ত হয়।

কা জাতিরিতি — চর্মরক্তবসামাংসমজ্জান্থীনীত্যুক্ত্বা ন জাতি রাম্মনো জাতিব্যবহারোহপি করিতঃ। ম, র, মালা,

শঙ্করাচার্য্য কহিয়াছেন, জাতি কি ?—চর্ম্ম, রক্ত, বসা, মাংস, মজ্জা, অস্থি ইহাদিগের ত কোনরূপ জাতি নাই। আর আত্মার যে জাতি তাহাও করনা মাত্র।

ন যশু জন্মকর্মভ্যাং ন বর্ণাশ্রমজাতিভিঃ।

সজ্জতেংশিরহংভাবো দেহে বৈ স হরে: প্রির: ॥ ভা, ১১।২।৪৯ জন্ম, কর্ম এবং বর্ণ (অর্থাৎ রূপ) আশ্রম ও জাতি হেতু বাঁহার এই দেহে আহং (অর্থাৎ আমি) ভাব উৎপন্ন না হয়, তিনিই হরির প্রিয়।

মহর্বি ভৃগু ভরবাজকে কহিয়াছিলেন—

ন বিশেষোহস্তি বর্ণানাং সর্বং ব্রাহ্মমিদং জগৎ। ব্রহ্মণা পূর্ব্বস্থাইং হি কর্মভির্বর্ণতাং গভঃ॥

ম, ভা, মো, ধ,

ইহ লোকে বস্ততঃ বর্ণের ইতর বিশেষ নাই। আদিতে সমুদয় জগতই ব্রাহ্মণজাতিময়ছিল। মনুষ্যগণ পূর্বে ব্রহ্মাহইতে এক ব্রাহ্মণ জাতি রূপে সৃষ্ট হইয়া ক্রমে ক্রমে কার্যা দারা ভিন্ন ভিন্ন বর্ণে পরিগণিত হইয়াছে।

> † অপবিত্রমপথ্যঞ্চ বিষসম্পর্কদ্যিতম্। ভুক্তৃ। জ্বয়তি ক্ষিপ্রং ক্লিষ্টং নষ্টঞ্চ মিষ্টবং ॥ যো, বা, উপ, প্রকরণ।

विषयम्थ ७ जकानम ।

মহ্ব্য মাত্রেই চিরদিন সুথের জন্ম লালায়িত। তাঁহারা যে কোন কার্য্য করেন তাহার উদ্দেশ্য একমাত্র কেবল সুথলাত। কিন্তু হৃংথের বিষয় এই যে, প্রকৃত সুথ যে কোণার এবং কিরপ, ইহা কতিপয় তর্ত্তপুরুষ ব্যতিরেকে, অন্ত কেহই অবগত নহেন। সংসারস্থাসক্ত ক্ষুদ্রচিত্ত ব্যক্তিগণ অজ্ঞানতা নিবন্ধন ধন এবং পুত্র প্রভৃতি সাংসারিক অনিত্য বস্তু সকলকেই প্রকৃত সুথের আকর বিবেচনা করিয়া শান্তিশ্রুহৃদয়ে চিরজীবন তাহাদিগেরই সেবা করিয়া থাকেন। কিন্তু তন্ত্রত্ত পুরুষেরা সেই সমন্ত কণবিনাশী বস্তুকে নিতান্ত হৃংথপূর্ণ ও অশান্তিকর জানিয়া সে সকলের মধ্যে কিছুই কামনা করেন না। ক্ষেকিন্ত সংসারী ব্যক্তিগণ লান্তবৃদ্ধির বশীভূত হইয়া যাহাকে নিতান্ত রসহীন ও কঠোর জীবন বলিয়া বিবেচনা করেন; তাঁহারা শান্তি-প্রদ এবং প্রমানন্দপূর্ণ জানিয়া সেই সাধকের জীবনুকেই প্রাণ্যত যত্ত্বের সহিত গ্রহণ করিতে বাধ্য হন।—যথা,

ভগবান্ প্রীকৃষ্ণ অর্জ্নকে কহিয়াছিলেন,—

যা নিশা স্র্রভুতানাং তস্যাং জাগর্তি সংযমী।

বস্যাং জাত্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ।

গী.২।৬৯।

অজ্ঞানী প্রাণী সকলের পরত্রদ্ধবিষয়ক নিষ্ঠা রাত্রিতৃল্যা হয়, (অর্থাৎ তাহার। তদ্বিয়ের কিছুই দেথিতে পায় না;) কিন্তু সংঘনী ব্যক্তিদিগের বৃদ্ধি কেবল সেই ত্রদ্ধনিষ্ঠাতেই জাগ্রৎ থাকে। আর যে বিষয়স্থেতে

भ, म, १।२६८।

জ্ঞানী ছ:খিলোক সকল জনিত্য ভার্যাপুত্রাদি কামনা করত সংসারে নিময় হউক, পর্মানন্দে পরিপূর্ণ আমি আর কি ইচ্ছা করিরা সংসারে আদক্ত হইব।

ছ: থিনোহজ্ঞাঃ সংসরস্ত কামং পুরাদ্যপেকয়া।
 পরমানন্দপূর্ণোহহং সংসরামি কিমিচ্ছয়া॥

সর্ব প্রাণীর বৃদ্ধি লিপ্ত, তত্ত্বজানী মুনিদিগের তাহা রাত্রিত্ব্য হয়, (অর্থাৎ মুনিরা বিষয়ত্ত্বের প্রতি দৃষ্টিপাত করেন না) *

বিষয়স্থবের উল্লেখ করিয়া দৈত্যেক্সনন্দন প্রহলাদ বলিয়াছিলেন—
কিমেতৈরাত্মনস্তান্তঃ সহ দেহেন নশ্বরৈঃ।
তানবৈর্থসংকাশৈনিত্যানন্দ্মহোদধেঃ॥

ভা, গাগা৪৫ ৷

এই সমস্ত রাজ্য সম্পত্তি এবং দেহ সমুদয়ই নশ্বর, এবং বাস্তবিক অনর্থ অথচ অর্থবং প্রতিভাত হইতেছে (স্বতরাং অতি তৃচ্ছ,) এ সমুদায় দারা পরমানন্দ্র রসের সাগরস্বরূপ যে আত্মা তাহার কি হইবেক ?

তিনি আরও বলিয়াছিলেন—

যদৈপুনাদি গৃহমেধিসুখং হি তুচ্ছম্ কণ্ডুরনেন করয়োরিব ছঃখছঃখম্। তৃপ্যন্তি নেহ রূপণা বহুছঃখভাজঃ কণ্ডুতিবন্মনসিজং বিষহেত ধীরঃ॥

ভা, গা৯া৪৫ ৷

দক্তপ্রভৃতি (চর্মরোগ সকল) হস্তদারা কণ্ডুয়ন করিলে প্রথমতঃ স্থাবোধ হইলেও পরিণামে যেপ্রকার হৃঃথ অমুভূত হয়, স্ত্রীসম্ভোগাদি ভূচ্ছ গার্হস্য স্থাবেরও সেই প্রকার হৃঃথই অবসান। † কামুক পুরুষেরা পরিণামে সে স্থা

* The world o'erlooks him in her busy search
Of objects more illustrious in her view;
And occupied as earnestly as she,
Though more sublimely, he o'erlooks the world.
She scorns his pleasures, for she knows them not;
He seeks not hers, for he has proved them vain.
Cowper's "Winter Walk at Noon"

† সনৎকুমার নারদকে উপদেশচ্ছলে কহিয়াছিলেন —

স্থাং বৈষয়িকং শোকসহত্রেণার্তং ঘতঃ।

হঃখমেবেতি মন্বাহ নারেহস্তি স্থামিত্যসৌ॥ প, দ, ১১।২১৮

ভুপ্তিলাভ করিতে না পারিয়া বস্তুতঃ বহুতর হুঃথই ভোগ করিয়া থাকে। বৈষয়িক স্থুখ সহস্র হুঃথের দ্বারা আর্ত থাকায় সে স্থুখও হুঃখমধ্যে পরিগণিত হয়। এই সকল বিবেচনা করিয়া আমি প্রথমতঃ বলিয়াছি যে ক্লু বস্তুত্ব-মাত্রেই স্থুখ নাই।

রামচন্দ্র কহিয়াছিলেন—

বিষয়াশীবিষাসঙ্গপরিজ্জরচেতসাম্।

ष्यत्थी ज़ां श्वित्वकानां भाश्वाशां मकात्रन्य ॥

বিষয়রূপ-কালসর্প-সংসর্গ দ্বারা নিত্য জর্জ্জরিতচিত্ত এবং আত্মবিবেচনাশৃষ্ঠ ব্যক্তির আয়ুঃ কেবল শ্রমের কারণ হয়।

ইয়নশ্বিন স্থিতোদারা সংসারে পরিপেলবা।

শীর্ন:পরিমোহায় সাপি নৃনং ন শর্মদা । যো, বা, বৈ, প্রকরণ।
এই সংসারে অতি স্থন্দর মহতী যে শী (ঐখর্যা) সে কেবল মোহের কারণ
মাত্র, নতুবা স্থবের কারণ কথনই হয় না।

বেকন বলিয়াছেন; Icannot call riches better than the baggage of virtue.

শঞ্চদশীকর্ত্তা লিথিয়াছেন—

वर्थानामर्कत्त दक्षमञ्जरेथव পরिরক্ষণে।

নাশে তৃঃখং ব্যয়ে তৃঃখং ধিগর্থান্ ক্লেশকারিণঃ॥ প, দ, ৭।১৩৮ প্রত্যক্ষ দেখা বাইতেছে যে, অর্থের উপার্জনে নানা ক্লেশ, পরিরক্ষণে নানা তৃঃখ, এতহাতীত অর্থ নষ্ট হইলে মহাশোক, এবং ব্যয় হইয়া গেলেও অত্যস্ত তৃঃখ হইয়া থাকে; অতএব যাহার আয় ব্যয় স্থিতি তিনটীতেই স্থখ অথবা শান্তি নাই, সেই ক্লেশকারী অর্থে ধিক্ থাকুক।

সন্তানাদি হইতেও যে প্রকৃত স্থথের আশা নাই তাহা শাস্ত্রকারগণ এই-রূপে প্রতিপন্ন করিয়াছেন; যথা,—

> অলভ্যমানস্তনরঃ পিতরৌ ক্লেশরেচিতরম্। লক্ষোহপি গর্ভপাতেন প্রসবেন চ বাধতে॥ জাতস্য গ্রহরোগাদি কুমারস্য চ মৃকতা। উপনীতেহপ্যবিদ্যুত্বমন্থ্রাহন্ট পণ্ডিতে॥

কিন্ত ধীর ব্যক্তি কণ্ডৃতির ভার জানিয়া কামাভিলাব সূত্য করিয়া থাকেন চ অষ্টাবক্র খবি জনককে কহিয়াছিলেন—

> আয়াদাৎ দকলো ছঃখী নৈনং জানাতি কশ্চন। অনেনৈবোপদেশেন ধন্যঃ প্রাপ্নোতি নির্ভিম্।

> > ष, मः, ১७।०।

বিষয়-বাসনা হইতেই সকলে জৃঃখ ভোগ করে,* অথচ এই গৃঢ় উপদেশ কেহই জানে না । যিনি এই উপদেশ দারা নির্ভূতি লাভ করেন, তিনিই ধন্ত ।

যুনশ্চ পারদারাদি দারিজ্যঞ্চ কুটুম্বিন:। পিত্রোর্ছ:থস্য নাস্ত্যস্তো ধনী চেক্সিয়ুমতে তদা॥

भ, म, ५२ । ७२-७8 ।

সস্তান না জনিলে পিতা মাতার চিরকাল হঃধ থাকে, জনিলে গর্ভপ্রাব বা প্রস্বকালে ক্লেশ হয়, এবং জাত বালকের বাল্যকালে গ্রহরোগাদি জন্ত, কুমার বয়সে বাক্যের অফুর্ত্তি নিমিত্ত, আর উপন্যনের পরে বিদ্যা না হওয়। জন্ত, অথবা বিদ্যান্ হইলে তাহার বিবাহ নিমিত্ত, পিতা মাতারই হঃথ হয়। প্রের যুবা বয়সে পরদারাদি দোষ হইলে পিতা মাতারই ক্লেশ, এবং তাহার বহু পরিবার হইলে তাহাদিগের ভরণ পোষণ জন্ত, আর পুত্র ধনী হইলেও তাহার মরণ শঙ্কা নিমিত্ত, পিতা মাতারই হঃথ হইয়া থাকে। এইয়পে দেশা বায় যে তাহাদিগের হঃধের আর অন্ত নাই।

ভগবান্ সনংকুমার মহর্ষিসমূহকে উপদেশছলে কহিয়াছিকেন—
 নাস্তি বিদ্যা সমং চকুঃ নাস্তি সতা সমং তপঃ।

নান্তিরাগসমং হংখং নান্তি ত্যাগসমং স্থম্। ম, ভা, মো, ধ, বিদ্যার তুল্য চকু নাই, সভ্যের তুল্য তপস্যা নাই; অহুরাগের সমান ছংখ নাই, এবং ত্যাগের তুল্য স্থ্য নাই।

नात्रम अपि यूधिष्ठेत्रदक कश्यिका हिलन-

শোকমোহভয়কোধরাগকৈব্যশ্রমাদরঃ।

যশূলা: স্থান্ণাং জহাৎ স্পৃহাং প্রাণার্থয়ো র্ধ:। ভা, ৭।১৩।৩৩ ধন এবং প্রাণ মন্বাদিগের শোক, মোহ, ভয়, ক্রোধ, অন্তরাগ, দীনতা এবং শ্রমাদির মূল। পণ্ডিত ব্যক্তি এ ছই পদার্থে স্পৃহা পরিত্যাগ করিবেন। যচ্চ কাম সুখং লোকে যচ্চ দিব্যং মহৎ সুখং।
তৃষ্ণাক্ষয় সুখসৈয়তে নাৰ্হতঃ ষোড়শীং কলাং॥

ं ম. ভা. মো. ধ. ১০১। ৬।

কি কামনার পূর্ণতা জনিত পার্থিব স্থুখ, কি স্বর্গীয় মহৎ স্থুখ, ইহারা তৃষ্ণাক্ষম জনিত বিশুদ্ধ স্থুথের যোড়শাংশেরও একাংশ নহে।

প্রিকত জ্ঞানতৃপ্ত সাধকের আনন্দ উপভোগ-সম্বন্ধে অষ্টাবক্র কহিয়াছিলেন,—
আত্মবিশ্রান্তিতৃপ্তেন নিরাশেন গতার্ত্তিনা।
অন্তর্যদন্তুর্য়েত তৎ কথং কস্য কথ্যতে॥
সুপ্তোহপি ন সুযুপ্তো চ স্বপ্রেহপি শয়িতো ন চ।

জাগরেহপি ন জাগর্ত্তি ধীরস্তৃপ্তঃ পদে পদে॥
অ, সং , ১৮। ৯৩-৯৪।

যিনি নিয়ত পরমাত্মাতে বিশ্রামপূর্ব্বক তৃপ্তি লাভ করিতেছেন, যিনি সম্পন্ন আশা অর্থাৎ ভোগলালদা পরিত্যাগ করিয়াছেন, যিনি কোন বিষয়েই কষ্ট অনুভব করেন না, তিনি অস্তঃকরণমধ্যে যে আনন্দ অনুভব করেন, তাহা কাহার নিকট কিপ্রকারে ব্যক্ত করা যাইতে পারে ?

সেই জ্ঞানী ব্যক্তি স্ন্ৰুপ্তি অবস্থায় থাকিয়াও স্থপ্ত নহেন, নিদ্ৰিত থাকি-য়াও শ্যিত নহেন, জাগ্যিত থাকিয়াও জাগ্যিত নহেন; তিনি (নিয়ত পূৰ্ণ আনন্দ অন্নত্ব ক্রিয়া) কেবল পদে পদে প্রিতৃপ্ত * হইয়া থাকেন।

শ্রীরুষ্ণ উদ্ধবকে কহিয়াছিলেন—

ময্যপিতাত্মনঃ সভ্য নিরপেক্ষন্য সর্বতঃ।

ময়াত্মনা সূথং যত্তৎ কুতঃ ন্যাছিষয়াত্মনাম্॥

তাকিঞ্চন্য দান্তন্য শান্তন্য ন্যচেত্দঃ।

ময়া সম্ভইমনসঃ সর্বাঃ সুথময়া দিশঃ॥

७।, ১১।১৪।১२-১०।

^{*} শঙ্করাচার্য্য তাঁহার গীতাসার নামক গ্রন্থে লিথিয়াছেন ;—
''নহি ভৃপ্তেঃ পরং ফলম্।"

তৃপ্তির অপেক্ষা অধিক ফল কোথাও নাই।

হে সভ্য, যিনি কোনও বিষয়ের অপেক্ষা না রাখিয়া আমাতে আঝা সমর্পণ করিয়াছেন, তিনি যে সুথ উপভোগ করেন, বিষয়ীদিগের সে সুথ কোথায় ? †

† নারদ যুধিষ্ঠিরকে কহিয়াছিলেন—
সম্ভট্টস্য নিরীহস্য স্বাত্মারামস্য যৎ স্থথম্।
কৃতন্তৎ কামলোভেন ধাবতোহর্থেহয়া দিশঃ॥
ভা, ৭।১৫।১৬।

যিনি সম্ভটিচিত্ত, চেটাবিহীন, এবং আত্মানন্দ-সম্ভোগে রত, তাঁহার যে স্থ ; যাহারা অভীষ্ট-লোভে ধনোপার্জনের নিমিত্ত দিকে দিকে ধাবিত হইতেছে তাহাদিগের সে স্থ কোথায় ?

ৰস্ততঃ পাৰ্থিব অভিষ্ট সিদ্ধির আশার সফলতাতেও, মনুষ্যের প্রক্রতন্ত্রখ লাভ ঘটে না। আশার সম্পূর্ণ অভাব হওয়াই মানবের পক্ষে প্রকৃত সুথ লাভের এক মাত্র অবস্থা। কারণ দেখা যায় একটা আশা পূর্ণ হইতে না হইতে পূর্বাপেকা বলবৎ অপর দশটা নৃতন আশা আসিয়া তাহার স্থানে উপস্থিত হয়; এবং এইরূপে আশার সফলতার সহিত আশা ক্রমশঃ বৃদ্ধিই পাইতে থাকে। স্কৃতরাং আশাপ্রস্ত ব্যক্তি চিত্তের অস্থিরতা বা ব্যাকুলতা নিবন্ধন শাস্তি স্থ কথনও লাভ করিতে পারেন না। অধিকন্ত যদি কোন একটা বিশেষ প্রেয় ও আয়য়তাধীন বস্ত বিনষ্ট হইয়া যায়, তাহা হইলে আশাভঙ্গ-জনিত দারণ ক্রেশে অনেক সয়য় তাঁহার হয়েয় ভয় ও অবসয় হইয়া পড়ে। এই জয় ব্যাস লিধিয়াছেন,—

আশা বলবতী কটা নৈরাশ্রং পরমং স্থাং।

म, जा, त्या, ४, ८१४।

আশাই বলবতী কষ্ট, এবং আশাত্যাগই পরম সুথ।
শঙ্করাচার্য্য লিথিয়াছেন:—

কোবা মৃত স্থাৎ ?—স্থাদা নিরাশা।

মণিরত্ব মালা।

অমৃত পদার্থ কি ?--আনন্দপ্রস্থ আশা-বিহীনতা।

यिनि অকিঞ্চন, দাস্ত, সমচেতা ও আমাকে লইয়া সম্ভট, তাঁহার সমুদয় দিক্ই স্থময়। *

It is a pleasure to stand upon the shore, and to see ships tossed upon the sea; a pleasure to stand in the window of a castle, and to see a battle and the adventures thereof below: but no pleasure is comparable to the standing upon the vantage ground of truth (a hill not to be commanded and where the air is always clear and serene), and to see the errors, and wanderings and mists and tempests in the vale below.

Translation from Lucretius, Bacon's Essay on Truth.

* মহারাজ রামক্ষেরে সাংসারিক স্থথের নিতান্ত অপ্রতুল ছিল না; কিন্তু যথন তিনি প্রমার্থ রসের আস্বাদন পাইয়াছিলেন, তথন স্পষ্টাক্ষরে বলিয়াছিলেন যে 'ভবে সেই সে প্রমানন্দ যে জন প্রমানন্দমন্ত্রীরে জানে।"

মহাস্থা ভীম্মকে শম্পাক নামে এক সন্ত্যাসী ব্রাহ্মণ এ সম্বন্ধে যাহা বলি-য়াছিলেন, এবং শরশ্যায় থাকিয়া ভীম্মদেবও পুনর্কার যুদিষ্টিরকে যাহা বলিয়াছিলেন তাহা সংক্ষেপে লিখিতেছি;—যথা,—

আকিঞ্চন্যঞ্চ রাজ্যঞ্জুলয়া সমতোলয়ং।
অত্যরিচ্যত দারিদ্রং রাজ্যাদিপি গুণাধিকং॥
আকিঞ্চন্যেচ রাজ্যেচ বিশেষঃ স্থমহানয়ং।
নিত্যোবিশ্লো হি ধনবান্ মৃত্যো রাস্য গতো যথা॥
নৈবস্যাগ্লি ন চাদিত্যো ন মৃতু ন চ দ্স্যব।
প্রভবন্তি ধনত্যাগাদিমুক্ত্স্য নিরাশিষঃ॥

ম, ভা, মো, ধ, ৩। ১০, ১১, ১২।

রাজ্য এবং অকিঞ্চনতা এই উভয়কে তুলাদণ্ডের উভয় দিকে ত্থাপন করিলে দেখা যায় যে অকিঞ্চনতা অপেক্ষা রাজ-স্থুখ অনেকাংশে নিক্ষ্ট। বিশেষতঃ উহাদের মধ্যে এই এক মহৎ বৈলক্ষণ্য আছে, যে রাজা কিম্বা ধনবান্ ব্যক্তিইহারা সর্বাদাই কালগ্রন্তের ন্যায় নিতান্ত উদ্বিশ্ন থাকেন, কিন্তু আশা বিহীন.
মুক্ত ব্যক্তির ধনত্যাগ নিবন্ধন অগ্নি, স্থ্যি, মৃত্যু, দহ্য বা অন্য কোন বন্তু হইতে কিছু মাত্র ভয় বা ছুংখের সন্থাবনা থাকে না।

ভগবান্ বশিষ্ট রামচক্রকে কহিয়াছিলেন—
পুর্ণে মনসি সংপূর্ণং জগৎ সর্কং সংধার সৈঃ।
উপানদ্গৃত্পাদস্য যথা চর্মারতৈব ভূঃ॥
যো, বা, উপ, প্রকরণ।

সেই পূর্ণ পুরুষ দারা মন পরিপূর্ণ হইলে সমস্ত জগৎ স্থধারস দারা পরিপূর্ণ হয়। যেমত যে ব্যক্তির চরণ পাহ্কাবৃত, তাহার নিকটে সকল ভূমিই চর্মা-বৃত বোধ হয়, সেইরূপ।

মহর্ষি যাজ্ঞবন্ধ্য তদীয় পত্নী মৈত্রেদ্ধীকে কহিয়াছিলেন,—
ইদং সত্যং সর্কোষাং ভূতানাং মধ্বদ্য সত্যদ্য।
সর্কাণি ভূতানি মধু॥

বুহদারণ্যক উপনিষদ্ ৪।৫।১২।

এই সত্যস্থর প পরমেশ্বর সমুদ্য প্রাণীর মধুস্বরূপ; সমূদ্য প্রাণীও এই সত্যের নিকট মধুরূপে প্রকাশবান্।

পঞ্চদশীকর্ত্তা শ্রীমন্তারতীতীর্থ মুনি পরিতৃপ্ত ভূপতির স্থথের সহিত আত্মজ্ঞ ব্যক্তির স্থথের তুলনা করিয়া এইকপ বলিয়াছেন ;—

> ষুবা রূপী চ বিদ্যাবাদীরোগো দৃ দৃ চিত্তবান্। বৈন্যোপেতঃ নর্কপৃথীং বিত্তপূর্ণাং প্রপালয়ন্॥ নর্কৈর্মানুষ্যকৈর্জোগোঃ সম্পদ্ধভূষিপাঃ। য্যানন্দ্যবাপ্নোতি ব্রহ্মবিচ্চ ত্যাদ্বতে॥

> > প, দ, ১৪।२১-२२।

যুবা পুরুষ, রূপবান্, বিদ্বান্, নীরোগশরীর, বুদ্ধিমান্ ও বহুদৈন্যবিশিষ্ট হইয়া বিত্তপূর্ণ সসাগরা পৃথিবী শাসন করত সমুদ্য মানুষানক উপভোগ করিয়া পরিতৃপ্ত ভূপতিরা যে আনক প্রাপ্ত হন, তত্বজ্ঞানী সতত তাহা উপভোগ করেন।

> নিক্ষামত্বে সমেহপ্যত্র রাজ্ঞঃ সাধনসঞ্চয়ে। ছঃখ্যাসীদ্ধাবিনাশাদ্ভিভীরনুবর্ত্তে॥

নোভয়ং শ্রোত্রিয়স্যাতন্তদানন্দোহধিকোহন্যতঃ। গন্ধর্কানন্দ আশান্তি রাজ্ঞোনান্তি বিবেকিন:॥

প, म, ১८।२७-२१।

পূর্ব্বোক্ত রাজা ও বিবেকী উভয়েরই কামনার অভাববিষয়ক স্থুখ সমান হইলেও রাজ্যরক্ষার সাধনসঞ্চয়জন্য ও ভবিষ্যদিনাশের ভয় জন্ম রাজার হুঃখ হয়; কিন্তু বিবেকীর সে উভয়ই হয় না, অতএব তাঁহার আনন্দকে অধিক বলিয়া স্বীকার করা যায়। * আর রাজার গন্ধর্বানন্দে বাঞ্ছা হয়, বিবেকীর তাহাতেও বাসনা হয় না।

* বশিষ্ঠদেব এ সম্বন্ধে এইরূপ বলিয়াছেন—
 ন তথা ভাতি পূর্ণেন্দুর্ন পূর্ণ: ক্ষীরসাগর:।
 ন লক্ষীবদনং কান্তং স্পৃহাহীনং যথা মন:॥

যো, বা, উপ, প্রকরণ।

পূর্ণিমার চক্র তেমন দীপ্তি পায় না, পরিপূর্ণ ক্ষীরসাগরের তরঙ্গলঁহরী তেমন দীপ্তি পায় না, অতৃল ঐশব্যের অধিপতি ব্যক্তির মুখ তেমন দীপ্তি পায় না, মানবের মন স্পৃহাপরিশু ভূইলে যেমন দীপ্তি পায়।

নচ ত্রিভূবনৈধর্য্যান্ন কোষাদ্রত্বধারিণঃ। ফলমাসাদ্যতে চিত্তাৎ যন্মহস্বোপবৃংহিতাৎ॥

যো, বা,

মহাচিত্তসম্পন্ন ব্যক্তির নিজ চিত্ত হইতে যে ফল লাভ হয়, অপর ব্যক্তির রত্নপূর্ণ ভাণ্ডার এবং ত্রিভূবনের ঐশ্বর্যা লাভেও তাদৃশ ফল লাভ হয় না।

কল্লাস্তপবনা বাস্ত যাস্ত চৈকত্বমর্ণবাঃ।
তপস্ত ছাদশাদিত্যা নাস্তি নির্মানসঃ ক্ষতিঃ॥
কল্লাস্ত-পবন বহন করুক, কিংবা সপ্তসমুদ্র একত্ব প্রাপ্ত হউক, অথবা ছাদশ
স্থ্য জগৎকে সম্তপ্ত করুক, মনোহীন নিষ্পৃহ ব্যক্তির কিছুতেই ক্ষতিবোধ

সংসারের স্থেমাত্রেই ছঃখমিশ্রিত, নিরবচ্ছিন্ন স্থে সংসারের কোন পদা-র্থেই নাই; কিন্তু সাধকগণ যে পথে গমন করেন, তথায় নিরবচ্ছিন্ন স্থ্যই বর্ত্তমান। অধিক কি সাধকগণ যে মুক্তি লাভের জন্য সর্বাদা যত্ন করেন,

নাই।

ছঃথের আত্যস্তিক অভাব হওয়াই তাহার স্বরূপ। ন্যায়শান্ত্রপ্রণেতা মহর্ষি গোতম অপবর্গ অর্থাৎ মৃক্তির স্বরূপ এইরূপ বলেন;—যথা, "তৃঃথ-জন্ম-প্রবৃত্তি দোষ-মিথ্যাজ্ঞানানামৃত্তরোত্তরাপায়ে তদস্তরাপায়াদপবর্গঃ।" তৃঃথ জন্ম প্রবৃত্তি দোষ ও মিথ্যাজ্ঞানের অপবর্জন বা অভাবরূপ যে সম্পূর্ণ স্থাবস্থা তাহারই নাম অপবর্গ বা মৃক্তি।

বে সকল শাস্ত্র ঈশবের অন্তিত্ব পর্যান্ত স্পষ্টিতঃ স্বীকার করেন নাই তাঁহারাও বিবিধপ্রকার হৃঃথের হস্ত হুইতে পরিত্রাণ লাভের জন্য মনুষ্যগণকে
মুক্তি সাধন করিতে পুনঃ পুনঃ উপদেশ প্রদান করিয়াছেন। সাংখ্য দর্শন
যদিও ঈশবের অন্তিত্ব স্বীকার করেন নাই, তথাপি মুক্তি সাধন করিতে
সকলকেই অন্তরোধ করিয়াছেন। সাজ্যের মতে মুক্তি এই যে, "আত্মার
সহিত স্থ হৃঃথাদি প্রাক্তিক ধর্ম্মের যে বিশ্ব প্রতিবিশ্ব সম্বন্ধ আছে তাহার
উচ্ছেদ সংঘটনের নামই মুক্তি। যথা, কপিল, পুনঃ পুনঃ বলিয়াছেন,
"তহ্তিভিত্তিঃ পুক্ষার্থন্ত ছিছিতিঃ পুক্ষার্থ:।" স্থ্যহুংখানি প্রাকৃতিক ধর্ম্ম সকল
ধ্বন আত্মাতে লিপ্ত না হয়, কপিলের মতে তথনই আত্মার মুক্তাবস্থা।

বৌদ্ধধর্মপ্রচারক রাজপুত্র গৌতম জীবাত্মা বা পরমাত্মার <u>অন্তিত্</u>ব সৃষ্ধে স্পষ্টতঃ কোনরূপ উল্লেখ করেন নাই; কিন্তু তিনি যে এক "কর্মের" উল্লেখ করিয়াছেন তন্ধার। তাঁহার পাকতঃ (জীবাত্মা ও পরমাত্মা) উভয়ই স্বীকার করা হইয়াছে। তিনি জরা মরণ ও পীড়া জনিত হঃসহ হঃখের হস্ত হইতে পরিত্রাণ লাভের জন্য প্রত্যেক ব্যক্তিকেই "নির্ব্বাণ" সাধন করিতে অনুরোধ করিয়াছেন। তাঁহার নির্ব্বাণের অর্থ রিজ ডেভিড্ সাহেব তাঁহার গ্রন্থে এইরূপ লিথিয়াছেন;—

"Nirvana is therefore the same thing as a sinless, calm, state of mind; and if translated at all, may best, perhaps, be rendered 'holiness'--holiness, that is, in the Buddhist sense, perfect peace, goodness, and wisdom."

"Buddhism" by Rhys David, Chap. Iv, p. 112.

বুদ্ধবংশলেথক নির্মাণ সম্বন্ধে এইরূপ অভিপ্রায় প্রকাশ করেন যে, নির্মাণ অর্থে মন্থ্যের সন্তা বিলোপ বা একেবারে মহাবিনাশ নহে ; কেবল

প্রকৃতি বা মায়া।

এই জগতের স্থজন-পালনাদিতে প্রমেশ্বরের যে শক্তি নিযুক্ত আছে তাহারই নাম প্রকৃতি বা মায়া ।* ইহাকে স্বভাব, প্রধান, বা অব্যক্ত শব্দেও

মাত্র ভ্রম, ঘূণা এবং তৃষ্ণা এই তিনটীর আত্যস্তিক উচ্ছেদই নির্বাণশক্ষে কথিত হয়।

এ বিষয়ে প্রফেসার মোক্ষ মূলার এইরূপ কছেন—

"If we look in the dhamma-pada at every passage where Nirvana is mentioned there is not one which would require that its meaning should be annihilation, while most if not all, would become perfectly unintelligible if we assigned to the word Nirvana, that signification."

Buddha Ghosha's Parables p. xli.

এতাবতা মুক্তিসম্বন্ধে যে কয়েকটা শাল্লের মত সংক্ষেপে সংগৃহীত হইল তাহাতে স্পষ্ট দেখা যাইতেছে মে, মুক্তির ভাব পক্ষে অনৈক্য থাকিলেও অভাবপক্ষে প্রায় সকলেরই ঐকমত্য আছে। এই রোগ,শোক, জরা মৃত্যুময় সংসারে জন্মগ্রহণ করিয়া প্রকৃত জ্ঞানিব্যক্তিগণ চিরকালই ''মুক্তি" রূপ নিরাপদ স্থান লাভ করিবার জন্ম যত্ন করিয়াছেন। কিন্তু ইইাদিগের মধ্যে যাঁহারা আনন্দের প্রস্রবণ-স্বরূপ মুক্তিদাতা পরমেশ্বরের শরণাগত না হইয়া অন্য উপায়ে মুক্তি অম্বেষণ করিয়াছিলেন তাঁহারা বহু সাধন দারা নিজ নিজ আত্মাতে নিজার ন্থায় একপ্রকার স্থত্যথ্যজ্জিত অবস্থা আনয়ন করিতে সক্ষম হইয়াছিলেন বটে, কিন্তু নিরতিশয় আনক্ষ উপভোগ রূপ যথার্থ মুক্তির অবস্থা লাভ করিয়া কৃতকৃভার্থ হইতে পারেন নাই। অতএব যাঁহারা এই পৃথিবীতে যথার্থ স্থ্য চান, তাঁহারা স্থ্যস্বরূপ ঈশ্বরের শরণ গ্রহণ করন। নতৃবা সংসারে স্থ্য অম্বেষণ করা কেবল মরীচিকায় জল অম্বেষণ করার স্থায় র্থামাত্র।

^{*} ত্রহ্মণ: সকাশাৎ নানাবিধজগদিচিত্রনির্মাণসমর্থা বৃদ্ধিরূপা ত্রহ্মশক্তিরেব প্রকৃতি:। "নিরালমোপনিষদ্।"

সা মায়া পালিনী শক্তিঃ সৃষ্টিসংহারকারিণী। জ্ঞা, স, তন্ত্র। সা বা এতস্থ সংস্রষ্ট্রং শক্তিঃ সদসদান্মিকা। মায়া নাম মহাভাগ যয়েদং নির্মমে বিভুঃ॥ ভা, ৩।৫।২৬।

রে মহাভাগ, ভগবান্ আপনার যে সৎ ও অসৎ গুণযুক্ত শক্তি দ্বারা এই বিশ্ব

নির্মাণ করিয়াছেন, তাহারই নাম মায়া ।

পরমেশ্বরের এই স্বষ্টি শক্তিকেই ছর্জনাধিকারী ব্যক্তিদিগের উপাসনার স্থবিধার নিমিত্ত তম্ত্রাদি শাস্ত্রে স্বতম্ব দেবীরূপে কল্পনা করা হইয়াছে। যথা, "যা দেবী সর্জ-ভূতেরু বিষ্ণুমায়েতি শক্তি।। মার্কণ্ডেয় চণ্ডী ৫।

ভগবান শিব পার্ব্বতীকে সম্বোধনপূর্ব্বক কহিয়াছিলেন—

ত্বং পরা প্রকৃতিঃ সাক্ষাৎ ব্রহ্মণঃ পরমাত্মনঃ।
মহত্তবাদি ভূতান্তং ত্বরা স্থানিদং জগৎ ॥
নিমিত্তমাত্রং তদ্বু ক্ষ সর্ককারণকারণম্।
তপ্রেচ্ছামাত্রমালস্থা ত্বং মহাযোগিনী পরা ॥
করোষি পাসি হংস্তন্তে জগদেতচ্চরাচরম্ ॥
কলনাৎ সর্কভূতানাং মহাকালঃ প্রকীর্তিতঃ।
মহাকালস্থ কলনাৎ ত্বমাদ্যা কলিকা পরা ॥
কালত্বাদাদিভূতত্বাদাদ্যা কালীতি গীয়তে ॥
ধ্যানন্ত হিবিধং প্রোক্তং ত্বরূপার্রপভেদতঃ।
অরূপং তব যদ্যানমবাঙ্মনসগোচরম্ ॥
মনসোধারণার্থায় শীত্রং স্বাভীষ্টসিদ্ধয়ে।
স্ক্রপারা প্রবোধায় স্থলধ্যানং বদামি তে ॥
অরূপায়াঃ কলিকায়াঃ কালমাতুর্মহাছাতেঃ।

৪র্থ উল্লাস।

গুণক্রিরাম্সারেণ ক্রিরতে রূপকরনা। ম, নি, তর, ৪র্থ উরাস।
ভগবান্ মহেশ্বর করিত কলিকাম্র্তির স্থলধ্যান কহিছেছেন।

মেঘাঙ্গীং শশিশেখরাং ত্রিনয়নাং রক্তাম্বরং বিভ্রতীম্।

পাণিভ্যামভন্নং বরঞ্চ বিলমন্ত্রকারবিক্ষস্থিতাম্॥ ইত্যাদি। ৫ম উল্লাস। প্রকৃতির এইরূপ স্থূলধ্যান শুনিয়া পার্বতী জিজ্ঞাসা করিলেন, হে দেব, প্রকৃতিসন্ত্রত এই যে জগৎকার্য্য কেবল ইহারই রূপ (অর্থাৎ বাঞ্দৃশ্র) আছে।

কিন্ত যে, আদি শক্তি অর্থাৎ ব্রহ্মশক্তি হইতে মহত্তত্তাদির উৎপত্তি হইয়াছে, তাহা অতিস্ক্র (স্ক্রাতিস্ক্র), অতএব তাহার রূপনিরূপণ কিরূপে সন্তবে?
— যথা,

দেব্যবাচ

মহদ্যোনেরাদিশক্তে শ্বহাকাল্যা মহাছ্যতেঃ। স্ক্ষাতিস্ক্ষভূতায়াঃ কথং রূপনিরূপণম্॥ রূপপ্রকৃতিকার্য্যাণাং সা তু সাক্ষাৎ পরাৎপরা। এতন্ম সংশয়ং দেব! বিশেষাচ্ছেত্রুমর্হসি॥

শ্রীসদাশিব উবাচ

উপাসকানাং কার্য্যায় পুরৈব কথিতং প্রিয়ে। গুণক্রিয়ান্তুসারেণ রূপং দেব্যাঃ প্রকল্পিতম ॥

ভগবান্ শিব এক্ষণে কোন্ কোন্ গুণক্লিয়ার অন্নারে কি কি প্রকার দেবীরূপ কলনা করা হইয়াছে তাহাই বলিতেছেন।

> খেতপীতাদিকো বৰ্ণো যথা ক্নষ্ণে বিলীয়তে। প্ৰবিশস্তি তথা কাল্যাং সৰ্ব্বভূতানি শৈলজে॥ অতস্তস্থাঃকালশক্ৰেনিগুৰ্ণায়া নিৱাক্কতেঃ।

অতপ্তভাংকালনপ্তেনিপ্ত নারা নিরাক্তিঃ।
হিতারাঃ প্রাপ্তযোগানাং বর্ণঃ ক্কফো নিরাপিতঃ।
নিত্যারাঃ কালরপারা অব্যরারাঃ শিবাত্মনঃ।
অমৃতত্বার্লাটেহস্তাঃ শশিচিহ্ণং নিরাপিতম্।
শশিক্র্যাগ্রিভির্নিত্যেরথিলং কালিকং জগং।
সম্পশ্রতি যতস্তমাৎ করিতং ন্যুনত্রয়্। ইত্যাদি
এবং গুণাকুসারেণ রূপাণি বিবিধানি চ।
করিতানি হিতার্থার ভক্রানামন্ত্র্যেধ্সাম্॥

ম, নি, তন্ত্র ১৩শ উল্লাস।
বস্তুতঃ অগ্নি হইতে যে প্রকার অগ্নির দাহিকা শক্তির অতিরিক্ত সন্তা নাই,
সংবস্তু পরব্রহ্ম হইতেও সেইরূপ পর্মেশ্বরের মায়া বা স্কৃষ্টিশক্তির অতিরিক্ত সন্তা নাই, উহা ব্রহ্মেরই শক্তি। স্কৃত্রাং স্বতন্ত্র দেবীরূপে তাহার যে বর্ণনা

সে কেবল কল্পনা মাতা। (প, দ, ২য় পরিচ্ছেদ দেখ।)

স্থানে স্থানে উরেথ করা হয়, উহা তিন অংশে বিভক্ত, সৃষ্, রুজ: ও তমা। শ যাহা প্রকৃতির দর্কোৎকৃষ্ট, সৃন্ধ, শান্ত ও উজ্জ্বল গুণ তাহাই, সন্থ; যাহা সর্বাপেক্ষা নিকৃষ্ট স্থল ও মলিন গুণ তাহা তমা। রাজোগুণ এই উভয়ের মধ্যবর্তী এবং চঞ্চল ধর্ম প্রযুক্ত এই উভয় গুণের পরিচালক। স্থাইর প্রাক্-কালে প্রকৃতির অব্যক্ত অবস্থায় উক্ত সন্তাদি গুণত্রয় সাম্যা, সঙ্কোচ, বা যুক্ত অবস্থায় অবস্থিতি করে। এই কারণবশতঃ পরমেশ্বরের মায়া বা স্থাইশক্তিকে শাস্ত্রে অনেক স্থলে যোগমায়া + শব্দে উল্লেখ করা হয়। (গী, ৭।২৫) এত-য়্যাতীত শাস্ত্রকারগণ উহাকে মহামায়া, গুণমন্থী মায়া, মহাযোগিনী ইত্যাদি শব্দেও কোন কোন স্থলে অভিহিত কয়িয়াছেন।

কালসহকারে উক্ত গুণত্রর বৈষম্য অবস্থা প্রাপ্ত হইরা বিকশিত হইরা উঠিলেই স্পষ্টিকার্য্য প্রকাশ হইতে আরম্ভ হয়। পুরুষপদবাচ্য পরমেখরের ইচ্ছা : বা কামনার সংযোগে প্রকৃতির বিকার বা গুণবৈসম্যরূপ যে প্রথম

এ সম্বন্ধে ভগবান শিব বলিযাছিলেন—

অক্ষরা প্রকৃতিঃ প্রোক্তা অক্ষরঃ স্বয়মীখরঃ।

ঈশারারির্গতা সা হি প্রাকৃতিগুণিবন্ধনা ॥ জ্ঞা, স, তস্ত্র, ঈশার স্বায়ং অবিনাশী। এবং প্রাকৃতিও অক্ষরা অর্থাৎ অবিনাশশীলা বলিয়া কথিত হয়। সেই অক্ষর পর্মেশার হইতেই এই ত্রিগুণ্যুক্তা প্রকৃতি নির্গতা হইয়াছে।

শ সর্রজন্তমংসমতার্রপৈব মূলপ্রকৃতিঃ। মহু ১/১৬। কুলুকভট্ট।
 "গুণসাম্যং প্রকৃতিঃ।" স্বামিগীতা ১৪/৫।

† স্টের প্রাক্কালে যথন সন্তাদিগুণতার সাম্য বা বুক্ত অবস্থার থাকে, ভখন পরমেশ্বর স্টে সম্বন্ধে একপ্রকার নৈদিতের স্থায় অবস্থিতি করেন; একারণ ুশাস্ত্রকারগণ তাঁহার সেই অবস্থাকে যোগনিদ্রা শব্দে কহিয়া থাকেন।

‡ কারণ ইচ্ছা ব্যতিরেকে শাক্তি কার্য্য করিতে পারে না। ইচ্ছাবিহীন শক্তি জড়মাত্র। পরমেশ্বরের ইচ্ছাই এই জগতের নিমিস্ত কারণ; এবং তাঁহার শক্তি এই জগতের পরিণামী বা উপাদান কারণ স্বরূপ।

অতএব দেখা যাইতেছে বে পর্মেশ্বরই এই জগতের সম্পূর্ণ কারণ।

এই কারণ বশতঃই দেবাস্তশাস্ত্রে পরমেশ্বরকে এই জগতের কেবল 'বিবর্ত্ত' কারণ রূপে উপদেশ করা হইয়াছে।

''যথোর্ণনাভিঃ স্বজতে গৃহুতে চ।

তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বম্॥ মু, উ, ১।১।৭। শ্রুতি। উর্ণনাভি যেখন ইচ্ছাবশতঃ আপনার উদর হইতে, তস্তু স্থজন করে, এবং ইচ্ছা হইলে সেই তস্তু পুনর্কার আপনার উদরমধ্যে সংহরণ করিয়া থাকে, সেই রূপ সত্যকাম পরমেশ্বর ইচ্ছাক্রমে নিজ অব্যক্ত শক্তি হইতে এই বিশ্বকে প্রকাশ করিয়াছেন; এবং ইচ্ছা হইলে পুনর্কার এই ব্যক্ত শক্তিস্বরূপ বিশ্ব সংসারকে ইহার অব্যক্ত কারণাবস্থাতে সংবরণ করিতেও পারেন।

উন্মীলতি জগৎ সর্কাং চক্ষুষো যস্য মীলনাৎ। নিমীলনাৎ লয়ং যাতি জগৎ সম্থরমান্ত্রম্ ॥ স্থজত্যবতি সংহারং করোতি শক্তিশক্তিগুক্॥

ব্দ্ধাগুপুরাণ, উত্তর খণ্ড, ১।১৫-১৬।
বে ভগবানের চক্ষ্র উদ্ধেষণকালে এই সমস্ত জগৎসংসারের উৎপত্তি হয়,
পুনর্কার যাঁহার চক্ষ্র নিমীলনকালে দেবমনুষ্যাদি-সহিত এই জগৎ লয় প্রাপ্ত হয়, সেই শক্তিধর পরম পুরুষ স্বীয় শক্তি দারা অবিরত স্থজন পালন এবং নিধন রূপ লীলা করিয়া থাকেন।

আবির্ভাবতিরোভাবশক্তিমত্ত্বেন হেতুনা।

আরম্ভপরিণামাদিচোদ্যানাং নাত্র সম্ভবঃ ॥ প, দ, ৬।১৮৬। অতএব যথন ঈশবের জগৎআবির্ভাব ও তিরোভাব করিবার শক্তি আছে; তথন কেবল মাত্র পরিণামি কারণ বা নিমিত্তকারণবাদীদিগের মত তাঁহাতে সম্ভব হয় না। তিনি এই জগতের সম্পূর্ণ কারণ ইহাই সিদ্ধ হয়।

পরমেশ্বর যে শ্বরং এই জগৎকার্য্য রূপে পরিণত হইয়াছেন তাহা কথন ও সস্তব নহে। কারণ অংশ সম্ভব বিহীন একমাত্র নিরাকার ত্রহ্মবস্তু যদি , শ্বরং জগৎকার্য্য রূপে পরিণত হইতেন তাহা হইলে তাঁচার সমস্ত অংশই একবারে জগৎকার্য্য স্বরূপ হইয়া যাইত; তিনি আর নিজে স্বতন্ত্র ত্রহ্ম শ্বরূপে থাকিতে পারিতেন না। কারণ পূর্বেই বলা হইয়াছে যে নিরংশ স্টি হয় তাহার নাম "মহৎ"। * মহৎ বা মহতত্ত্ব শব্দের অর্থ ঈশ্বরের স্টিসম্বন্ধীয় বৃদ্ধি। † স্টের প্রাক্কালে পরমেশ্বর যোগনিদ্রাভিভূত ছিলেন; এক্ষণে জাগরিত হইলেন, অর্থাৎ স্টে করিতে ইচ্ছা করিয়া তদ্বিষয়ে আলোচনা করিলেন। এবং তৎফলস্বরূপ সর্ব্ব প্রথমেই তাঁহাতে স্টিসম্বন্ধীয় বৃদ্ধি উৎপন্ন হইল। স্টিসম্বন্ধীয় বৃদ্ধি উৎপন্ন হইয়ার পরেই শাস্ত্রকাবগণ পরমেশ্বরে যে অহং বা আমিত্ব-বোধ উৎপন্ন হওয়ার কল্পনা করিয়াছেন তাহারই নাম অহংতত্ব বা অহংকারতত্ত্ব। ‡

পরমেশ্বরে অংশ সম্ভব হয় না। (প, দ, ২।৫২।) (সপ্তণত্রহ্ম ও নিপ্তণিত্রহ্ম নামক প্রস্তাব দেখ।)

বেদান্তসারের অধিকরণ মালায় এইরূপ লিখিত আছে ; যথা,— মায়াভি র্বান্তরপত্তং ন কার্ৎস্যায়াপিভাগতঃ।

যুক্তোহনবয়বস্থাপি পরিণামোহত মায়িকঃ । বে, সা, অ, ২।১।৯।
মায়া অর্থাৎ স্বষ্টশক্তি দারা বহুরূপত্ব কথিত হইয়াছে। নতুবা বথার্থতঃ
ঈশ্বর স্বয়ং জগৎ কার্যারূপে পরিণত হন নাই। এমন কি তাহার একটু
কুদ্র অংশ পর্যান্ত ও, জগৎকার্যা রূপে পরিণত হয় নাই।

"ন কার্ৎ স্ল্যারাপি ভাগতঃ" সাম্যক্ রূপেও নয়, ভাগ বা অংশ রূপে ও নয়। কেবল তাঁহাব বিচিত্র মায়াশক্তি ছারা তিনি এই জগৎকে অসৎ হইতে সংভাবে আনিয়াছেন বলিয়া, তাঁহাকে ইহার পরিনামী (বা উপাদান) কারণ রূপে বলা হয় মাত্র।

* "আদ্যস্ত মহতঃ সর্গোগুণবৈষম্যমাত্মনঃ 1 " ভা, ৩।১০।১৪।
 † মনোমহান্ মতি ব্লাপূর্ক্, দ্ধিঃ খ্যাতিরীখরঃ ।
 প্রজা চিতিঃ স্বৃতিঃ সংবিৎ বিপুরং চোচ্যতে বৃধৈঃ ॥
 বায়ু ব্লমাণ্ড এবং লিঙ্গ পুরাণ।

'মনঃ,' 'মহৎ,' 'মতি,' 'ব্লা,' 'পূর,' 'বৃদ্ধি,' 'থ্যাতি,' 'ঈখর,' 'প্রজা,' 'চিতি,' 'স্বৃতি,' 'সংবিৎ,' বিরুদ্ধ জ্ঞানের অভাব বা 'বিপুর' এই ত্রয়োদশটী মহৎ বা মহত্তত্ত্বের অর্থ।

‡ মহত্তত্বাদ্বিকুর্বাণাদহংতত্বং ব্যজায়ত। ভা, ৩।৫।০০। (বিষ্ণুপুরাণে মহৎ ও অহংকারেব পর পর সৃষ্টি না হইয়া একত্রে সৃষ্টি হওয়ার উল্লেখ আছে)।

বস্ততঃ স্ষ্টির পূর্কে বিষ পরমেশ্বর একেবারেই অহংবৃদ্ধিশ্না ও জ্ঞান বিরহিত ছিলেন তাহা নহে। (ভা, ৩।৫৪-২৬।) এরপ হইলে আদৌ স্ষ্টি করিবার ইচ্ছাও তাঁহাতে উদয় হইতে পারিত না। এখানে পরমেশ্বরে অহং বা আমিত্ব বোধ উৎপন্ন হওয়ার অর্থ এই যে, স্স্টি উৎপন্ন করিতে গিয়া পরমেশ্বর স্বাষ্টি হইতে আপনাকে শ্বতন্ত্ব বলিয়া বোধ করিলেন। অর্থাৎ আপনাকে 'অহং' এবং স্কৃষ্টিকে 'ইদং' বলিয়া বোধ করিলেন। * পৌরাণিক শাস্ত্রকারগণ এই "অহংতত্ত্বকে পুনর্কার সাত্ত্বিক রাজসিক এবং তামসিক এই তিন প্রধান আংশে বিভক্ত করিয়াছেন।

প্রথমতঃ তামসিক অহংকার তত্ত্ব বিক্কৃত হইলে তাহা হইতে পঞ্চ তৈমাত্র অর্থাৎ হক্ষ ভূতপঞ্চের উৎপত্তি হয়। † (ভা, ২০০০ ২০৯) তদনস্তর ঐ ভূতসমষ্টির মিলিত সন্ত্বাংশে সাত্ত্বিক অহংকার দারা মন এবং রাজসিক অহংকার দারা বৃদ্ধি উৎপদ্ধ হয়। প্রাণ রাজসিক অহংকার দারা ভূতসমষ্টির মিলিত রজ অংশে এবং জ্ঞানেন্দ্রিয়গণ এক একটা করিয়া প্রত্যৈক ভূতের সল্লাংশে ও কর্ণ্দেন্দ্রিয়গণ এক একটা করিয়া প্রত্যেক ভূতের রজ অংশে রাজসিক অহংকার দারা উৎপদ্ধ হয়। যথা, আকাশ শক্ত্তণের আধার এবং শ্রবণেন্দ্রিয়ের সহিত শক্ষের সম্ক্র, একারণ আকাশের সল্লাংশে শ্রবণেন্দ্রিয়; জ্যোতির গুণ রূপ এবং দর্শনেন্দ্রিয়ের সহিত রূপের সম্বন্ধ, একারণ জ্যোতির

भ, म, २।১०।

† পঞ্চ স্ক্র ভূতের মধ্যে সর্বপ্রথমে স্থল আকাশের উপাদান স্বরূপ স্ক্র আকাশের উৎপত্তি হয়। ঐ স্ক্র আকাশের মধ্যে স্ক্রবায়ুর বীজ নিহিত থাকার তন্মধ্য হইতে স্ক্র বায়ু উৎপন্ন হইল। ঐ স্ক্র বায়ু ইইতে স্ক্র জ্যোতিঃ, স্ক্রে জ্যোতিঃ হইতে স্ক্রে জল, এবং স্ক্রে জল হইতে স্ক্রে পৃথিবী উৎপন্ন হয়। ইহাদিনের মধ্যে প্রথমোকগুলিকে প্রধান ও শেষোক গুলিকে অপ্রধান কহে, কিন্তু প্রথমোকগুলি হইতে শেষোকগুলির এক একটা করিয়া গুণসংখ্যা অধিক; যথা আকাশের কেবল শক্তুণ; বায়ুর শক্ষ ও স্পর্শ, জ্যোতির শক্ষ, স্পর্শ, ও রূপ; জলের শক্ষ স্পর্শ রূপ ও রস, এবং পৃথিবীর শক্ষ, স্পর্শ, রপ, রস ও গন্ধ।

^{*} यावर किक्षिद्धत्वामञ्जीनश्भारमानिञः जगर।

স্বাংশে দর্শনে ক্রিয়; ইত্যাদি। * (ভা, ২০৫। এবং প, দ, ১০১৯-২২।)
এতব্যতীত বৈকারিক অর্থাৎ সান্ধিক অহকার হইতে মনের অধিষ্ঠাতা চক্র,
এবং দিক্, বায়ু, স্থ্য প্রভৃতি ইক্রিয়াধিষ্ঠাতা দশ দেবতার উৎপত্তি হওয়ারও
উল্লেখ আছে। †

যে প্রকৃতি হইতে এই সকলের উৎপত্তি হইয়াছে, জীবাত্মার উৎপত্তি সেই প্রকৃতি হইতে (অর্থাৎ প্রকৃতির সে অংশ হইতে) হয় নাই। জীবা-ত্মার জন্মস্থান সাক্ষাৎ প্রমাত্মস্বরূপ বিশুদ্ধ প্রকৃতি। যথা,

ভূমিরাপোহনলো বায়ুঃ খং মনোবুদ্ধিরেব চ।
আহক্ষারইতীয়ং মে ভিন্না প্রাকৃতিরষ্টপা ॥
আপরেয়মিতস্তুন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
ভীবভূতাং মহাবাহো যয়েদং ধার্যতে জগৎ॥

গীতা, ৭।৪-৫।

† देवकातिकांग्रात्ना जब्ज (मना देवकातिका मना।

দিখাতার্কপ্রচেতোহধিবছীক্রোপেক্রমিত্রকাঃ ॥ ভা, ২।৫।৩০
ইহাদিগকে পাছে কেহ জীবস্ত দেবতারূপে বিবেচনা করেন এই আশঙ্কা
নিবারণার্থে মহর্ষি ব্যাস তাঁহার বেদান্তের ২।৪।১৪-১৫-১৬ স্থত্রে এইরূপ
মীমাংস করিয়াছেন, যথা—"জ্যোতিরাদ্যধিষ্ঠানস্ত তদা মননাৎ।" জ্যোতি
প্রভৃতির অধিষ্ঠান দ্বারা চক্ষু প্রভৃতি ইক্রিয়গণ নিজ নিজ বিষয়েতে প্রবৃত্ত
হয়। ঐ সকল পদার্থ ইক্রিয়গণের দীপ্তিস্বরূপ বিধার দেবতা ও ইক্রিয়াধিষ্ঠাতা শব্দের বাচ্য; নতুবা উহারা বদি জীবস্ত দেবতা হইয়া ইক্রিয়গণের
অধিষ্ঠাতা হইত তবে উহারাই ইক্রিয়গণের ফল ভোগ করিত। কিন্তু তাহা
নহে, "প্রাণবতা শব্দাৎ" প্রাণবিশিষ্ট যে জীবাত্মা তিনিই ইক্রিয়ের ফল ভোগ
করেন। "তস্য চ নিত্যভাৎ।" আরও ভোগ বিশ্বয়ে জীবাত্মা নিত্য, অর্থাৎ

^{*} মন প্রাণ ও বুদ্ধি ভূতসমষ্টির এক এক এক টা বিশেষ ভূতের সম্ব বা রজ অংশে উৎপন্ন না হইরা যদি চক্ষুরাদি ইন্দ্রিরগণের ন্যায় এক একটা বিশেষ ভূতের সম্ব বা রজ অংশে উৎপন্ন হইত, তাহা হইলে এক একটা বিশেষ ভূতের প্রতি উহাদের অসাধারণ অনুরাগ থাকিত) কিস্ত তাহা নহে।

ভূমি, জল, তেজ, বায়ু, আকাশ, মন, বৃদ্ধি, ও অহন্ধার এই আটটী (এবং শেষ তিনটীর কারণ-স্থারূপ অহংতস্থ, মহত্তব্ধ এবং অবিদ্যা *) ইহারা আমার অপর অর্থাৎ নিক্কন্ত প্রকৃতি হইতে উৎপন্ন হইন্নাছে। কিন্তু জীবরূপে যে প্রকৃতি এই জগৎকে ধারণ করে তাহাকেই আমার উৎকৃত্ত প্রকৃতিরূপে জানিবে।

শঙ্করাচার্য্য ঐ বচনের ভাষ্যে লিখিয়াছেন,

অন্যাং বিশুদ্ধাং প্রকৃতিং মমাত্মভূতাং বিদ্ধি। অর্থাৎ যে বিশুদ্ধ প্রকৃতি হইতে জীবাত্মা জন্মিয়াছে তাহাকে "মমাত্মভূতা" (অর্থাৎ আমার স্বরূপ) বলিয়া জানিবে। †

বেরূপ সৃক্ষ ভূত সকলকে (পঞ্) তন্মাত্র কহে, সেইরূপ জীবাত্মার সহিত ইন্দ্রিয়াদিকে "আত্মমাত্র" কহা যায়। (মহু১।১৬।) শঙ্করাচার্য্য তাঁহার বেদান্তভাষ্যে ইহাকে প্রজ্ঞামাত্রা কহিয়াছেন। (১।১।৩১।) এই সকল সৃষ্টি অতি সৃক্ষ; ভাগবতে এই সৃষ্টিকে কেবল ভাবরূপী বলিয়াছেন। যাহা

মৃত্যুর পরেও জীবাত্মা স্ক্রাদেহের সহযোগে ইন্দ্রিয়াদির ফল ভোগ করিয়া। থাকেন।

- * ভাগবতের ৩ ক্বন্ধে ১০ অধ্যায়ে অবিদ্যাক্ষটির কথা আছে। উহাই জীবগণের অবৃদ্ধি জন্মাইয়া দেয়। অবৃদ্ধি দিবিধ, আবরণ ও বিক্ষেপ। যে অজ্ঞান দারা প্রকৃত বস্তু আচ্ছন্ন থাকে তাহার নাম আবরণ। আর যদ্ধারা এক বস্তুতে অন্য বস্তুর ভ্রম হয় তাহার নাম বিক্ষেপ। যথা, রজ্জুতে সর্পের ভ্রম হলে আবরণ জন্য উহাতে রজ্জু বলিয়া জ্ঞান হইল না, এবং বিক্ষেপ নিবন্ধন উহাতে সর্পের ভ্রম হইল।
- † মুগুকোপনিষদের ২।১।১ শ্রুতিতে এবং মন্ত্রসংহিতার ১২।১৫ শ্লোকে সাক্ষাৎ পরমাত্রা হইতে জীবাত্রার উৎপত্তি হওন বিষয়ে, অগ্নি হইতে অগ্নিক্রুলিক্র উৎপন্ন হওয়ার উপনা দেওয়া হইয়াছে। কিন্তু ইহা দারা যেন কেহ এরপ বিবেচনা না করেন যে, অগ্নিক্র্লিক্র যেরপ অগ্নিব্যতীত অপর কিছুনহে, জীবাত্রাও সেইরপ পরমাত্রা বাতীত অপর কিছুনহে। পূর্বের বলা হইয়াছে যে, মন্ত্র স্বতন্ত্র জীবাত্রার অন্তিত্ব স্বীকার করিয়াছেন। (এই জীবাত্রার ভোগের জন্তই জগতের যাহা কিছু স্ট হইয়াছে। যথা প, দ, ১।১৮।

হউক, এই সকল স্ক্র মাত্রা বছকাল পর্যান্ত অসংহত অর্থাৎ অমিলিত বা অপঞ্চীকৃত অবস্থায় ছিল; তথন ইহারা কোনরূপে জগৎনিশ্বাণের উপযুক্ত ছিল না। পশ্চাৎ উপযুক্ত সময়ে স্ক্র ভূতগণ পঞ্চীকৃত * হইল, এবং আয়ামাত্রা সকল উহাদের সহিত সমবেত হইয়া রহিল। সেই পঞ্চীকৃত ভূত সকল হইতেই ভূরাদি লোক সকল স্পৃত ইইয়াছে।

(বেদাস্ত ভিন্ন) অপরাপর শাস্ত্রের মত এই যে, মিলিত পঞ্চত্ত ও ইক্রি-য়াদিবিশিষ্ট জীবাস্থা কালক্রমে হিরণ্য ও স্বর্য্যের ন্যায় দীপ্তিশালী একটা বৃহৎ অপ্তরূপে পরিণত হইল। † প্রথমে পঞ্চত্ত একাকারে মিশ্রিত থাকায় উহা

* পঞ্চত্তের আদিম স্ক্রাবস্থা জগৎনিশ্বাণের উপযুক্ত ছিল না। কাল-ক্রেমে এক এক স্ক্র ভূতের অর্দ্ধেকের সহিত অপর চারি চারি ভূতের অষ্টম অংশ মিশ্রিত হইয়া প্রত্যেকেই পুষ্টি ও পরিণতি লাভ করে। সেই পরিণ-তিকে পঞ্চীকরণ কহে। যথা,

> পঞ্চীকরোতি ভগবান্ প্রত্যেকং বিয়দাদিকম্ ॥ দ্বিধা বিধায় চৈটককং চতুর্দ্ধা প্রথমং পুনঃ। স্বস্বেতরদিতীয়াংশৈর্যোজনাৎ পঞ্চ পঞ্চতে॥

> > প, দ, ১।২৬-২৭।

পরমেশ্বর আকাশাদি পঞ্চততে পঞ্চীকৃত করিলেন। অর্থাৎ আকাশাদি প্রত্যেক স্ক্র ভূতকে প্রথমতঃ হুই ছুই অংশে বিভক্ত করিয়া পশ্চাৎ সেই ছুই ছুই অংশের এক এক অংশকে চারি চারি থণ্ড করিয়া (স্বীয় স্বীয় অর্দ্ধ অংশ পরিত্যাগ পূর্বক) অন্ত চারি ভূতের প্রথমোক্ত অর্দ্ধ অর্দ্ধ অংশেতে সেই চারি অংশের এক এক অংশ যোগ করিলে সকল ভূতই প্রত্যেকে পঞ্চ পঞ্চ হুইল। যথা, সুল আকাশ = ইুস্ক্র আকাশ, + ইুস্ক্র বায়ু, + ইুস্ক্র তেজ, + ইুস্ক্র জল, + ইুস্ক্র পৃথিবী। ইত্যাদি।

† "তদণ্ডমভবদৈমং সহস্ৰাংওসমপ্ৰভম্।"

তিশ্বিন্ জজ্ঞে স্বরং ব্রহ্মা সর্কালোকপিতামহঃ॥ মহু ১।৯।
মহু বলেন, প্রমাশ্বা প্রজাস্পাস্টির অভিলাবে, কিরপে স্পৃষ্টি সম্পাদন হইবে এই
মনে করিয়া প্রথমতঃ জল স্পৃষ্টি করিলেন, তৎপরে তাহাতে স্বীয় শক্তিরূপ
বীজ অর্পণ করিলেন। (টীকাকার কুরুক ভট্ট কহেন, এখানে মহদহক্ষারাদি

সৃষ্টি হইলে তবে জল সৃষ্টি হইয়াছে এরপ বুঝিতে হইবেক।) অর্পিত বীজ হেমনিশিতের ন্যায় ও স্থ্যসূদ্ধ প্রভাযুক্ত একটা অও হইল; ঐ অঙে সর্বলোকপিতামহ স্বরং ত্রন্না জন্মগ্রহণ করিলেন। ভগবান্ ত্রনা সেই অঙ্ ব্রাক্ষ্যপরিমিত এক বৎসর অবস্থানপূর্বক (অগুমধ্যে ব্রহ্মার এইরূপ অধিষ্ঠান প্রাকৃতিক প্রলয়ের পরে বুঝিতে হইবেক; নতুবা প্রতি নৈমিত্তিক প্রলয়ের পরে নহে) অও দিধা হউক এই চিন্তামাত্র সেই অওকে তুই থও করিলেন। ব্রহ্মা সেই চুই গণ্ডের উর্দ্ধগণ্ডে স্বর্গ ও অধংথতে পৃথিবী করিলেন। এবং মধাভাগে আকাশ মষ্ট দিক এবং চির্যাধী সমুদ্র প্রভৃতি জলাশয় প্রস্তুত করিলেন (মনু ১١৮-১৩।) এথানে (উর্দ্ধভাগ অর্থে পৃথিবীর চতুর্দ্ধিকস্থ জ্যোতিঃ বারুও আকাশরূপ মণ্ডলাকার আবেষ্টন বুঝিতে হইবেক; তাহা অণ্ডেরই অন্তর্গত। নত্বা পৃথিবীর উর্দ্ধথণ্ডে স্বর্গ হওয়া অভিপ্রায় নছে। कातन, श्रीकृष्ठ छेर्क अधः विश्वनश्मादित गर्धा नार्टे ; राथान अनर्खत वााभात. সেথানে উৰ্দ্ধ-অধঃ কোথায় ? আমরা যদি উৰ্দ্ধমন্তকে উৰ্দ্ধে থাকি, আমেরিকা-বাসিগণ তাহা হইলে উৰ্দ্ধপদে নিমুমস্তকে নিম্নে আছেন; এবং আমেরিকা-বাদিগণ যদি উর্দ্ধে থাকেন, আমরা তাহা হইলে নিম্নে আছি, কারণ আমরা মূল অণ্ডম্বরূপ পৃথিবীর যে দিকে বাস করি, তাঁহারা তাহার বিপরীত দিকে বাদ করেন। কিন্তু বস্তুতঃ তাহা নহে। ইহা যে কেবল বর্ত্তমান ইউরোপীয় জ্যোতির শান্তের মত তাহা নহে আমাদিগের দেশের প্রাচীন আচার্যাগণ্ড জ্যোতিষ সম্বন্ধে এইরূপ সিদ্ধান্ত করিয়া গিয়াছেন। ভাগবত-পাঠে জানা যায়, মহর্ষি কর্দ্দম তাঁহার পত্নী দেবহতিকে সমভিব্যাহারে লইয়া কামচারী মহৎ বিমানে আরোহণ করত পৃথিবীর চতুর্দিক ভ্রমণ করিয়াছিলেন। তথায় পৃথিবীর গোলত্ব সম্বন্ধে এইরূপ লেগা আছে; যথা,

প্রেক্সরিত্বা ভূবোগোলং পত্রৈ যাবৎ স্বসংস্থয়া।

বছবাশ্চর্যাং মহাযোগী স্বাশ্রমায় নাবর্ত্ত ॥ ভা, ৩২০।৪৩।
মহাযোগী কর্দ্দম এইরূপে ভ্রমণ করিতে করিতে দ্বীপবর্ষাদি রচনা অমুসারে
অশেষ-আশ্চর্য্য-পূরিত এই পৃথিবী যে গোলাকার ইহা পদ্ধীকে প্রদর্শন করিয়া
অবশেষে আপন আশ্রমে প্রতিনিবৃত্ত হইলেন।

সিদ্ধান্তনিরোমণি নামক জ্যোতিষ গ্রন্থে লেগা আছে "ভূমে: সয়ং পিও-

কুতঃ।" এই পৃথিবীরূপ অণ্ড গোলাকার। ভাষ্করাচার্য্য তাঁহার গোলাধ্যায়ে লিথিয়াছেন, "সর্বতঃ পর্বতারামগ্রামটৈতাটায়ৈ শিচতঃ। কদম্বুস্থমগ্রন্থিঃ কেসরপ্রসারৈরিব।" কদম্বপুষ্পের গ্রন্থি থেরূপ কেসরসমূহ দাবা বেষ্টিত থাকে তদ্ধপ পৃথিবীরূপ মণ্ড বন, পর্বত গ্রাম, চৈতা দাবা সমাক বেষ্টিত রহি-ষাছে। তিনি ইহাব আবও এই যুক্তি দিয়াছেন যে, যদি এরপে আশক। কর যে বিনা আধারে এই পৃথিবী শুন্তে নিতি করিতে পারে না স্কুতরাং পৃথিনীব কোন মূর্ট্রিনান আধাব আছে, তথাপি সেই আধাবের আশ্রয় জন্ত দিতীয় আনাৰ আৰশ্যক, এবং সেই দিতীয় আধারের জন্ম তৃতীয় আধারের ্রাই প্রকারে আগারের আব শেষ হয় না। অতএব যদি ভাবশেষে এমন এক আগারের কল্লনা করিতে হয় যে, সে সীয় শক্তি দাবা শ্নো অবৃহিতি করিতে পাবে; তবে প্রথম যে পৃথিবী তাছারই এমন मिक्कि (कर्न ना चीकांत कर । विस्थितः अन्याना श्रेष्ट्रण यथन मृत्ना विकि ক্রিতেছে, তথন পৃথিবীই বা সেরপ না পারিবে কেন ? আর্যাভট্ট লিথিয়া-ছেন "ভ পঞ্চরঃ ভিবো ভূবেবার ত্তাারতা প্রতিদৈবসিকে উদগান্তময়ে সম্পা-দয়তি নক্ষত্রগালাম।" নক্ষত্রমণ্ডল প্রিক মাছে, কেবল পৃথিবী ভ্রমণ কবি-তেছে, তাহাতেই গ্রহনক্ষত্রের প্রান্তাহিক উদয়ান্ত হইতেছে। ঋথেদসংহিতার ৪০ অধ্যায়ের ৫ম বর্গে এইরপ শ্রুতি আছে.—

প্রজাননিত্রোদাধাব পৃথিবী ভূতদাঃ মিত্রঃ কৃষ্টীরনিমিষ ভিচ্ছে।
জগররু স্থা কর্তৃক প্রভােক বস্তুগত হইয়া আছে, পৃথিবী প্রভৃতিকে স্থাই
আকর্ষণ করিয়া রাথিয়াছে, স্থাের আকর্ষণ ইইতে পৃথিবী মুহূর্ত্ত কালের
জনাও মুক্ত নহে। অতএব স্থাা যে পৃথিবীর চতুর্দিকে ভ্রমণ করে না,
পৃথিবীই স্থাের চতুর্দিকে ভ্রমণ করে—এই শ্রুতি বচন হারা ইহা স্পষ্ট জানা
মাইতেছে। কারণ আকর্ষণকর্তা আকৃষ্ট বস্তুর চতুর্দিকে ভ্রমণ করে এ কথা
সক্ষত নহে: আকৃষ্ট বস্তু যে আকর্ষণকর্তার চতুর্দিকে ভ্রমণ করে, ইহাই সক্ষত।

ভাগবতে আছে, "ঐ সকল তন্মাত্র ও আত্মমাত্রা পূর্ব্বে সমিলিত থাকায় জগৎনিশ্বাণের অনুপয়ক ছিল। পরে পরমেশরের শক্তি দারা প্রেরিত হুইয়া প্রস্পর প্রধানত্ব ও অথধানত্ব স্বীকারপূর্ব্বক সমষ্টিব্যষ্টিময় এই ব্রহ্মাণ্ড স্কনক্বিল। (মর্থাৎ প্রধান ভূতগুলি অপ্রধান ভূতগুলিকে বেইন ক্রিল।) এই

অতি তরল ছিল, পরে ক্রমে ক্রমে মূল অওম্বর্রপ পৃথিবীর গাতে জল, জ্যোতিঃ, বায়ু এবং আকাশ পৃথক পৃথক ভাবে জমিতে লাগিল। জল পৃথিবীর কারণ এবং পৃথিবী অপেক্ষা লঘু, স্কৃতরাং জল পৃথিবীকে বেষ্টন ও প্লাবিত করিয়া রহিল। * এইরূপে জোতিঃ জলকে, বায়ু জ্যোতিকে, এবং আকাশ বায়ুকে বেষ্টন করিল। (অর্থাৎ প্রধান ভূত-গুলি অপ্রধান ভূতগুলিকে বেষ্টন করিয়া পরস্পর তাহাদের আবরণ স্বরূপ ইহয়া থাকিল। এতয়াতীত মহং ও অহয়াবকে পোবাণিকের

অও দহল বংসব প্যান্ত জলে পতিত হইয়া থাকিলে প্র চৈত্নাদাতা প্রমান্তা অদৃষ্ট (অর্থাৎ যে জীবের যে প্রকার দেহ, ইন্দ্রির ও জীবান্না হইবে বিলিয়া তিনি ধার্যা করিয়াছিলেন তাহাই তাহার অদৃষ্ট) কলা ও স্বভাব অবলম্বন করিয়া তাহাকে সচেতন করিয়াছেন। সেই পুক্ষই সহস্রপাদ, সহস্রাক্ষ সহস্রবদন ও সহস্রনত্তকর্ত্ত বিরাট মূর্ত্তি ধারণ করত অওতেদ করিয়া বহির্গত হইয়াছেন। পণ্ডিতগণ কল্পনা করেন যে এই পুক্ষেণই উত্ম ও অবম অক্ষসমূহ হইতে ভুলোক ও গ্রালোকসমূহ উৎপন্ন হইলাছে।''

ì

हो, राहा १२ १५

বর্ত্তমান কালের দার্শনিক পণ্ডিতেরা বলেন এবং আমাদিগের প্রাচীন শাস্ত্র পাঠেও জানা যাইতেছে যে, এই জগৎ একদিনে (অথবা ১ সপ্তাহে) জীবের বাসযোগ্য হয় নাই। অনেক সহস্র বংসরে এই জগৎ মঞ্যোর বাসোপগোগী হইয়াছে। এক একটা ভৌতিক কার্য্য কার্য্যাস্তরের উপাদানস্কর্প হইয়া অতীব স্ক্রে অপ্রকৃটিত অবস্থা হইতে ক্রমে ক্রমে এই জগংকে প্রকৃটিত করিয়াছে। (যাহা হউক, স্মরণ রাথা উচিত, শাস্ত্রকারিদিগের মতে এপ্রকার অভ এবটী নহে; এপ্রকার শত শত সহস্র সহস্র অভ যে প্রমেখন স্কলন করিয়াছেন এবং করিতেছেন ইহা "ব্রেক্ষে সকল ও ব্রন্ধ সকলে" নামক প্রস্তাবে পূর্ক্বে বলা হইয়াছে।)

* বর্ত্তমান সময়ের ভূতত্ববিদ পণ্ডিতেরা নিরূপণ করিয়াছেন যে "ভূত্লস্থ জল প্রথমে ভূগভের উত্তাপের আতিশ্যাবশতঃ বাজ্পাঝারে পৃথিবীকে বেষ্টন করিয়াছিল। কালক্রমে পৃথিবীপৃষ্ঠ শীতল হইলে ঐ বাজ্পারাশি জলে পরিণত হইয়া পৃথিবীকে প্লাবিত ও বেষ্টন করে।" ছইটী আবরণস্থরপ স্বীকার করিয়াছেন। এই অবস্থায় চতুর্দিকে কেবদ জলই দৃশ্য হইল; † পশ্চাৎ সেই জলমগ্ন পৃথিবী উন্নত হইয়া উঠিল। অর্থাৎ জলগর্ভ হইতে পৃথিবীকে উদ্ধার করিবার জন্য *

† জলগর্ভ হইতে পৃথিবীকে প্রকাশ করিবার নিমিত্ত পরমেশ্বর নিয়স্তারূপে ঐ জলেতে ব্যাপ্ত হইয়াছিলেন। শাস্ত্রকারেরা এই অবস্থাকে উপলক্ষ্য করিয়া তাঁহাকে নারায়ণ কছেন। (মন্তু ২০১০)। (নার অর্থাৎ জল, তাহাতে যিনি পূর্ব্বে অবস্থিত ছিলেন, তিনিই নারায়ণ।)

And the Spirit of god moved upon the face of the waters.

BIBLE GENESIS 1. 2.

 জল হইতে উদ্ধার করা লইয়াই শাস্ত্রে কল্প কল্লিত হইয়াছে। প্রত্যেক কলারস্তে ভগবান ব্রহ্মা নামে অভিহিত হইয়া (পূর্ব্ধ পূর্ব্ধ কল্লের অনুযায়ী) পৃথিবী পুঠে স্কৃষ্টি রচনা করেন। ঐ সময়ে ত্রন্ধা জাগ্রৎ থাকেন, ইহাকেই তাঁহার দিন কহে ; এবং প্রতিকল্লান্তে তাঁহার রাত্রি আগত হইলে যথন পুথিবী রূপ অণ্ড জলে প্লাবিত হইয়া যায়, তথন তিনি পুনর্কার নিদ্রিত হন, কিন্তু জলব্যাপী নারায়ণ তথন জাগ্রৎ থাকেন। ইহার অর্থ এই যে, পরমেশ্বরের পৃথিবীপৃষ্ঠের সৃষ্টিকর্ত্তম্বরূপ যে কল্লিত ব্রহ্মারূপ তাহা নিদ্রিত হয়, কিন্তু জল ছইতে পৃথিবীকে উদ্ধার করিবার জন্য নিয়ন্তা রূপে অবস্থিত যে জলব্যাপী নারায়ণ রূপ তাহা জাগ্রৎ থাকে। ব্রহ্মার এইরূপ স্বষ্টিকে দৈনন্দিন বা প্রাত্য-হিক সৃষ্টি কহে। (ভা. ৩।১১।২৬)। যাহা ব্রহ্মার সৃষ্টি তাহা প্রত্যেক কল্লাস্তে নৈমিত্তিক প্রলয়ে নষ্ট হয়; কিন্তু যাহা প্রাকৃত স্বাষ্ট তাহা "প্রাকৃতিক" প্রলয় অর্থাৎ "মহাপ্রনর" ব্যতিরেকে নষ্ট হয় না। প্রাকৃতিক প্রলয়ে মহৎ, অহলার, তুরাতে, আত্মমাত্রা, বা স্থুল জগৎ ইহার কিছুই থাকে না; সব গিয়া প্রকৃতির সাম্যাবস্থায় বিলীন হয়। জীব সকলও প্রকৃতির উৎকৃষ্টাংশের বীজা-ৰস্থায়, (সুষ্প্তি-অবস্থার ন্যায়) কারণদেহে অবস্থিতি করে। ঐ কারণদেহেও পরমেশ্বর জীবের স্থা-স্বরূপে অবস্থিতি করেন। এ সময় পরমেশ্বরের পৃথিবী প্রের স্টকর্ত্বরূপ যে করিত ব্রহ্মা রূপ তাহাও থাকে না, এবং জল-ৰাাপী যে নারায়ণরূপ তাহাও থাকে না; কেবল নির্ভূণ নিছিয় প্রমাত্মা चार्यात्री वार्यनात यञार्य वर्षार मिक्रमाननयत्रात्य व्यवस्थि करत्र माज।

পরমেশ্বর এক দিকে ভূধর অর্থাৎ পর্বত সকল সৃষ্টি করিলেন, এবং অন্যদিকে স্বতন্ত্র স্থানে সম্জ স্থাপিত হইল। † এ পর্যান্ত বে স্ফুটার কথা বলা হইল তাহার নাম সর্গ বা প্রাকৃত সৃষ্টি; সম্প্রতি যে স্ফুটার কথা বলা হইবে তাহার নাম বিদর্গ বা বৈকৃত সৃষ্টি। এই বৈকৃত সৃষ্টিকে বন্ধার সৃষ্টিও * কহে। (ভা, ২০১০) ব্রহ্মার প্রথম সৃষ্টি উদ্ভিদ, দ্বিতীয়

ভগবান রামচন্দ্র বলিয়াছিলেন-

ব্ৰহ্মা বিষ্ণুষ্ট ক্ৰদ্ৰুষ্ট সৰ্ব্ব ৰা ভূতজাতয়:।

নাশমেবামুধাবস্থি সলিলানীব বাড়বম্॥ যো, বা, বৈ, প্রকরণ। ব্রহ্মা বিষ্ণু রুদ্র আর সকল দেবাদি প্রাণী ও অন্তান্ত স্থাবর জঙ্গম বস্তু ইহার। সকলেই জল যেমত বাড়বাগিতে প্রবিষ্ট হয় তদ্ধপ কালেতে বিনাশ প্রাপ্ত হন।

যোগবাশিষ্ঠের স্থিতি প্রকরণে ভৃগুর প্রতি ঝালের এইপ্রকার উক্তি দেখিতে পাওয়া যায়;—

সংসারাবলয়োগ্রস্তা বিশীর্ণা রুদ্রকোটয়:।

ভুক্তানি বিষ্ণুবৃন্দানি क न শক্তা বয়ং মুনে॥

হে মুনে, আমি সংসারসমূহ গ্রাস করিয়াছি, কোট কোট কলকে নষ্ট করি-য়াছি, এবং বিষ্পমূহকে ভোজন করিয়াছি। কোন্ব্যক্তিকে নাশ করিতে শক্ত না হই १

+ And god said. Let the waters under the heaven be gathered together unto one place, and let the dry land appear: and it was so.

BIBLE. GENESIS I. 9

* ব্রহ্মা কে এ বিষয়টী এক্ষণে ৰলা যাইতেছে। পূর্বের বলা হইয়াছে বে, বায়ু ব্রহ্মাণ্ড ও লিঙ্গপুৰাণ 'মহৎ' বা ঈশ্বরের স্থাইসম্বন্ধীর মন বা বৃদ্ধিকেই ব্রহ্মা নামে অভিহিত করিয়াছেন। "মহান্ স্থাইং বিকুক্তে চোক্ষমাণঃ দিসক্ষয়।" বায়ু পু,। 'মহৎ' পরমেশ্বরের ইচ্ছা বারা আলোচিত হইয়া স্থাই রচনা করিয়াছে। যোগবাশিষ্ঠের স্থিতি প্রক্রণে রামচক্রের প্রতি বশিষ্টদেবের উজিতে এইরূপ দেখিতে পাওয়া যায়। যথা;—

স্টেরেব মিরং রাম সর্গেহস্মিন্ স্থিতিমাগতা।
বিরিঞ্জিপান্মনাঃ পূম্প লক্ষী রিবক্তমাৎ ॥

(হে রাম ? পূম্প লক্ষী যেমন বৃক্ষ হইতে প্রকাশ পায় তদ্রুপ সেই সর্গে এইরূপ
স্থান্ত বিরিঞ্জার্ক মন হইতে প্রকাশ পায়।

ময়ু অগুজাত পুরুষকে অর্থাং অওনধ্যে পরমেশ্ববের যে নিয়স্তা রূপে অবিঠান তাহাকেই শ্বতম্ব ব্রমা নামে অভিহিত করেন। (১।৯।) কিন্তু করুক ভট্ট এই স্নোকের টীকায় লিখেন "শ্বয়ং পরমাত্মৈব হিরপাগর্ভরপতয়া প্রাত্তভূত:।" শ্বয়ং পরমাত্মাই হিরপাগর্ভরপে অগুমধ্যে প্রাত্তভূত হইয়াছিলেন। ভাগবতের একস্থানে দেগা যায়, বিষ্ণুর নাভিদেশজাত পদ্মে ব্যাসদেব ব্রহ্মার উৎপত্তি কল্পনা করিয়াছেন, কিন্তু স্থানাস্তরে তিনিই স্পষ্ট লিথিয়াছেন মে, স্ষ্টিক্রিয়ার প্রত্যেক পরিণতি উপলক্ষে সেই এক পরমাত্মাকেই ব্রহ্মা, বিষ্ণু, শিব, ইত্যাদি নানা নামে অভিহিত করা হইয়াছে মাত্র। যথা,

সন্ধং রজস্তমইতি প্রকৃতেপ্রণিত্তির্ক্তঃ পরঃ পুরুষ এক ইহাস্য ধতে।
দ্বিত্যা জয়ে হরিবিরিঞ্ছিরেতি সংজ্ঞাঃ * * * ॥ তা, ১।২।২০।
স্ত কহিলেন, ঋষিগণ, একমাত্র পুরুষই সন্ধ, রজ ও তমোনামক প্রাকৃতিক
শুণত্রের সহযোগে হরি, বিরিঞ্জি ও হর নামে বিখ্যাত হইয়াছেন। অথাৎ
স্টেকার্যো পরমেশ্বরের যে কর্তৃতাবে স্থিতি তাহারই মাম বিরিঞ্জি বা ব্রহ্মা।
এবং পালন ও সংহার কার্য্যে তাঁহার যে কর্তৃতাব নিযুক্ত হয় তাহারই নাম
বিষ্ণু ও শিব।

''তং স্ট্রা তদেবামুপ্রাবিশৎ" তৈত্তিরীয় উপনিষদ্। জগৎ স্কলন করিয়া প্রশেশর তাহাতে (একাংশে) প্রবেশ করিলেন।

ব্রেরে এই অন্প্রবেশকেই শাস্ত্রকারগণ অনেক স্থলে ব্রহ্মার জন্মগ্রহণ করেনা করিয়াছেন (কঠ, উপ, ৪।৬ শ্রুতি)। বিষ্ণুপ্রাণের ১ম সর্গে ২য় অধ্যারে লিখিত আছে "বিষ্ণুই ব্রহ্মারূপে অণ্ডে বাস করিয়াছিলেন, বিষ্ণুই ব্রহ্মারূপে স্বাপ্ত বাস করিয়াছিলেন, বিষ্ণুই ব্রহ্মারূপে স্বাপ্ত করিতে প্রবৃত্ত হইয়াছিলেন"। ফলে ব্রহ্মার জন্মকণন কেবল স্টুতে প্রমেশবের আবির্ভাব জ্ঞাপনার্থে, নতুবা ব্রহ্মের জন্ম হওয়া অসম্ভব। যথা, "অসম্ভবন্ত সতোহমুপপত্তে:।" (বদান্ত ২।৩।৯ স্ত্র।) স্ক্রপ ব্রহ্মের জন্ম হওয়া সম্ভব। তবে যে জন্ম চওনের কথা আছে তাহা উপাধিক বা আরোক

স্ষ্ঠি তির্যাক্, তৃতীয় স্থা মিন্ধা এবং দেবতা, চতুর্থ (কৌনাব মর্থাৎ) সনৎকুমারাদির স্থাটি (দেবত্ব ও মন্থাত্ব এতত্ত্যাত্মক); ইংলকে প্রাক্তত বৈক্বত
স্থাটি কহে। এই সকল স্থাটি বাতীত ব্রহ্মার আব এক প্রকার স্থাটির কথা
শাল্রে দেপিতে পাওয়া যার। তাহার নাম ''অনুগ্রহ স্থাটি।" ষ্থা,

পঞ্চমোহনুগ্রহঃ দর্গং দ চতুর্ধা ব্যবস্থিতঃ। বিপর্ষয়েণাশক্ত্যা চ দিদ্ধ্যা তুষ্ট্যা তথৈব চ॥

পদা ও মৎস্থারাণ।

পঞ্চম অনুগ্রহ সর্গ। উহা চারি প্রকার; বিপর্যায়, আশক্তি, সিদ্ধি ও তৃষ্টি।
স্থাবরেয়ু বিপর্য্যাসন্থিয়্গযোমিদশক্তিকা।

নিদ্ধাত্মানো মনুষ্যান্ত তুষ্টির্দেবের ক্রংশ্রণ। নায়পুরাণ। স্থাবর অর্থাং উদ্ভিদপদার্থসমূহের বিপর্যয় অর্থাং বাধ, তির্যাক অর্থাং পশুপকীদিগের আশক্তি, দেবতাদের তুষ্টি (অর্থাং দেবতাদের গ্রন্থ), এবং মনুষ্যদিগের সিদ্ধি।

মন্ত্রাদিগকে যে পরমেশ্বর গন্ধর্কাদির স্থায় বিষয়তৃষ্টি দেন নাই, ইহা
দ্বারা মন্ত্র্যাণের প্রতি তাঁহার বিশেষ অনুগ্রহই প্রকাশ পাইয়াছে।
দেবতাদিগকেও পরমেশ্বর ধ্রুবতৃষ্টি দিয়াছেন বটে, কিন্তু মানবগণকে
তৎপরিবর্ত্তে সিদ্ধি দেওয়াতে পরমার্থ সম্বন্ধে মানবেরাই জয়ী হইয়াছেন।
যাহা হউক, শাস্ত্রকারগণ এই কথা দ্বারা মনুষ্যজীবনের অতি মহৎ উদ্দেশ্রের
পরিচয় দিয়া গিষাছেন। সিদ্ধিলাভই মানব জীবনের উদ্দেশ্র, এবং উহাই
মন্ত্র্যার শেষ লাভ। ভাগবতে এই অনুগ্রু স্টের কোন উল্লেখ নাই।
প্রণামাত্র। "তশ্বাং সদ্দা নৈব ভারতে" বে. সা, ২।১০০ সধিকরণের টাকা।

বস্তুতঃ প্রমেশ্বর তাঁহাব এই স্টের প্রত্যেক পরিণতিতে স্বয়ং বর্ত্তমান পাকিয়া ইহাকে এই বর্ত্তমান অবস্থায় আনম্বন করিয়াছেন, এখনও তিনি তাঁহার এই স্টের প্রত্যেক অংশে অমুপ্রবিষ্ট হইয়া অবস্থিত করিতেছেন, এবং চিরদিনই এই ভাবে অবস্থিতি করিবেন। (ভা, ২।৬।৩০।)

স্ষ্টিকার্য্যে তাঁহার যে এই একাংশে অবস্থিতি, শাস্ত্রকারগণ স্ষ্টিক্রিরার প্রত্যেক পরিণতি উপলক্ষে উহা নানা নামে অভিহিত করিয়াছেন; যথা, পুক্ষ, ঈর্থব, নাবায়ণ, ব্রহ্মা, হির্ণ্যগর্ভ, বিব্যুট, অন্তরাত্মা ইত্যাদি।

সাধন-চতুষ্টয়।

শাধন-চভুষ্টয় কি ? কি ?

নিত্যানিত্যবস্তুবিবেকঃ (১), ইহামুত্রার্থফলভোগবিরাগঃ (২), শমদমাদিষট্কসম্পত্তিঃ (৩), মুমুক্ষুত্বঞ্তি (৪)।

নিত্যানিত্যবস্তুবিবেক কাহার নাম ?

নিত্যং বস্তে_ৰকং ব্ৰহ্ম, তথ্যতিরিক্তং সর্বামনিত্যম্, অয়মেব নিত্যানিত্যবস্তুবিবেকঃ।

একমাত্র পরমেশ্ররই নিতা বস্তু, তদ্বাতিরিক্ত অন্য সমস্তই ক্ষণস্থায়ী ও অনিতা; এই প্রকার যে নিশ্চয় জ্ঞান তাহারই নাম নিত্যানিত্যবস্তুবিবেক।

ইহামুত্রার্থফলভোগবিরাগ * কাহাকে বলে ?--

ইহন্বর্গভোগেরু ইচ্ছারাহিত্যম্।

ঐহিক বিষয়-স্থুথ বা মৃত্যুর পর স্বর্গস্থুথ এই উভয়প্রকার স্থুখভোগেই বিন্দৃ-মাত্র আছা বা ইচ্ছা না থাকার নাম ইহামুত্রার্থফলভোগবিরাগ।

শমদমাদিষট্কসম্পত্তি কাহার নাম ?—
শমদমোপরতিতিতিক্ষাশ্রদ্ধাসমাধানঞ্চেতি।

শমঃ কঃ ? শম কাছাকে বলে ?—"মনোনিগ্রহঃ।" সম্ভরিক্রিয় যে মন তাহারই নিগ্রহের নাম শম। †

দম: ক: ? দম কাহাকে বলে ?—
''দমোনাম চকুরাদিবাহ্যে ক্রিয়নিগ্রহঃ।"
চকু: প্রভৃতি ইক্রিয়গণের দমনের নাম দম।

* ইহান্সিন্ লোকে দেহধারণব্যতিরিক্তবিষয়ের্ স্রক্চন্দনবনিতাদির্
বাস্তাশন (বমনার) মৃত্রপুরীষাদৌ যথেচ্ছারাহিত্যমিতি ইহলোকফলভোগবিরাগঃ। অমৃত্র স্বর্গলোকাদিত্রশ্বলোকান্তর্বর্তির্ রস্তাশস্তোগাদিবিষয়ের্
তদ্বং পূর্ববং।

† শীক্ষণ বলিরাছিলেন "শমো মরিষ্ঠিতাবৃদ্ধি:।" ঈশ্বরনিষ্ঠ যে বৃদ্ধি তাহা-রই নাম শম। উপরভি: ক -উপরতি

উপরতিনাম বিহিতানাং কর্মণাং বিধিনা ত্যাগঃ।

ৰিহিত কৰ্ম সকলের সংন্যাস বিধান দারা যে পরিত্যাগ তাহার নাম উপ-রতি। কিংবা শব্দাদি বিষয় শ্রবণাদিতে বর্ত্তমান মনের প্রত্যাহারপূর্বক ব্রহ্মবিষয় শ্রবণাদিতে যে বর্ত্তন তাহার নাম উপরতি। যথা,—

'শ্রেবণাদিষু বর্ত্তমানস্য মনসং প্রবণাদিখেব বর্ত্তনং বোপর্জিঃ।' তিতিকা কা ?—তিতিকা কাছাকে বলে ?

''তিতিক্ষা নাম শীতোঞ্জুখতুঃখাদিদ্বন্ধসহনং দেহবিচ্ছেদ ব্যতিরিক্ষম্।"

যাহাতে শরীরের বিচ্ছেদ না ঘটে অর্থাৎ যাহাতে মৃত্যু না হয়, এ ভাবে যে শীতোফ স্থত্ব:থাদি পরম্পরবিপরীত বিষয় সকল সহ করা,, তাহার নাম তিতিকা।

শ্ৰদা কীদৃশী ?—শ্ৰদা কি প্ৰকার ? ''গুৰুবেদান্তবাক্যেয়ু বিশ্বাদঃ।''

গুরু এবং বেদান্ত শান্তের বাক্যে বিখাদ করার নাম শ্রদ্ধা।

সমাধানং কিং ?—সমাধান* কাহাকে বলে ?

"চিত্তৈকাগ্রতা।" প্রমেশ্বরেতে যে মনের একাগ্রতা তাহার নাম সমাধান।
এই শমদমাদিষট্ক সম্পত্তি বলা হইল।

মুমুকুত্ব কাহাকে বলে ?

"মুমুক্ষং নাম মোক্ষেংতিতীত্ত্রেচ্ছাবন্ধ্য।" মুক্তিতে অতিতীক্ষ ইচ্ছাবতার নাম মুমুক্ষ্।

এবা সাধনচতুষ্টরসম্পত্তিং, তদ্বান্ সাধনচতুষ্টরসম্পন্ধঃ। এই সাধনচতুষ্টরসম্পত্তি, এতদিশিষ্ট ব্যক্তি সাধনচতুষ্টরসম্পন্ন। এই সাধন-চতুষ্টরসম্পন্ন ব্যক্তির পক্ষেই আত্মানাত্মবিবেক-বিচার প্রশস্ত জানিবে।

^{* &#}x27;'শ্রবণমননাদিষু বর্ত্তমানং মনো বাসনাবশাৎ বিষয়েষু গচ্ছতি যদা যদা তদা তদা দোষদৃষ্ট্যা তেরু সমাধানম্।"

এই সাধনচত্তীয়রপ সম্পত্তির অভাব থাকিলেও ষদ্যপি কোন ব্যক্তি এই আত্ম অনাত্ম বিচার করেন, তাহাতে তাঁহার কোনরূপ প্রত্যবায় নাই, অধিক্ত তাহাতে তাঁহার মঙ্গলেরই সম্ভাবনা। যথা,

সাধনচতুষ্টয়সম্পৃত্যভাবে২পি গৃহস্থানামাত্মানাত্মবিচারে ক্রিয়-মানে দতি তেন প্রত্যবায়ো নাস্তি, কিন্তৃতীব শ্রেয়োভবতি ।

তমেব বিদিশ্ব। মৃত্যুমেতি নান্যঃ পত্তা বিদ্যুতে হয়নায়।

ঞাতি।

সেই পরনাত্মাকে জানিলে মনুষ্য মৃত্যু হইতে উত্তীর্ণ হয়, মুক্তি প্রাপ্তির স্মার অন্ত পথ নাই।

একমাত্র নিরাকার পরমেখরের প্রতি স্থদ্চ ভক্তিযোগ ব্যতিরেকে যাগযজ্ঞাদিরূপ লৌকিক ক্রিয়া-কাণ্ডের অন্তর্গান দ্বারা অথবা কোন-প্রকার সাকার দেব-দেবীর পূজা অর্চনাদি দ্বারা বা তীর্থস্নান দ্বারা আত্মা কথন ও মুক্তিলাভে সমর্থ হয় না।

যথা যথোপাদতে তং ফলমীয়ু স্থথা তথা।
ফলোৎকর্ষাপকর্ষো তু পূজ্যপূজানুদারতঃ ॥
মুক্তিস্ত ব্রহ্মতত্ত্বদ্য জ্ঞানাদেব ন চান্যথা।
স্থপ্রবোধং বিনা নৈব স্বস্থপং হীয়তে যথা॥

যে ব্যক্তি যে কোন বস্তুকে যে প্রকারে উপাসনা করে, সে
অনুরূপ ফল প্রাপ্ত হয়; আর পূজ্য বস্তুর স্বরূপ ও পূজার অনুসারে ফলের উৎকর্ষ ও অপকর্ষ হইয়া থাকে। কিন্তু মুক্তিফল প্রাপ্ত হইবার নিমিত্তে ব্রহ্মতব্জ্ঞান ব্যতীত আর উপায়াস্তর নাই, যেমন স্বীয় স্বপ্ন-অবস্থা-নিবারণের নিমিত্তে স্বকীয় জাগরণ ব্যতীত সন্য উপায় নাই। ভগবান শিব বলিয়াছেন--

মনসা কল্পিতা মূর্জিনৃ গাঞ্চেন্মাক্ষণাধনী। স্থানজনে রাজ্যেন রাজানো মানবান্তথা॥

ম, নি, তন্ত্র ১৪।১১৮।

বদি মন দারা করিতা মূর্ত্তিই * জীবের মোক্ষসাধিকা হয় বল, তবে স্থাপ্রকালীন করনা দারা মনুষ্যগণ যে রাজ্য প্রাপ্ত হয় তদ্বাবা তাহারাও রাজা হাউক। (অর্থাৎ করিত সাকার উপাসনাতে চিত্ত দ্বি ব্যতীত জীবের কদাচ মুক্তিলাভ হয় না)।

"প্রবা ছেতে অদৃঢ়া যজ্ঞরপা অষ্টাদশাক্ষমবরং ষেষু ক
এতচ্ছে রো ষেহভিনন্দন্তি মূঢ়া জ্বামূত্যুং তে পুনরেবাপিয়ন্তি॥
১ম মুগুক, ২য় থগু, ৭ম শ্রুতি।

অঙ্গিরা কহিলেন, হে শৌনক, যজ্ঞরপ কর্ম্ম সকল বিনাশী, তন্মধ্যে অস্টাদশাঙ্গ কর্ম নিরুষ্ট। ঐ নিরুষ্ট কর্মকে যে সকল অজ্ঞান ব্যক্তি শ্রেয় বলিয়া জানে, তাহারা পুনঃ পুনঃ জরামরণরপ সংসারগতি প্রাপ্ত হয়।

* শাস্ত্রে যতপ্রকার সাকার দেব দেবীর উল্লেখ আছে, সে সমস্তই শাস্ত্র-কারদিগের কল্পনাসস্ভূত মাত্র। বিশেষ মনোযোগের সহিত পাঠ করিলেঃ প্রত্যেক শাস্ত্র ইইতেই এই সত্য লাভ করা যাইতে পারে।

> চিন্ময়স্যাদ্বিতীয়স্য নিদ্ধলস্যাশরীরিণঃ। উপাসকানাং কার্য্যার্থং ব্রহ্মণো রূপকল্পনা। রূপস্থানাং দেবতানাং পুংস্ত্যাংশাদিককল্পনা॥

ইতি একাদশী তত্ত্ব বিষ্ণুপূজা প্রকরণের প্রারম্ভে (রঘ্নন্দন) স্মার্ত্রণ্ড

যমদগ্রির বচন। বিভিন্ন-অধিকারস্থ সাধকগণের স্থবিধার জন্য জ্ঞানস্বরূপ

অদ্বিতীয় উপাধিশূন্য শরীররহিত প্রমেশ্বের রূপকল্পনা করা হইরাছে,

স্থিতরাং রূপকল্পনা স্থীকার করিলে পুরুষের অবয়ব স্ত্রীর অবয়ব ইত্যাদি অব
য়বেরও কল্পনা করিতে হয়।

ভগবান্ শিব এসম্বন্ধে যাহা বলিয়াছেন তাহা 'প্রাকৃতি বা মায়া'' নামক

যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বান্মিলোকে জুহোতি।
যজতে তপস্তপ্যতে বহুনি বর্ষসহস্রাণ্যস্তবদেবাদ্য ভদ্তবতি॥
বু, উপ, ৪।১।১১ শ্রতি।

ষাজ্ঞবন্ধ্য কহিলেন, হে গার্গি! কোন ব্যক্তি এই অবিনাশী প্রমেশ্বরকে না জানিয়া যদিও ইহলোকে বহু সহস্র বংসর হোম যাগ তপস্থাদি করে, তথাপি সে স্থায়ী ফল প্রাপ্ত হয় না।

> মৃচ্ছিলাধাতুদার্কাদিমূর্জাবীশ্বরবুদ্ধয়ঃ। ক্লিশ্যস্তস্তপদা মূঢ়াঃ পরাং শাস্তিং ন যাস্তি তে॥ ম, নি, তন্ত্র ১৪৷১১৯খঃ

ভগবান্ শিব কহিয়।ছেন—মৃত্তিকা প্রস্তর ধাতু অথবা কাষ্ট নির্মিত মৃঞ্চি
সমৃহে ঈশ্বরবৃদ্ধি করত অজ্ঞানী তপস্বী সকল কষ্ট ভোগ করেন, কিন্তু মৃক্তিরূপ
যে উৎকৃষ্ট শাস্তি তাহা অবগত হইতে পারেন না।

মনোহন্যত্র শিবোহন্যত্র শক্তিরন্যত্র মারুতঃ। ইদং তীর্থমিদং তীর্থং জুমস্তি তামদা জ্বনাঃ॥ আজুতীর্থং ন জানস্তি কথং মোক্ষো বরাননে।

জ্ঞা, স, তন্ত্র।

শিব অন্ত স্থানে, শক্তি অন্ত স্থানে, বায়ু অন্ত স্থানে, এবং মন অন্ত স্থানে; এইরূপ বৃদ্ধি বিশিষ্ট তমোগুণযুক্ত লোক সকল এই তীর্থ এই তীর্থ এতদ্ধপ ভ্রমেতে আচ্ছন্ন হইয়া সর্ব্বি পরিভ্রমণ করে। হে বরাননে, তাহারা আত্মতীর্থ জ্ঞাত নহে, অতএব কি প্রকারে মোক্ষ প্রাপ্ত হইবে ?

यम्याज्ञवृक्तिः कूनत्य जिथाजूक स्वधीः कलजानियु ভৌমঈশধীः।
यতীর্থবৃদ্ধিশ্চ জলে ন কর্হিচিৎ জনেষভিজেয়ু সএব গোখরঃ॥_

ভাগবতের দশম ক্ষম্পে ৮৪ অধ্যায়ে ব্যাসাদির প্রতি ভগবছাক্য।

প্রীক্ষ্ণ কহিলেন, হে ঋষিগণ, যে ব্যক্তির কফপিত্তবায়্ময় দেহে আত্মবোদু
হয়, আর স্ত্রীপুত্রাদিতে আপনার ভাব এবং মৃত্তিকাদিনির্মিত বস্তুতে দেব

ক্ষার হর, আর জনেতে তীর্থ বোধ হর কিন্তু তর্মজানীতে নের্বর 📆 নে ব্যক্তি বড়গফ অর্থাৎ অতিমৃঢ়। •

ভূলসীদাস বলিয়াছেন—
 ভূলসী জপ্ তপ্ পৃজিয়ে, সব্ গোড়িয়া কি থেল।
 য়ব্ প্রিয়সে সরবর হোয়ি, তো রাশ্ পেটারি মেল্॥

হে তুলসী! তুমি জপ তপ প্রতিমাপুজাদি যাহা করিতেছ, ঐ সম্বা বালিকাগণের সাংসারিককর্মবোধিকা পুত্তলিকা থেলার স্থায়। বে.পরী তাহাদের স্বামীর সহিত সহবাস না হর, তাহারা সেই পর্যাস্ত থেলে, তৎপ্রত তাহারা সেই সকল পুত্তলিকা পেটিকার তুলিয়া রাথে।

শ্রীকৃষ্ণ আপনার অবতারত্ব সম্বন্ধে অর্জুনকে এইরূপ কহিয়াছিলেন—
নাহং প্রকাশ: সর্বান্ত যোগমায়াসমারতঃ।
মৃঢ়োহয়ং নাভিজানাতি লোকো মামজমব্যরম্॥
তথ্যক্তং ব্যক্তিমাপরং মন্যস্তে মামবৃদ্ধয়ঃ।
পরং ভাবমজানস্তো মামব্যয়মুত্তমম্॥

9

গীতা, ৭ম অধ্যায়।
আমি সকলের নিকট প্রকাশ হই না, একারণ মৃঢ় ব্যক্তিগণ আমার মারা
বারা সমাক্ আছের হওত উৎপত্তিহ্রাসর্দ্ধিরহিত আমাকে জানিতে পারে না ।
সংসার হইতে অতীত যে আমার শুদ্ধ নিত্য সত্য স্বভাব অরবৃদ্ধি লোক
সকল তাহা জানিতে না পারিয়া অজ্ঞতা প্রেযুক্ত আমাকে মন্ত্র্যাদির স্থাক্ত
অব্যবাদিবিশিষ্ট অব্তারস্বরূপ জ্ঞান করে।